Written according to the syllabus of the Board of Secondary Education, West Bengal

HIGHER SECONDARY ENGLISH

(SECOND LANGUAGE)

FIRST PAPER

[*For Classes IX, X & XI*]

KAMINI KUMAR GHOSE, M.A. B.T. B.L.
Headmaster, Surendranath Collegiate School,
Calcutta (Retired)

To be had of :

1. SRIGURU LIBRARY
204, Bidhan Saranee
(Cornwallis Street)
Calcutta-6

2. CENTRAL LIBRARY
15/3, Shyamacharan De Street
Calcutta-12

Published by
Amal Kumar Ghose, B. A.
24/1A, Mahatma Gandhi Road
Calcutta-9

Price—Rs. 4 50 only

First Edition, March 1960
Second Edition, August 1960

Printed by
Sukumar Chowdhury
BANI-SREE PRESS
83/B, Vivekananda Road
Calcutta-6

PREFACE

The aim of our students coming out of schools should be the attainment of the ability to express their thoughts and ideas in simple and correct English. So the Board of Secondary Education, West Bengal, has very wisely laid emphasis on English composition for Higher Secondary Examination. There will be no question on any fixed text book of literature ; but only questions on a variety of topics in composition divided into two papers of 100 marks each will be set. Students cannot be expected to fare well in that examination unless they are thoroughy practised in these topics. With the purpose of giving them ample scope for this practice, I have prepared two volumes dealing with the different topics prescribed in the two papers. Each of the volumes is meant for the last three classes of Higher Secondary and Multipurpose schools.

In this volume the topics prescribed for the *first paper* viz. (*i*) Free Translation, (*ii*) Answering questions from a passage, (*iii*) Pre'cis-writing, and (*iv*) Framing Sentences with Idiomatic phrases, have been dealt with in different *sections*. In each *section* some models have been at first shown and then copious exercises have been appended to get the students adequately practised. The models and exercises are properly graded and almost all the *sections* are divided into three parts for the three higher classes.

This arrangement will, it is hoped, be advantageous for the teachers as well as the taught.

In conclusion, I beg to acknowledge my deep debt of gratitude to the authors of the many standard books on which I have drawn for materials and to my friends who have assisted me in compiling these volumes.

8/1, Harinath De Road
Calcutta-9
4. 3. 60

KAMINI KUMAR GHOSE

CONTENTS

Part I

SECTION	I	Free Translation ...	1
„	II	Answering Questions from a passage	81
„	III	Pre'cis-writing ...	107
„	IV	Framing Sentences with Idiomatic Phrases ...	124

Part II

SECTION	I	Free Translation ...	141
„	II	Answering Questions from a passage	215
„	III	Pre'cis-writing ...	245
„	IV	Framing Sentences with Idiomatic Phrases ...	279

Part III

SECTION	I	Free Translation ...	289
„	II	Answering Questions from a passage	359
„	III	Pre'cis-writing ...	398
„	IV	Framing Sentences with Idiomatic Phrases ...	425
APPENDIX :		Higher Secondary Examination Questions ...	(i)

SYLLABUS

Second Language—English

Paper I—100 marks

Distribution of Marks :

(*i*)	Free Translation (from a recognized Indian language into English)	30 marks
(*ii*)	Answering questions from a passage	30 „
(*iii*)	Pre´cis-writing	25 „
(*iv*)	Framing sentences with English Idiomatic Phrases	15 „

Paper II—100 marks

(*i*)	Expanding a skeleton story	20 marks
(*ii*)	Letter-writing	20 „
(*iii*)	Essay-writing	20 „
(*iv*)	Writing a dialogue	20 „
(*v*)	Correction of errors	10 „
(*vi*)	Joining or splitting of sentences	10 „

General information regarding different topics of First Paper in English

(*a*) In *Free Translation* note the word *Free*. Don't strain your nerves in an effort to find out the exact synonym. Aim at expressing the sense. Don't be too literal. It is well and good if your translation is faithful to the original passage and expressive at the same time.

(*b*) Regarding '*Answering questions from a passage*' note that (as a circular letter from the Board of Secondary Education states) it will be a passage consisting of 250 to 300 words from which you will have to answer the questions asked. In answering them, use your own words and avoid the language of the original as far as practicable.

(*c*) In *Pre'cis-writing* give an expressive title to your pre'cis, let the title state in a clear, precise and concrete form the subject-matter of the passage. A pre'cis should not generally exceed one-third the original passage.

(*d*) So far as '*Idiomatic Phrases*' are concerned just note that idioms are based on long-standing usage. They follow rules of their own and so they must be used as they are without any change in order of words. Copious examples have been given in this book just to enable students to learn as many phrases as possible.

PART I
(FOR CLASS IX)

HIGHER SECONDARY ENGLISH

FIRST PAPER

Sec. I : FREE TRANSLATION

Introduction

Translation শব্দটির অর্থ অনুবাদ। এক ভাষায় প্রকাশিত বিষয়কে ভাষান্তরিত করার নাম translation ; যথা—

আমাদের একটি গরু আছে। গরুটির নাম কালী। কালী আমাদিগকে প্রত্যহ দুধ দেয়। উহা আমরা পান করি।

এই বাক্য কয়টি ইংরেজী ভাষায় অনুবাদ করিলে এইরূপ হইবে—We have a cow. The name of the cow is Kali. Kali gives us milk every day. We drink it.

উপরি-উক্ত বাংলায় প্রকাশিত বিষয়কে আবার ইংরেজীতে এইভাবে প্রকাশ করা যায়—

We have a cow named Kali. Every day she gives us milk, which we drink.

একই বিষয়ের ইংরেজী ভাষায় প্রকাশিত উল্লিখিত দুইটি ধারাকে তুলনামূলকভাবে পরীক্ষা করিলে ইহা বেশ স্পষ্টই প্রতীয়মান হইবে যে উভয় ধারাই বাংলার বিষয়কে ইংরেজীতে সম্যক্ প্রকাশ করিয়াছে। আবার ইহাও প্রতীয়মান হইবে যে উভয় প্রকাশভঙ্গীতে পার্থক্য আছে। প্রথমোক্ত উদাহরণে বাংলা বাক্যের পারম্পর্য রক্ষা করিয়া প্রত্যেকটি বাংলা বাক্য পৃথক-ভাবে ইংরেজীতে প্রকাশ করা হইয়াছে ; শব্দবিন্যাস, বাক্যগঠন-পদ্ধতি প্রভৃতি ধরাবাঁধা নিয়মের কোনরূপ ব্যতিক্রম না ঘটাইয়া ভাষান্তরিত করা হইয়াছে। ইহা literal translation.

দ্বিতীয় উদাহরণে অনুবাদে কতকটা স্বাধীনতা স্পষ্ট লক্ষিত হয়। 'আমাদের একটি গরু আছে। গরুটির নাম কালী' এই দুইটি বাক্যকে পৃথক্-ভাবে অনুবাদ না করিয়া একবাক্যে প্রকাশ করা হইয়াছে। ইহা অনুবাদেরই উদাহরণ; কিন্তু ইহা বিশেষ ধরণের অনুবাদ। এই ধরণের অনুবাদকে free translation বলা হয়।

Literal translation-এ যে ভাষা অনুবাদ করা হয় যথাসম্ভব সেই ভাষার শব্দবিন্যাস প্রভৃতির নিয়ম মানিয়া চলা হয়, আর free translation-এ শব্দবিন্যাস, বাক্য-সংযোজন ও বিয়োজন প্রভৃতি বিষয়ে অনুবাদের ভাষার পদ্ধতি অবলম্বন করা হয়। Free translation যে ভাষা হইতে অনুবাদ করা হয় তাহার শৃঙ্খল হইতে অধিকতর মুক্ত। Free translation-এ অনুবাদের ভাষার স্বচ্ছন্দ ভাব রক্ষা করিতে গিয়া যে ভাষা হইতে অনুবাদ করা হয় তাহার শব্দ বা বাক্য-ব্যবস্থা ও ব্যাকরণ প্রভৃতির দিকে দৃক্‌পাত করিবার কোনও প্রয়োজন হয় না; বক্তব্য বিষয়কে অনুবাদের ভাষার style, idiom দ্বারা সুন্দর করিয়া প্রকাশ করাই মুখ্য লক্ষ্য।

উদাহরণের মাধ্যমে উভয়ের পার্থক্য সুস্পষ্ট হইয়া ওঠে:

বাংলা—বাংলা দেশে অনেক মহাপুরুষ জন্মগ্রহণ করিয়াছেন। বিদ্যাসাগর তাঁহাদের অন্যতম। বিদ্যাসাগরের দয়ার কথা শোনে নাই এ রকম লোক খুব বিরল।

Literal Translation : Many great men have been born in Bengal. Vidyasagar is one of them. Such men as have not heard of the kindness of Vidyasagar, are rare.

Free Translation : There is hardly any man that has not heard of the kindness of Vidyasagar, who was one of the many great men born in Bengal.

আবার—

বাংলা—সে পরীক্ষায় উত্তীর্ণ হইতে সর্ব্বান্তঃকরণে চেষ্টা করিয়াছিল। কিন্তু কৃতকার্য হইতে পারিল না। পরে পড়াশুনা ছাড়িয়া দিল।

Literal Translation : He tried heart and soul to pass the examination. But he could not succeed. At last he gave up his studies.

Free Translation : Unable to pass the examination in spite of his best efforts, he at last bade adieu to the goddess of learning.

বিভিন্ন ভাষাভাষীর ভাবের আদানপ্রদানে free Translation-এর অবদান অনস্বীকার্য্য। Free Translation বিভিন্ন সাহিত্যকে সম্পন্ন করিয়াছে। Free Translation-এ দক্ষতা অর্জন করিতে হইলে সুদক্ষ translator-এর অনুবাদ-রীতি লক্ষ্য করা একান্ত প্রয়োজন। কবিগুরু রবীন্দ্রনাথের অনেক গল্প বাংলা হইতে ইংরেজীতে free translation করা হইয়াছে। বাংলায় ঐ গল্পগুলি পড়িয়া translation-এ ঐগুলি পড়িলে free translation-এর ধারার সুস্পষ্ট ছাপ মনে থাকিবে এবং free translation-এ দক্ষতা অর্জনে সাহায্য করিবে। Free translation একটি বিশেষ প্রয়োজনীয় art ; ইহাতে দক্ষতা অর্জন করা শিক্ষার্থীর পক্ষে খুবই দরকার।

CHAPTER I

THE TENSES

The Present Tense

A. The Present Indefinite Tense

(a)

আমি প্রত্যহ সকালে ভগবানের নিকট প্রার্থনা করি—Every morning I *offer* my prayers to God.

সত্য চিরদিন জয়ী হয়—Truth *triumphs* at all times.

লোকটি খুব বেশি কাজের নয়—The man *is* not worth much.

তিনি আজকাল কোন সাধারণ সভায় বক্তৃতা করেন না—He *does* not *speak* at any public meeting nowadays.

অন্তর হইতে যাহা আসে, তাহা অন্তরে গিয়া পৌঁছে—What *comes* from the heart *goes* to the heart.

Note : বর্তমানে যাহা হয়, অথবা যাহা অভ্যস্ত কায অথবা নিত্য সত্য, তাহা বুঝাইতে verb-এর present indefinite tense ব্যবহৃত হয়।

(b)

আজ রাত্রে তিনি দিল্লী রওনা হইবেন—He *leaves* for Delhi tonight.

দীর্ঘদিন অনুপস্থিত থাকার পর তিনি আগামী সোমবার তাঁহার কাজে যোগদান করিবেন—After a long absence he *joins* his office on Monday next.

আমাদের ক্লাবের বাৎসরিক অনুষ্ঠান আগামী মাসের প্রথম দিকে হইবে—The annual function of our club *comes off* early next month.

Note : এইরূপে পূর্ব হইতে স্থির হইয়া আছে, এরূপ কোন অদূর ভবিষ্যতের কার্য বুঝাইলে, উহাকে future tense-এ অনুবাদ না করিয়া present indefinite tense-এ অনুবাদ করা যাইতে পারে।

(c)

নীরো যখন বেহালা বাজাইতেছিলেন, রোম্ তখন পুড়িতেছিল—While Nero *fiddles*, Rome *burns*.

আলেকজাণ্ডার পুরুর বলদৃপ্ত ভাব দেখিয়া চমকাইয়া উঠিলেন এবং বুঝিলেন যে সে সাধারণ মানুষ নয়—Alexander *starts* at the heroic stand of Porus and *realizes* that he is no ordinary stuff.

বনবীর সোজা ঘরের মধ্যে ঢুকিয়া পান্নার শিশুপুত্রটির বুকে ছোরা বসাইয়া দিল—Banabir *walks* straight into the room and *plunges* his dagger into the heart of Panna's son.

Note : এইরূপে অতীত ঘটনার চিত্রটিকে জীবন্তভাবে ফুটাইয়া তুলিবার জন্য past tense-এর পরিবর্তে অনেক সময় present indefinite tense ব্যবহার করা হয়। ইহাকে **historic present** বলে।

(d)

অনেকখানি হাঁটিয়া আমি বড় ক্ষুধার্ত বোধ করিতেছি—I *feel* quite hungry after a long walk.

আমার বক্তব্য শেষ করিবার পূর্বে আমি পুনরায় আপনাদের সকলকে ধন্যবাদ দিতেছি—I *thank* you all once again before I *finish*.

আমার ইচ্ছা করিতেছে এই বদমায়েসটাকে কষিয়া একটা চড় দিই—I *feel* like giving a smart slap to this rogue.

এই বইখানি পড়িতে উপন্যাসের মত লাগিতেছে—This book *reads* like a novel.

ঐ ঘণ্টা বাজিতেছে ; চল আমরা দৌড়াই—There *goes* the bell ; let us run.

তুমি আকাশে একটি পাখি দেখিতেছ কি ?—Do you *see* a bird in the sky ?

Note : এইরূপে বাংলায় present progressive tense-সূচক verb থাকিলেও উহার অনুবাদে অনেক স্থলে ইংরেজীতে present indefinite tense ব্যবহার করিতে হয়।

(e)

আমি এখন মুশ্কিলে পড়িয়াছি—I *am* in a fix now.

সূর্য অস্ত গিয়াছে এবং চন্দ্র উদিত হইয়াছে—The sun *is set* and the moon *is up.*

আমি ভাবিয়া বিস্মিত হইতেছি তুমি কেমন করিয়া সাঁতার দিয়া নদীটি পার হইলে—I *wonder* how you swam across the river.

বিপদ কাটিয়া গিয়াছে, এখন আর উহা লইয়া দুশ্চিন্তার কিছুই নাই—The danger *is* over and you need not worry any more.

Note : এইরূপে অনেক সময়ে বাংলার ক্রিয়াপদ present বা progressive perfect tense-এর আকারে থাকিলেও, ইংরেজীতে present indefinite tense-এ উহার অনুবাদ করা হইয়া থাকে।

B. The Present Progressive (Continuous) Tense

(a)

তিনি এখন চিঠি লিখিতেছেন—He *is writing* a letter now.

বীণা তাহার পিয়ানোটি বাজাইতেছে—Bina *is playing* on her piano.

তাহারা এখন সকালের চা খাইতেছে—They *are* now *having* their morning tea.

আমাদের দেশ দিন দিন উন্নতি করিতেছে—Our country *is progressing* day by day.

তিনি এই ব্যাপারটি লইয়া তুমুল আন্দোলন করিতেছেন—He *is agitating* hard over this matter.

Note : এইরূপে বর্তমানে যাহা হইতেছে বা ঘটিতেছে তাহা বুঝাইতে verb-এর present progressive বা continuous tense ব্যবহার করিতে হয়।

(b)

অমল কি এ বৎসর ফাইনাল পরীক্ষা দিবে ?—*Is* Amal *appearing* at the final examination this year ?

আগামী নির্বাচনে আমি তাহাকে সাহায্য করিব না—I *am* not *going* to support him at the next election.

সম্ভবতঃ বর্তমান প্রতিযোগিতায় হরিবাবু প্রথম পুরস্কার পাইবেন—Probably Hari Babu *is going* to get the first prize in the present competition.

শুনিলাম আজিকার চ্যারিটি ম্যাচে মোহনবাগানের পক্ষে শৈলেন মান্না খেলিবে না—They say Sailen Manna *is* not *playing* for Mohanbagan at today's charity match.

Note : এইরূপে নিকট ভবিষ্যৎ বুঝাইলে কখনও কখনও future tense-এর পরিবর্তে present progressive tense ব্যবহৃত হয়।

C. The Present Perfect Tense

(a)

বর্ষা আরম্ভ হইয়াছে—The rains *have set in.*

আমি বইখানি পড়িয়া ফেলিয়াছি—I *have read* the book through.

তিনি তাঁহার কারবারে মোটা টাকা ফেলিয়াছেন—He *has invested a* big amount in his business.

আমাদের অঞ্চলে এবার খুব ভাল শস্য হইয়াছে—There *has been a* bumper crop in our part of the country this year.

তাহার এখন বড় দুঃসময় পড়িয়াছে—He *has fallen* on very bad days now.

তিনি জীবনে কখনও বিশেষ সুখী হন নাই—He *has* never *been* very happy in his life.

তাঁহাকে দেখিয়া এখন অনুমান করিবার উপায় নাই যে একদিন তাঁহারও সুসময় ছিল— From his ways none can now guess that he too *has seen* better days.

Note : কোন কাজ এইমাত্র শেষ হইয়াছে অথবা অতীত কালে সম্পন্ন হইলেও তাহার ফল এখনও বর্তমান আছে—এইরূপ বুঝাইলে verb-এর present perfect tense হয়।

(b)

আমি একখানা বাড়ি কিনিবার পূর্বে কোন টাকা খরচ করিতে পারি না—I cannot spare any money before I *have purchased* a house.

আমি আমার দাদার সহিত পরামর্শ করিয়া এ বিষয়ে মন স্থির করিতে চাই—I want to make up my mind after I *have consulted* my brother about it.

জীবনে কৃতী হইয়া আমাকে ভুলিও না—Don't forget me when you *have achieved* success in life.

Note : Subordinate clause-এর পূর্বে *before, after, when* প্রভৃতি শব্দ বসিয়া ভবিষ্যতের কোন কার্য-সম্পাদন বুঝাইলে present perfect tense ব্যবহৃত হইয়া থাকে।

D. The Present Perfect Progressive (Continuous) Tense

কাল হইতে বৃষ্টি হইতেছে—It *has been raining* since yesterday.

সে গত পাঁচ বৎসর যাবৎ এই স্কুলে পড়িতেছে—He *has been reading* in this school for the last five years.

আশু এক সপ্তাহের উপর জ্বরে ভুগিতেছে —Ashu *has been suffering* from fever for over a week.

তাহার পিতা তাহাকে অতি কষ্টে প্রতিপালন করিতেছেন—His father *has been bringing* him up with great difficulty.

স্ত্রীলোকটি তাঁহার স্বামীর জন্য সারাজীবন দুঃখ ভোগ করিয়া চলিয়াছে—The woman *has been suffering* all her life for the sake of her husband.

Note : পূর্ব হইতে কোন কাজ আরম্ভ হইয়া এখনও চলিতেছে এরূপ বুঝাইলে verb-এর present perfect continuous tense ব্যবহার করিতে হয়।

Exercise 1

Translate into English :—

(a) তিনি রোজ সকালে বেড়াইতে বাহির হন। আমি আজ অসুস্থ বোধ করিতেছি। সে আজকাল আর পড়াশুনা করে না। অতুল বাবু

আগামী সোমবার এখানে আসিতেছেন। পূজার জন্য আগামী কাল আমাদের স্কুল বন্ধ হইতেছে (close). জীবন একটি অলীক স্বপ্ন (empty dream) মাত্র। সূর্য পূর্ব দিকে উদিত হইয়া পশ্চিম দিকে অস্ত যায়। তোমার অনুরোধ রক্ষা করিতে (comply with) আমি অসমর্থ।

(b) আপনার এ বিষয়ে আর কিছু (anything else) বলিবার আছে ? লণ্ডন পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা জনবহুল (populous) শহর। চিঠিখানি খুঁজিয়া পাওয়া যাইতেছে না (is missing)। চাউলের দর আজকাল একটু সস্তা যাইতেছ (is selling a bit cheap)। তুমি কবে দিল্লী যাইতেছ (leave for) ? আকাশে এক টুকরা মেঘ (a speck of cloud) দেখিতেছ কি ?

(c) হরি অনেক দিন ধরিয়া পরিবার-সহ কলিকাতায় আছে। সে বাড়ি যায় না, কারণ তাহার ভাইরা অনেক দিন ধরিয়া বাড়ি আছে। তাহার মেজো ভাই সম্প্রতি কলিকাতায় আসিয়াছে এবং বিগত রবিবার হইতে তাহার সহিত আছে। হরি কলিকাতায় ব্যবসায় করে (carries on a business)।

(d) আগামী সোমবার আমাদের স্কুলের বাৎসরিক পারিতোষিক বিতরণ (prize-distribution) হইবে (comes off)। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই অনুষ্ঠানে (function) সভাপতিত্ব করিতে (to preside over) স্বীকার করিয়াছেন (has consented)। এই উপলক্ষে (on this occasion) কলিকাতা হইতে কয়েকজন গণ্যমান্য ব্যক্তি (distinguished men) এখানে আসিতেছেন ; আমরা এখন হইতে (from now) ঐ অনুষ্ঠানের জন্য প্রস্তুত হইতেছি।

(e) আমাদের ছাত্রদের মধ্যে কয়েকজন খুব সুন্দর আবৃত্তি করিতে (recite) পারে। কয়েকজন ভাল গান করিতেও পারে। ইহারা আমাদের বাংলার শিক্ষক অপূর্ব বাবুর নিকট আবৃত্তি ও গান শিখিতেছে। আমাদের স্কাউট্‌শিক্ষকও পিছাইয়া নাই (is not lagging behind)। তিনি তাঁহার দলকে (troop) মাননীয় অতিথিগণের উপযুক্ত সম্বর্ধনার জন্য (for the proper reception of) শিক্ষা দিতেছেন।

The Past Tense

A. The Past Indefinite Tense

(a)

স্যার আশুতোষ একজন মানুষের মত মানুষ ছিলেন—Sir Asutosh *was* a prince among men.

রাণা প্রতাপ তাঁহার হৃতরাজ্য পুনরুদ্ধারের জন্য সর্বস্ব পণ করিয়াছিলেন—Rana Pratap *staked* his all to get back his lost kingdom.

ছেলেটি সাহায্য চাহিলে আমি 'না' বলিতে পারিলাম না—When the boy *asked* for help, I *had* not the heart to say 'no'.

গৌরাঙ্গ মহাপ্রভু জগতে তাঁহার প্রেমের বাণী প্রচার করিয়াছিলেন—Lord Gauranga *preached* his message of love to the world.

Note : এইরূপে অতীত কালের কার্য অথবা ঘটনা বুঝাইতে verb-এর past indefinite tense ব্যবহৃত হয়।

(b)

আমি মাঝে মাঝে আমাদের স্কুল ম্যাগাজিনের জন্য লিখিতাম—I *would write* for our school magazine from time to time.

তিনি প্রত্যহ গঙ্গাস্নান করিতেন—He *used* to bathe in the Ganga every day.

Note : এইরূপে অতীত কালের কোন 'অভ্যাস' বুঝাইতে verb-এর past tense ব্যবহার না করিয়া, তাহার পূর্বে *would* বা *used to* ব্যবহার করা হয়। অনিয়মিত অভ্যাস বুঝাইতে *would* এবং নিয়মিত অভ্যাস বুঝাইতে *used to* ব্যবহার করা হইয়া থাকে।

(c)

আমাকে দু'এক দিনের জন্য সামান্য কিছু ধার দিয়া সাহায্য করা যায় কি ?—*Could* you *help* me with a small loan for a day or two ?

আমার এই চিঠিখানা একটু ডাকে ফেলিয়া দিবে ?—*Would* you *mind* posting this letter for me ?

স্টেশনে যাইবার পথটি দয়া করিয়া দেখাইয়া দিবেন কি ?—*Would* you kindly *show* me the way to the station ?

আমি কি আপনার হইয়া তাহার সহিত কথা বলিতে পারি ?—*Might* I *be* permitted to speak to him on your behalf ?

Note : অনুরোধ অথবা প্রশ্নে বর্তমান কাল বুঝাইতেও কখনও কখনও present tense-এর পরিবর্তে verb-এর পূর্বে এইরূপে *could, would* বা *might* ব্যবহার করা হয়। তাহাতে ভদ্রতা প্রকাশ পায়।

B. The Past Progressive (Continuous) Tense

(a)

জোর ঝড় বহিতেছিল—It *was blowing* a hard gale.

ছেলে ক'টি সামান্য বিষয় লইয়া ঝগড়া করিতেছিল—The boys *were quarrelling* over a small thing.

তাহারা একটু উত্তেজিতভাবে রাজনীতি আলোচনা করিতেছিল—They *were discussing* politics rather heatedly.

বালিকাটি সম্মানিত অতিথির জন্য এক ছড়া ফুলের মালা গাঁথিতেছিল—The girl *was weaving* a garland of flowers for the respected guest.

Noee : অতীতে কোন কার্য চলিতেছিল, তখনও শেষ হয় নাই, এরূপ বুঝাইতে verb-এর past progressive (continuous) tense ব্যবহৃত হয়।

(b)

শত্রুপক্ষ দিনের পর দিন বোমাবর্ষণ করিতেছিল—The enemy *continued* bombing day after day.

তিনি ছেলেটিকে বরাবর সাহায্য করিতেছিলেন—He *kept* helping the boy all the time.

সভাস্থ সকলেই শ্রদ্ধার সহিত বক্তার কথা শুনিতেছিলেন—The whole meeting *listened* to the speaker with respect.

Note : এইরূপে কখনও কখনও past indefinite tense দ্বারা past continuous tense-এর অর্থ ভালভাবে প্রকাশ করা যায়।

C. The Past Perfect Tense

আমি আসিবার পূর্বেই সে চলিয়া গিয়াছিল—He *had gone away* before I came.

আমরা স্টেশনে পৌছিবার আধ ঘণ্টা পূর্বেই গাড়িটি ছাড়িয়া দিয়াছিল—The train *had left* half an hour before we reached the station.

বাড়িটা একেবারে পুড়িয়া যাইবার পর দমকল আসিয়া উপস্থিত হইল—The fire-brigade came after the house *had been* completely *burnt* down.

Note : এইরূপ দুইটি অতীত ঘটনার মধ্যে একটি যদি অপরটির পূর্বে ঘটিয়া থাকে বুঝায়, তাহা হইলে যে ঘটনাটি পূর্বে ঘটিয়াছে সেইটি বুঝাইতে verb-এর past perfect tense ব্যবহার করিতে হয়।

D. The Past Perfect Progressive Tense

তুমি বলিবার পূর্বেই আমি এই কথা চিন্তা করিতেছিলাম—I *had been thinking* of this before you spoke about it.

বাবা আসিবার পূর্বে আমরা আনন্দে গল্পগুজব করিতেছিলাম—We *had been chatting* merrily before father came.

ভাঙ্গিয়া যাইবার পূর্বে ঘড়িটি সুন্দর সময় দিতেছিল—The watch *had been keeping* good time before it broke.

ট্রেনখানি ধাক্কা খাইবার পূর্বে আমরা গভীরভাবে নিদ্রা যাইতেছিলাম—We *had been sleeping* soundly before the train collided.

Note : দুইটি অতীত ঘটনার মধ্যে একটি অপরটির পূর্বে 'ঘটিতেছিল' এইরূপ বুঝাইলে, যে ঘটনাটি পূর্বে ঘটিতেছিল তাহাকে ইংরেজীতে past progressive tense-এ অনুবাদ করিতে হয়।

Exercise 2

Translate into English :—

(a) একটি ভিখারী আমাদের দরজায় দাঁড়াইয়া ছিল। তাহার সহিত এ বিষয়ে আমার কথা (talk) হইয়াছিল। গত বৎসর আমাদের গ্রামে কলেরার

প্রাদুর্ভাব হইয়াছিল (broke out). তিনি প্রতিদিন গীতা পড়িতেন। সন্ধ্যার ছায়া (the shadow of the evening) ধীরে ধীরে পৃথিবীর উপর নামিয়া আসিতেছিল। দাঙ্গার সময়ে (during the riot) কেহই বাহিরে আসিতে সাহস করিত (dared) না। মহাত্মা গান্ধী সরল জীবন যাপন করিতেন। আমি তাহাকে কথা দিয়াছিলাম (gave word) যে আমি তাহাকে সাহায্য করিব। সে সকালে রওনা হইলে এতক্ষণে (by this time) সেখানে পৌঁছিত। আমরা স্টেশনে পৌঁছাইবার পূর্বেই গাড়িটি ছাড়িয়া দিয়াছিল (had left)। গরম কাপড়ের অভাবে (for want of) তাহারা শীতে কাঁপিতে লাগিল।

(b) প্রাচীন ভারতে (in ancient India) যে-সব বড় বড় রাজা রাজত্ব ক'রে গেছেন, চন্দ্রগুপ্ত ছিলেন তাঁদেরই একজন। দাসীপুত্র ছিলেন বলে নন্দ রাজার ছেলেরা তাঁকে যখন-তখন অপমান করত (insulted him every now and then)। এইসব অপমান সহ্য করতে না পেরে চন্দ্রগুপ্ত মগধ ছেড়ে পালিয়ে গেলেন পঞ্জাবে। পঞ্জাবে তখনও আলেকজাণ্ডারের এক সৈন্যবাহিনী (army) অবস্থান করছিল। চন্দ্রগুপ্ত তাদের কাছ থেকে তাদের যুদ্ধকৌশল (method of warfare) শিখতে আরম্ভ করলেন। কিছুদিন পরে আলেকজাণ্ডারের মৃত্যু হল। চন্দ্রগুপ্ত এই সুযোগ নিয়ে (took this opportunity) তাঁর সৈন্যদের দিলেন পঞ্জাব থেকে তাড়িয়ে। এর পর তাঁর একমাত্র চিন্তা হ'ল (the thought uppermest in his mind) কেমন ক'রে মগধ জয় করা যায়।

The Future Tense

A. The Future Indefinite Tense

(a)

আমি তোমাকে সাহায্য করিতে পারিলে সুখী হইব—I *shall* be glad to help you.

কালে সে একজন ভাল বক্তা হইবে—He *will* turn out to be a good speaker in time.

তুমি তাঁহাকে বন্ধু ও শুভার্থী হিসাবেই পাইবে—You *will* find a friend and well-wisher in him.

আজ সমস্ত স্কুলই সকাল সকাল ছুটি হইবে—All the schools *will* close earlier today.

Note : সাধারণ ভবিষ্যৎ কাল বুঝাইতে verb-এর পূর্বে first person-এ *shall* এবং second ও third person-এ *will* ব্যবহৃত হয় ;

(b)

যাহাই ঘটুক, আমি পূর্বের মত আমার কাজ চালাইব—Come what may, I *will* work on as before.

সে যত দিন এখানে আছে, তাহাকে আদেশ পালন করিতেই হইবে—He *shall* carry out orders, so long as he is here.

এমন একদিন আসিবে যেদিন আপনারা আমার কথা অবশ্যই শুনিবেন—The day will come when you *shall* hear me.

আমি তাহাকে ভালরকম শিক্ষা দিয়া ছাড়িব—I *will* teach him the lesson of his life.

Note : ভবিষ্যৎ কার্য বা ঘটনা সম্বন্ধে বক্তার প্রতিজ্ঞা, সংকল্প, আদেশ, প্রতিশ্রুতি ইত্যাদি বুঝাইতে first person-এ *will* এবং second ও third person-এ *shall* ব্যবহৃত হয় ।

(c)

আমি কি এখন ডাক্তার ডাকিয়া পাঠাইব ?—*Shall* I send for a doctor now ?

আমি যদি সেখানে না যাই আপনি সুখী হইবেন কি ?—*Shall* you be happy if I do not go there ?

তাহারা কি তোমাকে পথে (গাড়িতে) তুলিয়া লইবে ?—*Will* they pick you up on the way

Note: Interrogative sentence-এ সাধারণ future-এর অর্থে first ও second person-এ *shall* এবং third peron-এ *will* বসে।

কিন্তু জিজ্ঞাসিত ব্যক্তির 'ইচ্ছা' জানিতে হইলে second person-এ *will* এবং first ও third person-এ *shall* ব্যবহৃত হয়; যেমন—

(d)

তুমি কি আজ বিকালে ফুটবল ম্যাচ দেখিতে যাইবে?—*Will* you go to see the football match this afternoon?

আমি কি স্টেশনে আপনার জন্য অপেক্ষা করিব?—*Shall* I wait for you at the station?

কলিকাতায় গিয়া সে আপনার সহিত দেখাসাক্ষাৎ করিবে কি?—*Shall* he contact you when he is in Calcutta?

তাহারা কাজটি চালাইয়া যাইবে কি?—*Shall* they proceed with the work?

(e)

নিয়মিত ভাবে ক্লাসে আসিবে—*Attend* your class regularly.

বাজে গল্পগুজবে সময়ের অপব্যবহার করিবে না—Do not waste your time over idle gossip.

খাদ্যমন্ত্রী আজ বর্ধমান যাইবেন—The Food Minister *is booked* for Burdwan today.

Note: এইরূপে কখনও কখনও বাংলায় ভবিষ্যৎ কালের ক্রিয়া থাকিলেও উহাকে ইংরেজীতে present indefinite tense দ্বারা অনুবাদ করিতে হয়।

B. The Future Progressive (Continuous) Tense

আমি না পৌঁছান পর্যন্ত তাহারা আমার জন্য অপেক্ষা করিতে থাকিবে—They *will be waiting* for me till I reach.

যতদিন পর্যন্ত ছেলেটি সাহায্য পাইবার যোগ্য থাকিবে, ততদিন আমরা তাহাকে সাহায্য করিতে থাকিব—We *shall be helping* the boy so long as he deserves it.

খুব সম্ভবতঃ নদীর জল আবার বাড়িতে থাকিবে—Most probably the river *will be rising* again.

আপনি কাল বাড়িতে পৌঁছাইয়া দেখিবেন আমরা ভাত খাইতেছি—We *shall be eating* when you reach home tomorrow.

Note : ভবিষ্যতে কোন কাজ চলিতে থাকিবে এইরূপ বুঝাইলে ইংরেজীতে verb-এর future progressive tense ব্যবহৃত হয়।

C. Future Perfect Tense

তিনি আসিবার পূর্বে আমরা সব ব্যবস্থা ঠিক করিয়া রাখিব—We *shall have arranged* things completely before he comes.

আমরা বাড়িতে পৌঁছিবার পূর্বেই বৃষ্টি আরম্ভ হইয়া যাইবে—The rain *will have started* before we reach home.

আগামী মাস শেষ হইবার পূর্বেই আমি বইখানি লিখিয়া ফেলিব—*I shall have written* the book by the end of the next month

Note : ভবিষ্যৎকালে শেষ হইবে এমন দুইটি কাজের মধ্যে যেটি আগে শেষ হইবে বুঝায়, তাহাকে ইংরেজীতে সাধারণতঃ future perfect tense-এ অনুবাদ করিতে হয়।

Exercise 3

Translate into English :—

(a) সে এম্. এ. পাস করিতে পারিলে একটি ভাল চাকুরী পাইবে। সে এখানে আসিলে আমি বাড়ি যাইব। তাহাকে পাঁচ টাকা জরিমানা দিতেই হইবে। যাহাই বল না কেন, সে তাহার খুশিমত চলিবেই (will go his own way)। আমি আপনাকে বাড়ি পৌঁছাইয়া দিব (see you home) কি? আপনি যতই চেষ্টা করুন, সে কিছুতেই রাজী হইবে না (agree by no means)। এই বিষয়টি লইয়া তোমরা আর বাড়াবাড়ি করিবে না (make no fuss over)। আমি এখন আরও কিছুক্ষণ পড়িতে থাকিব।

(b) আশা করি রাত্রে বৃষ্টি আসিবার পূর্বেই তাহারা সেখানে পৌঁছিবে। আমি তাহাকে দস্তুরমত শিক্ষা (a good lesson) দিবই দিব। আমি তোমাকে লিখিলেই তুমি তাহার সহিত দেখা করিবে। দিন শেষ হইবার পূর্বেই আমি কাজটি শেষ করিয়া ফেলিব। সদা সত্য কথা বলিবে।

CHAPTER II

PARTICIPLES AND GERUNDS

A

বাংলা আসিয়া, যাইয়া, পড়িয়া, খাইয়া প্রভৃতি 'ইয়া'-প্রত্যয়যুক্ত অসমাপিকা ক্রিয়াপদগুলির ইংরেজীতে অনুবাদ participle ও gerund-এর সাহায্যে ও অন্য বিভিন্ন উপায়ে করা যাইতে পারে ; যেমন—

(i)

গয়ায় একদিন থামিয়া আমরা পরদিন সকালে কাশী রওনা হইলাম—*Halting* at Gaya for a day, we started for Varanasi the next morning.

অধিক রাত্রি পর্যন্ত খাটিয়া আমি ইহা শেষ করিয়া ফেলিব—I shall finish it, *working* late hours at night.

গাড়িখানি পূর্ণবেগে ছুটিয়া আসিয়া রাস্তার ধারের একটি গাছের সহিত ধাক্কা খাইল—*Running* at top speed, the car collided against a tree on the wayside.

Note : উপরের sentence-গুলিতে 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদে verb-এর present participle ব্যবহৃত হইয়াছে।

(ii)

(a)

কর্মময় জীবন হইতে অবসর গ্রহণ করিয়া (অর্থাৎ করার পর) তিনি এখন পল্লীর নিভৃত কোণে বাস করিতেছেন—*Having retired* from a life full of activities, he is now living in the quiet nook of a village.

সমস্ত জীবন দারিদ্র্যের সঙ্গে সংগ্রাম করিয়া (অর্থাৎ করার ফলে) এখন তিনি একেবারেই অবসাদগ্রস্ত বোধ করিতেছেন—*Having struggled* against poverty all his life, he now feels fully spent up.

Note : উপরের sentence দুইটিতে 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদে verb-এর active voice-এর perfect participle ব্যবহৃত হইয়াছে।

(b)

এই সংবাদে ভীত হইয়া আমি তৎক্ষণাৎ থানায় দৌড়াইলাম—*Being alarmed* at the news, I ran to the police station at once.

আপনি যে অনুগ্রহ দেখাইয়াছেন তাহাতে সাহসী হইয়া, আমি আর একটি অনুগ্রহের আবেদন জানাইতেছি—*Being emblodened* by the favour you have shown, I beg to approach you for another.

ক্ষুধায় জর্জরিত হইয়া তিনি এখন পশু-পর্যায়ে নামিয়া আসিয়াছেন—*Driven* by hunger, he has now come down to the level of a beast.

সব দিক্ দিয়া হতাশ হইয়া এখন তিনি অদৃষ্টের নিকট আত্মসমর্পণ করিয়াছেন—*Disappointed* from all sides, he has now resigned himself to his lot.

Note : উপরের sentenceগুলিতে 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদে verb-এর passive voice-এর participle ব্যবহৃত হইয়াছে। কোন কোন ক্ষেত্রে এইরূপ participle-এর পূর্বে প্রযোজ্য *being* অথবা *have been* উহ্য রাখা হয়, যেমন তৃতীয় ও চতুর্থ sentence-এ হইয়াছে।

(iii)

দূর প্রবাসে তাঁহার বন্ধুর মৃত্যু-সংবাদ পাইয়া তিনি শিশুর ন্যায় কাঁদিয়া ফেলিলেন—On *hearing* of the death of his friend in a far-off land, he wept like a child.

দীর্ঘকাল দেশবাসীর উপর নেতৃত্ব করিয়া এখন তিনি নিজেই পরিত্যক্ত হইয়াছেন—After *leading* his countrymen for long years, he is himself forsaken now.

তাঁহার মহৎ দৃষ্টান্তগুলি অনুসরণ করিয়া আমরা তাঁহার প্রতি আমাদের শ্রদ্ধা নিবেদন করিব—We shall pay our respects to him by *following* his noble example.

Note : উপরের sentence-গুলিতে gerund-এর পূর্বে preposition বসাইয়া 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়াগুলির অনুবাদ করা হইয়াছে।

(iv)

বিরক্ত হইয়া তিনি সভা হইতে চলিয়া গেলেন—He walked out of the meeting *in disgust.*

লোকের চেহারা দেখিয়া তাহার সম্বন্ধে বিচার করা উচিত নহে—We should not judge a man *by* his *looks.*

সে ভীত হইয়া পরীক্ষা দিবার সঙ্কল্প ত্যাগ করিল—*In* his *nervousness,* he dropped the idea of going in for the examination.

কেবলমাত্র জুয়াচুরি করিয়া সে বিত্তশালী হইয়াছে—He has made his fortune all *by fraud.*

Note : উপরের sentence-গুলিতে 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদে participle বা gerund ব্যবহার না করিয়া, abstract noun-এর পূর্বে preposition বসাইয়া উহার অর্থ প্রকাশ করা হইয়াছে।

(v)

পরীক্ষায় তোমার কৃতিত্বপূর্ণ সাফল্যের কথা শুনিয়া আমি প্রকৃতই সুখী হইয়াছি—I am really happy *to hear* of your brilliant success in the examination.

আপনি শুনিয়া আশ্বস্ত হইবেন যে আমার সব আর্থিক অসুবিধাগুলি দূর হইয়াছে— You will be relieved *to know* that all my pecuniary difficulties are over.

তাহার বন্ধুরা এতদিন তাহাকে বড়লোক বলিয়া মনে করিত—His friends have so far taken him *to be* a rich man.

Note : উপরের sentence-গুলিতে infinitive-এর দ্বারা 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়াগুলির অনুবাদ করা হইয়াছে।

(vi)

আমি বুঝি না সে কেমন করিয়া এই দুঃসাধ্য কাজ করিল—I cannot understand *how* he could perform this miracle.

আমি তাড়াতাড়ি করিয়া আমার জিনিসপত্র গুছাইয়া লইলাম—I packed up my things *in a hurry*.

সে একটু একটু করিয়া নিজের স্থান করিয়া লইতে পারিয়াছিল—He could get a footing for himself *slowly* but *steadily*.

Note : উপরের sentence-গুলিতে 'করিয়া' এই অসমাপিকা ক্রিয়াটি অন্য শব্দের সহযোগে ক্রিয়াবিশেষণের অর্থ প্রকাশ করায়, উহাদের অনুবাদে adverb অথবা adverbial phrase ব্যবহার করা হইয়াছে।

(vii)

ট্রেনটি স্টেশনে এক মিনিট থামিয়া পুনরায় ছাড়িয়া গেল—The train *stopped* at the station for a minute and *started* off again.

তিনি ভিড় ঠেলিয়া মঞ্চের নিকট আসিয়া উপস্থিত হইলেন—He *pushed* his way through the crowd and *came up* to the dais.

দীর্ঘদিন নীরবে কাজ করিয়া তিনি তাঁহার ভবিষ্যৎ জীবনের সুমহান্ ব্রতের জন্য প্রস্তুত হইয়াছিলেন—He *worked* quietly for long and *prepared* himself for the great task of his future life.

Note : উপরের sentence-গুলিতে 'ইয়া'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদে participle-এর পরিবর্তে finite verb (সমাপিকা ক্রিয়া) ব্যবহৃত হইয়াছে এবং ফলে পুরা sentence-টি compound হইয়াছে।

B

বাংলা 'ইতে'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়া এবং ক্রিয়াবাচক বিশেষ্যের ইংরেজীতে অনুবাদও উপরিলিখিত-রূপে বিভিন্ন উপায়ে করা যাইতে পারে ; যেমন—

(i)

আমি কবিতা পড়িতে ভালবাসি—I like to *read* poems. *Or*, I like *reading* poems.

সাঁতার দেওয়া উত্তম ব্যায়াম—To *swim* is a good exercise. *Or*, *Swimming* is a good exercise.

Note : Infinitive এবং gerund উভয়ই noun-এর মত ব্যবহৃত হইতে পারে এবং সে ক্ষেত্রে উভয়ের অর্থ একই হয় ; কিন্তু কোন কোন শব্দের পর gerund বসাইতে হয়, infinitive বসানো চলে না, বসাইলে ভুল হয় ; যেমন—

ইহা আর একবার চেষ্টা করিতে ক্ষতি কি ?—What is the harm in *trying* it again.

তুমি যদি জিনিসটা কিনিতে চাও এরূপ দর-কষাকষি করিয়া লাভ হইবে না— If you want to buy the thing, it will be no use *higgling* like this.

তাহাকে সেখানে যাইবার জন্য আপনি জিদ করিতেছেন কেন ?—Why do you insist on his *going* there ?

আমি তাহার দুঃখে না কাঁদিয়া থাকিতে পারিলাম না—I could not help *shedding* tears in his grief.

Note : আবার কোন কোন ক্ষেত্রে gerund না বসাইয়া infinitive বসাইতে হয়। যেমন—

সে এমন একটি লোক যাহাকে খুশী করা খুব কঠিন—He is such a man as is very hard *to please.*

আমি তাহাকে এ কাজ করিতে বাধ্য করিতে পারি না—I cannot compel him *to do* it.

(ii)

সৈনিকেরা সারা পথ গান করিতে করিতে চলিল—The soldiers marched all the way *singing.*

ট্রেনটি হুস্ হুস্ করিতে করিতে স্টেশনে প্রবেশ করিল—The train came *puffing* into the station.

সে আপন মনে কি বলিতে বলিতে চলিয়া গেল—He left *muttering* something to himself.

Note : এইরূপ 'করিতে করিতে', 'বলিতে বলিতে' ইত্যাদি অসমাপিকা ক্রিয়ার অনুবাদে present participle ব্যবহৃত হয়।

(iii)

প্রতাপ চিতোর উদ্ধার করিতে সমর্থ হন নাই—Pratap did not succeed *in recovering* Chitore.

সে দিনের বেলা যখন তখন খেলিতে ভালবাসে—He is fond *of playing* at all hours of the day.

সভায় উপস্থিত হইতে তাঁহার এক ঘণ্টা দেরি হইয়াছিল—He was late by one hour *in attending* the meeting.

Note : উপরের sentence-গুলিতে প্রদত্ত 'ইতে'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়াগুলির অনুবাদে gerund-এর পূর্বে preposition বসানো হইয়াছে।

(iv)

আমার সেখানে পৌঁছাইতে রাত্রি হইয়া যাইবে—It will be night *before I reach there.*

ছেলেটি বাঁচিয়া থাকিতে বিধবাটি কোন দিনই কষ্ট পান নাই—The widow never suffered for a day, *so long as her son was alive.*

স্কুলে যাইতে যাইতে ছেলেগুলি ঝড়ে পড়িল—The boys were caught in a storm *on their way to school.*

Note : ক্ষেত্রবিশেষে এইরূপ adverbial phrase অথবা clause দ্বারাও 'ইতে'-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার অনুবাদ করা যায়।

C

Participle ও gerund-এর আরও কয়েকটি বিশেষ ব্যবহার নিম্নে দেওয়া হইল।

Absolute Phrase-এর ব্যবহার :

সূর্য অস্তমিত হওয়ায় কৃষকেরা মাঠে কাজ বন্ধ করিয়া গৃহে ফিরিল—The sun *having set*, the farmers stopped work in the field and came back home.

আবহাওয়া ভাল থাকিলে, আমাদের ভোজ আজ রাত্রেই হইবে—Weather *permitting*, we shall certainly have our feast tonight.

Impersonal absolute রূপে :

মোটামুটি হিসাব করিলে, তিনি এই বাড়ি নির্মাণের জন্য প্রায় পঞ্চাশ হাজার টাকা ব্যয় করিয়াছেন—*Calculating* roughly, he has spent about fifty thousand rupees for the construction of this house.

সে অন্যায় করিয়াছে ইহা ধরিয়া লইলেও, তোমার তাহাকে ততটা শাস্তি দেওয়া উচিত হয় নাই—*Granting* that he was wrong, you should not have punished him so severely.

কোন দুর্ঘটনা না ঘটিলে, নির্দিষ্ট তারিখেই এ বিবাহ সম্পন্ন হইবে—*Barring* accidents, this marriage will be held on the day fixed.

মোকদ্দমাটির নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, তাঁহার এই সম্পত্তি বিক্রয় করিবার স্বাধীনতা নাই—*Pending* decision of the case, he is not free to dispose of the property.

Exercise 4

Translate into English :—

(a) আমি তাহাকে পুকুরের ধারে বসিয়া থাকিতে দেখিয়াছি। বালকটি ভয় পাইয়া আমাকে জড়াইয়া ধরিল (clung to me)। চিরকাল সুখে কাটাইয়া জীবনের শেষ বেলায় (at the fag end of life) তিনি নিদারুণ কষ্ট পাইতেছেন (has been suffering horribly)। তাঁহাকে এইভাবে অপমানিত হইতে দেখিয়া আমার রক্ত গরম হইয়া উঠিল (my blood boiled)। সে যে কেমন করিয়া পাস করিল, তাহা ভাবিয়া আমি অবাক্ হইয়া যাই।

(b) এই বলিয়া সে চাকরটিকে ধাক্কা দিয়া গাড়ি হইতে ফেলিয়া দিল (knocked down)। একবার চেষ্টা করিয়া দেখিলে ক্ষতি কি ? তাহার হাবভাব দেখিয়া (form his manners) সকলেরই মনে হইয়াছিল সে দোষী। তুচ্ছ বিষয় লইয়া (over a trifle) তাহারা এত ঝগড়া করিতেছে

কেন? একথা সত্য হইলেও (supposing this to be true) আমি তাহাকে আর বিশ্বাস করিতে পারি না।

(c) চোরটি চলন্ত (running) গাড়ি হইতে লাফাইয়া পড়িল। আধাআধি করিয়া কাজ করিলে (things done by halves), উহা কখনই ভাল হইতে পারে না। এইরূপ একটি অন্যায় কার্য করিয়া তিনি যথেষ্ট অনুতাপ করিয়াছিলেন (repent of)। নদীতে প্লাবন আসায় (the river being in spate) অনেকগুলি নৌকা ডুবিয়া গিয়াছিল। পরের অনিষ্ট করিয়া (by doing mischief to others) মজা দেখাই (enjoy fun) তাহার স্বভাব। মরিয়া হইয়া (in despair) সে আত্মহত্যা করিতে (to commit suicide) উদ্যত হইয়াছিল (prepared to)। মোটামুটি হিসাবে বলা যায় যে তাঁহার কন্যার বিবাহে তিনি আট হাজার টাকা খরচ করিয়াছিলেন। অনুষ্ঠানটি শেষ হইলে আমরা কয়েকজনে বসিয়া গল্প করিতে (chat) লাগিলাম।

(d) একবার তিন বন্ধুতে স্থির করিলাম (decided) একসঙ্গে রথ ও সমুদ্র দেখিতে পুরী যাইব। হাওড়া স্টেশনে গিয়া তিনখানি তৃতীয় শ্রেণীর টিকিট কিনিলাম। কিন্তু গাড়ির মধ্যে উঁকি দিয়া (peep into) বুঝিলাম যে রীতিমত লড়াই না করিলে (unless we put up a regular fight) আমাদের গাড়ীর মধ্যে ঢোকা (to get into) সম্ভব হইবে না। বন্ধু সতীশ বলিল—ভয় পাইবার কিছুই নাই।

(e) তাহার কথায় উৎসাহিত হইয়া (encouraged by) আমরা যেই গাড়িতে উঠিতে যাইতেছি অমনি কে আমাদের পিছন হইতে (from behind) ধাক্কা দিল। আমরা তিনজনেই গাড়ির মধ্যে উঠিলাম বটে, কিন্তু অল্প-বিস্তর (more or less) জখম হইয়া (injured)। কিছু পরে সতীশ টের পাইল যে তাহার পকেটের সব টাকা ও টিকিটগুলি খোয়া গিয়াছে (lost)। আমাদের ইচ্ছা হইল চলন্ত (running) ট্রেন হইতে তখনই লাফাইয়া পড়ি। কিন্তু অদৃষ্টে ছিল কটকে পৌছিয়া রেল পুলিসের হাতে অপমানিত হওয়া। কাজেই নিরুপায় হইয়া বসিয়া রহিলাম।

CHAPTER III

SOME DEFECTIVE VERBS

1. May

তুমি দীর্ঘজীবী হও—*May* you live long !

আমি ভিতরে যাইতে পারি কি ?—*May* I come in ?

আমি আপনার বইখানা একটু দেখিতে পারি ?—*May* I have a look into your book ?

আজ রাত্রে বৃষ্টি হইতে পারে—It *may* rain tonight.

বাঁচিয়া থাকিলে সে একজন মস্ত বড়লোক হইতে পারিত—He *might* have become a big man if he had lived.

যদি পরলোকের একটু আভাস দেখিতে পাইতাম !—*Might* I get a glimpse of the world to come !

আমি আপনাকে এক পেয়ালা চা দিতে পারি কি ?—*Might* I serve you a cup of tea ?

Note : 'সম্ভাবনা', 'অনুমতি' ইত্যাদি অর্থে *may* ব্যবহৃত হয়। *May*-এর সাহায্যে 'ইচ্ছা' এবং 'উদ্দেশ্য'ও প্রকাশ করা যায়। ইহার past tense-এর রূপ *might*. 'কোন কিছু ঘটিবার সম্ভাবনা ছিল কিন্তু ঘটে নাই' এইরূপ বুঝাইলে *might*-এর পর perfect infinitive ব্যবহার করিতে হয়। ভদ্রতাসূচক অনুরোধ প্রকাশের জন্য present বা future tense-এর অর্থেও *might* ব্যবহার করা চলে।

2. Can

তুমি ইচ্ছা করিলে নিজেই ভদ্রলোকটির সহিত কথা বলিতে পার—You *can speak* to the gentleman yourself, if you so like.

আমি এক দমে দশ মাইল দৌড়াইতে পারি—I *can* run ten miles at a stretch.

আপনি আজ সন্ধ্যায় আমাদের বাড়িতে চা খাইতে আসিবেন কি ?—*Could* you come to tea at our house this evening ?

Note : 'সামর্থ্য' বুঝাইতে *can* ও তাহার past রূপ *could* ব্যবহৃত হয়। ভদ্রতাসূচক অনুরোধ প্রকাশের জন্য might-এর ন্যায় present বা future tense-এর অর্থে *could* ব্যবহার করাও চলে।

3. Must

তাহাকে যাইতেই হইবে—Go he *must.*

লোকটি নিশ্চয়ই বোকা—The man *must* be a fool.

আমি আগামী কালের মধ্যে কাজটি নিশ্চয়ই শেষ করিব—I *must* finish the work by tomorrow.

তিনি এতক্ষণে নিশ্চয়ই সেখানে পৌঁছিয়া গিয়াছেন—He *must have* reached there by this time.

যাহার প্রতিকার নাই তাহা অবশ্যই সহ্য করিতে হইবে—What cannot be cured *must* be endured.

Note : বর্তমান ও ভবিষ্যৎ কালে 'নিশ্চয়তা', 'অবশ্যকর্তব্যতা' প্রভৃতি বুঝাইতে *must* ব্যবহৃত হয়। 'অতীত নিশ্চয়তা' বুঝাইলে *must*-এর পর perfect infinitive ব্যবহার করিতে হয়।

4. Should, Would, Ought

সকলেরই গুরুজনদিগকে মান্য করা উচিত—All *should* (or, *ought to*) respect their superiors.

অনেক পূর্বেই তোমার তাহাকে সাহায্য করা উচিত ছিল—You *should* have helped him much earlier.

বৃষ্টি হইলে আমি আজ সেখানে যাইব না—If it *should* rain, I *would* not go there today.

একলা থাকিলে সে প্রায়ই তাহার দুর্ভাগ্যের কথা ভাবিত—Left alone, he *would* often brood over his misfortune.

তুমি যদি একবার আমার সহিত দেখা কর আমি খুব খুশী হইব—I *should* be much pleased if you see me once.

আমি যাহা স্থির করিয়াছি উহা হইতে একটুও নড়িব না—I *would* not budge an inch from the stand I have taken.

আপনি আমাকে সামান্য একটু সাহায্য করিবেন কি ?—*Would* you mind helping me a bit ?

Note : 'উচিত' অর্থে *should* বা *ought to* ব্যবহৃত হয়। 'কোন কিছু করা উচিত ছিল কিন্তু করা হয় নাই' এইরূপ বুঝাইলে *should have* বা *ought to have* ব্যবহৃত হয়। 'ইচ্ছা', 'অভ্যাস', 'সঙ্কল্প' প্রভৃতি বুঝাইলে first person-এ *would* ব্যবহৃত হয়। Interrogative sentence-এ ভদ্রতাসূচক অনুরোধ প্রকাশের জন্য present অথবা future tense-এর অর্থেও *should* বা *would* ব্যবহার করা হইয়া থাকে।

5. Need

এ বিষয়টি লইয়া তোমার দুশ্চিন্তা করিবার প্রয়োজন নাই—You *need* not worry over the matter.

তাহার এখানে থাকিবার আর প্রয়োজন নাই—He *need* not stay here any longer.

ছেলেটির প্রতি বিশেষ মনোযোগ দিবার প্রয়োজন আছে—The boy *needs* special attention.

সে যাহা করিয়াছিল তাহার জন্য তাহাকে গালাগালি দিবার তোমার প্রয়োজন ছিল না—You *need* not *have* abused him for what he had done.

তাহার যতটুকু প্রয়োজন ছিল তাহার অনেক বেশি সে পাইয়াছিল—He got much more than he *needed.*

Note : 'আবশ্যক' অর্থে *need* ব্যবহৃত হয়। *Need*-এর পরে *not* থাকিলে present tense-এর third person singular number-এ '*s*' যোগ হয় না। *Need*-এর সহিত *have* যোগ করিয়া উহার অতীত কালের অর্থ প্রকাশ করিতে হয়। কিন্তু *need*-এর অর্থ যখন want বা require হয় তখন অন্যান্য verb-এর মত উহার বিভিন্ন tense-এ নিয়মিত conjugation হয়।

6. Dare

সে একলা অন্ধকারে বাহিরে যাইতে সাহস করে না—He *dare* not go out in the dark alone.

কে সাহস করিয়া একথা তাঁহাকে বলিবে ?—Who *dare* speak this out to him ?

আমি অবাক্ হইয়া যাই যে সে আমাকে অপমান করিতে সাহস করিয়াছিল—I wonder that he *dared* to insult me.

সোরাব রুস্তমকে দ্বন্দ্বযুদ্ধে আহ্বান করিয়াছিল—Sorab *dared* Rustom to a duel.

Note : 'সাহস করা' (venture) অর্থে *dare* verbটির পর সাধারণতঃ একটি infinitive ব্যবহৃত হয়। এই অর্থে negative sentence ও interrogative sentence-এ present tense-এর third person singular number-এ ইহার সঙ্গে 's' যোগ হয় না এবং ইহার পরে infinitive-এর 'to' বসে না ; কিন্তু affirmative statement-এ সাধারণতঃ 'to' ব্যবহৃত হয়।

যুদ্ধে আহ্বান করা (challenge) অর্থে অন্যান্য verb-এর ন্যায় উহার conjugation হয় এবং তখন উহার পর infinitive ব্যবহৃত হইলে তাহার 'to' উহ্য হয় না।

Exercise 5

Translate into English :—

(a) একজন মানুষ যাহা করিয়াছে, অন্য মানুষেও তাহা করিতে পারে। সে হয়ত এতক্ষণে স্টেশনে পৌঁছিয়া থাকিবে। আপনি কি দয়া করিয়া আগামীকল্য এখানে আসিতে পারিবেন ? লোকটি নিশ্চয়ই পাগল। তোমার সেখানে যাইবার প্রয়োজন ছিল না। সন্ধ্যার পূর্বেই তোমার বাড়িতে ফেরা উচিত ছিল। একদিন না একদিন (some day or other) আমাদের সকলকেই মরিতে হইবে। তুমি কিরূপে তাঁহাকে এইভাবে অপমান করিতে সাহস করিলে ?

(b) ইচ্ছা করিলে আপনি তাহাকে সাহায্য করিতে পারিতেন। তুমি এক লাফে (at one leap) এই খাদটি পার হইতে পার কি (clear the defile) ? তাহাকে অবশ্য আমার আদেশ পালন করিতে (carry out) হইবে। আমি তোমাকে যে উপদেশ দিয়াছিলাম, তোমার সেই অনুসারে কাজ করা (act up to) উচিত ছিল। আপাততঃ (for the present) আমার

কোন সাহায্যের প্রয়োজন নাই। আমার জন্য আপনি এই কষ্টটুকু স্বীকার করিবেন কি ?

(c) তোমাকে এক সপ্তাহের মধ্যে আমার সব টাকা চুকাইয়া দিতেই (pay up) হইবে। সে প্রতিশ্রুতি দিল যে সে আর কখনও কাহাকেও গালি দিবে (abuse) না। কাহারও অধিক রাত্রি জাগরণ করা (sit up late at night) উচিত নয়। তুমি একটু চেষ্টা করিলে হয়ত সব অঙ্কগুলিই কষিতে পারিতে। স্পষ্ট কথা বলিবার (to call a spade a spade) সাহস তাহার আছে। তুমি নিশ্চয়ই (must have) এতদিনে বইখানি পড়িয়া ফেলিয়াছ।

CHAPTER IV

SOME VERBS FOLLOWED BY APPROPRIATE PREPOSITIONS

যে অবস্থাই আসুক, আমি আপনার সিদ্ধান্ত মানিয়া লইব—I shall *abide by* your decision under any circumstances.

আপনার অনুরোধ রক্ষা করিতে না পারায় আমি দুঃখিত—I am sorry that I cannot *accede* to your request.

তাহাকে যে টাকা দেওয়া হইয়াছিল সে তাহার হিসাব দিতে পারে নাই—He failed to *account for* the money given to him.

দু-এক দিনের জন্য আমাকে সামান্য কিছু ধার দিতে পারেন কি ?—Can you *accommodate* me *with* a small loan for a day or two ?

পুলিস লোকটিকে চৌর্য অপরাধে অভিযুক্ত করিয়াছিল, কিন্তু বিচারক তাহাকে সেই অভিযোগ হইতে মুক্তি দিয়াছেন—The police *accused* the man *of* theft, but the judge *acquitted* him *of* the charge.

ইহাতে তোমার বিপদ্ আরও বাড়িবে মাত্র—This will only *add to* your difficulties.

অনন্যোপায় হইয়া আমি তাঁহার নিকট সাহায্যের জন্য আবেদন করিয়াছিলাম—Finding no other way, I *appealed to* him *for* help.

তিনি সারাজীবন ঐশ্বর্যের আকাঙ্ক্ষা করিয়াছিলেন, কিন্তু কিছুমাত্র লাভ করিতে পারেন নাই—He *aspired after* riches all his life but could get none.

তোমার এই-সমস্ত অপকর্মের জন্য তোমাকে একদিন প্রায়শ্চিত্ত করিতে হইবে—You will have to *atone* some day *for* these misdeeds of yours.

আমি একটু সুযোগ পাইলেই একবার তোমাদের ওখানে ঘুরিয়া আসিব—I shall *avail* myself *of* the earliest opportunity to pay a flying visit to your place.

তিনি বোধ হয় এখন আর তাঁহার চুক্তির শর্তগুলি পালন করিতে চাহেন না—Possibly he wants to *back out* of the terms of his contract.

ঐশ্বর্য ছাড়া অহঙ্কার করিবার মত কিছুই তাহার নাই—He has nothing other than wealth to *boast of*.

ইহাতে তাহার গর্ব অনেকখানি খর্ব হইবে—This will *bring down* his pride to a great extent.

আমি তাহাদের পুরাতন বিরোধের মীমাংসা ঘটাইবার চেষ্টা করিতেছি—I am trying to *bring about* a settlement of their old dispute.

ভগবান্ আমাদের সকলকে আশীর্বাদ করুন—May God *bestow* His blessings *upon* us all.

আমি এ বিষয়ে তোমার সহিত একমত হইতে পারি না—I cannot *concur with* you *on* this point.

সে আমার একজন শ্রেষ্ঠ বন্ধু হইলেও, আমি তাহার দোষ উপেক্ষা করিতে পারি না—I cannot *connive at* his fault though he happens to be one of my best friends.

বুদ্ধিতে সুধীরের সহিত কাহারও তুলনা চলে না—None can *compare with* Sudhir in intelligence.

জীবনকে অনেক সময়ে ছায়ার সহিত তুলনা করা হয়—Life is often *compared to* a shadow.

নেতাজীর নামে যেন যাদু আছে—Nataji's is a name to *conjure with*.

সচিবদের সহিত পরামর্শান্তে রাজা কবিকে উপাধি ভূষিত করিলেন—After *conferring with* his ministers, the king *conferred* a title *upon* the poet.

পৃথিবীর কোন মানুষের যে এত নিষ্ঠুরতা থাকিতে পারে তাহা আমি ভাবিতেই পারি নাই—I could not *conceive of* such cruelty in any man under the sun.

স্বাধীনতাকে স্বৈরাচার বলিয়া ভুল করিও না—Don't *confuse* liberty *with* licence.

জয় আমাদের সুনিশ্চিত—We are *confident of* victory.

তোমার সাফল্যের জন্য আমি তোমাকে অভিনন্দন জানাইতেছি—I *congratulate* you *on* your success.

আমি তাহাকে সৎ পরামর্শ দিতে পারি, কিন্তু তাহাতে কোন ফল হইবে না—I can give him good advice, but it will *count for* nothing.

তিনি ঠিক সময়ে আমাকে আসন্ন বিপদ্ সম্পর্কে সতর্ক করিয়া দিয়াছিলেন—He *cautioned* me in time *against* the danger ahead.

আমার মাথায় একসঙ্গে অজস্র ভাব আসিয়া ভিড় করিল—A host of ideas *crowded upon* my mind.

এই টাকাটি আমার হিসাবে জমা দেও—*Credit* the amount *to* my account.

তোমার সুবুদ্ধির উদয় হইয়াছে দেখিয়া আমি সুখী হইলাম—I am happy to find that good sense has *dawned on* you.

তিনি এখনও পর্যন্ত তাঁহার ভবিষ্যৎ কর্মপন্থা স্থির করিতে পারেন নাই—He has not yet been able to *decide upon* his future plan of action.

তিনি একজন বস্ত্র-ব্যবসায়ী—He *deals in* textile goods.

এই বইখানিতে বর্তমান যুগের সমাজনীতি আলোচিত হইয়াছে—This book *deals with* the sociology of the present age.

বদমায়েসকে কি করিয়া দুরস্ত করিতে হয় তাহা আমি জানি—I know how to *deal with* a rogue.

তিনি প্রচলিত প্রথাটি বর্জন করিবার পক্ষপাতী নন—He is not for *departing from* the prevailing practice.

তাহার স্বাস্থ্যভঙ্গ হওয়ায়, সে তাহার সাফল্য সম্বন্ধে নিরাশ হইয়া পড়িতেছে—As his health has broken, he *despairs of* success.

আমি চেষ্টা ছাড়িয়া দিয়াছি—I have *desisted from* the pursuit.

সততার পথ হইতে ভ্রষ্ট হইও না—Never *deviate from* the path of honesty.

এ বিষয়ে তাহার মত আমার মত হইতে ভিন্ন—His view *differs from* mine in this matter. *Or*, He *differs with* me in this matter.

রাজস্থান ও এরিয়ান্স-এর মধ্যে খেলাটি অমীমাংসিত-ভাবে শেষ হইয়াছিল—The match between Rajasthan and Aryans *ended in* a draw.

মাত্র গ্রাজুয়েটরা এই পদ পাইবার যোগ্য—Only graduates are *eligible for* the post.

আর কিছুর জন্য না হইলেও বয়সের জন্য তিনি শ্রদ্ধার্হ—He is *entitled to* respect for his age, if not for anything else.

কাহারও দুর্ভাগ্য লইয়া আনন্দ প্রকাশ করিও না—Never *exult in* anybody's misfortune.

এই বৎসর পুরীর যাত্রীসংখ্যা অনেক কমিয়া গিয়াছে—The number of pilgrims to Puri has *fallen off* considerably this year.

তাঁহাকে সাহায্য না করিলে আমি কর্তব্যে বিচ্যুত হইব—I shall *fail in* my duty if I do not help him.

লিখিবার সময় বর্ণাশুদ্ধি হইতে সাবধান হইবে—While writing, you must *guard against* spelling mistakes.

এক শ্রেণীর লোক আছে যাহারা সর্বদাই তাহাদের অদৃষ্ট লইয়া অসন্তোষ প্রকাশ করে—There is a class of people who always *grumble at* their lot.

এক কথা বারবার বলিয়া লাভ নাই—It is no use *harping on* the same topic again and again.

মাঝে মাঝে তাহার চিঠি পাই—I *hear from* him from time to time.

সে চাকুরি খুঁজিতে সুদূর বম্বে গিয়াছে—He has gone to far off Bombay to *hunt out* a job for himself.

এই শিশুই এই বিরাট সম্পত্তির একমাত্র উত্তরাধিকারী—This child is the only *heir to* this vast estate.

পুলিসের লোকেরা আজ যে-কোন প্রকারে ডাকাতদের ধরিবে বলিয়া বাহির হইয়াছে—The police are out to *hunt down* the dacoits today at any cost.

এস, কিছু একটা কর্তব্য ঠিক করিয়া ফেলি—Let us *hit upon* a course of action.

এত বড় একটি কলঙ্কের কথা চাপা রাখা শক্ত—It is difficult to *hush up* a scandal like this.

গভর্ণমেণ্ট এ বৎসর জনসাধারণের উপর নূতন কোন কর ধার্য করিবেন না—Government will not *impose* any new tax *on* the people this year.

আমাদের গ্রামে একটি স্কুল স্থাপনের প্রয়োজনীয়তা সম্বন্ধে আমি তাঁহাকে ভালরূপ বুঝাইতে চেষ্টা করিয়াছিলাম—I tried to *impress upon* him the necessity of starting a school in our village.

তিনি তাঁহার ছাত্রদিগের মনে নিঃস্বার্থ সেবার ভাব অনুপ্রবিষ্ট করিয়া দিয়াছিলেন—He *infused* a spirit of selfless service *into* his pupils.

আমি যাহাতে তাহার সহিত ছবিখানি দেখিতে যাই সেজন্য সে জিদ করিতে লাগিল—He *insisted on* my going to the picture with him.

ছেলেটিকে তাঁহার কিছু শাস্তি দেওয়া উচিত ছিল—He should have *inflicted* some punishment *upon* the boy.

অতবড় লোকের সহিত কে তোমার পরিচয় করাইয়া দিয়াছিলেন ?—Who *introduced* you *to* such a big man ?

তাহারা মারামারি করিতে উদ্যত হইতেছে এমন সময়ে আমি তাহাদের মাঝখানে আসিয়া বাধা দিলাম—As they were preparing for a fight, I *intervened between* them.

একটি বৃদ্ধ লোককে বিদ্রূপ করিবার মত হৃদয়হীন সে নয়—He is not so very heartless as to *jeer at* an old man.

বাহিরের চেহারা দেখিয়া কোন লোককে বিচার করিও না—Never *judge* a man *by* his appearance.

আমার কথা শুনিবার পূর্বেই তিনি তাঁহার সিদ্ধান্তে পৌঁছিয়া গেলেন—Before he heard me out, he *jumped to* his own conclusion.

এখন আর অতীতের জন্য অনুশোচনা করিয়া লাভ নাই—It is no good *lamenting for* (or, *over*) the past now.

আমি না চাহিলেও তিনি মুক্তহস্তে আমার উপর অনুগ্রহ বর্ষণ করিয়াছেন—He has *showered* (or, *lavished*) favours *upon* me without my asking for them.

তাহার নিকট তাহার বিবাহের প্রস্তাব করিলে সে উহা হাসিয়া উড়াইয়া দিল—When the proposal of his marriage was placed before him, he *laughed* it *off*.

তিনি অকারণ সন্দেহে কষ্ট পাইতেছেন বলিয়া মনে হয়—It seems that he is *labouring under* a groundless suspicion.

দেশের জন্য জীবন বিসর্জন দিতে তিনি সর্বদাই প্রস্তুত ছিলেন—He was always ready to *lay down* his life *for* his country.

ত্রিশ বৎসর অক্লান্ত কর্ম-তৎপরতার পর তিনি এখন বিশ্রাম কামনা করেন —After thirty years of ceaseless activities, he now *longs for* rest.

তাহার ব্যক্তিগত ব্যাপারে তোমার হস্তক্ষেপ করা উচিত হইবে না—It will not be proper for you to *meddle in* his personal affairs.

আমাদের শ্রদ্ধেয় শিক্ষক সম্বন্ধে আপনার এই মন্তব্য প্রকাশে আমি আপত্তি করি—I *object to* your making this remark about our respected teacher.

ব্যাপারটি যে এইভাবে শেষ হইতে পারে তাহা কখনও আমার মনে উদিত হয় নাই—It never *occurred to* me that the matter might end thus.

তিনি যাহা করিয়াছেন তাহা রুচি-বিগর্হিত—What he has done *offends against* good taste.

এই গ্রামে স্কুল স্থাপনের চিন্তা সর্বপ্রথম পূর্ণবাবুর মনেই উদিত হয়—The idea of starting a school in this village *originated with* Purnababu.

সভাস্থ কেহ তখন আমার প্রস্তাবের বিরোধিতা করেন নাই—No one in the meeting *objected to* my proposal at that time.

আমার জীবনের অনেকখানি সাফল্যের জন্য আমি তাঁহার নিকট ঋণী—I *owe to* him for much of the success in my life.

তিনি জীবনের কার্য অর্ধসমাপ্ত রাখিয়া মৃত্যুমুখে পতিত হন—He *passed away* with his life's work half-done.

তোমাদের অনুষ্ঠানে যোগদান করিতে না পারায় আমি দুঃখিত—I am sorry that I could not *participate in* your function.

আমার অনুরোধ সত্ত্বেও সে আমাকে বিরক্ত করিতে লাগিল—In spite of my request, he *persisted in* disturbing me.

আমি তাহার জন্য তাহার ম্যানেজারকে অনেক বলিয়াছিলাম কিন্তু কোন ফল হয় নাই—I *pleaded* much *for* him *with* his manager but to no effect.

সে যাহাতে আবার পড়াশুনা করিতে রাজি হয় আমি সেজন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছিলাম—I tried my best to *prevail upon* him to go back to his studies.

কতকগুলি দুর্ভাবনা তাহার মনকে ক্ষয় করিয়া দিতেছে—A number of anxieties are *preying upon* his mind.

আমি বুঝিতেছি না তাহার বিরুদ্ধে আমাকে আদালতে নালিশ করিতে হইবে কি না—I do not know if I shall have to *proceed against* him in a court of law.

গতবারের অভিজ্ঞতা হইতে তাহার শিক্ষা লাভ করা উচিত ছিল—He should have *profited by* his experience on the last occasion.

এই বিপদে আমাকে রক্ষা করিতে পারে এমন কেহ নাই—There is none who can *protect* me *from* this danger.

তিনি তোমাকে যে উপদেশ দিয়াছেন তাহা তোমার ভালভাবে ভাবিয়া দেখা উচিত—You should *ponder* well *over* the instruction he has given you.

কাহারও গোপনীয় কিছু সম্বন্ধে অযথা কৌতূহল আমি পছন্দ করি না—I do not like *prying into* anybody's secrets.

তিনি এখনকার শ্রেষ্ঠ কবিগণের মধ্যে আসন লাভ করিবার যোগ্য—He *ranks with* the first-class poets of the day.

তোমার এই রূঢ়তার জন্য তোমাকে পরে অনুতাপ করিতে হইবে—You will have to *repent of* your rudeness hereafter.

ভগবানে বিশ্বাস স্থাপন করিয়া নিজের কর্তব্য করিয়া যাও—*Repose* confidence *in* God and do your duty.

খুব কম লোকই আশা করিতে পারিয়াছিল যে তিনি রোগমুক্ত হইবেন—Very few could expect that he would *recover from* his illness.

যে অবিচার তুমি করিয়াছ উহার প্রতিক্রিয়া তোমার উপরে আসিবে—The injustice you have done will *recoil upon* you.

তাহার সকল চেষ্টা ব্যর্থ হইলে সে ভাগ্যের নিকট আত্মসমর্পণ করিল—Baffled in all his attempts, he *resigned* himself *to* his fate.

শত শত যুবক অগ্রসর হইয়া কংগ্রেসের আহ্বানে সাড়া দিল—Hundreds of young men came forward to *respond to* the call of the Congress.

এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব তাঁহার উপরেই নির্ভর করিতেছে—It *rests with* him to take the final decision in the matter.

চাকুরি হইতে অবসর গ্রহণ করিয়া তিনি তাঁহার বাকি দিনগুলি গ্রামের বাড়িতে কাটাইয়াছিলেন—Having *retired from* service, he passed the rest of his days in his village home.

উদ্দেশ্যসিদ্ধির জন্য সে যে-কোন নীচতার আশ্রয় গ্রহণ করিতে পারে—He can *resort to* any meanness to gain his end.

শেষ জীবনে তিনি তাঁহার সমস্ত সম্পত্তি ফিরাইয়া পাইয়াছিলেন—Late in life, he had all his properties *restored to* him.

আমি আপনাকে আপনার সদয় প্রতিশ্রুতির কথা স্মরণ করাইয়া দিতে পারি কি ?—May I *remind* you *of* your kind promise ?

পৃথিবী সূর্যের চতুর্দিকে আবর্তন করে ইহা এখন সকলেই জানে—Every one now knows that the earth *revolves round* the sun.

আলস্য পরিত্যাগ না করিলে তুমি কৃতকার্য হইতে পারিবে না—You cannot succeed so long as you do not *shake off* your idleness.

সুখের সন্ধান করিতে চাও কর, কিন্তু উহা না পাইলে অসুখী হইও না—*Seek after* happiness if you like, but don't be unhappy if you do not get it.

আমার বিপদে তুমি আমার পাশে দাঁড়াইবে, ইহাই তোমার নিকট প্রত্যাশা করি—What I expect of you is that you will *stand by* me in my difficulty.

আমি নীরবে এই অবিচার স্বীকার করিয়া লইতে পারি না—I cannot *submit to* this injustice quietly.

অবশেষে ভাগ্যদেবী তাহার প্রতি প্রসন্ন হইলেন—Fortune *smiled on* him at length.

আমি আমার বন্ধুদের বিদায় দিবার জন্য স্টেশনে আসিয়াছি—I have come to the station to *see* my friends *off*.

তাঁহার বয়স যখন মাত্র বার বৎসর, তখনই তিনি তাঁহার পিতার বিশাল সম্পত্তির উত্তরাধিকারী হন—When only twelve, he *succeeded to* the vast properties of his father.

আমি দুঃখিত যে এ-বিষয়ে আপনার মতে আমি মত দিতে পারি না—I am sorry I cannot *subscribe to* your views on this subject.

এই বিপদ্ যে কিরূপে অতিক্রম করিতে হইবে তাহা জানি না—I do not know how to *tide over* this difficulty.

তুমি একটি ভাল সুযোগ নষ্ট করিয়াছ—You have *thrown away* a good opportunity.

এই স্থানের জলবায়ুতে তোমার স্বাস্থ্যের ক্ষতি হইতে পারে—The climate of this place may *tell upon* your health.

কোন মানুষ বলিতে পারে কি যে সে কখনও দুঃখের আস্বাদ পায় নাই ? —Can any man say that he has never *tasted of* sorrow ?

ধর্ম শেষ-পর্যন্ত অধর্মের উপর জয়ী হয়—Virtue *triumphs over* vice in the long run.

এই গাড়িখানি সকল স্টেশনে থামে না—This train does not *touch at* all the stations.

আমরা ভোট দিয়া তাঁহাকে সভাপতি নির্বাচিত করিলাম—We *voted* him *to* the chair.

বন্যায় কতকগুলি বাড়িঘর ভাসিয়া গিয়াছে—Several houses have been *washed off* by the flood.

যখন এই মাননীয় অতিথি এখানে আসিবেন তখন কে তাঁহার পরিচর্যা করিবে ?—Who will *wait upon* the distinguished guest when he comes here ?

সে প্রকাশ্যভাবে ইহা বলিয়া যে বোকামি করিয়াছে তাহাতে আমি অবাক্ হইয়াছি—*I wonder at* his folly in speaking this out publicly.

প্রত্যেক মানুষই সুখ ও শান্তি চায়—Every man *yearns* for peace and happiness.

তাঁহার প্রতি আমার শ্রদ্ধা আর কাহারও অপেক্ষা কম বলিয়া আমি মনে করি না।—I *yield* to none in my respect for him.

Exercise 6

Translate into English (by using verbs with appropriate prepositions) :—

(*a*) তিনি আমাকে সামান্য কিছু টাকা ধার দিলে আমি আমার বিপদ্ হইতে উদ্ধার পাইতাম। এমন লোক খুব কমই আছেন, যাঁহারা পার্থিব

সুখ কামনা করেন না। কালিদাসের সহিত কোন কবির তুলনা হইতে পারে না। সে সেখানে যাইবার প্রস্তাবে লাফাইয়া উঠিল (jumped at the proposal)। আমি সংবাদটির সত্যতা সম্বন্ধে এখন নিশ্চিত হইয়াছি (have been convinced of)। পাড়াগাঁয়ের ছেলে কলিকাতায় আটকা পড়িয়া (confined in) হাঁপাইয়া উঠিল (panted for breath)।

(*b*) পল্লীর উন্মুক্ত আকাশ ও প্রান্তরের জন্য সে আকুলি-বিকুলি করিতে (pine for) লাগিল। আমি ভগবানের নিকট প্রার্থনা করি তাহার মনে যেন সুবুদ্ধির উদয় হয়। আমি তাহাকে তাহার বিপদ্ সম্বন্ধে সতর্ক করিয়া দিয়াছিলাম, কিন্তু সে আমার কথা শোনে নাই। তিনি প্রায়ই পেটে একটি ব্যথার কথা বলেন (complains of)। যে হঠাৎ কোন সিদ্ধান্তে উপনীত হয়, তাহাকে প্রায়ই উহা লইয়া অনুতাপ করিতে হয়। তাহাকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে (has been relieved of)।

(*c*) তিনি যাহা উপার্জন করেন তাহার অর্ধেক ভবিষ্যতের জন্য রাখিয়া দেন (lay by)। কথাটি অভিধানে খুঁজিয়া বাহির কর (look up)। এত সহজে যে এই জটিল প্রশ্নের (problem) সমাধান করিতে (work out) পারিব আমি তাহা ভাবি নাই। তিনি চিরদিন দুর্ভাগ্যের সঙ্গে সংগ্রাম করিয়া (struggle with) আসিতেছেন। তিনি আমাকে যে উপদেশ দিয়াছেন, তাহা আমি অক্ষরে-অক্ষরে (to the letter) পালন করিব।

(*d*) তুমি যদি কোন কাজে লাগিয়া থাকিতে (stick to) না পার, তাহা হইলে কখনও উন্নতি লাভ করিবে না। তাহার আয় এখন অনেক কমিয়া গিয়াছে (fall off)। স্বাধীনতা দিবসে (Independence Day) কলিকাতা উৎসবময়ী মূর্তি ধারণ করিয়াছিল (put on a festive appearance)। আলস্য ত্যাগ না করিলে কখনই তুমি কৃতকার্য হইবে না। ভগবানের উপর আমার এইটুকু বিশ্বাস আছে যে তিনি আমাকে সকল বিপদে রক্ষা করিবেন।

(*e*) কয়েদী (the convict) বিশপের সুন্দর বাতিদানগুলি (candle-sticks) দেখিয়া প্রলুব্ধ (tempted) হইল। সে সেগুলি খুশীমনে নাড়িয়া চাড়িয়া (toy with) উহার সম্ভাব্য মূল্য সম্বন্ধে একটি আন্দাজ করিবার

(guess at) চেষ্টা করিল। সে ভাবিল—"আমি এখনই এগুলি লইয়া চম্পট দিতে পারি (slip out)। এগুলি দামী জিনিস। কোন-রকমে এগুলি বিক্রয় করিতে পারিলে আমি যে-টাকা পাইব, উহা আমার পক্ষে যথেষ্ট হইবে (will suffice for me)।"

(*f*) সে এইরূপ ভাবিতেছে এমন সময়ে আর একটি চিন্তা হঠাৎ তাহার মনের মধ্যে উপস্থিত হইল (flashed on his mind)। "আমি কী অকৃতজ্ঞ! যে ব্যক্তি মুক্তহস্তে আমার উপর তাঁহার অনুগ্রহ বর্ষণ করিলেন, আমি কিনা তাঁহাকেই আঘাত করিতে (hit) যাইতেছি। তিনি বলিয়াছেন তিনি তাঁহার মায়ের নিকট হইতে এই বাতিদানগুলি পাইয়াছেন (inherited from)। কাজেই তিনি এগুলোকে পরম পবিত্র বস্তু বলিয়া মনে করেন। আমি এখন ইহা চুরি করিলে তিনি হয়ত এই ব্যাপারে চুপচাপ করিয়া (keep quiet over) থাকিবেন, কিন্তু তাহাতে তাঁহার প্রাণে খুবই আঘাত লাগিবে (take it seriously to heart)। আর আমাকেও হয়ত একদিন আমার এই দুষ্কৃতির জন্য অনুশোচনা ও প্রায়শ্চিত্ত করিতে হইবে।"

CHAPTER VI

SEQUENCE OF TENSES

(a)

তিনি এমন সাহিত্য সৃষ্টি করিয়াছেন যাহা অমর হইয়া থাকিবে—He *has created* such a literature as *will live* for ever.

তিনি কেন যে তাঁহার সম্পত্তি তাঁহার ছেলেকে না দিয়া স্ত্রীকে দিয়াছিলেন তাহা কেহ বলিতে পারে না—None *can* say why he *gave* his properties to his wife and not to his son.

তুমি শীঘ্রই বুঝিবে তাহার উপর নির্ভর করিয়া তুমি কি ভুল করিয়াছিলে—You *will understand* soon what a mistake you *made* in relying on him.

তুমি হয়ত বলিতে পার যে এ-ব্যাপারে তাহার কোন দোষ ছিল না—You *may* possibly say that he *was* not to blame in the matter.

Note : Principal clause-এর verb যদি present অথবা future tense-এর হয় তাহা হইলে subordinate clause-এর verb-টিতে অর্থানুসারে যে-কোন tense ব্যবহার করা যাইতে পারে।

(b)

অমরবাবু বলিলেন যে তিনি শীঘ্রই একখানি গাড়ি কিনিবেন—Amar Babu *said* that he *would* buy a car soon.

আমি ভাবিয়াছিলাম যে সে বোকা—I *thought* he *was* a fool.

মৃণাল বলিল যে সে পূর্বাপেক্ষা অনেক ভাল বোধ করিতেছে—Mrinal *said* that he *felt* much better than before.

যাহাতে সে কৃতকার্য হইতে পারে সেজন্য সে কঠোর পরিশ্রম করিয়াছিল—He *worked* hard that he *might* succeed.

Note : Principal clause-এর verb past tense-এর হইলে, subordinate clause-এর verb-ও past tense-এর হইবে। (এই নিয়ম প্রধানতঃ কেবল noun clause ও উদ্দেশ্যবোধক adverb clause সম্বন্ধে প্রযোজ্য)।

(c)

কোপার্নিকস আবিষ্কার করিয়াছিলেন যে পৃথিবী সূর্যের চারিধারে ঘুরে—Compernicus *discovered* that the earth *moves* round the sun.

বাবা বলিয়াছিলেন যে সততার পুরস্কার না হইয়া পারে না—Father *said* that honesty *can* never go unrewarded.

আমি জানিতাম না যে তিনি প্রত্যহ সকালে বেড়াতে যান—I did not *know* that he *goes* out for a walk every morning.

Note : Subordinate clause-এ কোন নিত্য সত্য (universal truth) অথবা অভ্যাসগত কার্য (habitual action) বুঝাইলে, principal clause-এ verb যে-কোন tense-এ থাকুক না কেন, subordinate clause-এর verb-এর present tense হইবে।

(d)

সে তোমারই মত সুন্দর খেলিতে পারিত—He *could* play as nicely as you *do.*

তিনি অতীনকে যতখানি পছন্দ করেন তাহার চেয়ে আমাকে বেশী পছন্দ করিতেন—He *liked* me better than he *likes* Atin.

আপনি যেমন বপন করিয়াছিলেন তেমনই ফল পাইবেন—As you *sowed*, so *will* you *reap.*

যে ছেলেটি বইখানি চুরি করিয়াছিল, তাহাকে দেখিলে আমি চিনিতে পারিব—I *shall be* able to recognise the boy who *stole* the book.

Note : Subordinate clause-এ তুলনা (comparison) বুঝাইলে অথবা উহা adjective clause হইলে অর্থানুসারে যে-কোন tense ব্যবহার করা চলে।

Exercise 7

Translate into English :—

(*a*) আমি জানিতাম না যে তাহার ভাই মারা গিয়াছে। সকলেই আশা করিয়াছিল সে পরীক্ষায় কৃতকার্য হইতে পারিবে। আমি শুনিয়াছি যে তিনি এই পথ গ্রহণ করিতে ইচ্ছুক ন'ন। ডাক্তার আশা করেন যে তিনি খুব শীঘ্রই রোগীকে ভাল করিতে পারিবেন। তুমি কি জানিতে না সে কি প্রকৃতির লোক ? ভগবান যে অসহায়ের বন্ধু (a friend of the helpless) এ বিশ্বাস তাঁহার চিরদিন ছিল। তিনি বলিয়াছিলেন যে প্রত্যহ প্রাতে তিনি গঙ্গাস্নান করিতে যা'ন।

(*b*) হেনা যেরূপ সুন্দর আবৃত্তি করিতে (recite) পারিত তাহার বোন লীনা সেরূপ পারে না। বিমলের একটি পুত্রসন্তান হইয়াছে (had a son born to him) শুনিয়া তাহার বৃদ্ধ পিতামহ খুবই খুশি হইয়াছিলেন। তুমি কি জানিতে না যে খ্রীষ্টানরা মৃতদেহ দাহ না করিয়া কবর দেয় (bury) ? তিনি পূর্বে যতটা পরিশ্রম করিতে পারিতেন এখন ততটা পারেন না। তুমি যে কলমটি ব্যবহার করিতেছ উহা কে তোমাকে দিয়াছিল ?

CHAPTER VII

DIRECT AND INDIRECT NARRATION

(a)

সে বলে, "আমি আমার দেশের এক অযোগ্য সন্তান"—He says, "I am an unworthy son of my country."—*Direct*

সে বলে যে সে তাহার দেশের অযোগ্য সন্তান—He says that he is an unworthy son of his country.—*Indirect*

তিনি বলিলেন, "আমি এই বিষয়টি সম্বন্ধে কিছুই জানি না"—He said, "I know nothing about this matter".—*Direct*

তিনি বলিলেন যে তিনি এই বিষয়টি সম্বন্ধে কিছুই জানিতেন না—He said that he knew nothing about that matter.—*Indirect*

Note : Direct narration-এ বক্তার ঠিক ঠিক কথাগুলি (actual words) উদ্ধৃত হয় এবং indirect narration-এ ঐ কথাগুলি অবিকল উদ্ধৃত না করিয়া উহার সারমর্ম প্রকাশ করা হয়। বক্তার কথাগুলি inverted comma র (" ") মধ্যে থাকে এবং উহাকে direct speech বলা হয়। আবার, যখন inverted comma উঠাইয়া দিয়া কথাগুলির মর্ম প্রকাশ করা হয়, তখন তাহাকে indirect speech বলা হয়।

Free translation করিতে হইলে, বাংলায় যাহা direct narration-এ আছে, প্রয়োজন-মত তাহাকে ইংরেজীতে indirect narration-এ অনুবাদ করা যায়।

(b)

তিনি আমাকে বলিয়াছিলেন, "আমি কলিকাতায় একখানি বাড়ি কিনিবার কথা ভাবিতেছি"—He said to me, "I am thinking of purchasing a house in Calcutta."—*Direct*

He told me that he was thinking of purchasing a house in Calcutta.—*Indirect*

সে বলিল, "আমি আজ সভায় উপস্থিত হইতে পারিব না"—He said "I shall not be able to attend the meeting today."—*Direct*

He said that he would not be able to attend the meeting that day.—*Indirect*

Note : Assertive sentence-কে indirect narration-এ প্রকাশ করিতে হইলে, যদি principal clause-এ reporting verb past tense-এ থাকে, তবে subordinate clause-এর verb-কে sequence of tense-এর নিয়ম অনুসারে পরিবর্তিত করিতে হয় এবং reporting verb-এর পর 'that' conjunctionটি বসাইতে হয়। তাহা ছাড়া personal pronoun-এর কিছু-কিছু পরিবর্তনও আবশ্যক হয়।

(c)

তিনি ছেলেটিকে বলিলেন, "তোমার বয়স কত ?"—He said to the boy, "How old are you ?"—*Direct*

He asked the boy how old he was.—*Indirect*

শিক্ষক মহাশয় অমলকে বলিলেন, "তুমি এই অঙ্কটি কষিতে পার কি ?"—The teacher said to Amal, "Can you work out the sum ?"—*Direct*

The teacher asked Amal if (*or*, whether) he could work out the sum.—*Indirect*

Note : Interrogative sentence-কে indirect form-এ প্রকাশ করিতে হইলে principal clause-এ reporting verb-এর স্থলে *ask, enquire* অথবা ঐরূপ একটি প্রশ্নসূচক verb ব্যবহার করিতে হয়। Conjunction *that*-এর পরিবর্তে *if* অথবা *whether* বসাইতে হয়, কিন্তু *who, which, what, how, when, where* প্রভৃতি প্রশ্নসূচক শব্দ দ্বারা reported speech আরম্ভ হইলে *if* বা *whether* ব্যবহার করা চলে না। Interrogative sentence-কে indirect narration-এ রূপান্তরিত করিলে উহা assertive sentence হইয়া যায়।

(d)

তিনি আমাকে বলিলেন, "সপ্তাহে একখানা করিয়া চিঠি লিখিও"—He said to me, "Write to me once every week."—*Direct*

He requested me to write to him once every week. —*Indirect*

শিক্ষক মহাশয় ছেলেদের বলিলেন, "ক্লাসে গোলমাল করিও না"—The teacher said to the boys, "Do not make a noise in the class." —*Direct*

The teacher ordered the boys not to make a noise in the class.—*Indirect*

ক্ষুধার্ত বালকটি আমার নিকট আসিয়া বলিল, "দয়া করিয়া আমাকে কিছু খাবার দিন"—The hungry boy came up to me and said, "Please give me some food."—*Direct*

The hungry boy came up to me and entreated me to give him some food.—*Indirect*

Note : Imperative sentence-কে indirect narration-এ রূপান্তরিত করিতে হইলে reporting verb-টির পরিবর্তে অর্থ বুঝিয়া *request*, *order*, *beg* প্রভৃতির কোন একটি verb ব্যবহার করিতে হয় এবং reported speech-এর যে verbটি imperative mood-এ থাকে উহাকে infinitive mood-এ পরিবর্তিত করিতে হয়।

(e)

সে বলিল, "হায়, আমার সর্বনাশ হইয়াছে !"—He said, "Alas ! I am done for."—*Direct*

He exclaimed with sorrow that he was done for. —*Indirect*

তিনি বলিলেন, "আহা, কি সুন্দর হরিণশিশুটি !"—He said, "Oh, how beautiful the fawn is !"—*Direct*

He exclaimed in delight that the fawn was really very beautiful.—*Indirect*

তিনি আমাকে বলিলেন, "তুমি দীর্ঘজীবী হও !"—He said to me, "May you live long !"—*Direct*

He wished that I might live long.—*Indirect*

Note : **Exclamatory অথবা optative sentence-এর indirect narration করিতে হইলে principal clause-এর reporting verb-এর পরিবর্তে** ***exclaim, cry out, wish, pray*****-প্রভৃতির কোন একটি verb অর্থানুসারে বসাইয়া reported speech-এর interjection-এর পরিবর্তে উহার ভাব-প্রকাশক কোন শব্দ ব্যবহার করিতে হয়।**

Exercise 8

Translate into English in both direct and indirect forms :—

(a) তিনি বলিলেন—"আমি দীর্ঘ দিন ধরিয়া এই অন্যায় সহ্য করিয়া (put up with) আসিতেছি, কিন্তু আর আমার ধৈর্য নাই।" তাঁহার সহিত দেখা হইলেই (whenever I met him) তিনি বলিতেন—"কর্তব্য করিয়া যাও—ফলের কথা ভাবিও না (don't worry about the result)।" ভদ্রলোকটি আমাকে বলিলেন—"তুমি কোন্ কলেজে পড় ?" আমার পিতা আমাকে লিখিয়াছেন—"হতাশ হইও (despair) না—পুনরায় চেষ্টা কর।"

(b) সন্ন্যাসী জিজ্ঞাসা করিলেন—"যুবক, তুমি কি সত্যই সংসার (the world) ত্যাগ করিতে (to renounce) চাও ?" বৃদ্ধ বলিলেন—"বালকগণ, ঈশ্বর তোমাদের মঙ্গল করুন (bless) !" তিনি চীৎকার করিয়া তাঁহার চাকরকে বলিলেন—"বেরোও।" লোকটি আমাকে প্রশ্ন করিল—"তোমাদের গ্রামে কোন ডাকঘর আছে কি ?" বৃদ্ধ দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া বলিলেন—"আহা, ছেলেটির কি কষ্ট !" সে বলিয়া উঠিল—"আমি কি বোকা !"

(c) আমি তাহাকে বলিলাম, "তুমি এখনই এই বাটী হইতে বাহির হও !" হরি বলিয়াছিল যে তাহার বাবা আগের শনিবার মারা গিয়াছেন। মতি বলিল যে তাহার দাদা কয়েক দিন জ্বরে শয্যাগত আছেন। সে দুঃখ করিয়া বলিল, "যদি বাল্যকালে বিদ্যা উপার্জন করিতাম, তবে এখন সুখে থাকিতে পারিতাম।" সন্ন্যাসী বলিলেন, "এই জগতে সবই অস্থায়ী, সবাই মরণশীল, নয় কি ?"

CHAPTER VIII

PASSAGES FULLY WORKED OUT

(1)

এক সরল গ্রাম্য লোক শহরে আসিয়া কোন দোকানে মিষ্টি খাবার কিনিতেছিল। দোকানী ধূর্ত, সে লোকটিকে ওজনে কম দিতেছিল। পাশে শহরের একটি লোক দাঁড়াইয়া ছিল। সে উহা লক্ষ্য করিয়া দোকানীকে বলিল—"ওহে, তুমি ত ইহাকে পুরা ওজনে জিনিস দিতেছ না।" দোকানী তাহার দিকে অর্থপূর্ণ দৃষ্টিতে তাকাইয়া বলিল—"তা'তে কি, উহাকে বেশি বহিতে হইবে না।" শহরের লোকটি কিছু না বলিয়া চুপ করিয়া রহিল। কিছুক্ষণ পরে গ্রামের লোকটি দোকানীর দাম মিটাইয়া দিতে গেলে, সে বাধা দিয়া বলিল—"দাঁড়াও, তোমার পুরা দাম দিবার প্রয়োজন নাই—কিছু কম দাও।" দোকানী তৎক্ষণাৎ প্রতিবাদ করিয়া বলিল—"না, না, আমার পুরা দামই চাই।" শহরের লোকটি বলিল—"ভয় কি ভাই, তোমাকে বেশি গণিতে হইবে না।"

A simple village man, who had come to a town, was buying sweetmeats, from a shop. The shopkeeper was a cheat and was giving the man short measure. A man of the town, who stood by, noticed it and said to the shopkeeper—"Hallo, you are not giving him full weight." The shopkeeper gave him a significant look and said—"Never mind, he will have the less to carry." The man of the town said nothing and kept quiet. Shortly after, when the village man prepared to pay up the shopkeeper, he intervened and said—"Wait, you need not pay the full price. Pay something less." The shopkeeper protested forthwith saying—"No, no, I must have my full amount." The man of the town retorted—"Don't get nervous, man, you will have the less to count."

(2)

একদিন প্রাতঃকালে দেশবন্ধু বসিবার ঘরে বসিয়া কার্য করিতেছেন, এমন সময়ে এক বৃদ্ধ ব্রাহ্মণ সেখানে আসিয়া উপস্থিত হইলেন। ব্রাহ্মণ সজলনেত্রে বলিলেন—"আমার শিশু সন্তানগুলি অনাহারে আছে। আমি বহুলোকের নিকট সাহায্য প্রার্থনা করিয়া বিফল হইয়াছি। আপনি উহাদিগকে বাঁচান—ভগবান্ আপনার মঙ্গল করিবেন।" দেশবন্ধু ব্রাহ্মণকে পাঁচটি টাকা দিয়া সন্ধ্যায় পুনরায় আসিতে বলিলেন। সন্ধ্যাবেলায় দেশবন্ধু কোর্ট হইতে ফিরিয়া দেখিলেন, সেই ব্রাহ্মণটি তাঁহার গৃহের সদর দরজায় অপেক্ষা করিতেছেন। দেশবন্ধু তাঁহাকে ভিতরে ডাকিয়া আনিয়া একখানি টেবিলের উপর তাঁহার সারা দিনের উপার্জন রাখিয়া বলিলেন—"এই নিন সামান্য কিছু।" ব্রাহ্মণ ত অবাক্! তিনি কিছু বলিবেন বলিয়া চোখ তুলিয়া চাহিতেই দেখিলেন, দেশবন্ধু ঘর ছাড়িয়া চলিয়া গিয়াছেন। ব্রাহ্মণ টাকাটা গণিয়া দেখিলেন—পাঁচ শত পাঁচ টাকা। —ছেলেদের দেশবন্ধু

One morning when Deshabandhu was at work in his sitting-room, an old Brahman came in with tears in his eyes. The Brahman said—"My children are starving. I appealed to many for help but to no purpose. Do please save them. God will bless you." Deshabandhu gave five rupees to the Brahman and asked him to come again in the evening. In the evening, as Deshabandhu came back from the court, he found the Brahman waiting at the gate. He called him in, placed on a table all his earning of the day, and said —"Here's something for you." The Brahman was taken aback. As he looked up to say something, he found that Deshabandhu had left the room. He counted and found that it amounted to five hundred and five rupees.

(3)

পল্টু তাহার পিতার সহিত সার্কাস দেখিতে গিয়াছিল। সে ফিরিয়া আসিয়াই তাহার বোনেদের একত্র ডাকিয়া বলিল—"শোন সব, আজ আমি

অনেক মজার জিনিস দেখেছি। একটা মস্ত বড় হাতী এসে ছোট্ট টুলের উপর বস্‌ল। তারপর যেই সে আমাদের নমস্কার করেছে, অমনি একটা দুষ্টু ছেলে একখানা বিস্কুট মারল তার দিকে ছুঁড়ে। হাতীটা তখনই সেটা তার শুঁড়ের আগা দিয়ে কুড়িয়ে নিয়ে মুখের মধ্যে দিল পুরে। কিন্তু একটা ছোট বানর যা করল তা দেখে সবাই হেসেই অস্থির ; হাতে একটা চাবুক নিয়ে সে একটা গাধার পিঠে চড়ে এল। বেচারা গাধাটাকে সে প্রায় দশ মিনিট ধরে দৌড় করাল। কোন সময়ে যদি গাধাটা থামতে চায়, অমনিই পিঠের উপর বানরটা লাগায় তাকে জোরে চাবুক।"

Paltu had been to a circus show with his father. Back from it, he called his sisters together and said,—"Look here, I have seen lots of interesting things today. A very big elephant came and sat on a small stool. Then as it saluted us, a naughty boy threw a piece of biscuit at it. The elephant picked that up with the tip of its trunk and popped it into its mouth. But all burst out laughing when they saw what a small monkey did. With a whip in hand, it came riding a donkey. It made the donkey race for about ten minutes. If it wanted to stop at any time there was the monkey on its back to give it a sharp whip."

(4)

একবার এক ধনী বণিক্ দস্যুহস্তে পতিত হইলে এক দরিদ্র ব্যক্তি তাহাকে বাঁচাইয়া দেয়। বণিক্‌টি যাইবার পূর্বে দরিদ্র ব্যক্তিকে পুরস্কার-স্বরূপ একটি দামী ঘড়ি দিয়া গেল। লোকটি ঘড়িটি পাইয়া মহাখুশী—সে ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া ঘড়িটির টিক্‌টিক্ শব্দ শুনিতে থাকে। ঘড়িতে কি করিয়া দম দিতে হয়, তাহা তাহার জানা ছিল না। কাজেই পরের দিন ঘড়িটা বন্ধ হইয়া গেলে, সে মনে করিল উহা মরিয়া গিয়াছে। উহা আর তাহার কাজে লাগিবে না মনে করিয়া সে সামান্য টাকায় ঘড়িটিকে তাহার এক ধনী প্রতিবেশীর নিকট

বিক্রয় করিয়া দিল। কিন্তু কিছু পরেই সে ভাবিল, 'মরা ঘড়ি' বিক্রয় করা তাহার অন্যায় হইয়াছে। সে তাহার প্রতিবেশীর নিকট ফিরিয়া গিয়া বলিল, —"এই যে, আপনার টাকা ফেরৎ নিন। আমি যে ঘড়িটি দিয়াছি, উহা 'মৃত'। আপনাকে ঠকানো আমার উচিত হয় নাই।"

Once a poor man saved a rich merchant from the hands of some robbers. The merchant, before going, gave a costly watch to the poor man as a reward. Highly pleased with the watch, the poor man kept listening to its ticking for hours together. He did not know how to wind it up. So when the watch stopped next day he thought that it must be dead. Thinking that it would no more be of any use to him, he sold it out to a rich neighbour for a small sum of money. But shortly after this, he thought that he had done wrong in selling 'a dead watch.' He came back to his neighbour, and said—"Here, take your money back. The watch I have given to you is dead. I should not have cheated you."

(5)

এক স্থূলকায় পালিত কুকুরের সহিত এক ক্ষুধার্ত শীর্ণকায় ব্যাঘ্রের সাক্ষাৎ হইল। প্রথম আলাপের পর ব্যাঘ্র কুকুরকে বলিল—"ভাল ভাই, জিজ্ঞাসা করি, বল দেখি তুমি কেমন করিয়া এমন সবল স্থূলকায় হইলে? প্রতিদিন কিরূপ আহার কর এবং কিরূপেই বা প্রতিদিনের আহার পাও? আমি অহোরাত্র আহারের চেষ্টায় ফিরিয়াও উদরপূরণ করিয়া আহার করিতে পাই না, কোন কোন দিন উপবাস করিয়া থাকিতে হয়। এইরূপ আহারের কষ্টে এমন শীর্ণ ও দুর্বল হইয়া পড়িয়াছি।" কুকুর বলিল—"আমি যাহা করি, তুমি যদি তাহাই করিতে পার, তাহা হইলে আমার মত আহার পাইতে পার।"

A fat domestic dog happened to meet with a hungry and emaciated wolf. After the first greetings, the wolf said

to the dog—"Well brother, may I ask you how you could get so strong and fat ? What is your daily food and how do you get it ? I cannot get a full meal for myself though I look out for it all the day. I have even to starve on some days. This starvation has made me so lean and feeble." The dog replied—"If you agree to do what I do myself, you may also get your food as well as I do."

(6)

আজ আমরা এক বিচিত্র জগতে বাস করিতেছি। ইহার গৌরব অবশ্য বৈজ্ঞানিকগণের প্রাপ্য। তাঁহারা মানুষকে আকাশে উড়িতে শিখাইয়াছেন। তাঁহারা এমন সব জাহাজ তৈয়ারি করিয়াছেন যাহা সহজেই সমুদ্রের অতলে প্রবেশ করিতে পারে। তাঁহাদের জন্যই আমরা সিনেমার আনন্দ উপভোগ করিতে পারি—যেখানে ছায়া মানুষের মত চলাফেরা করে এবং কথাবার্তা বলে। আবার, তাঁহাদের জন্যই আমরা আমাদের সুদূরের বন্ধুবান্ধবের সহিত দ্রুত যোগাযোগ স্থাপন করিতে পারি। বৈজ্ঞানিকেরা এমনই কত কি করিয়াছেন যাহা আমরা পূর্বে কখনও ভাবিতেও পারি নাই।

We live in a wonderful world today. The credit for this must go to the scientists. They have taught men to fly up in the air. They have built ships that can easily go deep into the seas. It is for them that we can get the delights of the cinema where shadows move and talk like human beings. It is for them again that we can get quickly in touch with our friends who live far away from us. Thus the scientists have done many things that we could never think of before.

(7)

একদিন মহারাণী ভিক্টোরিয়া প্রাসাদে বসিয়া রাজকার্য করিতেছেন এমন সময়ে এক কর্মচারী তাঁহার স্বাক্ষরের জন্য কতকগুলি কাগজপত্র লইয়া

আসিলেন। ঐগুলির মধ্যে একখানিতে দেখা গেল যে একটি সৈনিকের প্রাণদণ্ডের আদেশ দেওয়া হইয়াছে। মহারাণী একটু চুপ করিয়া থাকিয়া জিজ্ঞাসা করিলেন—"এই লোকটির বিরুদ্ধে অভিযোগ কি?" কর্মচারী উত্তর করিলেন—"সে বিনা অনুমতিতে তিনবার তাহার দল ছাড়িয়া পলাইয়াছে।" মহারাণী আবার জিজ্ঞাসা করিলেন—"এই লোকটির মধ্যে কোন ভাল গুণ নাই কি?" কর্মচারী বলিলেন—"হাঁ, মহারাণী, সে পূর্বে অনেকবার সাহসের পরিচয় দিয়াছে; এমন কি, আহত হইয়াও সে যুদ্ধস্থল হইতে পলায়ন করে নাই।" মহারাণী এই কথায় প্রফুল্ল হইলেন এবং লিখিয়া দিলেন—"ক্ষমা করা গেল।"

—সাহিত্য-সোপান (৩য়)

One day when Queen Victoria was attending to certain affairs of the State in her palace, an officer brought in some papers for her signature. In one of these she found that a soldier had been sentenced to death. The Queen kept quiet for a while, and then asked—"What is the charge against this man?" The officer replied—"He deserted his regiment thrice without permission." The Queen asked again—"Has the man no virtue in him?" "Yes, Your Majesty," answered the officer, "he gave proof of his courage on several occasions. He did not leave the battle-field even when wounded." The Queen cheered up as she heard this and wrote out—"Pardoned."

(8)

বেদুইনদের মরুভূমির দস্যু বলা হয়। তাহারা প্রধানতঃ ডাকাতি ও লুটতরাজ করিয়া জীবনধারণ করে। এখানে যে সত্য ঘটনাটি বর্ণিত হইল তাহা হইতে তোমরা জানিতে পারিবে, উহারা কি দুঃসাহসী! একদিন এক বেদুইন কয়েকজন ইউরোপীয় পর্যটকের তাঁবুতে চুরি করিতে গিয়াছিল। সে অনেকক্ষণ চুপি চুপি চেষ্টা করিয়া তাঁহাদের তাঁবুর 'ক্যাম্বিসে' একটি গর্ত করিল তারপর সেই গর্তের মধ্যে হাত ঢুকাইয়া একটি চামড়ার ব্যাগ ধরিতে গেল। পর্যটকদের মধ্যে একজন লক্ষ্য করিয়া তাহার হাতখানি ধরিয়া ফেলিলেন।

বেদুইন তাহার হাতখানি বাহিরে আনিবার যথাসাধ্য চেষ্টা করিল কিন্তু পারিল না। মরিয়া হইয়া সে তাহার কুঠারখানি লইয়া, তাহার যে হাতখানি মুক্ত ছিল সেইখানি দ্বারা তাঁবুর মধ্যে ঢুকান হাতখানি কাটিয়া ফেলিল এবং সেখানে মুহূর্তমাত্র দেরি না করিয়া তাহার দলপতির উদ্দেশ্যে ছুটিয়া গেল।

—দেশে বিদেশে

The Bedouin are called the highwaymen of the desert. They live mostly by robbing and plundering. From a true incident narrated here, you will know how daring they are. Once a Bedouin came to steal from the camp of some European tourists. He worked quietly for long and cut a hole into the canvas of the camp. Then he pushed his hand in through the hole and was about to seize a leather box with it. One of the tourists noticed it and caught hold of the hand. The Bedouin tried hard to get his hand out but could not. In despair, he took his axe, and with the hand that was free, chopped off the other that was inside the camp. And without waiting there a moment he ran off to meet the chief of his gang.

(9)

ট্রেন আসিলে এক উচ্চ রাজকর্মচারী প্রথম শ্রেণীর একখানা কামরা হইতে অবতরণ করিয়া "কুলি কুলি" বলিয়া ডাকিতে লাগিলেন। তাঁহার সঙ্গে মাত্র একটি ছোট ব্যাগ। তিনি কুলির জন্য অপেক্ষা করিয়া কেহ আসিল না দেখিয়া ব্যাগটির কি করিবেন ভাবিয়া কিছু চঞ্চল হইলেন। এক ব্যক্তি দূর হইতে রাজকর্মচারীকে লক্ষ্য করিতেছিলেন। তিনি কাছে আসিয়া বলিলেন—"আপনার জিনিসপত্রগুলি বহন করিয়া লইয়া যাইবার জন্য কি কুলির প্রয়োজন?" কর্মচারী বলিলেন—"হাঁ, আমার এই ব্যাগটি মাত্র বহন করিতে হইবে। ইহার জন্য তোমার কি চাই?" লোকটি সে কথার জবাব না দিয়া সেই অতিশয় হাল্‌কা ব্যাগটি লইয়া কর্মচারীর বাসস্থানে পৌছাইয়া দিলেন। কর্মচারীটি তাঁহাকে কিছু দিতে উদ্যত হইলে তিনি বলিলেন—"না মহাশয়,

আমি কুলি নই। আমি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।" কর্মচারী এই কথা শুনিয়া চমকাইয়া উঠিলেন এবং লজ্জায় মস্তক অবনত করিলেন। —সাহিত্য-সুধা

As the train came, a high Government officer got down from a first-class compartment and called out—"Coolie, coolie." He had only a small bag with him. He waited for a coolie, but as none turned up, he looked worried to think what he would do with his bag. A man, who watched him from a distance, came up to him and said—"Do you want a coolie to carry your things?" "Yes," replied the officer; "you will have to carry this bag only. How much will you charge for it?" The man made no reply but took up the bag which was very light and carried it to the officer's place. As the officer prepared to pay him, the man said—"No sir, I am no coolie, I am Iswarchandra Vidyasagar." The officer started to hear this and hung down his head in shame.

(10)

শিবাজী—গুরুদেব, আপনি ভিক্ষা করছেন?

রামদাস—হাঁ বৎস, আমি রোজ ভিক্ষা করি।

শিবাজী—কিন্তু কেন—কেন তিনি ভিক্ষা করবেন—রাজা যাঁর পদানত? আপনার এমন কি অভাব থাকতে পারে, যা আমি পূরণ করতে পারি না?

রামদাস—অভাব আমার কিছুই নাই, বৎস। দিনে আমার একমুষ্টি তণ্ডুল মাত্র প্রয়োজন।

শিবাজী—কিন্তু সেই এক মুষ্টিই কেন আমার কাছে থেকে নেন না?

রামদাস—না রাজা, আমি তা পারি না। তা'হলে হয়ত তুমি ভাববে —তোমার গুরু লোভী। আমি কেন তোমাকে সে ভাববার সুযোগ দিব?

শিবাজী—ক্ষমা করবেন গুরুদেব! কিন্তু আপনার কথা শুনে আমি মর্মাহত হোলাম। আমি কেমন করে ভুলব—আমি কি ছিলাম, আর আমি কি হয়েছি

এবং কে আমাকে তা করেছে। দোহাই আপনার! আপনার যাহা ইচ্ছা চেয়ে নিন; কিন্তু এই লজ্জার ভিক্ষাবৃত্তি বন্ধ করুন।

রামদাস—শিবাজী, আমাকে লোভ দেখিও না। তুমি এমন করে আমাকে উৎসাহ দিলে আমি হয়ত এমন কিছু চেয়ে বসব, যা তুমি আমাকে দিতে পারবে না।

Sivaji—Gurudev, you are begging ?

Ramdas—Yes, my son, I beg every day.

Sivaji—But why should he beg who has a king at his feet ? What wants may you have that I cannot meet ?

Ramdas—Wants I have none, my son. I need only one handful of rice a day.

Sivaji—But why not get that handful from me ?

Ramdas—No, King, I cannot do that ; for you may then think that your guru is a greedy fellow. Why should I give you an opportunity to think so ?

Sivaji—Pardon me, Gurudev, but I am shocked to hear what you say. How can I forget what I was and what I am today and who has made me so ? I implore you,—ask of me anything you like but stop this shameful begging.

Ramdas—Sivaji, don't tempt me. If you encourage me thus, I may possibly ask for something which it may be beyond you to give.

CHAPTER IX

PASSAGES FOR TRANSLATION

(With Hints)

(1)

একদা একটা শৃগাল একটি ফাঁদে পড়িয়াছিল। এক কৃষক তাহার নিজের জমিতে এই ফাঁদটি পাতিয়াছিল। কৃষক শৃগালটিকে প্রাণে না মারিয়া, তাহার লেজ কাটিয়া তাহাকে ছাড়িয়া দিল। শৃগালটি মনে মনে ভাবিল—"ইহা অপেক্ষা আমার মৃত্যু হইলে ভাল হইত। আমি এখন কেমন করিয়া আমার বন্ধুদের মুখ দেখাইব। তাহারা সকলেই আমাকে বিদ্রূপ করিবে এবং আমার নিকট হইতে দূরে সরিয়া থাকিবে।" ইহা ভাবিয়া সে এক জঙ্গলে গিয়া লুকাইয়া রহিল।

ফাঁদে পড়িয়াছিল—was caught in a trap. পাতিয়াছিল—laid. তাহাকে ছাড়িয়া দিল—let him go. মনে মনে ভাবিল—thought within himself. বিদ্রূপ করিবে—will laugh at. দূরে সরিয়া থাকিবে—will keep away from. লুকাইয়া রহিল—hid himself

(2)

একদা এক শৃগাল এক দ্রাক্ষাক্ষেত্রে প্রবেশ করিল। দ্রাক্ষাফল অতি মধুর। সুপক্ক ফল দেখিয়া ঐ ফল খাইবার নিমিত্ত শৃগালের অতিশয় লোভ জন্মিল। কিন্তু ফল-সকল অতি উচ্চে ঝুলিতেছিল; সুতরাং ঐ ফল পাড়া শৃগালের পক্ষে সহজ নহে। লোভের বশীভূত হইয়া ফল পাড়িবার নিমিত্ত শৃগাল যথেষ্ট চেষ্টা করিল; কিন্তু কোনও ক্রমে কৃতকার্য হইতে পারিল না। অবশেষে ফল প্রাপ্তির বিষয়ে নিতান্ত নিরাশ হইয়া এই বলিতে বলিতে চলিয়া গেল, "দ্রাক্ষা ফল অতি বিস্বাদ ও অম্লরসে পরিপূর্ণ।"

—বিদ্যাসাগর (কথামালা)

দ্রাক্ষাক্ষেত্র—vineyard. দ্রাক্ষাফল—grapes. সুপক্ক ফল···জন্মিল—the sight of ripe grapes very much tempted the fox to taste

them. অতি উচ্চে ঝুলিতেছিল—hung very high above him. লোভের বশীভূত হইয়া—out of temptation. ফল পাড়িবার জন্য—to pluck the grapes. ফল প্রাপ্তির···হইয়া—being utterly disappointed of having the grapes. দ্রাক্ষাফল···পরিপূর্ণ—the grapes are very bad to the taste and very sour.

(3)

এক গর্দভ সিংহের চর্মে সর্বশরীর আবৃত করিয়া ভাবিল, অতঃপর সকলেই আমাকে সিংহ মনে করিবে, কেহই গর্দভ বলিয়া বুঝিতে পারিবে না। অতএব আজ অবধি আমি এই বনে সিংহের ন্যায় আধিপত্য করিব। এই স্থির করিয়া কোনও জন্তুকে সম্মুখে দেখিলেই, সে চীৎকার ও লম্ফঝম্ফ করিয়া ভয় দেখায়। নির্বোধ জন্তুরা তাহাকে সিংহ মনে করিয়া ভয়ে পলাইয়া যায়। এক দিবস এক শৃগালকে ঐরূপে ভয় দেখাইলে সে বলিল, "ওরে গর্দভ, আমার কাছে তোর চালাকি খাটিবে না। যদি আমি তোর স্বর না চিনিতাম, তাহা হইলে সিংহ ভাবিয়া ভয় পাইতাম।"

সকলেই ··পারিবে না—all will take me for a lion and no one will be able to recognise me as an ass. আধিপত্য করিব—lord it over. কোনও জন্তুকে···ভয় দেখায়—as soon as he meets any animal, he jumps and roars to frighten it away. শৃগালকে··· দেখাইলে—as he tried to frighten a fox. ওরে গর্দভ—you stupid ass. আমার কাছে···চলিবে না—your tricks will be of no avail to me.

(4)

রণজিৎ সিংহ এক শিখ সর্দারের পুত্র ছিলেন। তাঁহার বয়স যখন মাত্র দশ বৎসর তখন তাঁহার পিতার মৃত্যু হয়। এই অল্প বয়সেই তাঁহাকে একটি রাজ্যের শাসনভার গ্রহণ করিতে হয়। আকবর ও শিবাজীর মত তিনিও বাল্যে লেখাপড়ার সুযোগ পান নাই কিন্তু নিজের বাহুবলে ও বুদ্ধি-প্রভাবে তিনি এক বিশাল স্বাধীন রাজ্য স্থাপন করিতে সক্ষম হইয়াছিলেন। তখন

শিখদের মধ্যে কোন ঐক্য ছিল না। কয়েকজন শিখ সর্দার পঞ্জাবের বিভিন্ন অঞ্চলে স্বাধীনভাবে রাজত্ব করিতেছিলেন। রণজিৎ ঐ-সকল ক্ষুদ্র রাজ্য অধিকার করেন এবং শিখদিগকে একত্র করিয়া একটি শক্তিশালী জাতি গঠন করেন। —শ্রীঅনিলচন্দ্র বন্দ্যোপাধ্যায়

তাঁহার বয়স…বৎসর—when he was only ten. এই অল্প বয়সেই—even at this tender age. রাজ্যের শাসন…করিতে—to take charge of the administration of a state. নিজের বাহুবলে—by the strength of his arms. ঐক্য—unity. স্বাধীনভাবে—independently. শিখদিগকে একত্র… করেন—united the Shikhs to build up a strong nation

(5)

এক ভিক্ষুক কয়েক বৎসর ভিক্ষা করিয়া কিছু অর্থ সঞ্চয় করিয়াছিল। একদিন সে ভাবিল, সে যদি বোবা এই ভান করিতে পারে, তাহা হইলে আরও বেশি অর্থ পাইবে। এই ভাবিয়া সে একখানি ছোট বোর্ডে "বোবা" কথাটি লেখাইয়া, বোর্ডখানি নিজের গলায় ঝুলাইয়া দিল। সেই অঞ্চলে আর একটি ভিক্ষুক ছিল। সে ছিল প্রথম ভিক্ষুকটির শত্রু। প্রথম ভিক্ষুকটি যেখানেই ভিক্ষা করিতে যাইত, দ্বিতীয় ভিক্ষুকটি উহার অনুসরণ করিত। একদিন এক ভদ্রলোক প্রথম ভিক্ষুকটিকে একটি পয়সা দিতে গেলে দ্বিতীয় ভিক্ষুকটি বলিয়া উঠিল—"মহাশয়, উহাকে সাহায্য করিবেন না। ও একজন জুয়াচোর; ও একেবারেই বোবা নয়।" প্রথম ভিক্ষুকটি এই কথায় রাগিয়া গিয়া চীৎকার করিয়া বলিল—"না মহাশয়, ও মিথ্যাবাদী। উহার কথা বিশ্বাস করিবেন না। আমি বরাবরই বোবা, এবং এখনও কথা কহিতে পারি না।"

কিছু অর্থ সঞ্চয় করিয়াছিল—had made some money. সে যদি… পারে—if he could pretend that he was dumb. একখানি ছোট …লেখাইয়া—had the word "dumb" written on a small board. নিজের গলায়…দিল—hung it round his neck. সেই অঞ্চলে—in that locality. জুয়াচোর—rogue. এই কথায়…গিয়া—flared up at this

(6)

ভারতবর্ষের তিন দিকে সমুদ্র, আবার উত্তরে পৃথিবীর সর্বোচ্চ পর্বতশ্রেণী হিমালয়। এই সমুদ্র ও পর্বত লঙ্ঘন করিয়া পূর্বে এই দেশে আসা অত্যন্ত কঠিন ছিল। এজন্য তোমরা মনে করিতে পার যে, সেকালে অন্য দেশের সহিত আমাদের দেশের কোন যোগাযোগ ছিল না। কিন্তু তোমাদের এইরূপ ধারণা থাকিলে তাহা ভুল। সমুদ্র ও পর্বত কোন কালেই ভারতবর্ষকে অন্যান্য দেশ হইতে বিচ্ছিন্ন করিতে পারে নাই। অতি প্রাচীনকাল হইতে ভারতবর্ষের সহিত ইউরোপের বাণিজ্য-সম্বন্ধ বর্তমান ছিল। দুই হাজার বৎসর পূর্বেও ভারতবর্ষে তৈয়ারী নানাবিধ জিনিস সুদূর রোমক সাম্রাজ্যের বিভিন্ন স্থানে প্রেরিত হইত। —শ্রীঅনিলচন্দ্র বন্দ্যোপাধ্যায়

পর্বতশ্রেণী—mountain range. অত্যন্ত···ছিল—it was a most risky job. যোগাযোগ—connection. তোমাদের·· ভুল—it would be a mistake if you think so. ভারতবর্ষকে·· পারে নাই—could not isolate India from other countries. অতি···হইতে—from very ancient times. বাণিজ্য···ছিল—trade relations existed. নানাবিধ জিনিস—varieties of things. সুদূর রোমকসাম্রাজ্য—far off Roman Empire

(7)

একদিন একটি মস্ত মোটাসোটা লোক এক হোটেলে আসিয়া ঢুকিল। সে সামনে একটি চাকরকে দেখিতে পাইয়া বলিল,—"ওহে, তিনজনের খাবার দিতে পার কি?" চাকরটি বলিল "হাঁ পারি। আপনি দয়া করিয়া একটু বসুন। আমি এখনই খাবার লইয়া আসিব।" প্রায় পনের মিনিট কাটিয়া গেল। কিন্তু কেহই খাবার লইয়া আসিল না। ইহাতে সে বিরক্ত হইয়া সোজা হোটেলের ম্যানেজারের নিকট গিয়া উপস্থিত হইল। বলিল—"কি আশ্চর্য, মহাশয়, আপনার চাকর আমাকে খাবার আনিয়া দিবে বলিয়া বহুক্ষণ বসাইয়া রাখিয়াছে। সে কি আমার সহিত তামাসা করিল?" ম্যানেজার তৎক্ষণাৎ চাকরটিকে ডাকিয়া কি হইয়াছে জিজ্ঞাসা করিলেন। চাকরটি

বলিল—"আমি ত কিছু অন্যায় করি নাই। উনি তিনজনের খাবার চাহিয়াছেন, কিন্তু এখনও উঁহার আর দুই বন্ধু আসিয়া পৌছান নাই।" চাকরের কথা শুনিয়া লোকটি বলিল, "কোন্ বন্ধু?" চাকর ভয়ে ভয়ে বলিল—"আপনি ত তিন জনের খাবার চাহিয়াছেন, তাহা হইলে আর দুইজন কোথায়?" লোকটি বজ্রকণ্ঠে উত্তর করিল—"আমি একাই তিনজন।"

মস্ত মোটাসোটা লোক—a big fat man. তিনজনের খাবার—meals for three persons. বিরক্ত হইয়া—felt disgusted. সোজা···হইল—walked straight up to the manager. বহুক্ষণ···রাখিয়াছে—have kept me waiting too long. তামাসা করা—jest with. বজ্রকণ্ঠে···করিল—thundered out. আমি···তিনজন—I am the three.

(8)

বৎসরের এই যে তারিখটার জন্যে জাপানের ছেলেমেয়েরা উদ্‌গ্রীব হইয়া চাহিয়া থাকে। এই দিনটি তাহাদের ঘুড়ি-উড়ান উৎসবের দিন। এই দেশব্যাপী উৎসবে সারা দেশের লোকেরা যোগদান করিয়া ছোট ছেলেমেয়েদের মতই আনন্দ উপভোগ করেন; এমন কি, দেশের বড় বড় রাজকর্মচারীরাও সাধারণ লোকের মত ছুটাছুটি করিতে ইতস্তত করেন না। জাপানে মাছকে সৌভাগ্যের একটি লক্ষণ বলিয়া মনে করা হয়। সেইজন্য এই উৎসবের দিনে প্রতি বাড়ির সামনে কতকগুলি কাগজের মাছ একটি বাঁশের খুঁটির মাথায় উড়িতে দেখা যায়। এই-সব মাছ রঙিন কাগজে অতি সুন্দর করিয়া তৈয়ারী হয়। কি উৎসবে কি দৈনন্দিন জীবনে জাপানীদের ফুল না হইলে চলে না। এই ঘুড়ি উড়ান উৎসবে ত তাই চাই অজস্র ফুল। —পৃথিবীর ছেলেমেয়ে

উদ্‌গ্রীব···থাকে—look eagerly forward to. ঘুড়ি-উড়ান উৎসব—kite-flying festival. দেশব্যাপী—country-wide. বড় বড় রাজ-কর্মচারীরা—top-ranking officers of Government. ইতস্তত করা—hesitate. ছুটাছুটি করা—run about. সৌভাগ্যের···লক্ষণ—a symbol of good luck. একটি বাঁশের···যায়—are found flying on

the top of a bamboo pole. অতি সুন্দর করিয়া—most artistically. দৈনন্দিন জীবন—daily life. ফুল না···চলে না—cannot do without flowers.

(9)

এক জাহাজে দুইটি পোষা বানর ছিল। তাহারা নাবিকের পোশাক পরিয়া জাহাজের ডেকের উপর বেড়াইত এবং কাপ্তেনকে আসিতে দেখিলে নাবিকদের অনুকরণে হাত তুলিয়া সেলাম করিত। দুইজনে সর্বদা একসঙ্গে থাকিত এবং যাহা করিত, উভয়ে মিলিয়া করিত। কিন্তু তাহাদের প্রধান দোষ ছিল জাহাজের জিনিসপত্র চুরি করা এবং এক স্থানের জিনিস সরাইয়া অন্যস্থানে রাখিয়া মজা দেখা। একবার বড় বানরটি এক বোতল মদ চুরি করিয়া আনে এবং বন্ধুকে না দিয়া একলাই সমস্ত পান করে। অত মদ খাইয়া সে মাতাল হইয়া পড়ে এবং জাহাজের পাশে এক হাঙ্গরকে বেড়াইতে দেখিয়া তাহাকে নূতন বন্ধু মনে করিয়া আলিঙ্গন করিবার জন্য জলে ঝাঁপ দেয়। পতনমাত্র হাঙ্গর তাহাকে গিলিয়া ফেলে। —শিশুবোধ

নাবিকের···পরিয়া—dressed as sailors. ডেকের উপর বেড়াইত—would walk about on the deck. নাবিকদের অনুকরণে—in imitation of the sailors. একস্থানে···দেখা—to make fun by shifting things of one place to another. মাতাল···পড়ে—got intoxicated. নূতন···করিয়া—took him to be a new friend. তাহাকে···ফেলে—swallowed him up

(10)

ক্লাইভ মাত্র তিন হাজার সৈন্য লইয়া সিরাজের বিরুদ্ধে অগ্রসর হইলেন। নবাবের সৈন্যসংখ্যা ছিল পঞ্চাশ হাজারের বেশি। নদীয়া জেলার অন্তর্গত পলাশী নামক স্থানে দুই দলে যুদ্ধ হইল। নবাবের সেনাপতি মীরমদন ও মোহনলাল প্রাণপণে যুদ্ধ করিয়া নিহত হন। কিন্তু মীরজাফরের আদেশে তাহার অধীন সৈন্যেরা যুদ্ধে যোগ না দিয়া একপাশে দাঁড়াইয়া রহিল।

নবাবের প্রধান সেনাপতির এই বিশ্বাসঘাতকতায় ক্লাইভের জয় হইল। ইংরাজ-পক্ষের মাত্র ১৮ জন নিহত ও ৫৬ জন আহত হইয়াছিল। মীরজাফর নবাবের বিরুদ্ধে এইরূপ ষড়যন্ত্র না করিলে আমাদের এই সোনার দেশ কখনও ইংরাজের হাতে পড়িত না। —ইতিহাসের পড়া

বিরুদ্ধে অগ্রসর হইলেন—marched against. আদেশে—at the bidding of. একপাশে ··রহিল—stood aloof. এই বিশ্বাসঘাতকতায়—at this betrayal of. ইংরাজ-পক্ষে—on the side of the English. এইরূপ···করিলে—but for this conspiracy. আমাদের···দেশ—this blessed land of ours

(11)

তখন তৃতীয় শ্রেণীতে পড়ি। ইংরাজী যে কয়েকখানা বই পড়িয়াছিলাম—তাহার একখানাতে এক সাহেবের কথা লেখা ছিল। তিনি বাড়ি ছাড়িয়া বিদেশে গিয়াছিলেন। সেখানে অনেক কষ্ট ভোগ করিয়া শেষটায় টাকা করিয়াছিলেন। সাহেব যে-বয়সে বাড়ি ছাড়িয়াছিলেন, মিলাইয়া দেখিলাম আমারও এখন ঠিক সেই বয়স। ক্লাশের সতীশের সঙ্গে আমার বড় ভাব। আমি তাহার কাছে মনের কথাগুলি খুলিয়া বলিলাম। কথা শুনিয়া তখনই সে লাফাইয়া উঠিল। বোধ হইল বাড়ি হইতে বিদেশে গেলেই বড়লোক হওয়া যাইবে। সতীশ বলিল—"কালই চল।" কাল চলাটা তত সহজ বোধ হইল না। কিন্তু বেশি দেরি করা হইবে না, ইহাও ঠিক করা হইল।

ইংরাজীতে যে কয়েক···একখানাতে—in one of the few English books that I had read. অনেক···করিয়া—after suffering a lot. বহু টাকা···করিয়াছিলেন—made a great fortune. বড় ভাব—very intimate with. মনের কথা···বলিলাম—opened my heart to him. কথা শুনিয়া···উঠিল—he jumped at the idea. গেলেই—as soon as one goes. তত সহজ···না—it seemed to be no easy job. বেশি···না—not to put off the matter for long.

(12)

সিদ্ধার্থ বাল্যকাল হইতেই চিন্তাশীল ছিলেন। তাঁহার সমবয়স্ক ছেলেরা যখন খেলা করিত, তিনি দূরে দাঁড়াইয়া উহাদের খেলা দেখিতেন। কখনও কখনও তিনি কোন নির্জন স্থানে গিয়া বসিতেন এবং মানুষের দুঃখকষ্ট সম্বন্ধে চিন্তা করিতেন। যে-কোন আর্ত ব্যক্তির কষ্ট দেখিলে তিনি বিচলিত হইতেন এবং অশ্রু সংবরণ করিতে পারিতেন না। একমাত্র পুত্রের এই উদাস ভাব দেখিয়া তাঁহার পিতা চিন্তিত হইলেন। তিনি পুত্রের জন্য বহুবিধ আমোদ-প্রমোদের ব্যবস্থা করিলেন, কিন্তু পুত্রের মন তাহাতে আকৃষ্ট হইল না। অবশেষে এক পরমা সুন্দরী বালিকার সহিত তাঁহার বিবাহ দিলেন। কিন্তু তাহাতেও সিদ্ধার্থের কোন পরিবর্তন ঘটিল না।

বাল্যকাল হইতেই—from early life. সমবয়স্ক ছেলেরা—boys of his age. উহাদের···দেখিতেন—watched them at play. নির্জন স্থান—solitary place. বিচলিত হইতেন—would be moved. অশ্রু··· না—could not help weeping. পুত্রের এই···দেখিয়া—at this indifference of his son. ব্যবস্থা করিলেন—provided for. আকৃষ্ট হইল না—was not attracted by

(13)

মাধব—আপনার ডাকঘরে ব্রহ্মানন্দ ঘোষের নামে কোন পত্রাদি আসিয়া থাকে ?

পোষ্টমাষ্টার—ডাকঘরের খবর আপনাদের বলিতে বারণ।

মাধব—ওহে বাবু, অমনি কথা বলিবে না তা জানি। সেজন্য কিছু সঙ্গেও আনিয়াছি,—কিছু দিয়াও যাইব। এখন যাহা জিজ্ঞাসা করি, ঠিক ঠিক বল দেখি।

পোঃ মাঃ—কি ক'ন্ ?

মাধব—কই এই, ব্রহ্মানন্দের নামে কোন চিঠিপত্র ডাকঘরে আসিয়া থাকে ?

পোঃ মাঃ—আসে।

মাধব—কত দিন অন্তর ?

পোঃ মাঃ—যে কথাটি বলিয়াছি তাহার টাকা এখনও পাই নাই। আগে টাকা বাহির করুন, তবে নূতন কথা জিজ্ঞাসা করিবেন। —কৃষ্ণকান্তের উইল

নামে—in the name of. ডাকঘরের···বারণ—our instruction is not to disclose any postal secrets to you. অমনি—for nothing. ঠিক······দেখি—give me the correct answer. কই—I say. কতদিন অন্তর—at what intervals. আগে···করিবেন—money please and then ask for fresh information.

(14)

তোমরা সকলেই কলম্বসের নাম শুনিয়া থাকিবে। আমেরিকা বলিয়া যে মহাদেশ আছে, তাহা ইউরোপবাসীদের নিকট পূর্বে অবিদিত ছিল। কলম্বসই সর্বপ্রথম এই মহাদেশ আবিষ্কার করেন। দীর্ঘকাল বিপদ্-জনক সমুদ্রযাত্রার পর কলম্বস যখন আমেরিকায় পৌঁছিলেন, তখন সব খাদ্য ফুরাইয়া গিয়াছে। ক্ষুধায় তাঁহার ও তাঁহার সঙ্গিগণের প্রাণ বাহির হইবার উপক্রম। তাঁহারা স্থলে নামিবামাত্র ঐ দেশের অধিবাসিগণ দলে দলে তাঁহাদিগকে দেখিবার জন্য আসিয়া দাঁড়াইল। তাহাদের মাথায় পাখীর পালক, দেহে উল্কি। তাহারা কলম্বস ও তাঁহার সঙ্গিগণের পোশাক দেখিয়া অবাক্ হইয়া গেল, হয়ত বা একটু ভয়ও পাইল। কলম্বস তাহাদের কথাবার্তার এক বর্ণও বুঝিতে পারিলেন না।

শুনিয়া থাকিবে—may have heard of. মহাদেশ—continent. কলম্বসই—it was Columbus. আবিষ্কার করেন—discovered. দীর্ঘ-কাল···পর—after a long and dangerous voyage. খাদ্য—provisions. ফুরাইয়া গিয়াছে—were used up. প্রাণ···উপক্রম—were about to die of. পালক—feathers. উল্কি—tattoo marks. হয়ত···পাইল—possibly got a bit nervous. একবর্ণও বুঝিতে পারিলেন না—could not understand a syllable of it.

(13)

সর্দার—তুমি কাউকে কিছু না বলে চোরের মত শিবিরে ঢুকেছ কেন ?

আগন্তুক—আমায় মাপ করুন হুজুর। আমি যে বিপদে পড়েছি তা'তে এ-ছাড়া আমার উপায় ছিল না। তিন দিন আমার খাওয়া হয়নি। এক মুহূর্তের জন্যেও আমি বিশ্রাম পাইনি। আমি হয়ত খেতে বসেছি, তক্ষুনি দেখতে পেয়েছি—শত্রুদল ছুটে আসছে, মুখের গ্রাস ফেলে আমাকে প্রাণভয়ে পালাতে হয়েছে। আর আমার শক্তি নেই হুজুর। দয়া করে শুধু আজকের রাত্রির মত আপনার শিবিরে আমাকে আশ্রয় দিন। কাল ভোরেই আমি আবার চলে যাবো। ভগবানের দোহাই আপনি আমাকে তাড়িয়ে দেবেন না। এই আমি নতজানু হয়ে আপনার কাছে আমার মিনতি জানাই। —আলোকমালা

চোরের···কেন ?—why did you steal into my camp ? আমি যে···না—in my present difficulty, I could do nothing else. এক ···জন্যও—even for a moment. ছুটে আসছে—rushing towards me. আর···নেই—I have no more strength left in me. ভগবানের দোহাই—for Heaven's sake. এই···জানাই—down on my knees here, I implore you.

CHAPTER X

PASSAGES FOR TRANSLATION

(Without Hints)

(1)

এক রাজপুত্র আর এক রাখাল, দুইজনে বন্ধু। রাজপুত্র প্রতিজ্ঞা করিলেন যখন তিনি রাজা হইবেন, রাখাল বন্ধুকে তাঁহার মন্ত্রী করিবেন।

রাখাল বলিল—"আচ্ছা।"

দুইজনে মনের সুখে থাকেন। রাখাল মাঠে গরু চরাইয়া আসে, দুই বন্ধুতে গলাগলি হইয়া গাছতলে বসেন। রাখাল বাঁশী বাজায়, রাজপুত্র শোনেন এইরূপে দিন যায়।

রাজপুত্র রাজা হইলেন। রাজার কাঞ্চনমালা রাণী, ভাণ্ডার ভরা মাণিক। রাখালের কথা রাজার মনেই রহিল না।

একদিন রাখাল রাজদুয়ারে আসিয়া উপস্থিত হইল। দুয়ারী তাঁহাকে "দূর দূর" করিয়া তাড়াইয়া দিল। মনের কষ্টে রাখাল কোথায় গেল, কেহই জানিল না।

—দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার (ঈষৎ পরিবর্তিত)

(2)

আমি অতিশয় লাজুক ছিলাম। স্কুলে গিয়া লেখাপড়া ব্যতীত অন্য কাজ ছিল না। ঘণ্টা বাজার সময়ে পৌঁছিতাম আর স্কুল ছুটি হইলেই ঘরে পালাইতাম।

হাই স্কুলের প্রথম বৎসরেই এমন একটি ঘটনা ঘটিয়াছিল যাহা উল্লেখ করার যোগ্য। শিক্ষা বিভাগের ইন্‌স্পেক্টার সাহেব স্কুল দেখিতে আসিয়াছিলেন। তিনি প্রথমে আমাদিগকে পাঁচটি শব্দের বানান লিখিতে দিলেন। এই শব্দগুলির মধ্যে আমি একটি শব্দের বানান ভুল লিখি। পাঁচটি শব্দই সমস্ত ছেলে ঠিক ঠিক বানান করিল, আমি একাই কেবল বোকা বনিয়া গেলাম। আমি ইচ্ছা করিলে অন্য ছেলের লেখা দেখিয়া শব্দটি শুদ্ধ করিয়া লিখিতে পারিতাম। কিন্তু আমি নকল করি নাই, কারণ আমি অপর ছেলেদের নিকট হইতে নকল করিয়া লিখিতে কখনও শিখি নাই।

—মহাত্মা গান্ধীর 'আত্মকথা' (শ্রীসতীশচন্দ্র দাশগুপ্ত কর্তৃক অনূদিত)

(3)

এক তৃষ্ণার্ত কাক দূর হইতে একটি জলের কলসী দেখিতে পাইল। আহ্লাদিত হইয়া সে ঐ কলসীর নিকটে উপস্থিত হইল এবং জলপান করিবার নিমিত্ত নিতান্ত ব্যগ্র হইয়া কলসীর ভিতর ঠোঁট প্রবেশ করাইয়া দিল। কিন্তু কলসীতে জল অনেক নীচে ছিল। এজন্য সে কোনও মতে জল পান করিতে পারিল না। তখন সে প্রথমতঃ কলসী ভাঙ্গিয়া ফেলিবার চেষ্টা পাইল, পরে কলসী উল্টাইয়া দিয়া জলপান করিবার চেষ্টা করিল। কিন্তু তাহার কোন

চেষ্টাই সফল হইল না। অবশেষে দূরে কতকগুলি নুড়ি পড়িয়া থাকিতে দেখিতে পাইয়া সে একটি একটি করিয়া সমুদয় নুড়ি আনিয়া কলসীর ভিতর ফেলিল। তাহার পর কলসীর জল মুখে উঠিলে, কাক ইচ্ছামত জল পান করিয়া তৃষ্ণা নিবারণ করিল। —কথামালা

(4)

প্রাচীনকালে গৌতম নামে একজন ঋষি ছিলেন। শিষ্যেরা তাঁহার গৃহে থাকিয়া বিদ্যালাভ করিত। তিনি তাহাদিগকে পুত্রের মতন প্রতিপালন করিতেন এবং নানা বিদ্যা শিখাইতেন। শিক্ষা শেষ হইলে গুরু ও গুরু-মাকে প্রণাম করিয়া তাহারা আপন গৃহে ফিরিত।

গৌতমের সবচেয়ে প্রিয় শিষ্য ছিল উতঙ্ক। একদিন উতঙ্কেরও পাঠ শেষ হইল; তাহার গৃহে ফিরিবার সময় হইয়া আসিল। গৌতম তাহাকে অনুমতি দিয়া বলিলেন, "তুমি আমার অনেক সেবা করেছ; তোমার পাঠ সমাপ্ত হয়েছে। আমি তোমাকে আশীর্বাদ করি, তোমার বাসনা পূর্ণ হবে। এবার তুমি বাড়ি ফিরতে পার।" —আনন্দ-পাঠ

(5)

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জননীর নাম ভগবতী দেবী। তাঁহার মত দয়াবতী মহিলা কমই দেখা যায়। শৈশবে তিনি মাতুলালয়ে প্রতিপালিত হন। স্নেহ ও যত্নের ভিতর দিয়া তাঁহার শিক্ষা আরম্ভ হয়। ছেলেবেলা হইতেই তাঁহার প্রাণ গরীব দুঃখীদের জন্য কাঁদিত এবং সাধ্যমত তিনি তাহাদের দুঃখের প্রতিকার করিতে চেষ্টা করিতেন।

ভগবতী দেবীর বয়স তখন মাত্র নয় বৎসর। শোনা যায়, সেই সময় এক গরিব স্ত্রীলোক আসিয়া নিজের দুঃখের কাহিনী বলে এবং বস্ত্রাভাবের কথা জানায়। ভগবতী দেবীরও বেশি কাপড় ছিল না। তবুও তিনি নিজের দুইখানা ভাল কাপড় সেই স্ত্রীলোকটিকে দিয়া দিলেন, আর নিজে একটা ছেঁড়া কাপড় পরিয়া রহিলেন। তাঁহার এইপ্রকার কোমল হৃদয়ের পরিচয় পাইয়া সবাই মুগ্ধ হইয়া গেল। —কিশলয় (দ্বিতীয় ভাগ)

(6)

বিহার প্রদেশে চম্পকারণ্য নামে এক বন ছিল। সেই বনে পরম প্রীতির সহিত এক কাক ও হরিণ বাস করিত। একদা এক শৃগাল হরিণটিকে দেখিতে পাইয়া চিন্তা করিল, "যদি আমি ইহার কোমল মাংস ভোজন করিতে পাইতাম!" এইরূপ চিন্তা করিয়া সে হরিণটির কাছে অগ্রসর হইল। সে হরিণটিকে নমস্কার করিয়া কহিল, "বন্ধো হরিণ, তোমার মঙ্গল হউক!" হরিণ কহিল, "তুমি কে?" শৃগাল কহিল, "আমি অল্পবুদ্ধি শৃগাল, আমি নিকটের বনে বাস করি। আমার বন্ধুবান্ধব কেহ নাই। এখন তোমার মত বন্ধু পাইয়া জীবন ধন্য মনে করিতেছি।" সেই দিন হইতে তাহারা বন্ধুভাবে বাস করিতে লাগিল। একদিবস শৃগাল হরিণকে একান্তে নিয়া চুপি চুপি বলিল, "বন্ধো, এই বনের এক কোণে একটি ধানের ক্ষেত আছে, চল আমি তোমাকে উহা দেখাইয়া দিতেছি।" —হিতোপদেশ

(7)

এক নিবিড় অরণ্য ছিল। তা'তে ছিল বড় বড় বট, সারি সারি তাল তমাল, পাহাড় পর্বত, আর ছিল—ছোট্ট নদী মালিনী।

মালিনীর জল বড় স্থির—আয়নার মতো। তাতে গাছের ছায়া, নীল আকাশের ছায়া, রাঙা মেঘের ছায়া—সকলই দেখা যেত। আর দেখা যেত গাছের তলায় কতকগুলি কুটিরের ছায়া।

নদীতীরে নিবিড় বন ছিল, তা'তে অনেক জীবজন্তু ছিল। কত হাঁস, কত বক সারাদিন খালের ধারে, বিলের জলে ঘুরে বেড়াত। কত ছোট ছোট পাখি, কত টিয়াপাখির ঝাঁক গাছের ডালে ডালে গান গাইত, কোটরে কোটরে বাসা বাঁধত। দলে দলে হরিণ, ছোট ছোট হরিণ-শিশু কুশের বনে, ধানের ক্ষেতে, কচি ঘাসের মাঠে খেলা করত। বসন্তে কোকিল গাইত; বর্ষায় ময়ূর নাচত। —অবনীন্দ্রনাথ ঠাকুর

(8)

আকবর শাহ দিল্লীর সম্রাট্ ছিলেন। তাঁহার মত ন্যায়পরায়ণ সম্রাট্ জগতে বেশি জন্মগ্রহণ করেন নাই। তাঁহার রাজ্যে হিন্দু, মুসলমান, জৈন, খ্রীষ্টান সকলেরই সমান অধিকার ছিল।

আকবর শাহের পূর্ববর্তী মুসলমান রাজারা তাঁহাদের হিন্দু ও মুসলমান প্রজাদের সমান চক্ষে দেখিতেন না। তাঁহারা হিন্দুদের উপর জিজিয়া কর বসাইয়াছিলেন। তাছাড়া তীর্থস্থানে তীর্থ করিতে গেলেও প্রত্যেক হিন্দুকেই কর দিতে হইত—নহিলে তীর্থস্থানে যাইতে দেওয়া হইত না। সম্রাট্ আকবর জিজিয়া ও তীর্থকর দুই-ই উঠাইয়া দিয়াছিলেন।

আকবর শাহ অত্যন্ত মাতৃভক্ত ছিলেন। একসময়ে তাঁহার মা পালকি চড়িয়া লাহোর হইতে আগ্রায় যাইতেছিলেন। কথিত আছে, আকবর শাহ নিজের কাঁধে পালকি লইয়া তাঁহাকে নদী পার করিয়া দিয়াছিলেন। তিনি মায়ের আদেশ সব সময়েই পালন করিয়া চলিতেন, কিন্তু একবার পালন করেন নাই। —কিশলয় (দ্বিতীয় ভাগ)

(9)

তৃণজীবী জন্তুরা মানুষের অনেক উপকারে আসে। গরুর মত মানুষের উপকারী জীব পৃথিবীতে আর নাই। দুগ্ধে পুষ্টিসাধন হয়, এবং ক্ষীর, দধি, নবনী প্রভৃতি নানা উপাদেয় খাদ্য প্রস্তুত হয়। ইহার খুর হইতে শিরিষ প্রস্তুত হইয়া থাকে। শৃঙ্গ ও খুর গলাইয়া চিরুণী প্রস্তুত করে; অস্থিতে ছুরির বাঁট এবং গোময় হইতে উৎকৃষ্ট সার প্রস্তুত হইয়া থাকে। ভূমিকর্ষণ, শকটচালন প্রভৃতি কর্মেও গরুকে নিযুক্ত করা হয়। অতএব সকল মনুষ্যেরই গরুকে যত্ন ও আদর করা কর্তব্য। গরু রোমন্থন করে। গরুর পক্ষে উত্তম খাদ্য আবশ্যক।

মেষও অতি শান্ত জন্তু। ইহার শরীর পশমে আবৃত। এই পশম ইহার শরীর গরম রাখে। মেষসকল একত্র দলবদ্ধ হইয়া বাস করে। ইহারা ঢুষাঢুষি করিয়া লড়াই করে। মেষের পশম হইতে আমাদের জন্য শীতবস্ত্র প্রস্তুত হয়। মেষের মাংস খাইতে ভাল। --বোধোদয় (ঈষৎ পরিবর্তিত)

(10)

(*b*) As usual, at a stretch, at all, by hook or by crook, far and near, in a word, at one's finger ends, bag and baggage, in time, from time immemorial, for good, at home in, in consideration of, in front of, in addition to, in respect of, with a view to, as if, as well as, in case.

(*c*) In order that, as soon as, by dint of, with one voice, on foot, by hook or by crook, capital punishment, life and soul, beat black and blue, hard and fast, at a loss, bring to light, in order that, well done.

2. *Make illustrative sentences with the following* :—

(*a*) Carry out, come across, let off, make up, put off, turn up, pass away, set out. (B.S.E. 1953)

(*b*) Come round, deal in, draw up, fall through, hold up, lay by, put out, stand by, tell upon. (B.S.E. 1958)

3. *Illustrate the difference in meaning between* :—

(*a*) (i) take up, take off ; (ii) give in, give up ; sit out, sit for ; (iv) make for, make out. (B.S.E. 1955)

(*b*) (i) break in, break in upon ;
(ii) call at, call in ;
(iii) carry on, carry out ;
(iv) look upon, look down upon ;
(v) put up, put up with ;
(vi) set in, set up ;
(vii) break in, break in upon ;
(viii) turn aside, turn away ;
(ix) come up, come up to ;
(x) come of, come off ;
(xi) pass by, pass through.

PART II

FOR CLASS X

SECTION I

FREE TRANSLATION

CHAPTER I

IDIOMATIC USES OF SOME BENGALI NOUNS

কথা

তিনি এক কথার লোক—He is a man of his word.

তাহার সহিত আমি কথা বলি না—I am not on speaking terms with him.

তাহাকে একবার যখন কথা দিয়াছি আর তাহা ফিরাইতে পারি না—Once I have given him my word, I cannot go back upon it.

সে নিজের কাজে এত ব্যস্ত যে তাহার পরের কথায় থাকিবার সময় নাই—He is so busy with himself that he has no time to bother about others.

ওসব বাজে কথা ছাড়িয়া কাজের কথা বল—Drop that nonsense and come to the point.

এখন কথাটা এই যে কে এবিষয়ে নেতৃত্ব করিবে—Now the question is who will take the lead in the matter.

তিনি কেমন করিয়া সর্বস্বান্ত হইলেন, সে অনেক কথার কথা—It is a long story how he came to lose his all.

ভাল কথা, তোমাদের স্কুলটি চলেছে কেমন?—By the by, how is your school going on?

তাঁহার আজ সন্ধ্যায় এখানে আসিবার কথা আছে—He is expected here this evening.

এ ত ভাল কথা—This is a good idea, to be sure.

টাকার কথা তুলিলে সকলেই চুপ করিয়া রহিল—When the question of money was raised, all kept quiet over it.

তাঁহার সহিত এ বিষয়ে আমার কোন কথা হয় নাই—I had no talk with him on this subject.

দশ হাজার টাকা কি কথার কথা?—Is ten thousand rupees a matter of joke?

আসল কথা, তিনি লোকটাকে আদৌ পছন্দ করেন না—The truth (*or*, fact) is that he does not like the man at all.

কাজ

এই কলমেই আমার কাজ চলিবে—This pen will do for me.

কিন্তু এইটি কোন কাজেই লাগিবে না—But this one will be of no use at all.

এসব কথায় তোমার কাজ কি ?—What have you got to do with all this ?

তিনি যে কোন কাজের ন'ন একথা সকলেই জানে—Everybody knows that he is good for nothing.

তোমার সহিত আমার একটি জরুরী কাজের কথা আছে—I have a very important talk with you.

সে আগাগোড়া মূর্খের মত কাজ করিয়াছিল—He acted the fool all through.

দুই বৎসরের উপর তাঁহার কোন কাজ ছিল না—He was out of employment for over two years.

ঔষধটির দ্রুত কাজ দেখিয়া আমরা আশ্চর্য হইয়াছিলাম—We wondered at the quick action of the medicine.

তাহার পক্ষে ইহা খুব সহজ কাজ হইবে না—It will be no easy job for him.

মাথা

বালিকাটির মাথায় প্রচুর চুল—The girl has a fine head of hair.

আমি ভাবিতেছি তাহার মাথা খারাপ হইল কি না—I wonder if he is off his head.

অঙ্কে ছেলেটির একেবারেই মাথা নেই—The boy has no brains at all for mathematics.

এককালে আইনজীবিগণই আমাদের দেশের মাথা ছিলেন—The lawyers were once the leaders in our country.

মাতা আদর দিয়া ছেলেটির মাথা খাইয়াছেন—The mother has spoiled her son by over-indulgence.

প্রত্যহ নিয়মিতভাবে মাথা আঁচড়াইও—Comb your hair regularly every day.

সে কি মনে করে যে সে আমার মাথা কিনিয়াছে ?—Does he think that I have sold myself to him ?

মন

আমি বক্তৃতাটি আগাগোড়া মন দিয়া শুনিয়াছিলাম—I attended to the lecture from start ro finish.

আমি তাহাকে আমার নিজের ভাইয়ের মত মনে করি—I look upon him as my own brother.

মনের মত চাকর আমার কখনও জুটিল না—I could never find a servant after my heart.

যাহাই কিছু কর না কেন দেখিবে তাঁহার মন পাইবার উপায় নাই—Whatever you may do, you will find that he is very hard to please.

তাহার নামটি আমার মনে পড়িতেছে না—I cannot call up his name.

ঘটনাটি আমার আদৌ মনে নাই—The incident has slipped out of my memory altogether.

মুখ

ছেলেটি বড় মুখচোরা—The boy is very shy.

ফোঁড়াটি মুখ লইয়া উঠিতেছে—The boil is coming to a head.

আমাদের কাছে পুনরায় আসিবার মুখ কি তাহার আছে?—Has he the cheek to approach us again?

অবশেষে ভাগ্যদেবী তাহার প্রতি মুখ তুলিয়া চাহিয়াছেন—Fortune has at last smiled on him

মুখের জোর না থাকিলে কেহ ভাল উকিল হইতে পারে না—One cannot be a good pleader if one lacks the gift of the gab.

তাহার অদ্ভুত আচরণ দেখিয়া সকলে মুখ টিপিয়া হাসিয়াছিল—All laughed in their sleeve to see his queer manners.

তুমি অমন মুখ ভার করিয়া আছ কেন?—Why do you look so gloomy?

হাত

অতুলবাবু হাতভারী লোক—Atul Babu is a close-fisted man.

চোরটি হাতে-নাতে ধরা পড়িয়াছে—The thief has been caught red-handed.

তিনি হাত নাগাদ সব হিসাব চুকাইয়া দিয়াছেন—He has settled all accounts up to date.

ডাক্তার রোগীর হাত দেখিয়া বলিলেন তাহার জ্বর নাই—The doctor felt the pulse of the patient and said that his fever was off.

ছবি আঁকায় তাঁহার হাত খুব পাকা—He is a good hand at painting.

আমি শুনিলাম চাকুরিটি সম্পূর্ণ তাহার হাতেই আছে—I understand that the job is lying entirely at his disposal.

পা, পদ

অনেক জন্তু আছে যারা চারি পায়ে হাঁটে—There are many animals that walk on all fours.

তাহাকে প্রায় প্রতিপদেই বিপদের সহিত সংগ্রাম করিতে হইয়াছিল—He had to struggle with difficulty almost at evey step.

অফিসে কোন পদ খালি নাই—There is no post vacant in office.

আর এক পা বাড়াইলে বিপদে পড়িবে—Take one step forward and you court danger.

Exercise 1

Translate into English :—

(a) ডাক্তার রোগীর হাত দেখিয়া বলিলেন তাহার জ্বর হইয়াছে। সুশীল বাবুর মাথা যে খারাপ হইয়াছে সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। সাবধানে না চলিলে তোমাকে পদে পদে ঠকিতে হইবে। তাহাকে মাথার ঘাম পায়ে ফেলিয়া (by the sweat of his brow) টাকা উপার্জন করিতে হয়। কাজের লোকের আদর (comes to be appreciated) সর্বত্র। সে ত বেশ ভাল কথাই বলিয়াছে। তিনি আমাকে তাঁহার পুত্রের মতই মনে করিতেন। রোগের জীবাণু (germs) চর্মচক্ষে দেখা যায় না (not visible to)।

(b) আমি এই ব্যাপার লইয়া আদৌ মাথা ঘামাইতে প্রস্তুত নহি। চোরটি আমাদের চোখে ধূলা দিয়া পলাইয়া গেল। তুমি যদি পরিশ্রম কর, ভগবান্ তোমার প্রতি মুখ তুলিয়া চাহিবেন। এ বিষয়ে সম্ভবতঃ তাঁহার কোন হাত ছিল না (had no hand in)। তিনি যে উপদেশ দিলেন, উহা সর্বদা মনে রাখিও। তাহার বীরোচিত কাজ সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। চোরেরা পূর্ব হইতেই বাড়ির চাকরটাকে হাত করিয়া (win over) লইয়াছিল।

CHAPTER II

IDIOMATIC USES OF SOME BENGALI ADJECTIVES

ভাল

ঈশ্বর তোমার ভাল করুন—May God bless you.

সে অঙ্কে খুব ভাল—He is very strong in mathematics.

তাহার অসুখ ভাল হইয়াছে—He has recovered from illness.

এ কাজ করলে তোমার ভাল হবে না—It will go hard with you if you do this.

কাল রাত্রিতে আমার ভাল ঘুম হয় নাই—I had no sound sleep last night.

ভাল দিন—an auspicious day. ভাল খবর—good news. ভাল কাপড়-চোপড়—fine clothes. ভাল মানুষ—a good-natured man

মন্দ

এ আমোদ মন্দ নয়—This is pretty good fun.

সে বড় মন্দ কথা বলে নাই—He has made a rather good suggestion.

তাহার কপাল মন্দ তাই অসময়ে তাহার বাবা মারা গেলেন—Unluckily for him, his father died before his time.

আজকাল পাটের বাজার বড় মন্দা—The jute market is very dull nowadays.

যদি নিতান্তই মন্দ ঘটে, আমি আর কি করিতে পারি—If the worst comes to the worst, I cannot help it.

মন্দ ভাগ্য—bad luck. মন্দ গতি—slow movement. মন্দ মন্দ বায়ু—a gentle breeze

বড়

মদন সর্বদাই বড় বড় কথা বলে—Madan always talks big.

বড়বাবু মোটা মাহিনা পান—The head clerk gets a fat salary.

আমি বড় লোকদের সংস্রব এড়িয়ে চলি—I keep away from big people.

বড় ভাই—an elder brother. বড় দিন—Christmas. বড় বংশ—a high family. বড় রাস্তা—a big road. বড় গোলমাল—a great noise. বড় বিপদ্—a great danger

ছোট

তুমি এসব ছোট কথায় থাক কেন ?—Why do you bother about these small matters ?

এসব ছোটখাট জিনিস লইয়া তোমাদের ঝগড়া করা উচিত নয়—You should not quarrel over these trifles.

ছোট লোক—a mean fellow. ছোট বাড়ি—a small house. ছোট ভাই—a younger brother. ছোট শিশু—a little child

মোটা

ঐ লোকটির বুদ্ধি একেবারে মোটা—That man is a blockhead.

তিনি একটি মোটা দাঁও মারিবার চেষ্টায় আছেন—He is trying for a big hunt.

আমি মোটা চালচলনই পছন্দ করি—I like a plain style of living.

মোটা ভাত মোটা কাপড়ের জোগাড় করিতে পারিলে আমি আর কিছু চাই না—If I can get the barest necessaries of life, I shall want nothing else.

মোটা চাউল—coarse rice. মোটা বেতন—a fat salary. মোটা কাগজ—thick paper. মোটা বুদ্ধি—dull understanding

সরু

সরু চাউল—fine rice. সরু সুতা—fine yarn. সরু গলা—a low voice. সরু কলম—a pointed pen. সরু গলি—a narrow lane. সরু কোমর—a slender waist

পাকা

ছেলেটি ইচড়ে পাকা—The boy is precocious.

আমি তাহাকে আমার পাকা কথা দিয়াছি—I have given him my final word.

কাজটি গ্রহণ করিবার পূর্বে তাহার সহিত কথা পাকাপাকি করিয়া লইও—Have all terms settled with him before you take up the work.

পরীক্ষা অন্তে দেখা গিয়াছে তিনি পাকা সোনা—He has been tested and found to be pure gold.

পাকা বাড়ি -a brick-built house. পাকা রাস্তা—a metalled road. পাকা কাঠ—seasoned wood. পাকা চোর—a confirmed thief. পাকা মাতাল—a dead drunkard. পাকা চুল—grey hair. পাকা রং—a fast colour. পাকা খবর—an authentic news. পাকা বদমায়েস—a hardened criminal

কাঁচা

সে ইংরেজীতে কাঁচা—He is very weak in English.

তাহার হাতের লেখা কাঁচা—His handwriting is immature.

অফিসের কাজে সে কাঁচা লোক—He is a raw hand in office work.

কাঁচা মাংস—raw meat. কাঁচা আম -a green mango. কাঁচা বাড়ি —mud-built house. কাঁচা রুটি—unbaked bread. কাঁচা দুধ—unboiled milk. কাঁচা বয়স—tender age. কাঁচা লোক—an inexperienced man

নরম

নরম মেজাজ—a mild temper. নরম মাটি—soft soil. নরম বাজার —a dull market. নরম বিছানা—a soft bed. নরম ভাষা—mild language. নরম মাছ—slightly rotten fish

গরম

তিনি এক গরম বক্তৃতা দিলেন—He made an exciting speech.

এই দৃশ্য দেখিয়া তাহার রক্ত গরম হইয়া উঠিল—His blood was up as he saw the sight.

টাকার গরমে একদিন তিনি দুনিয়াকে গ্রাহ্য করিতেন না—Once he defied the world for his pride of purse.

গরম দুধ—hot milk. গরম কাপড়—warm clothes. গরম নাড়ী—rapid pulse. গরম মেজাজ—hot temper. গরম গরম খবর—latest news. গরম খাদ্য—rich food. মাথা-গরম লোক—a hot-headed fellow. গরম কথা—hot words

শক্ত

হরিবাবু বড় শক্ত লোক—Hari Babu is a hard man to deal with.

আমি তাহাকে বেশ শক্ত দুকথা শুনাইয়া দিলাম—I gave him a bit of my mind.

শক্ত প্রশ্ন—a stiff question. শক্ত সমস্যা—a hard problem. শক্ত অসুখ—a serious disease. শক্ত মাংস—tough meat. শক্ত কাজ—a hard task. শক্ত মাটি—hard soil. শক্ত লোক—a strict man

ঠিক

তুমি ঠিক চারটায় আসিবে—You will come just at four.

আমি ঠিক জানি যে তিনি এখন আর চাকুরি করেন না—I know it for certain that he is no longer in service.

তাহার কথার কোন ঠিক নাই—He is not a man of his word.

ঠিক সময়ে—in time. ঠিক উত্তরে—due north

ঘন

ঘন চুল—thick hair. ঘন কুয়াসা—dense fog. ঘন দুধ—condensed milk. ঘন শ্বাস—quick breathing. ঘন বসতি—thick population. ঘন অন্ধকার—deep darkness. ঘন বন—a dense forest. ঘনবসতিপূর্ণ স্থান—a congested area. ঘন পদার্থ—solid matter

ভয়ানক

সে একজন ভয়ানক লোক—He is a dangerous man.
আজ ভয়ানক শীত পড়েছে—It is awfully cold today.

ভয়ানক দৃশ্য --a horrible sight. ভয়ানক শব্দ—a dreadful sound. ভয়ানক অগ্নিকাণ্ড—a terrible fire. ভয়ানক হত্যাকাণ্ড—an atrocious murder

Exercise 2

Translate into English :—

(a) তাহার শরীর ভাল যাইতেছে না (not keeping good health)। আমি সোজা পাকা রাস্তা ধরিয়া অগ্রসর হইলাম। এ ধরনের কাজে সে একেবারেই পাকা নয়। বন্যায় অসংখ্য কাঁচা বাড়ি ভাসিয়া গিয়াছে (have been washed off)। সে বড় বড় লোকের সঙ্গে ঘুরিয়া বেড়ায় (in high circles)। তাহার মত ছোটলোক তুমি কম দেখিতে পাইবে। "মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় করে নে রে ভাই।"

(b) আমি ঠিক সময়ে স্টেশনে পৌছাইতে না পারায় গাড়িটি পাইলাম না (missed)। তাহার বিবাহের কথা পাকা হইয়া গিয়াছে। কোন কোন অসভ্য জাতি এখনও কাঁচা মাংস খায়। সম্প্রতি আমাদের শহরে একটি ভয়ানক ডাকাতি হইয়া গিয়াছে। বিমলের অসুখ এখনও ভাল হয় নাই। আজকাল সরু চাউলের দাম খুব বেশি। এবারকার পরীক্ষার প্রশ্নগুলি খুব সহজ হইয়াছে। আজ সমস্ত দিন আকাশ মেঘে আচ্ছন্ন হইয়া আছে।

CHAPTER III

IDIOMATIC USES OF SOME BENGALI VERBS

উঠা

এখনও রৌদ্র উঠে নাই—The sun is not up as yet.

আমাদের গ্রামের স্কুলটি উঠিয়া গিয়াছে—The school in our village has been abolished.

তাহার মাথার চুল উঠিয়া যাইতেছে—The hair of his head is falling off.

একটি গুজব উঠিয়াছে যে রামবাবু আবার বিবাহ করিবেন—There is a rumour in the air that Ram Babu will marry again.

আমরা বৃদ্ধ লোকটিকে আমাদের গাড়িতে উঠাইয়া লইলাম—We gave the old man a lift in our car.

এই কথা শুনিয়া সে রাগিয়া উঠিল—He flew into a rage as he heard this.

আমরা আগামী রবিবার এই বাড়ি হইতে উঠিয়া যাইব—We shall shift from this house on Sunday next.

উত্তীর্ণ ছাত্রদের তালিকায় তাহার নাম উঠে নাই—His name does not appear in the list of successful candidates.

গাছে উঠা—to climb a tree. দোকান উঠাইয়া দেওয়া—to close down a shop. দাঁত উঠা—to cut a tooth. সকালে উঠা—to get up early. গাড়িতে উঠা—to get into a carriage

কাটা

তুমি সুতা কাটিতে জান কি ?—Do you know how to spin ?

শেষের এই কথাটি কাটিয়া দাও —Scratch out this last word.

আমার সময় কাটিতে চাহে না—Time hangs heavy on me.

তিনি বড় কষ্টে দিন কাটাইতেছেন—He is having a very hard time of it.

তাহার বইখানি হু হু করিয়া কাটিতেছে—His book is selling like hot cakes.

পোকায় আমার কয়েকখানি দামী কাপড়-চোপড় কাটিয়া দিয়াছে—Moths have eaten into some of my costly garments.

স্কুলের বেতন না দেওয়ায় তাহার নাম কাটা গিয়াছে—His name has been struck off the rolls for non-payment of school fees.

একটি ভিক্ষুক আজ ট্রেনের নীচে কাটা পড়িয়াছে—A beggar has been run over by a train today.

শস্য কাটা—to reap corn, কাঠ কাটা—to hew wood. পেন্সিল কাটা—to sharpen a pencil. গাছ কাটা—to fell a tree. আঙুল কাটা—to cut a finger. চুল কাটা—to clip hair

খাওয়া

এখানকার কয়েকজন কর্মচারী যখন-তখন ঘুষ খায়—Some of the employees here take bribe right and left.

তিনি হীরেন বাবুর চাকুরি খাওয়ার মতলব করিতেছেন—He is planning to get Hiren Babu sacked.

তিনি যে শেষ মুহূর্তে ডিগবাজী খাইবেন কে জানিত?—Who knew that he would take a somersault at the last moment ?

তোমাকে আজ বেশ একচোট বকুনি খাইতে হইবে—You are in for a good scolding today.

ভাত খাওয়া—to have one's meals. চুরুট খাওয়া—to smoke cigars. হোঁচট খাওয়া—to stumble. বেত খাওয়া—to get a caning. পান খাওয়া—to chew betel leaves. দুধ খাওয়া—to drink milk

খাটা, খাটানো

এ ক্ষেত্রে এ নিয়ম খাটে না—This rule does not hold good here.

তিনি তাঁহার ব্যবসায়ে অনেক টাকা খাটাইয়াছেন—He has invested a big amount in his business.

তাহার কাছে তোমার এসব চালাকি খাটিবে না—You will not be able to outwit him by all these tricks.

লোককে কি করিয়া খাটাইতে হয় তাহা তিনি জানেন—He knows how to make people work.

মশারি খাটানো—to put up a mosquito curtain. তাঁবু খাটানো—to pitch a tent. সুদে টাকা খাটানো—to lend money at interest

খোলা

ভিতরে যাইবার পূর্বে জুতা খুলিয়া ফেল—Put off your shoes before you go in.

আমাদের গ্রামে শীঘ্রই একটি স্কুল খোলা হইবে—A school will soon be started in our village.

আগামী সোমবার আমাদের স্কুল খুলিবে—Our school will reopen on Monday next.

আমি তাঁহার সহিত মন খুলিয়া কথা বলিয়াছিলাম—I opened my heart to him.

সে সব কথা খুলিয়া বলিল না বলিয়া আমি বিরক্ত হইলাম—I felt disgusted as he minced matters.

এই বন্দীর শৃঙ্খল খুলিয়া দাও—Take off the chains of this prisoner.

নৌকা খোলা—to unfasten a boat. দরজার তালা খোলা—to unlock a door. টুপি খোলা—to take off a hat. গেরো খোলা—to untie a knot. (জামা, কাপড়) খোলা—to put off

চলা, চলানো, চালানো, চালান

আমার ভজুয়া চাকরটি না হইলে চলে না—I cannot do without my servant Bhajua.

তোমার পড়াশুনা কেমন চলিতেছে ?—How are you getting on with your studies ?

এই নিয়মটি আগামী ১লা অক্টোবর হইতে চলিতে থাকিবে—This rule will come into force from 1st October next.

তাঁহার বিরুদ্ধে একটি বড়যন্ত্র চলিতেছিল—A conspiracy was being hatched up against him.

এই অল্প আয়ে আমার সংসার চালানো দায়—It is difficult for me to maintain my family with this small income.

ইহাতে আমার কাজ চলিবে না—This will not serve my purpose.

এই কুপ্রথাটি এখনও চলিতেছে—This evil custom is still in vogue.

পুলিস দশজন লোককে বিচারের জন্য চালান দিয়াছে—The police have sent up ten men for trial.

সে প্রায় ছয়মাস ধরিয়া জোর ব্যবসায় চালাইতেছে—He has been carrying on a brisk business for about six months.

এই ঘড়িটি ঠিক চলিতেছে না—This watch is not keeping good time.

পাখাটা চালাইয়া দাও—Please start the fan.

তিনি নিজেকে একজন নেতা বলিয়া চালাইতে চান—He wants to pass for a leader.

বিদেশে মাল চালান দিবার উদ্দেশ্যে তাহারা একটি কোম্পানি গঠন করিয়াছে—They have formed a company to export goods to foreign countries.

ছাড়া, ছাড়ানো

সিদ্ধার্থ অল্প বয়সে সংসার ছাড়িয়া সন্ন্যাস গ্রহণ করেন—Siddhartha renounced the world at an early age and became an ascetic.

আমার মনে হয় এখন তাহার জ্বর ছাড়িয়াছে—I think his fever is off now.

কোন মতেই তোমার এই সুযোগ ছাড়া উচিত নয়—You should not let slip this opportunity on any account.

কবিতাটি আবৃত্তি করিবার সময় সে কয়েকটি লাইন ছাড়িয়া গেল—While reciting the poem, he skipped over a few lines.

রোগীটির নাড়ী ক্রমশঃ ছাড়িয়া যাইতেছে—The pulse of the patient is sinking gradually.

একবার যদি কোন কু-অভ্যাস কর, উহা ছাড়িতে কষ্ট হইবে—Once you get into a bad habit, it will be hard for you to break it off.

আমি আমার চাকরটিকে ছাড়াইয়া দিয়াছি—I have dismissed my servant.

ম্যাজিষ্ট্রেট ছেলেটিকে ধমক দিয়া ছাড়িয়া দিলেন—The magistrate let the boy off with a warning.

সে রোজ রাত্রে তাহার কুকুরটিকে ছাড়িয়া দেয়—He lets his dog loose every night.

লোকটি এখন আমার হাতছাড়া হইয়া গিয়াছে—The man is out of my control now.

মা আমাকে ছাড়িয়া থাকিতে পারেন না—Mother cannot live away from me.

তোলা

তিনি পতাকাটি তুলিলে আমরা সকলে উহাকে নমস্কার করিলাম—As he hoisted the flag, we all saluted it.

সে আমাকে প্রায় পাগল করিয়া তুলিয়াছে—He has driven me almost mad.

মতিবাবু তাঁহার কারবারটি তুলিয়া দিয়াছেন—Mati Babu has wound up his business.

ডাক্তার আমাকে একটি দাঁত তুলিয়া ফেলিতে পরামর্শ দিয়াছেন—The doctor has advised me to get one of my teeth extracted.

জল তুলিবার জন্য তোমার একটি লোক নিযুক্ত করা উচিত—You should engage a man for drawing water.

সভায় হাত তুলিয়া ভোট গ্রহণ করা হইয়াছিল—Votes were taken at the meeting by show of hands.

দেওয়া

এ বৎসর সে পরীক্ষা দিবে না—He will not appear at the examination this year.

তোমাকে ইহা করিতে দেওয়া হইবে না—You will not be permitted to do it.

আমি একদিন তাঁহার সহিত তোমার পরিচয় করাইয়া দিব—I shall introduce you to him some day.

যে কাজ ফাঁকি দেয়, আমি তাহাকে পছন্দ করি না—I do not like a man who shirks his duty.

সে আমাকে কষ্ট দিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু পারে নাই—He tried to put me to trouble but could not do so.

ভাল আবৃত্তির জন্য অশোককে একটি পুরস্কার দেওয়া হইয়াছিল—Ashok was awarded a prize for good recitation.

তিনি আমাকে সাহস দিয়া বলিলেন যে আমার ভয় পাইবার কিছুই নাই—He cheered me up and said that I had nothing to be afraid of.

এই বাড়ি ভাড়া দেওয়া যাইবে—This house is to let.

অনর্থক কাহারও দোষ দিও না—Do not find fault with a man for nothing.

গালি দেওয়া তাহার অনেকটা স্বভাব হইয়া দাঁড়াইয়াছে—It has become a part of his nature to vilify others.

তুমি এতদিন গা-ঢাকা দিয়া ছিলে কেন?—Why did you make yourself scarce so long?

ধরা

গাছটিতে ফুল ধরিয়াছে—The tree is in flower.

তাঁহার চুলে পাক ধরিয়াছে—His hair is growing grey.

একথা আমার মনে ধরে না—This does not appeal to my mind.

গাছটিতে এখনও ফল ধরে নাই—The tree has not yet borne fruit.

আমি সকালের গাড়িটা ধরিতে পারি নাই—I missed the morning train.

এই হলঘরে প্রায় এক হাজার লোক ধরে—This hall can accommodate about one thousand people.

একটি বালক অন্ধ লোকটির হাত ধরিয়া লইয়া যাইতেছিল—A boy was leading the blind man by the hand.

লোকটি সব জিনিসেরই দোষ ধরে—The man finds fault with everything.

এতদিন লোককে ঠকাইয়া আসিয়া এবার তাহার চাতুরী ধরা পড়িয়াছে—He cheated people so long but now he has been found out.

নূতন জামা-কাপড় পরিয়া মেয়েটির আনন্দ আর ধরে না—With her new clothes on, the girl is beside herself with joy.

তিনি আমাকে গোটাকয়েক টাকা ধার দিবার জন্য খুবই ধরিয়াছেন—He is pressing me hard for a small loan.

তিনিই আমার ভুলটি ধরিয়া দিলেন—It was he who pointed out my mistake.

ধর তোমাকে সর্বময় কর্তৃত্বের ক্ষমতা দেওয়া হইল, তাহা হইলে তুমি কি করিবে?—Suppose, you are given the powers of a dictator, what will you do then?

পড়া

তাহার স্বাস্থ্য ভাঙিয়া পড়িয়াছে—His health has broken down.

লোকটি আমার ঘড়িটি লইয়া সরিয়া পড়িল—The man slipped off with my watch.

এই জমিখানি বহুদিন পড়িয়া আছে—This plot of land has been lying fallow for a pretty long time.

ঝড়ে, অনেকগুলি বাড়ি পড়িয়া গিয়াছে—Many houses have been blown down by the storm.

এক বৃদ্ধ ভিক্ষুক গাড়ি চাপা পড়িয়াছে—An old beggar has been run over.

তিনি আবার এক নূতন ফ্যাসাদে পড়িয়াছেন—He has got into a fresh trouble.

পুত্রের মৃতদেহ দেখিয়া মাতা মূর্চ্ছিত হইয়া পড়িলেন—The mother fainted away (*or* fell into a swoon) as she saw the dead body of her son.

তাহার রাগ কিছুটা পড়িয়া আসিয়াছে—He has cooled down to some extent.

এই বাড়িখানি তৈয়ারী করিতে আপনার কত টাকা পড়িয়াছে?—How much has it cost you to build this house?

বর্ষা পড়িলেই তিনি এখানে আসিবেন—He will come here as soon as the rains have set in.

লাগা

আমার সর্দি লাগিয়াছে—I have caught cold.

এই আমটি টক লাগছে—This mango tastes sour.

সে লিখিয়াছে তাহার আরও টাকা লাগিবে—He has written to say that he requires more money.

এই কৃত্রিম শহুরে জীবন আমার ভাল লাগে না—I am tired of this artificial life in the city.

তাহার হাতের কব্জিতে খুব লাগিয়াছে—He has been badly hurt in the wrist.

ভুক্তভোগী জানে জুতায় কোথায় লাগে—The wearer knows where the shoe pinches.

তাঁহার মন্তব্যগুলি আমার প্রাণে বড় লাগিয়াছিল—His remarks cut me to the quick.

একবার কোন কাজ করিতে আরম্ভ করিলে উহাতে লাগিয়া থাকিও—Stick to a work, once you begin it.

এই সামান্য বিষয় লইয়া এত হৈ-চৈ লাগাইবার কোন অর্থ হয় না—There is no point in making such a fuss over this small affair.

ঠিক মধ্যরাত্রিতে বাড়িখানায় আগুন লাগিয়াছিল—The house caught fire just at midnight.

তাহার ভাব-সাব আমার আদৌ ভাল লাগে নাই—I did not like his attitude at all.

সে সর্বদাই আমার পিছনে লাগিয়া আছে—He is always at me.

চাবিটি তালায় লাগিতেছে না—The key does not fit the lock.

এখান হইতে স্টেশনে পৌঁছাইতে কত সময় লাগে ?—How long does it take to reach the station from here ?

তোমার এখন হইতে উঠিয়া পড়িয়া লাগা উচিত—You should be up and doing from now on.

গায়ে রৌদ্র লাগাইও না—Do not expose yourself to the sun.

রাখা

এ প্রস্তাব এখন রেখে দাও—Drop this proposal now.

আমি আপনার অনুরোধ রাখিতে পারিলাম না বলিয়া দুঃখিত—I am sorry I could not comply with your request.

ছেলেটির কি নাম রাখা হইয়াছে ?—What name has been given to the child ?

আমাকে শীঘ্রই একটি চাকর রাখিতে হইবে—I shall have to engage a servant soon.

বিদ্যাসাগরের নাম অনুসারে এই স্কুলটির নাম রাখা হইয়াছে—This school has been named after Vidyasagar.

আমি আমার উদ্বৃত্ত টাকা সাধারণতঃ ইম্পিরিয়াল ব্যাঙ্কে রাখি—Generally I deposit my savings in the Imperial Bank.

তিনি তাঁহার পুত্রদের জন্য বিশাল সম্পত্তি রাখিয়া গিয়াছেন—He has left behind vast properties for his sons.

খুঁটিনাটি বিবরণ আমি মনে রাখিতে পারি না—I have a bad memory for details.

বাঁধা

তিনি তাঁহার কন্যার বিবাহের ব্যয়ের জন্য সমস্ত সম্পত্তি বাঁধা দিয়াছেন—He has mortgaged all his properties to meet the expenses of his daughter's marriage.

তুমি তোমার কুকুরটিকে বাঁধিয়া রাখ না কেন?—Why don't you chain your dog?

কন্‌স্টেবল গুণ্ডাটিকে হাতকড়ি দিয়া বাঁধিয়া ফেলিল—The constable secured the goonda (ruffian) with hand-cuffs.

তিনি আজকাল বাঁধা মাহিনা ছাড়া আর কিছুই পান না—He gets nothing more than a fixed salary nowadays.

বাধা, বাধানো

নৌকাখানি চড়ায় বাধিয়া গেল—The boat ran aground.

তাহার কথায় আমার মনে একটা খটকা বাধিয়াছে—I have had a misgiving at his words.

প্রথম মহাসমর কবে বাধিয়াছিল বলিতে পার কি?—Can you say when the First Great War broke out?

লোকের মধ্যে ঝগড়া বাধাইতে সে ওস্তাদ—He is an expert in setting people by the ears.

তুমি তাহার সহিত প্রায়ই ঝগড়া বাধাও কেন?—Why do you pick a quarrel with him so often?

সহা

আমি এখানকার এই কন্‌কনে শীত সহিতে পারিতেছি না—I cannot stand the biting cold of this place.

জীবনে অনেক দুঃখ-কষ্ট সহিয়া এখন তিনি অদৃষ্টের কাছে আত্মসমর্পণ করিয়াছেন—Suffering much in his life he has now resigned himself to his lot.

এখানকার জলবায়ু আমার সহে না—The climate of this place does not suit me.

ভাঙা

আমাকে এই নারিকেলটি ভাঙিয়া দাও—Please crack this cocoanut for me.

অতিরিক্ত খাটুনিতে তাহার শরীর ভাঙিয়া গিয়াছে—He has broken down under excessive labour.

এই দশটাকার নোটখানি ভাঙাইয়া দিতে পার ?—Can you cash this ten-rupee note ?

উপর্যুপরি বিপদে তাহার সাহস ভাঙিয়া গেল—Successive troubles crushed all spirit in him.

আমার ঘুম ভাঙিয়া গেলে আমি আর তাহাকে দেখিতে পাইলাম না—When I woke up, I could no more find him.

তিনি চিৎকার করিয়া গলা ভাঙিয়াছেন—He has cried himself hoarse.

টাকা ভাঙিবার অপরাধে তাহার বিচার চলিতেছে—He is being tried on a charge of misappropriation of money.

সে বুঝিয়াছিল যে তাহার কপাল ভাঙিয়াছে—He realised that he was doomed.

Exercise 3

Translate into English :—

(a) জলের কলটি খুলিয়া দাও (turn on)। বাজারে আজ অনেক ইলিশ মাছের আমদানি ছিল। কিন্তু দুঘণ্টার মধ্যে সবই উঠিয়া গেল (sold out)। তাহার কারবার আজকাল ভাল চলিতেছে না। কাল আমার চুল কাটিতেই হইবে। আমার সামান্য আয়ে আমার দিন চলে না (cannot make both ends meet)। তাঁহার কাছে এরূপ মিথ্যা ওজর (such a lame excuse) খাটিবে না। তোমার যখন দেখা পাইয়াছি, আজ আর তোমাকে ছাড়িব না। প্রথম লিস্টে তাহার নাম উঠে নাই।

(b) এরূপ করিলে তোমাকে পুনরায় বেত খাইতে হইবে। সম্প্রতি আমাদের গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় (a charitable dispensary) খোলা হইয়াছে। সে সুযোগ ছাড়িয়া দিয়া মস্ত ভুল করিয়াছে। ভ্রমণকারীর (tourists) দল একটি মাঠের মধ্যে তাঁবু খাটাইয়া আছে। কর্মচারীটি ঘুষ খাইত বলিয়া তাহার চাকুরী গিয়াছে। ছেলেটির জ্বর এখনও ছাড়ে নাই বলিয়া তাহার পিতা খুব চিন্তিত হইয়া পড়িয়াছেন।

(c) সে যে এত শীঘ্র লেখাপড়া ছাড়িয়া দিবে তাহা আমি কখনও ভাবিতে পারি নাই। যে কাজে ফাঁকি দেয়, সে কখনও জীবনে উন্নতি লাভ করিতে পারে না। সে আমার চাকুরিটি খাইবার চেষ্টায় আছে। আরও জোরে না গেলে ট্রেনটি ধরিতে পারিবে না। আমি আমার ভাইয়ের চাকুরির জন্ত তাঁহাকে বিশেষভাবে ধরিয়াছি। তিনি বহু ঋণ রাখিয়া মারা গিয়াছেন। সে কোন কথা গোপন রাখিতে (keep anything to himself) পারে না, তাহা ত তুমি জান।

(d) ধর তোমাকে যদি পাঁচ হাজার টাকা দিই, তবে তুমি উহা লইয়া কি কর? সে তাহার স্ত্রীর গহনা বাঁধা দিয়া (to pawn) কিছু টাকার যোগাড় করিয়াছে। আমাদের মধ্যে ঝগড়া বাধাইয়া দিয়া সে সরিয়া পড়িল। অনেক অপমান চুপ করিয়া সহিয়া অবশেষে সে বিদ্রোহী হইল (revolted)। স্বাধীনতা দিবসে (on the Independence Day) আমরা আমাদের স্কুলে জাতীয় পতাকা তুলিয়াছিলাম। একমাত্র পুত্রের মৃত্যুতে তিনি একেবারে ভাঙ্গিয়া পড়িয়াছেন।

CHAPTER IV

MISCELLANEOUS IDIOMATIC AND COLLOQUIAL EXPRESSIONS

তাহার যে কথা সেই কাজ—He is *as good as his word.*

তুমি সব কথায় ঠোকর দাও কেন?—Why do you *carp at* everything said?

একথাটা কখনও আমার মনে আসে নাই—This idea *never crossed my mind.*

এ সবই বাজে কথা—This is all *stuff and nonsense.*

তুমি কি চুপি চুপি কথা বলিতে পার না ?—Can't you *speak under your breath ?*

তাহার লম্বা-চওড়া কথা শুনিয়া আমি আর পারি না—I feel bored by his *tall talks.*

তুমি বেশ একটি মজার গল্প বানাইয়াছ দেখিতেছি—You have *cooked up* a nice story, I see.

সে যখনই পারে আমার নিন্দা করে—He *runs me down* whenever he can.

তিনি আমাকে প্রশংসা করিয়া আকাশে তুলিলেন—He *lauded me up to the skies.*

সে আমাকে সাধারণের চক্ষে হেয় করিবার সর্বপ্রকার চেষ্টা করিতেছে —He is trying by all means to *drag me down* in public estimate.

কে জানে তাহার কি গুপ্ত অভিসন্ধি আছে—Who knows what motive he may have *up his sleeve* !

আমি আমার সকল কথা খুলিয়া বলিয়াছি—I have *placed all my cards on the table.*

আমার কাছে ঢাক-ঢাক গুড়-গুড় নাই- I can *call a spade a spade.*

আমি তাহার কথা নির্বিচারে বিশ্বাস করিয়া লইলাম—I *took him at* [illegible]

সে যাহা বলে তাহার কিছুটা বাদসাদ দিয়া লইও—Take what he [illegible]

আমরা ইহা ধরিয়াই লইয়াছিলাম যে তাহার কোন দোষ নাই—We *took it for granted* that he was innocent.

সে বেশ ফেনিয়ে ফেনিয়ে গল্প বলতে পারে—He can *spin out* nice stories.

কে এই গাঁজাখুরি গল্প বিশ্বাস করিবে?—Who will believe this *cock and bull story*?

আমি তার মত চুনোপুঁটির তোয়াক্কা করি না—I do not care for *small fry* like him.

তিনি কেমন ক্যাবলা গোছের লোক—He is a *goody-goody* fellow.

তাহার মাথায় কেমন যেন একটু ছিট আছে—He seems to have *a screw loose* in his head.

তিনি হিন্দু-মহাসভার একজন মস্ত বড় চাঁই—He is *a big gun* of the Hindu Mahasabha.

লোকে বলে তিনি একটি বকধার্মিক—People say that he is a *wolf in sheep's clothing.*

আমি তাহার চরিত্রের নাড়ী-নক্ষত্র জানি—I know the *ins and outs* of his character.

তাঁহার হাত দিয়া জল গলে না—He is a *close-fisted* man.

তিনি বড় শক্ত লোক—He is a very *hard nut to crack.*

আজকাল আমাদের নেতাদের কতক চাকুরি-বাকুরির ভাগ-বাটোয়ারা লইয়া ব্যস্ত—Some of our leaders are now after *the loaves and fishes of office.*

ডাঃ শ্যামাপ্রসাদ ছিলেন বাপের বেটা—Dr. Shyamaprasad was a *chip of the old block.*

তিনি একাই একশ—He is *a host in himself.*

ধনীর ঘরে জন্মগ্রহণ করিয়া সে আলালের ঘরের দুলাল হইয়াছে—*Born with a silver spoon in his mouth* he has been spoiled altogether.

তাহার মত ঝুনো লোককে মিষ্ট কথায় ভোলানো চলে না—He is *too old a bird to be caught with chaff.*

তাহাদের মধ্যে অহি-নকুল সম্বন্ধ—They are *at daggers drawn* with each other.

তাঁহার তিনকাল গিয়া এককালে ঠেকিয়াছে—He has now *one foot in the grave.*

তাহারা সব ব্যাপারেই তাঁহাকে নাকে দড়ি দিয়া চালনা করে—They *lead him by the nose* in all affairs.

তিনি সমস্ত দায়িত্ব এড়াইয়া দূরে সরিয়া থাকিলেন—He *washed his hands clean* of all responsibilities and stood aloof.

সে আড়ালে থাকিয়া এই লোকগুলিকে যেমন খুশি নাচাইয়াছিল—He *pulled the wire* from behind and made these people *dance to his tune.*

অক্ষয়বাবু জীবনে কখনও কাহারও পোঁ ধরিয়া চলেন নাই—Akshay Babu never *played the second fiddle* to anybody in his life.

আশুবাবু স্কুলের সম্পাদক মহাশয়কে খোসামোদ করিয়া অনুগ্রহ লাভের চেষ্টায় আছেন—Ashu Babu is *currying favour* with the secretary of the school.

ভণ্ডামি তাহার যেন মজ্জাগত—Hypocrisy seems to have been *bred in his bone.*

তাহার পেটে কথা থাকে না—He can't *keep anything to himself.*

জুয়াচোরটি আমাকে ফাঁকি দিয়া চম্পট দিল—The cheat *gave me the slip.*

সে আমাকে বোকা বানাইয়া দিল—He *made a fool of* me.

তাহার সবতাতেই গদাইলস্করী ভাব—He is a confirmed *slow-coach.*

তিনি ভাব-জগতের লোক—He *lives in a world of imagination.*

আশুতোষ ছাড়িবার পাত্র ছিলেন না—Ashutosh was not the man *to give way.*

বোকা বলিয়া যাহার যাহা খুশি তাহাকে দিয়া করাইয়া লইতে পারে —Being foolish, he may be *made a cat's paw of* by anybody.

বয়স কম হইলেও তাহার বুদ্ধি পাকা—He has *an old head on young shoulders.*

তাহার মগজে কিছু নাই—He has *no brains in his head.*

সম্প্রতি আমার সব কিছুই গোলমাল হইয়া যাইতেছে—Of late, everything is *going wrong with me.*

আমি তাহার সহিত একটা বোঝাপড়া করিতে চাই—I want to *have it out with him.*

সে যদি মনে করিয়া থাকে যে আমি তাহার চালাকি ধরিতে পারি নাই, তবে সে মহামূর্খ—He must be *living in a fool's paradise,* if he thinks that I cannot *see through his game.*

এই ভয়ানক লোকটিকে দূরে রাখিও, সে টাকার জন্য সব কিছু করিতে পারে—*Keep* this dangerous man *at arm's length*; he is *up to anything* for money.

এখান থেকে সরে পড় বলছি, নইলে অদৃষ্টে বেশ কিছু আছে—*Pack up* at once, or things will *go very hard with you.*

তাহাকে মুখ বুজিয়া এই অপমানটি সহ্য করিতে হইল—He had to *swallow up* this insult quietly.

তুমি যেভাবে তাহাকে ঠকাইয়াছিলে সেও সেইভাবে তোমাকে ঠকাইল —He has *paid you back in your own coin.*

সে সব কাজই একটু-আধটু জানে কিন্তু কোনটাই ভাল জানে না—He is a *jack of all trades but master of none.*

একমুখে দুই কথা বলিতে সে একটুও দ্বিধা বোধ করে না—He feels no scruple whatsoever in *blowing hot and cold with the same breath.*

সে আমার উপহারটি ভাল মনে গ্রহণ করে নাই—He did not accept my gift *with a good grace.*

সে যে শেষ পর্যন্ত পাশ করিয়াছে, ইহাই তাহার বাহাদুরি—That he has passed after all *redounds to his credit.*

তাহাদের গতিবিধি দেখিয়া তোমার সন্দেহ করা উচিত ছিল—You should have *suspected foul play* after you had watched them.

দুঃখ কি, আমাদের সকলেরই এক অবস্থা—Don't grieve, we all *sail in the same boat.*

তিনি ভয় খাইবার লোক নন—He is not the man *to yield to threats.*

তাহার সহিত দেখা হইলে আমি তাহাকে বেশ দু'কথা শুনাইয়া দিলাম —When I met him, I *gave him a bit of my mind.*

ইহাই আজকালকার নিয়ম—This is the *go of the day.*

আমি অপরের নিকট হইতে এই সংবাদ পাইয়াছি—I have got this information *at second hand.*

সে বিবাহ করিয়া বড়লোক হইয়াছে—He has *married a fortune.*

যাহা ঘটিয়া গিয়াছে তাহা লইয়া অনুশোচনা করিয়া লাভ নাই—It is no use *crying over spilt milk.*

তাহাকে দেখিয়া তাহার বয়স অনুমান করা যায় না—He does not *look his age.*

তিনি যে এইরূপ যা-তা কাণ্ড করিয়া বসিবেন, তাহা আমার ধারণা ছিল না—I could never think that he would *create a scene* like this.

তাঁহার কার্যে বিন্দুমাত্র স্বার্থের গন্ধ নাই—His conduct does not *smack of* the least selfishness.

তিলকে তাল করিবার তাহার আশ্চর্য ক্ষমতা আছে—He has a wonderful knack of *making a mountain of a molehill.*

তাঁহার বক্তৃতায় প্রবল উত্তেজনা প্রকাশ পাইয়াছিল—His speech was full of *fire and fury.*

অত বড় বড় লোকের দলে পড়িয়া আমার প্রাণ হাঁপাইয়া উঠিয়াছিল—I felt like a *fish out of water* in the midst of so many big men.

গল্পটি শুনিয়া ভয়ে আমার গায়ের রক্ত জল হইয়া গেল—My blood *ran cold* with fear as I heard the story.

তাহার ভাগ্য এখন ভাল বলতে হবে—His *star* seems *to be in the ascendant* now.

সে দুঃখে পড়িতেই তাহার সুসময়ের বন্ধুরা উধাও হইল—His *summer friends* melted away as soon as he *came to grief* himself.

আপনার নিকট হইতে আমরা ন্যায়সঙ্গত ব্যবহারই প্রত্যাশা করি—It is only *fair deal* that we expect from you.

পুরানো কথা খোঁচাইয়া তুলিয়া তোমার কোন লাভ হইবে না—You will gain nothing by *raking up the past now.*

ফাঁকতালে সে কিছু লাভ করিয়া লইতে চায়--He wants to make a bargain *by a fluke.*

প্রয়োজন উপস্থিত হইলে আমাদের মধ্যে কেহ কেহ গরীবের দুঃখে কপট অশ্রু বিসর্জন করে—Some of us shed *crocodile tears* for the poor whenever it *suits their purpose.*

সেখানে অল্প সময় থাকার কালে আমি স্থানটি মোটামুটি ভাবে দেখিয়াছিলাম মাত্র—I could only have a *bird's eye view of* the place during my short stay there.

লেখাপড়া শিখিবার কোন সহজ পন্থা আমার জানা নাই—I do not know of any *royal road to* learning.

পুরানো বন্ধুর সহিত তোমার শিষ্টাচারের প্রয়োজন নাই—You need not *stand on ceremony* with an old friend.

যে অসৎ সে তাহার উদ্দেশ্যসিদ্ধির জন্য সব কিছুই করিতে পারে—A dishonest man *sticks at nothing* to gain his object.

আমি কাহারও হইয়া ওকালতি করিতেছি না—I do not *hold brief* for anybody.

এই আইন আর চলে না—This law is now a *dead letter*.

ইহা অদৃষ্টের ফের ছাড়া আর কিছুই নয়—This is nothing short of *irony of fate*.

তিনি অতিথিদের উপযুক্ত আদর-অভ্যর্থনা করিয়াছিলেন—He was *all attention* to his guests.

বড়ই দুঃখের বিষয় যে তাহার মত পালোয়ান একেবারে অস্থিচর্মসার হইয়া পড়িয়াছে—It is much to be regretted that a stalwart like him has become *all skin and bone* now.

নিজের স্বার্থ না থাকিলে তিনি কখনও এ বিষয়ে মাথা ঘামাইতেন না—He would never have *bothered* about it, if he had no *axe of his own to grind*.

সৈনিকদিগের মধ্যে শ্রেষ্ঠ যাহারা, তাহারাই সেই যুদ্ধে নিহত হইয়াছিল—The *flower* of the army fell in that fight.

Exercise 4

Translate into English :—

(a) আসলে সে আমাদের ন্যায় একজন চুনোপুঁটি ছাড়া আর কিছু নয়। কিন্তু সে আজকাল কংগ্রেসের একজন বড় চাঁই হইয়া উঠিয়াছে। সে কখনও তাহার সকল কথা খুলিয়া বলে না। আমার মনে হয় তাহার কোন গূঢ় অভিসন্ধি আছে। লোকে বলে—সে একটি বকধার্মিক, তাহাকে নির্বিচারে

বিশ্বাস করা উচিত নহে। লম্বা-চওড়া কথা বলা তাহার বাতিক বিশেষ। সে বেশ মজার মজার গল্প বানাইতে পারে। তাহার মাথায় যেন একটু ছিট আছে বলিয়া মনে হয়।

(b) আমি জীবনে কখনও কাহারও পোঁ ধরিয়া চলি নাই এবং আমার কাছে ঢাক-ঢাক গুড়-গুড় নাই। তাহাকে মুখের উপর বেশ দুই কথা শুনাইয়া দিয়াছি। ভণ্ডামি তাহার মজ্জাগত এবং তাহার ধর্মকর্ম সবই লোক দেখানো। সে এখন একজন বড়লোককে খোসামোদ করিয়া অনুগ্রহ লাভের চেষ্টায় আছে। তাহার বয়স বেশী নয় কিন্তু বুদ্ধিতে সে পাকা। নিজের ঢাক নিজে পিঠাইতেও তাহার জুড়ি নাই। আমি আমার বন্ধুবান্ধবকে এই ভয়ানক লোকটিকে দূরে রাখিতে পরামর্শ দিয়া থাকি।

(c) লোকটি একেবারে বোকা, তাহার মগজে কিছুই নাই। সে এখন বিবাহ করিয়া বড়লোক হইবার কল্পনা করিতেছে। সে জানে না লোকে দুঃখে পড়িলে তাহার সুসময়ের বন্ধুরা উধাও হয়। দুষ্ট বন্ধুরা একমুখে দুইকথা বলিতে কোনও দ্বিধা করে না। কিন্তু সে কল্পনাও করিতে পারে না যে তাহার বন্ধুরা তাহার চক্ষে ধূলা দিতেছে। সে বোকা বলিয়া তাহার বন্ধুরা তাহাকে দিয়া যাহা খুশি করাইয়া লয়। তাহাকে সদুপদেশ দিলে সে তাহা কানে তুলে না (does not pay heed to)। তাহার কপালে ভবিষ্যতে আরও দুঃখ আছে।

(d) তোমার মত নামজাদা লোকের নিকট হইতে লোকে ন্যায়সঙ্গত ব্যবহারই প্রত্যাশা করে। কেন বৃথা পুরানো কথা খোঁচাইয়া তুলিতেছ ? উহাতে কোনও লাভ হইবে না। একথা বলায় আমার নিজের কোন স্বার্থ নাই। তোমাদের পরস্পরের বিরুদ্ধে অভিযোগ শুনিতে শুনিতে আমার ঘেন্না ধরিয়া গিয়াছে। তুমি যাহা করিয়াছ এবং যাহা বলিলে তাহাতে তোমার মনের জোরের যথেষ্ট পরিচয় পাওয়া যায়। ইহা অদৃষ্টের ফের ভিন্ন কিছুই নয় যে, দেশের শ্রেষ্ঠ লোকেরা সকলেই এখন গত হইয়াছেন। নিষ্ঠুরতায় লোকটা কংসকেও হার মানাইয়াছে (has out-Heroded Herod).

CHAPTER V

PROVERBIAL EXPRESSIONS

অল্পবিদ্যা ভয়ঙ্করী—A little learning is a dangerous thing.

আয় বুঝে ব্যয় কর—Cut your coat according to your cloth.

ইচ্ছা থাকিলেই উপায় হয়—Where there is a will, there is a way.

কষ্ট না করলে কেষ্ট মেলে না—No pains, no gains.

গতস্য শোচনা নাস্তি—Let bygones be bygones.

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—Too many cooks spoil the broth.

জোর যার মুল্লুক তার – Might is right.

না আঁচালে বিশ্বাস নাই—There is many a slip between the cup and the lip.

যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যা হয়—Danger often comes where danger is feared.

যার জ্বালা সেই জানে—The wearer knows where the shoe pinches.

যেমন কর্ম তেমনই ফল—As you sow so you reap.

পাপের ধন প্রায়শ্চিত্তে যায়—Ill-got, ill-spent.

মুনিগণেরও মতিভ্রম হয়—To err is human.

বজ্র আঁটুনি ফস্কা গেরো—Penny wise, pound foolish.

ফলেন পরিচীয়তে—A tree is known by its fruit.

জলেই জল বাধে—Nothing succeeds like success.

গরজ বড় বালাই—Necessity knows no law.

এক হাতে তালি বাজে না—It takes two to make a quarrel.

এক মাঘে শীত যায় না—One swallow does not make a summer.

টাকায় টাকা আনে—Money begets money.

তেলা মাথায় তেল ঢালা—To carry coal to Newcastle.

দশের লাঠি একের বোঝা—Many a little makes a mickle.

মড়ার উপর খাঁড়ার ঘা (কাটা ঘায়ে নুনের ছিটা)—To add insult to injury.

গাছে কাঁটাল গোঁফে তেল—To count one's chickens before they are hatched.

চোরে চোরে মাসতুত ভাই—Birds of the same feather flock together.

নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা—To cut off one's nose to spite one's face.

নিজের চরকায় তেল দাও—Oil your own machine.

নেই মামার চেয়ে কানা মামা ভাল—Something is better than nothing. *Or*, Half a loaf is better than no bread.

ক্ষিধে থাকলে নুন দিয়ে খাওয়া যায়—Hunger is the best sauce.

ঝোপ বুঝে কোপ মার—Strike the iron while it is hot.

ঢিলটি মারলেই পাটকেলটি খেতে হয়—Tit for tat. *Or*, If you sow the wind, you must be prepared to reap the whirlwind.

কাঁটা দিয়ে কাঁটা তোলা—To set a thief, to catch a thief.

গরু মেরে জুতো দান—To rob Peter to pay Paul.

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন—To do or die.

নানা মুনির নানা মত—Many men many minds.

দুধ-কলা দিয়ে সাপ পোষা—To cherish a serpent in one's bosom.

মারি ত গণ্ডার, লুটি ত ভাণ্ডার—Either Caesar or none,

ভাগের মা গঙ্গা পায় না—Everybody's business is nobody's business.

উলুবনে মুক্তা ছড়ানো—To cast pearls before the swine.

যস্মিন্ দেশে যদাচার—When you live in Rome, be a Roman.

মরা হাতী লাখ টাকা—The very ruins of greatness are great.

মৌনং সম্মতিলক্ষণম্—Silence means consent.

ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া—Beggars must not be choosers.

সস্তার তিন অবস্থা—Cheap goods are dear in the long run.

সে রামও নাই, সে অযোধ্যাও নাই—O the times, O the manners.

নাচতে না জানলে উঠান বাঁকা—A bad workman quarrels with his tools.

বিনামেঘে বজ্রাঘাত—A bolt from the blue.

বিপদ্ কখনও একা আসে না—Misfortunes never come alone.

বহ্বারম্ভে লঘুক্রিয়া—Much cry, little wool.

অতিভক্তি চোরের লক্ষণ—Full of courtesy, full of craft.

শফরী ফর্ফরায়তে—An empty vessel sounds much.

গাঁয়ে মানে না আপনি মোড়ল—Fool to others, himself a sage.

সমুদ্রে পাদ্য-অর্ঘ্য—A drop in the ocean.

এক ঢিলে দুই পাখী মারা—To kill two birds with one stone.

গেঁয়ো ফকির ভিখ পায় না—Familiarity breeds contempt.

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ভয় পায়—A burnt child dreads the fire.

সাবধানের মার নাই—Forewarned is forearmed.

মাথা নাই তার মাথাব্যথা—A beggar can never be a bankrupt.

যাহা বাহান্ন, তাহা তিপ্পান্ন—In for a penny, in for a pound.

বিধাতার লিখন না যায় খণ্ডন—What is lotted cannot be blotted.

চোরা না শুনে ধর্মের কাহিনী—The devil will not listen to the scripture.

যাকে দেখতে নারি তার চলন বাঁকা—Faults are thick where love is thin.

দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভাল—Better an empty house than a bad tenant.

শঠে শাঠ্যং সমাচরেৎ—With foxes we must play the fox.

সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়—A stitch in time saves nine.

অতি দর্পে হতা লঙ্কা—Pride goeth before fall.

অতি লোভে তাঁতি নষ্ট—Grasp all, lose all.

আপ ভাল ত জগৎ ভাল—To the pure all are pure.

কাহারও পৌষমাস কাহারও সর্বনাশ—What is sport to one is death to another.

উঠন্তি মূলো পত্তনে চেনা যায়—Morning shows the day.

রাখে কেষ্ট মারে কে—Whom God protects, who can kill ?

চোর পালালে বুদ্ধি বাড়ে—After death comes the doctor.

CHAPTER VI

PASSAGES FULLY WORKED OUT

(1)

বিধুভূষণ শ্যামাকে ডাকিলেন। শ্যামা অন্য সময় এক ডাকে তিন উত্তর দিত। আজ কথা না কহিয়া আস্তে আস্তে আসিল। শ্যামার চক্ষু লাল, মুখ ভার।

বিধুভূষণ কহিলেন, "শ্যামা, আমরা বিবেচনা ক'রে স্থির করলাম তোমার আর আমাদের কাছে থেকে কষ্ট পাওয়া উচিত নয়, তোমার মাহিনা পাওয়ার কথা দূরে থাকুক, দুসন্ধ্যা খেতেও পাও না। অতএব তুমি অন্য কোন স্থানে যাও। যদি পরমেশ্বর দিন দেন, তখন আবার এস।" বিধুভূষণ আর কথা কহিতে পারিলেন না; কণ্ঠরোধ হইয়া, তিনি অধোবদনে অশ্রুপাত করিতে লাগিলেন।

শ্যামা কাঁদিতে কাঁদিতে কহিল, "আমি কি মাহিনা চেয়েছি, না মাহিনা নেব বলে এসেছি? আমার টাকার দরকার কি? আমাকে যাই বল, আমি গোপালকে ছেড়ে যেতে পারব না। আমি তার বোঝা হইয়া থাকি, আমি তোমাদের এখানে খাব না, কিন্তু গোপালকে ছেড়ে আমায় থাকতে বলো না।"

Bidhubhushan called to Shyama. At other times Shyama would give three answers to one call. But today she came slowly, without uttering a word. Her eyes were red and she was down in the mouth.

Bidhubhushan said, "Shyama, we have decided after reflection that it is not proper that you should suffer any more by living with us. Far from getting wages, you do not even have two meals here. So better go elsewhere, now; come back if God brings better days." Bidhubhushan could speak no more, his voice was almost choked with emotion, and he began to shed tears with a downcast face.

Shyama replied weeping, "Have I asked for wages, or have

I come to earn wages? What need have I of money? Whatever you may say to me, I connot go and leave Gopal. If I be a burden on you, I will not have my meals here with you; but do not ask me to live away from Gopal."

(2)

এক সময়ে এক বণিক্ এই বলিয়া বিজ্ঞাপন প্রচার করিলেন যে, তাঁহার কার্যালয়ে কাজকর্ম বিষয়ে সাহায্য করিবার জন্য তাঁহার একটি কর্মচারীর প্রয়োজন আছে। বিজ্ঞাপন-দৃষ্টে প্রায় পঞ্চাশ জন আবেদনকারী উপস্থিত হইল। তিনি তাহাদিগের মধ্য হইতে একজনকে মনোনীত করিয়া অবশিষ্ট সকলকে ফিরাইয়া দিলেন। তাঁহার এক বন্ধু কহিলেন—"আমার জানিতে ইচ্ছা হইতেছে কি কারণে তুমি ঐ বালকটিকে মনোনীত করিলে? তাহার ত তোমাকে দেখাইবার জন্য একখানিও প্রশংসাপত্র ছিল না।" বণিক বলিলেন—"সেটা তোমার ভুল। সে অনেকগুলি দেখাইয়াছে—তবে সেগুলি লিপিবদ্ধ নহে। সে যখন গৃহে প্রবেশ করিল, তখন সে পা-পোশের উপর তাহার পাদুকা পরিষ্কার করিয়া লইল এবং প্রবেশের পর দরজাটি বন্ধ করিয়া দিল। আমি ইচ্ছাপূর্বক ঘরের মেজেতে একখানি বই ফেলিয়া রাখিয়াছিলাম। ঐ বালকটি কাহারও আদেশ ব্যতিরেকে বইখানি উঠাইয়া লইয়া পুস্তকাধারে তুলিয়া রাখিল। আমার সহিত কথা বলিবার সময়ে আমি লক্ষ্য করিলাম, সে আমার সবগুলি প্রশ্নের উত্তর যথাযথভাবে করিল এবং যাহা জিজ্ঞাসা করি নাই এমন কিছু সে আমাকে জানাইতে চাহিল না। একশত লিপিবদ্ধ প্রশংসাপত্র দেখিয়া যাহা জানা যায়, তদপেক্ষা স্বচক্ষে দেখিয়া যাহা অবগত হই, আমি তাহার মূল্য অধিক বলিয়া মনে করি।"

Once a merchant advertised to the effect that he wanted an assistant to help him in his office work. This advertisement brought in about fifty applicants. He selected one of them and dismissed the rest. One of his friends said—"I should like to know why you selected that boy. He had not even one testimonial to show to you." The merchant replied

—"You are mistaken there. He has shown many—though these are not written ones. When he came in, he cleaned his shoes on the door-mat and shut the door behind him. I had purposefully left one book on the floor; that boy picked it up, unasked, and put it in the shelf. When he was speaking to me, I noticed that he answered all my questions to the point and did not attempt to say anyting beyond what I asked. I value what I see with my own eyes more than what can be known from a hundred testimonials in writing.'

(3)

পৃথিবী হইতে চন্দ্রকে একটি রূপার থালার মত দেখায়, কিন্তু বাস্তবিক উহা পৃথিবীর সদৃশ এক প্রকাণ্ড গোলাকার বস্তু। উহার ব্যাস ন্যূনাধিক ৯৫০ ক্রোশ এবং উহার আয়তন পৃথিবীর আয়তনের উনপঞ্চাশ ভাগের এক ভাগ। চন্দ্র পৃথিবী হইতে ১,৯৫,৬০০ মাইল অন্তরে অবস্থিত আছে এই নিমিত্ত ক্ষুদ্র বোধ হয়। চন্দ্র নিজে তেজোময় নহে—উহার উপর সূর্যের আলোক পতিত হয়, এ কারণ তেজোময় দেখায়।

চন্দ্রমণ্ডলের উপরিভাগ সমান নয়, ভূমণ্ডলের ন্যায় কোন স্থান উচ্চ, কোন স্থান নিম্ন। বরং চন্দ্রে যেমন বৃহৎ বৃহৎ গহ্বর আছে, পৃথিবীতে সেরূপ নাই। উহার উপর যে-সকল কৃষ্ণবর্ণ কলঙ্ক দেখা যায়, তাহা কিছুই নয়, কেবল বৃহৎ গহ্বর ও প্রশস্ত নিম্ন স্থান মাত্র। উহার মধ্যে সূর্যের কিরণ প্রবেশ করিতে না পারাতে, ঐ-সকল গহ্বর ও নিম্নস্থান দীপ্তি পায় না। ঐ সকল গহ্বরাদি উত্তর ও পূর্বভাগেই অধিক। —C. U., 1910

From the earth the moon looks like a silver plate; but, in fact, it is a huge round body like the earth. Its diameter is about 1900 miles, and it is one forty-ninth part of the earth in dimension. It is about 1,95,600 miles away from the earth, and hence it appears so small. The moon is not luminous itself—the rays of the sun fall on it, so it looks bright.

The surface of the lunar orb is not even—there are elevations in some parts and depressions in others as on the earth. In fact, there are no such big cavities on the earth as there are on the moon. The dark spots visible on it are nothing but enormous cavities and extensive depressions. The rays of the sun cannot penetrate into them, and so these cavities and low lands are not illuminated. These cavities and depressions abound in the northern and eastern parts.

(4)

শিক্ষার্থীদিগের স্বাস্থ্যের নিয়ম পালন করা উচিত। তাঁহারা প্রত্যূষে শয্যা হইতে উঠিবেন, প্রত্যূষে ভ্রমণ করিবেন, এতদ্ব্যতীত শরীর সুস্থ রাখিবার নিমিত্ত অন্য যে-সকল কার্যের অনুষ্ঠান করিতে হয় তৎসমুদায়ের সম্পাদনেও সবিশেষ মনোযোগী হইবেন। পূর্বকালে আমাদের দেশে যে সকল শিক্ষার্থী গুরুর গৃহে অবস্থিতি করিতেন, তাঁহাদিগের গুরুর পরিচর্যা করিতে হইত; তাঁহারা রাত্রিশেষে শয্যা হইতে উঠিতেন, প্রত্যূষে গুরুর জন্য নানাদ্রব্য সংগ্রহ করিয়া আনিতেন, এবং দিবানিদ্রা পরিহার করিয়া সংযতচিত্তে শাস্ত্রালোচনায় ব্যাপৃত থাকিতেন। প্রত্যূষে স্নান, প্রত্যূষে ভ্রমণ ও শ্রমসাধ্য কার্য সম্পাদন করাতে তাঁহাদের শরীর সুস্থ ও বলিষ্ঠ হইত। তাঁহারা সুস্থদেহে বিদ্যাশিক্ষা করিয়া লোকসমাজের উপকার-সাধনে মনোযোগী হইতেন। এইরূপে অতি প্রাচীন কালেও শিক্ষার্থীদিগের শরীর সুস্থ রাখিবার নিয়ম ছিল।

—C. U., 1911

Students should observe the laws of health. They should get up early in the morning and take a walk; they should, besides, attend carefully to the performance of all other things which are necessary for the preservation of health. In ancient times, the students of our country who lived in the houses of their preceptors, had to serve them. They used to get up from bed before daybreak, collected

various things for their preceptors and avoiding sleep at daytime and practising self-control occupied themselves with the study of the shastras. Thus rising and walking early in the morning and performing duties requiring labour, they grew up to be healthy and physically strong. Having acquired knowledge with a healthy body, they would attend to the welfare of mankind. Thus, even in olden times there were rules for the students to keep their body healthy.

(5)

প্রায় দুইশত পঞ্চাশ বৎসর পূর্বে একদিন মাঘ মাসের রাত্রিশেষে একখানি নৌকা গঙ্গাসাগর হইতে প্রত্যাবর্তন করিতেছিল। জলদস্যুদিগের ভয়ে যাত্রীর নৌকা দলবদ্ধ হইয়া যাতায়াত করাই তৎকালের প্রথা ছিল; কিন্তু এই নৌকারোহীরা সঙ্গিহীন। তাহার কারণ এই যে রাত্রিশেষে কুজ্ঝটিকা চতুর্দিক্ ব্যাপ্ত করিয়াছিল। নাবিকেরা দিক্ ঠিক করিতে না পারিয়া দলভ্রষ্ট হইয়া পড়িয়াছিল। এক্ষণে কোন্‌দিকে কোথায় যাইতেছে তাহার কোন নিশ্চয়তা ছিল না। নৌকারোহিগণ অনেকেই নিদ্রা যাইতেছিলেন। একজন প্রাচীন ও একজন যুবাপুরুষ এই দুইজন মাত্র জাগ্রত ছিলেন। তাঁহারা কথোপকথন করিতেছিলেন। বারেক কথাবার্তা স্থগিত করিয়া বৃদ্ধ নাবিকদিগকে জিজ্ঞাসা করিলেন, "মাঝি আজ কতদূর যেতে পারবি?" মাঝি ইতস্ততঃ করিয়া বলিল, "বলিতে পারিলাম না।"

—C. U., 1923

About 250 years ago, one day in the month of Magh, during the small hours of the morning, a boat was returning from the Sagar island. In those days it was the practice for passenger boats to move about in a fleet, for fear of pirates. But the passengers on this boat were without companions. The reason was that, towards the close of the night, fog spread on all sides. The boatmen, being unable to ascertain the right direction, were separated from the fleet. There was no certainty as to where and in which

direction they were now drifting. Most of the passengers were asleep. Only an old man and a youth were awake. They were engaged in conversation. Stopping their conversation for a while the old man asked the boatmen how far they would be able to go that day. The helmsman replied with hesitation, "I cannot say that."

(6)

ইংরেজীতে একটি কথা আছে: 'জননীর যে হস্ত শিশুর দোলনা ঠেলে, সেই হস্তই জগৎ শাসন করিতেছে।' বস্তুত সন্তানদের উপর জননীদের প্রভাব এতই বেশি যে তাঁহারা যেরূপভাবে শিশুদের মানুষ করিবেন, শিশুরা বড় হইয়া জগৎসংসার সেইরূপভাবেই গড়িবে। সুতরাং ভবিষ্যৎ জগতের নির্মাণভার জননীদের হস্তেই ন্যস্ত আছে। শৈশবে মানুষের চিত্ত কোমল থাকে। এই সময়ে তাহার চিত্তে যে ছাপ অঙ্কিত হইয়া যায়, জীবনে কখনও তাহা মুছিতে পারে না। জীবনের এই সর্বাপেক্ষা মূল্যবান্ সময়টি আমরা জননীর সহবাসে অতিবাহিত করি। এইখানেই আমাদের জীবন-গঠনকার্য অনেকখানি সমাধা হইয়া যায়। পিতার নিকট হইতে আমরা কঠোর কর্তব্য-নিষ্ঠা, দৃঢ়তা ও সহিষ্ণুতা প্রভৃতি পুরুষোচিত গুণগুলি শিক্ষা করি। ইহাতে আমাদের চরিত্রের বাহিরের দিক্টা গঠিত হয় সন্দেহ নাই। কিন্তু জননীর শিক্ষা আমাদের চিত্তকে ফুটাইয়া তুলে। এই শিক্ষার মূল্য নাই—ইহা জগতের সকল শিক্ষার সেরা।

There is a saying in English: 'The hand that rocks the cradle rules the world.' In fact, mothers exercise such a great influence over their children that when they grow up, they shape the world exactly in the same way in which they themselves are shaped. So it lies entirely with the mothers to build up the future world. Man's heart remains soft in his boyhood. The impression which it receives at that time can never be effaced. We pass the most valuable period of our life in close touch with our mothers. And it is exactly

here that our lives are mostly built up. We learn from our fathers manly virtues like stern devotion to duty, firmness and patience. These no doubt go to the making of the exterior of our character. But the lessons we learn from our mothers unfold our heart. These are priceless lesssons—the best that we can get in the world.

(7)

রামায়ণে যদি কোন চরিত্র আদর্শ বলিয়া গ্রহণ করা যায়—তবে তাহা একমাত্র ভরতের চরিত্র। সীতা লক্ষ্মণকে যে কটূক্তি করিয়াছিলেন তাহা ক্ষমার্হ নহে। রামচন্দ্রেরও বালিবধ ইত্যাদি অনেক কার্যই সমর্থন করা যায় না। লক্ষ্মণের কথা অনেক সময়ে রুক্ষ ও দুর্বিনীত হইয়াছে। কৌশল্যা দশরথকে বলিয়াছিলেন—"কোন কোন জলজন্তু যেমন স্বীয় সন্তানকে ভক্ষণ করে, তুমিও সেইরূপ করিয়াছ।" কিন্তু ভরতের চরিত্রে কোন খুঁত নাই। ভ্রাতার পাদুকার উপর হেমছত্রধর এই রাজর্ষির চিত্র রামায়ণে এক অদ্বিতীয় সৌন্দর্যপাত করিয়াছে। "ধর্মবলে ভরত রাম অপেক্ষা অধিক বলীয়ান্ বলিলে অত্যুক্তি হয় না"—এ কথা দশরথ যথার্থই বলিয়াছিলেন। কৈকেয়ীর সহস্র দোষ আমরা ক্ষমার্হ মনে করি, যখন মনে হয় তিনি এরূপ সুপুত্রের গর্ভধারিণী।

—দীনেশচন্দ্র সেন

If one single character in the Ramayana may be accepted as ideal, that is Bharat's. The harsh words with which Sita rebuked Lakshman cannot be pardoned. Neither can we justify some of even Ramchandra's actions—such as the one of his killing Bali. Lakshman at times proved to be rude and insolent. Kaushalya happened to say to Dasharath—"Some aquatic animals devour their own offspring and you have done exactly like that." But Bharat's character is absolutely spotless. This saintly king holding a golden umbrella over the sandals of his brother sheds an uncommon lustre over the Ramayana. Truly had Dasharath remarked—"It would be no exaggeration to say that Bharat excels Ram in

virtue." We can pardon a thousand faults of Kaikeyi, when we remember that she was the mother of this worthy son.

(৪)

পৌষ মাসের দিন। অপু সকালে লেপ মুড়ি দিয়া রৌদ্র উঠিবার অপেক্ষায় বিছানায় শুইয়া ছিল। মা আসিয়া ডাকিল—"অপু, ওঠো, শীগ্‌গির করে, আজ তুমি যে পাঠশালায় পড়তে যাবে। কেমন সব বই আনা হবে তোমার জন্যে, শেলেট! হাঁ ওঠো, মুখ ধুয়ে নাও।"

পাঠশালার নাম শুনিয়া অপু সদ্যনিদ্রোত্থিত চোখ দুটি তুলিয়া অবিশ্বাসের দৃষ্টিতে মার মুখের দিকে চাহিয়া রহিল। তাহার ধারণা ছিল যে, যাহারা দুষ্টু ছেলে, মার কথা শুনে না, ভাইবোনদের সঙ্গে মারামারি করে, তাহাদের শুধু পাঠশালায় পাঠান হইয়া থাকে। কিন্তু সে ত কোন দিন ওরূপ করে না—তবে সে কেন পাঠশালায় যাইবে?

খানিক পরে মা আসিয়া বলিল—"ওঠো অপু, তোমায় অনেক করে মুড়ি বেঁধে দেবো এখন, পাঠশালায় বসে বসে খেয়ো, এখন ওঠো, লক্ষ্মী মাণিক।" মায়ের কথার উত্তরে সে অবিশ্বাসের সুরে বলিল—"ইঃ!" পরে সে মায়ের দিকে চাহিয়া জিভ বাহির করিয়া চোখ বুজিয়া একপ্রকার মুখভঙ্গী করিয়া রহিল, উঠিবার কোন লক্ষণই দেখাইল না। —বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

It was a day in the month of Paush. Apu was lying in bed, wrapped all over in a quilt, and was waiting for the sun to rise. His mother came in and said—"Get up Apu, be quick. Don't you know that you will be going to school today? What nice books will be brought for you, and a slate too! Yes, my boy, get up and have your morning wash."

As he heard of school, Apu, who was just awake, raised his eyes with looks of distrust in them and kept gazing at her. His idea was that only such boys as were wicked and as disobeyed their mothers and quarrelled with their

brothers and sisters were sent to school. He did nothing of the sort, why should he then go to it ?

After a time, the mother came again, and again she called out—"Get up, Apu, I shall tie up enough of *mudi* (fried rice) for you and you will eat that at school. Now get up, my darling." Apu would believe none of it, and he simply said "Eh". Then he looked at his mother with his tongue out but closed his eyes forthwith and made a wry face at her. He seemed to be in no mood to get up.

(9)

পাঁচ-সাত দিন পরে একদিন গফুর চিন্তিত-মুখে দাওয়ায় বসিয়া ছিল, তাহার মহেশ কাল হইতে এখনও পর্যন্ত ঘরে ফিরে নাই। নিজে সে শক্তিহীন তাই আমিনা সারাদিন সর্বত্র খুঁজিয়া বেড়াইতেছে। পড়ন্ত বেলায় সে ফিরিয়া আসিয়া বলিল—শুনেছ বাবা, মাণিক ঘোষেরা আমাদের মহেশকে থানায় দিয়েছে।

গফুর কহিল—দূর পাগ্‌লি।

হাঁ বাবা, সত্যি। তাদের চাকর বললে তোর বাপকে বলগে যা দরিয়াপুর খোঁয়াড়ে খুঁজতে।

কি করেছিল সে ?

তাদের বাগানে ঢুকে গাছপালা নষ্ট করেছে, বাবা। গফুর স্তব্ধ হইয়া বসিয়া রহিল। মহেশের সম্বন্ধে সে মনে মনে বহুপ্রকার দুর্ঘটনা কল্পনা করিতেছিল, কিন্তু এ আশঙ্কা ছিল না—সে যেমন নিরীহ তেমনি গরীব। সুতরাং প্রতিবেশী কেহ তাহাকে যে এতবড় শাস্তি দিতে পারে, এ ভয় তাহার নাই। বিশেষতঃ মাণিক ঘোষ—গো-ব্রাহ্মণে ভক্তি তাহার এ অঞ্চলে বিখ্যাত। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

A few days after this, Gafur, seated on the verandah of his hut, looked worried as he thought of his Mahesh, who had not come home since the previous day. He was

too weak himself, and so Amina was looking for Mahesh all the day. She came back late in the afternoon, and said—"Look, father, Manik Ghosh and his men have sent our Mahesh to the police station." Gafur remarked—"That's absurd, silly girl."

"Yes, father, they have. Their servant said—'Go and ask your father to knock at the pound of Dariapur'."

"What had he done?"

"He had been into their garden and spoiled trees and plants."

Gafur sat speechless. He had already been thinking of all sorts of mishaps for Mahesh; but he could have no misgiving this way. He was as harmless as he was poor. So he could never think that any of his neighbours would punish him in this way. This could be least expected from Manik Ghosh, who was noted in that locality for his regard for cows and Brahmins.

(10)

চাণক্য—এই যে এসেছ, বন্ধু ?

-ব্যঙ্গের প্রয়োজন কি, চাণক্য ? আমি তোমার বন্দী, অন্যায় করেছি, শাস্তি দাও।

চাণক্য—বন্ধন উন্মোচন করে দাও প্রহরী।

(প্রহরী বন্ধন উন্মোচন করিয়া দিল

চাণক্য—এখন আর তুমি আমার বন্দী নও। আর আমাদের মধ্যে কোনো প্রভেদ নেই।

কাত্যায়ন—প্রভেদ নেই বটে ! আমার চারিদিকে সশস্ত্র প্রহরী।

চাণক্য—তোমরা বাইরে যাও।

(প্রহরিগণ চলিয়া গেল)

চাণক্য—আর আমাদের প্রভেদ নেই, বন্ধু।

কাত্যায়ন—প্রভেদ নেই! তোমার এক ইঙ্গিতে এই মুহূর্তই আমার জীবনের শেষ মুহূর্ত হতে পারে। তুমি একটা বিশাল সাম্রাজ্যের সর্বময় কর্তা।

চাণক্য—এই ছোরা লও, আমার বক্ষে আমূল বসিয়ে দাও। তোমার মন্ত্রিত্বের পথ পরিষ্কার কর।

কাত্যায়ন—তোমার অভিপ্রায় কি চাণক্য? তুমি কুটিল, তোমার অভিসন্ধি বোঝা আমার অসাধ্য। —দ্বিজেন্দ্রলাল রায়

Chanakya—So you have come. I welcome you, friend.

Katyayan—What is the necessity of taunting, Chanakya? I am your captive, I stand guilty—punish me.

Chanakya—Take off his chains, guard.

(The guard does it)

Chanakya—You are no longer my captive. There is no more any difference between you and me.

Katyayan—No difference indeed! There are armed guards all around me.

Chanakya—Go out, all of you.

(The guards walk out)

Chanakya—So, friend, both of us are equal now.

Katyayan—Equal indeed! One small hint from you can end my life this very moment. You are an all-powerful man over a vast empire.

Chanakya—Take this knife and plunge it right into my heart. Clear out the thorn that lies in your way to ministership.

Katyayan—What do you mean, Chanakya? You are a scheming fellow. I can't understand what you are driving at.

CHAPTER VII

PASSAGES FOR TRANSLATION

(With Hints)

(1)

আকবরের সময় পারস্যে এক গরীব মুসলমান ছিলেন। তখন ঐ-সকল স্থানের গরীব মুসলমানেরা হঠাৎ বড়লোক হইবার জন্য ভারতবর্ষে আসিতেন। এই ভদ্রলোকটি তাহাই করিলেন। তিনি সস্ত্রীক দিল্লী আসিবার পথে তাঁহার এক কন্যা হইল। কন্যাকে খাওয়াইয়া বাঁচান, তাঁহার এমন সঙ্গতি ছিল না। কি করেন, অগত্যা মেয়েটিকে পথের মাঝে ফেলিয়া গেলেন। এই সময় এক ধনী সওদাগর ঐ পথ দিয়া আসিতেছিলেন। তিনি দেখিলেন একটা পরমা সুন্দরী মেয়ে পথের ধারে পড়িয়া আছে। তিনি মেয়েটিকে কুড়াইয়া লইলেন। দুধ দিয়া বাঁচায়, এমন একটি ধাইও শীঘ্র জুটিল। সে আর কেহ নহে মেয়ের মাতা নিজেই।

দিল্লী আসিয়া সওদাগরটি আকবরের অধীনে মেয়ের পিতার একটি চাকরি করিয়া দিলেন। মেয়ের নাম রাখা হইল মেহের উন্নিসা; মেহের উন্নিসা বড় হইয়া প্রায়ই তাঁহার মাতার সহিত আকবরের প্রাসাদে যাইতেন। একদিন সেলিম মেহের উন্নিসাকে দেখিয়া মুগ্ধ হইলেন এবং তাঁহাকে বিবাহ করিবার চেষ্টা করিতে লাগিলেন। —C. U., 1932

আকবরের সময়ে—in Akbar's time. হঠাৎ বড়লোক হইবার জন্য—to get rich quickly. তাঁহার এক কন্যা হইল—a daughter was born to him. খাওয়াইয়া...ছিল না—had not the means to provide food for the child and keep her alive. অগত্যা—having no other course. ফেলিয়া গেলেন—abandoned. পরমা সুন্দরী—of exquisite beauty. কুড়াইয়া লইলেন—picked her up. দুধ দিয়া...ধাই—a wet-nurse to give her milk. চাকরি দিলেন—secured a job for. মুগ্ধ হইলেন—became charmed. তাঁহাকে বিবাহ...লাগিলেন—sought to marry her.

(2)

শীতকালে একদিন বিদ্যাসাগর মহাশয়ের মাতা সন্ধ্যার প্রাক্কালে গৃহকর্ম করিতেছেন, এমন সময়ে এক অনাথা ছিন্নবস্ত্রাবৃতা রমণী শিশু-সন্তান ক্রোড়ে করিয়া তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া ব্যাকুলভাবে বলিল "মা, আমার ছেলেটি শীতে বড় কষ্ট পাইতেছে, যদি একখানি ছেঁড়া কাপড় দেন ত ইহার প্রাণ বাঁচে।" বিদ্যাসাগর-জননীর চক্ষু ছলছল করিয়া আসিল। তিনি বলিয়া ফেলিলেন, "যেরূপ শীত পড়িয়াছে, তাহাতে কি কাপড়ে শীত ভাঙ্গিবে? একখানি লেপ লইবি?" অনাথা রমণী বলিল—"মা, এ শীতে লেপ গায়ে দিতে পাইব, এমন কি কপাল করিয়াছি?" বিদ্যাসাগর-জননী সত্বর নিজগৃহে প্রবেশ করিয়া আপনার গায়ের লেপখানি তাহাকে প্রদান করিলেন। অনাথা আনন্দে বিভোর হইয়া উচ্চৈঃস্বরে আশীর্বাদ করিতে করিতে প্রস্থান করিল। এ ব্যাপার বাড়ির আর কেহ জানিতে পারিল না। সুতরাং তাঁহার নিজের শীত নিবারণের কোন উপায় রহিল না। বিদ্যাসাগর-জননী রন্ধনগৃহে চুল্লীর পার্শ্বে বসিয়া সমস্ত রাত্রি কাটাইতে লাগিলেন। —বঙ্গের রত্নমালা

সন্ধ্যার প্রাক্কালে—just before evening. ছিন্ন…রমণী—a woman clad in rags. ছল…আসিল—softened with tears. শীত ভাঙ্গিবে—to protect it from cold. এমন কি...করিয়াছি—am I so very fortunate? আনন্দে…হইয়া—in an ecstasy of joy.

(3)

একদা একটি পরিচিত ভদ্রলোক তাঁহার নিকট উপস্থিত হইয়া কাতরভাবে বলিলেন—"বড় দায়গ্রস্ত হইয়া আপনার নিকট আসিয়াছি। পাঁচ হাজার টাকা না হইলে উপস্থিত দায় হইতে মুক্ত হইতে পারি না। আমি এই টাকা সত্বর ফিরাইয়া দিব।" বিদ্যাসাগর মহাশয়ের নিকট তখন বেশি টাকা ছিল না। তথাপি তিনি ভদ্রলোকের কাতরতা দর্শনে ব্যথিত হইয়া অন্য স্থান হইতে টাকা আনিয়া দিলেন এবং বলিলেন—"এই টাকা অন্যের নিকট হইতে

আনিয়া দিলাম। তোমার সুবিধামত দিয়া যাইও।” ভদ্রলোক টাকা লইয়া চলিয়া গেলেন। পরে বিদ্যাসাগর মহাশয় ঐ টাকার জন্য লোক পাঠাইয়াছিলেন। তিনি কহিলেন, “আমি দান গ্রহণ করিয়াছি। টাকা যে দিতে হইবে, তাহা আমি ভাবি নাই।” বিদ্যাসাগর মহাশয় ঐ কথা শুনিয়া হাস্য করিয়া বলিলেন—“লোকটা আমাকে ঠকাইল দেখিতেছি।” আর তিনি টাকার জন্য লোক পাঠান নাই।

পরিচিত ভদ্রলোক—gentleman known to him. কাতরভাবে তাঁহার নিকট বলিলেন—said imploringly to him. বড় দায়গ্রস্ত হইয়া—it is in an extreme difficulty that. উপস্থিত…পারি না—I cannot get out of this present trouble. ভদ্রলোকের…হইয়া—moved by the distress of the gentleman. আমি দান…করিয়াছি—I accepted it as a gift.

(4)

মুর্শিদাবাদের প্রতিষ্ঠাতা নবাব মুর্শিদ কুলি খাঁ অত্যন্ত তেজস্বী ও প্রতাপশালী ছিলেন। ইতিহাসে তিনি একজন গোঁড়া মুসলমান বলিয়া পরিচিত হইলেও তাঁহার জন্ম হয় এক দীন ব্রাহ্মণের ঘরে। এই ব্রাহ্মণ পুত্রকে উপযুক্তভাবে লালন-পালন করিতে অক্ষম হইয়া শৈশবেই তাহাকে এক পারসিক বণিকের নিকট বিক্রয় করেন। এই বণিক ঐ ব্রাহ্মণবালককে মুসলমান ধর্মে দীক্ষিত করেন এবং সে যে কোনদিন হিন্দু ছিল একথা তাহাকে জানিতে দেন না। বালকের নূতন পরিবেশে নাম হইল জাফর খাঁ। তিনি বাল্যকাল হইতেই অতি ধীর ও চিন্তাশীল ছিলেন। একবার এক গণৎকার তাঁহাকে দেখিয়া বলিয়াছিলেন যে, এই বালক ভবিষ্যতে একজন খ্যাতনামা ব্যক্তি হইবেন। উত্তরকালে এই ভবিষ্যদ্‌বাণী সফল হইয়াছিল। তিনি প্রথমে বাঙ্গালার দেওয়ান এবং পরে বাঙ্গালা বিহার উড়িষ্যার শাসনকর্তা হইয়াছিলেন। নামে মুঘল সম্রাটের অধীন হইলেও কার্যতঃ তিনি দীর্ঘকাল স্বাধীনভাবেই রাজত্ব করিয়াছিলেন। —সরল সাহিত্য-পাঠ (৩য়)

তেজস্বী—spirited. একজন ..হইলেও—though known as an orthodox Musalman. উপযুক্ত···করিতে—to bring him up properly. মুসলমান ধর্মে ..করেন—converted him to Islam. নূতন পরিবেশে—in his new surroundings. গণৎকার—soothsayer. খ্যাতনামা ব্যক্তি—a renowned man. এই ভবিষ্যদ্বাণী···হইল—this prophecy proved true. নামে···হইলেন—though under the Moghul Emperor in name. কার্যতঃ—practically

(5)

এমন সময় এক সাধু আসিলেন। রুইদাস তাঁহার চরণ ধৌত করিয়া দূরে দাঁড়াইয়া রহিল। রুইদাসের দুঃখ দেখিয়া সাধুর মনে করুণা হইল। তিনি কহিলেন—"রুইদাস, তোমার দুঃখে আমি ব্যথিত হইয়াছি। কি করিলে তোমার দুঃখ দূর করিতে পারি বল।" রুইদাস বলিল—"প্রভু, কোন দুঃখ নাই। একমাত্র দুঃখ এই যে, আমি অস্পৃশ্য, তোমার সেবা করিতে পারিলাম না।" সাধু বলিলেন—"আমি তোমার সেবায় পরিতুষ্ট হইয়াছি। তুমি বর গ্রহণ কর।" রুইদাস নিবেদন করিল—"প্রভু আমার প্রতি রঘুবরের কৃপা হউক এই বর প্রদান করুন। অন্য কিছু প্রার্থনা করি না।" সাধু বলিলেন—"তথাস্তু। কিন্তু তুমি এই প্রস্তরখানি গ্রহণ কর। ইহাতে তোমার অভাব মোচন হইবে।" সাধু তাঁহার কথার সত্যতা প্রমাণ করিবার জন্য রুইদাসের হাতুড়িতে প্রস্তরখণ্ড ঠেকাইলেন। হাতুড়ি দেখিতে দেখিতে স্বর্ণ হইয়া গেল।

—খগেন্দ্রনাথ মিত্র

এমন সময়ে—at this stage. দূরে...রহিল—stood aside. অস্পৃশ্য—untouchable. সেবা করিতে—wait upon. তুমি···কর—ask for a boon. তথাস্তু—let it be so. ইহাতে...হইবে—this will remove all your wants. তাহার কথার···জন্য—to prove the truth of what he said. হাতুড়ি—hammer. দেখিতে দেখিতে—in no time. [স্বর্ণ...গেল—turned into gold

(6)

দীর্ঘদিন ধরিয়া আমি গলা ভাঙ্গিয়া চিৎকার করিয়া আসিতেছি যে অন্ন-সমস্যার সমাধান করিতে না পারিলে বাঙ্গালী জাতি বাঁচিবে না। বাঙ্গালী যুবকের শোচনীয় শারীরিক ও মানসিক দুর্বলতা দেখিয়া আমার কান্না পায়। বাঙ্গলার যুবকেরা উচ্চশিক্ষার খাতিরে নিজেদের স্বাস্থ্য ও যৌবন বলি দিয়া অকালে বৃদ্ধ হইয়া উঠিয়াছেন। তাহারা সামান্য বেতনে চাকুরির খোঁজে জীবনের অর্ধেক সময়ের অপব্যয় করিতেছেন। যাহা কিছু একটা জুটাইয়া স্থিতি লাভ করিতে পারিলে তাঁহারা সোয়াস্তির নিশ্বাস ছাড়িয়া বাঁচেন। ব্যবসায়-বাণিজ্যের কথা খুব কম বাঙ্গালীই চিন্তা করেন। পরের দাসত্ব করার এই যে মনোবৃত্তি ইহাই বাঙ্গালীর অবনতির মূল কারণ।

আচার্য প্রফুল্লচন্দ্র রায় (পরিবর্তিত)

আমি...আসিতেছি—I have been crying myself hoarse. অন্ন-সমস্যার···পারিলে—unless we can solve our bread-problem. আমার কান্না পায়—feel like weeping. খাতিরে—for the sake of. বলি দেওয়া—to sacrifice. অকালে...উঠিতেছেন—are growing old before their time. যাহা কিছু···পারিলে—to get stationed in life somehow and somewhere. সোয়াস্তির···ছাড়িয়া—heave a sigh of relief. পরের....মনোবৃত্তি—this mentality to serve others. মূল কারণ—lies at the bottom of

(7)

স্কুল হইতে ফিরিয়া রাম সর্বাগ্রে তাহার গাছটি দেখিতে দিয়া একেবারে লাফাইয়া উঠিল। বই খাতা ছুঁড়িয়া ফেলিয়া দিয়া চীৎকার করিয়া উঠিল—"বৌদি! আমার গাছ?" নারায়ণী রান্নাঘর হইতে বাহিরে আসিয়া বলিলেন—"বলছি, এ দিকে আয়।"

"না, যাব না, কই আমার গাছ?"

"এদিকে আয় না, বলছি।"

রাম কাছে আসিতেই তিনি হাত ধরিয়া ঘরে লইয়া গিয়া কোলের উপর বসাইয়া মাথায় হাত বুলাইয়া বলিলেন—"মঙ্গলবারে কি অশ্বত্থ গাছ পুততে আছে রে?"

রাম শান্ত হইয়া জিজ্ঞাসা করিল—"কেন, কি হয়?"

নারায়ণী হাসিয়া বলিলেন—"তাহলে বাড়ীর বড় বৌ মরে যায় যে।"

রাম এক মুহূর্তে ম্লান হইয়া গিয়া বলিল—"যাঃ, মিছে কথা।"

নারায়ণী হাসিমুখে বললেন—"নারে মিছে কথা নয়, পাঁজিতে লেখা আছে।"

"কই পাঁজি দেখি।" —শরৎ চট্টোপাধ্যায়

একেবারে...উঠিল—sprang to his feet. ছুঁড়িয়া...দিয়া—flinging aside. তিনি...গিয়া—she caught him by the hand and dragged him in. মাথায় হাত বুলাইয়া বলিলেন—stroked his head and said. শান্ত হইয়া—cooled down. এক মুহূর্তে—in a momennt. ম্লান হইয়া—turned pale

(8)

গতকল্য বেহালায় কোন ভদ্র পরিবারে একটি নিদারুণ দুর্ঘটনা ঘটিয়া গিয়াছে। একটি বালিকাবধূ অজ্ঞাত কারণে আগুনে পুড়িয়া আত্মহত্যা করিয়াছে। জানা গিয়াছে যে, ভোরের দিকে বাড়ীর অন্যান্য সকলে যখন নিদ্রামগ্ন, ঐ বধূটি তখন একটি ঘরে গিয়া ভিতর হইতে উহার দরজা বন্ধ করিয়া দেয়। তারপরে তাহার পরিধেয় বস্ত্র কেরোসিন তৈলে সিক্ত করিয়া উহাতে আগুন ধরাইয়া দেয়। কিছুক্ষণ পরে সে যন্ত্রণায় আর্তনাদ করিতে আরম্ভ করিলে বাড়ির লোকদের নিদ্রাভঙ্গ হয়। তাহারা ছুটিয়া গিয়া দেখে—ঘরের দরজা ভিতর হইতে বন্ধ। দরজা ভাঙিয়া ভিতরে ঢুকিতেই তাহারা দেখিল যে মেয়েটি অর্ধমৃত অবস্থায় পড়িয়া আছে, এবং তাহার সর্বাঙ্গ দগ্ধ হইয়া গিয়াছে। তৎক্ষণাৎ তাহাকে হাসপাতালে পাঠাইবার ব্যবস্থা করা হয়; কিন্তু হাসপাতালে পৌছিবার পূর্বেই তাহার মৃত্যু ঘটে।

—আনন্দবাজার পত্রিকা

নিদারুণ দুর্ঘটনা—a tragic incident. বালিকাবধূ—married woman of tender age. অজ্ঞাত কারণে—for reasons unknown. আগুনে…করিয়াছে—burnt herself to death. জানা গিয়াছে—it is reported. ভিতরে…দেয়—bolted the door from within. বস্ত্র… করিয়া—soaking her cloth in kerosene oil. আগুন…দেয়—set fire to it. যন্ত্রণায়…করিলে—when she began to groan in agony অর্ধমৃত……আছে—was lying half dead. ব্যবস্থা করা হয়—arrangements were made

(9)

গুরু নানক যখন মক্কায় আসিয়া পৌঁছিলেন তখন তিনি পথশ্রমে একান্ত ক্লান্ত। বিশ্রামার্থে তিনি এক মসজিদের প্রাঙ্গণে আশ্রয় গ্রহণ করেন। তিনি জানিতেন না যে ইহাই মক্কার সুবিখ্যাত কাবা মসজিদ। যাহা হউক, রাত্রে তিনি ঘুমাইয়া পড়িলে মসজিদের এক মোল্লা দেখিতে পাইলেন যে নানক মসজিদের দিকে তাঁহার পা রাখিয়া নিশ্চিন্তে ঘুমাইতেছেন। মোল্লা এই দৃশ্য সহ্য করিতে পারিলেন না। তিনি নানককে পদাঘাত করিয়া জাগাইয়া তুলিলেন এবং রাগতভাবে জিজ্ঞাসা করিলেন—"কে তুই কাফের? আল্লাহ্‌র দিকে পা রাখিয়া ঘুমাইয়া আছিস?" তদুত্তরে নানক বলিলেন—"বেশ ত, আল্লাহ্ যে দিকে নাই সেই দিকে আমার পা ঘুরাইয়া দাও।" মোল্লা তাহাই করিলেন, কিন্তু কি আশ্চর্য! সঙ্গে সঙ্গে মসজিদটিও ঘুরিয়া সেইদিকে চলিয়া গেল। গল্পটির তাৎপর্য বোধ হয় ইহাই যে গুরু নানক মোল্লাকে বুঝাইয়া দিলেন যে ভগবান্ সকল স্থানেই আছেন। কোন একটি বিশেষ স্থানে তাঁহাকে অধিষ্ঠিত মনে করা ভ্রমাত্মক।

বিশ্রামার্থ—for rest. মসজিদের…ঘুমাইতেছেন—was sleeping soundly with his feet placed towards the mosque. এই দৃশ্য…না —could not bear to see this. কে…কাফের—what infidel are you! কি আশ্চর্য—what wonder! মসজিদটি গেল—the mosque too revolved that way. গল্পটির তাৎপর্য—the significance of the story. কোন…ভ্রমাত্মক—it is a mistake to think that He is fixed at any particular place.

(10)

প্রথম শ্রেণীর টিকিট কিনিলেন গান্ধীজী—নাতালের বন্দর ডারবানে যাবেন বলে। ট্রেন এসে দাঁড়ালে গান্ধীজী একখানা প্রথম শ্রেণীর কামরায় ঢুকলেন। কিন্তু সেই সঙ্গেই এসে পড়লেন গার্ড সাহেব। রাগে তার দেহের রক্ত ফুটছে—মুখভার রক্তবর্ণ। একজন 'কালা' ভারতবাসী ট্রেনের প্রথম শ্রেণীতে উঠে বসেছে! কি ধৃষ্টতা! বললেন—"ওহে, নেমে এস ওখান থেকে। প্রথম শ্রেণীর কামরা সাহেবদের জন্য—তোমাদের জন্য নয়। তোমরা ভারতবাসী—তোমাদের জন্য তৃতীয় শ্রেণীর কামরা—যাও, নেমে যাও।" গান্ধীজী ভদ্র অথচ দৃঢ়স্বরে প্রতিবাদ করে বললেন—"আমি প্রথম শ্রেণীর টিকিট কিনেছি। কাজেই প্রথম শ্রেণীতে ভ্রমণ করিবার অধিকার আমার আছে।" একজন ভারতীয়ের এই ঔদ্ধত্যে ইংরেজ গার্ড সাহেব অপমানিত বোধ করিলেন। তিনি একজন সিপাহী ডেকে তাকে হুকুম দিলেন গান্ধীজীকে ধাক্কা দিয়ে গাড়ি থেকে নামিয়ে দিতে। সিপাহী হুকুম পালন করল। শুধু তাই নয়। সে গান্ধীজীর জিনিষপত্তর পর্যন্ত নীচে টেনে ফেলে দিল। —আমাদের বাপুজী

ঢুকলেন—got into. প্রথম শ্রেণীর কামরা—a first class compartment. সঙ্গে সঙ্গেই—forthwith. রাগে…ফুটছে—he was boiling with rage. কি ধৃষ্টতা—what insolence! নেমে যাও—get down. ভদ্র…স্বরে—in gentle yet firm voice. প্রতিবাদ করা—to protest. ভ্রমণ করিবার অধিকার…আছে—I have the right to travel. ধাক্কা দিয়ে নামিয়ে দিতে—to knock him down. শুধু…নয়—but this was not all জিনিসপত্তর—belongings

(11)

উকিল—তোমার বয়স কত?

কমলাকান্ত—আমার বয়স ৫১ বৎসর দুই মাস তের দিন চার ঘণ্টা পাঁচ মিনিট।

উকিল—কি জ্বালা! তোমার ঘণ্টা মিনিট কে চায়?

কমলাকান্ত—কেন, এইমাত্র প্রতিজ্ঞা করাইয়াছেন যে কোন কথা গোপন করিব না।

উকিল—তোমার যা ইচ্ছা হয় কর, আমি তোমার সঙ্গে পারিব না। তোমার নিবাস কোথায়?

কমলাকান্ত—আমার নিবাস নাই।

উকিল—বলি, বাড়ী কোথায়?

কমলাকান্ত—বাড়ী দূরে থাক্, আমার একটা কুঠরিও নাই।

উকিল—তবে থাক কোথায়?

কমলাকান্ত—যেখানে সেখানে।

উকিল—এখন আছ কোথায়?

কমলাকান্ত—কেন, এই আদালতে। —কমলাকান্তের দপ্তর

কি জ্বালা—what nonsense! তোমার...চায়—who asked you about hours and minutes? প্রতিজ্ঞা করাইয়াছেন—you made me swear. কোন.. না—shall conceal nothing. আমি...পারিব না—you are too hard a nut for me to crack. নিবাস—residence. বাড়ী দূরে থাক—far from having a house. যেখানে সেখানে—here, there and everywhere

(12)

একদিন পণ্ডিত জগন্নাথ তর্কপঞ্চানন গঙ্গাস্নান করিয়া গৃহে ফিরিতেছিলেন। আসিবার পথে দেখিলেন দুইজন গোরা সৈনিক উত্তেজিত অবস্থায় পরস্পর কলহ করিতেছে। উহারা কতকগুলি জোর জোর কথা বিনিময়ের পর ঘুষাঘুষি আরম্ভ করিল। তর্কপঞ্চানন মহাশয় আর সেখানে অপেক্ষা না করিয়া গৃহে ফিরিয়া আসিলেন। এই ঘটনার কিছুদিন পরে একদিন তিনি পুলিশ কোর্ট হইতে এক সমন পাইলেন। জানিলেন তাঁহাকে ঐ দুই সৈনিকের কলহ ব্যাপারে সাক্ষ্য দিতে হইবে। যথা সময়ে কোর্টে উপস্থিত হইলে হাকিম তাঁহাকে প্রশ্ন করিলেন—"আপনি এ ব্যাপারের কি জানেন?" তর্কপঞ্চানন

বলিলেন—"আমি ঘটনা-স্থলে কিছুক্ষণ উপস্থিত ছিলাম বটে—কিন্তু উহাদের কথাবার্তা আদৌ বুঝিতে পারি নাই। তবে আপনি অনুমতি করিলে আমি স্মৃতি হইতে উহাদের কথাগুলি উদ্ধৃত করিতে চেষ্টা করিতে পারি।" হাকিম অনুমতি দিলে তর্কপঞ্চানন মহাশয় সৈনিকদ্বয়ের কথাগুলি হুবহু বলিয়া গেলেন। সকলেই তাঁহার স্মৃতিশক্তির আশ্চর্য ক্ষমতা দেখিয়া চমৎকৃত হইলেন।

—বঙ্গবাণী (২য় ভাগ)

উত্তেজিত...কলহ করিতেছে—were quarrelling in a mood of excitement. কতকগুলি ..করিল—after an exchange of some hot words they came to blows. ঘটনা—incident. সমন—summons. সাক্ষ্য দেওয়া—give evidence. আমি স্মৃতি...করিতে পারি—I can try to reproduce what they said from my memory. হুবহু—verbatim. স্মৃতিশক্তির ক্ষমতা—amazing feat of his memory

(13)

আমি আমার লিখিবার ঘরে বসিয়া হিসাব দেখিতেছি এমন সময়ে রহমত আসিয়া সেলাম করিয়া দাঁড়াইল। আমি প্রথমে তাহাকে চিনিতে পারিলাম না। তাহার সে ঝুলি নাই। তাহার সে লম্বা চুল নাই। তাহার শরীরে পূর্বের মত সে তেজ নাই। অবশেষে তাহার হাসি দেখিয়া তাহাকে চিনিলাম। কহিলাম—"কিরে রহমত, কবে আসিলি?" সে কহিল—"কাল সন্ধ্যাবেলায় জেল হইতে খালাস পাইয়াছি।" কোন খুনীকে প্রত্যক্ষ দেখি নাই। ইহাকে দেখিয়া সমস্ত অন্তঃকরণ যেন সঙ্কুচিত হইয়া গেল। আমার ইচ্ছা করিতে লাগিল আজকার এ শুভদিনে এ লোকটা গেলেই ভাল হয়। আমি তাহাকে বলিলাম—"আজ আমাদের বাড়ীতে একটা কাজ আছে, আমি একটু ব্যস্ত আছি, আজ তুমি যাও।" কথাটা শুনিয়াই সে তৎক্ষণাৎ চলিয়া যাইতে উদ্যত হইল। অবশেষে দরজার কাছে গিয়া একটু ইতস্ততঃ করিয়া কহিল, "খোঁখীকে একবার দেখিতে পাইব না?" —রবীন্দ্রনাথ ঠাকুর

লিখিবার ঘরে— in my study. হিসাব দেখিতেছি—was looking over the accounts. তাহাকে চিনিতে পারিলাম না—could not

recognise him. তাহার শরীরে···তেজ নাই—neither that old vigour in him. খালাস পাইয়াছি—was released from. সমস্ত···গেল—my whole heart shrank within me. এ শুভদিনে—on this auspicious day. কাজ—function. চলিয়া...হইল—prepared to go. একবার দেখিতে পাওয়া—just have a look at

(14)

হরিদ্বারে কয়েক দিন অবস্থান করিয়া আমরা ব্রহ্মকুণ্ড, কুশাবর্ত ও কনখল প্রভৃতি হিন্দুতীর্থ-সকল দর্শন করিলাম। কনখলের রামকৃষ্ণ সেবাশ্রম একটি জনহিতকর প্রতিষ্ঠান। রামকৃষ্ণের শিষ্যগণ কর্তৃক উহা স্থাপিত হইয়াছে। পীড়িত ও আর্তজনগণের সেবা করাই এই আশ্রমের প্রধান কাজ। সুদূর হিমালয়ের ক্রোড়ে বাঙ্গালীর কীর্তি দেখিয়া গর্বানুভব করিলাম।

হরিদ্বার হইতে হৃষীকেশ চৌদ্দ মাইল। হৃষীকেশ খুব প্রসিদ্ধ স্থান,—এখানে অনেক সাধু মহাত্মা বাস করেন। এইখানে গঙ্গা, চন্দ্রভাগা ও সরস্বতী—এই তিনটি নদী মিলিত হইয়াছে। এইজন্য হিন্দুরা এই স্থানকে ত্রিবেণী তীর্থ বলেন। এই পুণ্যতীর্থদর্শনে হৃদয় আনন্দে পূর্ণ হইল। হৃষীকেশে গঙ্গার দৃশ্য অতি মনোরম। গঙ্গা যেন চঞ্চলা বালিকার ন্যায় নৃত্য করিতে করিতে চলিয়াছে। —জলধর সেন

কয়েক দিন অবস্থান করিয়া—after a short stay. জনহিতকর প্রতিষ্ঠান—a philanthropic institution. শিষ্যগণ—disciples. প্রধান কাজ—principal work. সুদূর হিমালয়ের ক্রোড়ে—at the lap of the far off Himalayas. কীর্তি—achievement. মিলিত হইয়াছে—have united. মনোরম—delightful. চঞ্চলা বালিকার ন্যায়—like a restless girl

(15)

গ্রামের শেষে মাঠের ধারে গফুর জোলার বাড়ী। একখানা ঘর আর দাওয়া। বাড়ীর মাটির পাঁচিল পড়িয়া গিয়াছে, চালে খড় নাই। সেইখানে কোন মতে গফুর আর তার মেয়ে মাথা গুঁজিয়া দিন কাটায়। এই ঘরটুকুই

গফুরের সম্বল। আর আছে একটা বুড়ো ষাঁড়। গফুর বড় আদরে তার নাম রাখিয়াছিল মহেশ। মহেশ তার ছেলের মত। উপরি উপরি দু'সন অজন্মা, মাঠের ধান শুকাইয়া গিয়াছে। দিন-মজুরিও জোটে না। বাপ-বেটীতে দু'বেলা পেট ভরিয়া খাইতে পায় না। মহেশের বড় দুর্দশা। গ্রীষ্মের রৌদ্রে সব ঘাস শুকাইয়া পুড়িয়া গিয়াছে। আর চরিবার জায়গাই বা কই? শ্মশানের ধারে গাঁয়ের যে গোচরটুকু ছিল, পয়সার লোভে জমিদার তাহা বিলি করিয়া দিয়াছেন। এত দুঃখেও গফুরের কারও প্রতি রাগ নাই। সে বড় নিরীহ ও বড় অসহায়। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

গ্রামের...ধারে—by the side of a field at one end of the village. জোলা—weaver. একখানা...দাওয়া—a small hut with a verandah in front of it. মাথা গুঁজিয়া—lay their heads in. এই ঘর...সম্বল—this hut was all that Gafur had. বড় আদরে—very fondly. উপরি...অজন্মা—crops had failed for two successive years. শুকাইয়া গিয়াছে—had dried up. দুবেলা...পায় না—could not get two square meals a day. গোচর—pasture-land. বিলি...দিয়াছেন—had leased that out. রাগ নাই—had no malice against. নিরীহ—harmless

(16)

ইউরোপ হইতে ভারতবর্ষে আসিবার জলপথ আবিষ্কারের উদ্দেশ্যেই কলম্বস স্পেন দেশ হইতে যাত্রা করিয়াছিলেন। ঘটনাচক্রে তিনি এক নূতন মহাদেশে গিয়া পৌঁছিলেন। আমেরিকার আবিষ্কারক-রূপে তাঁহার নাম পৃথিবীর ইতিহাসে চিরস্মরণীয় হইয়া আছে। ভারতবর্ষের পথ আবিষ্কার করিলেন ভাস্কো-ডা-গামা নামে পর্তুগালের এক নাবিক। আফ্রিকা মহাদেশের দক্ষিণ প্রান্তে অবস্থিত উত্তমাশা অন্তরীপ অতিক্রম করিয়া ভারত মহাসাগরের মধ্য দিয়া তিনি ভারতবর্ষের কালিকট বন্দরে উপস্থিত হইয়াছিলেন। এখন ইউরোপীয় জাহাজ আমাদের দেশে আসে সুয়েজ খালের মধ্য দিয়া। কিন্তু ভাস্কো-ডা-গামার সময়ে সুয়েজ খালের অস্তিত্বই ছিল না।

ভাস্কো-ডা-গামা পথ দেখাইলে ইউরোপের অন্যান্য দেশের লোকেরাও বাণিজ্যের উদ্দেশ্যে ভারতবর্ষে আসিতে আরম্ভ করিল এবং কালক্রমে ভারতবর্ষের বাজারগুলি বিদেশীয় পণ্যে ছাইয়া গেল।

—শ্রীঅনিলচন্দ্র বন্দ্যোপাধ্যায়

ভারতবর্ষ…জলপথ—a sea-route to India. ঘটনাচক্রে—as fate would have it. চিরস্মরণীয়…আছে—has become immortal. নাবিক—a sailor. উত্তমাশা অন্তরীপ—Cape of Good Hope. অস্তিত্বই ছিল না—did not exist at all. বাণিজ্যের উদ্দেশ্যে—for the purpose of trade. কালক্রমে—in course of time. ভারতবর্ষের বাজারগুলি…গেল—the Indain markets came to be flooded with foreign goods

(17)

প্রিয়তমা পত্নী মমতাজমহলের স্মৃতিরক্ষার্থে সম্রাট্ শাহ্‌জাহান আগ্রায় যে অপূর্ব সৌধ নির্মাণ করেন, উহাই তাজমহল নামে পরিচিত। এই সৌধ-নির্মাণের অভিপ্রায়ে সম্রাট্ দেশের সর্বশ্রেষ্ঠ স্থপতিগণকে নিযুক্ত করেন। এমন কি সুদূর আরব, পারস্য, তুরস্ক প্রভৃতি দেশের প্রসিদ্ধ শিল্পীর পরামর্শ ও সাহায্য গ্রহণ করা হইয়াছিল। প্রয়োজনীয় দ্রব্যাদি প্রচুর অর্থব্যয়ে ভারতের নানা স্থান হইতে সংগৃহীত হইয়াছিল। ১৬৩১ খ্রীষ্টাব্দে তাজমহলের নির্মাণকার্য আরম্ভ হয়। দৈনিক ন্যূনাধিক বিংশতি সহস্র কর্মী এই কার্যে ব্যাপৃত ছিলেন। ক্রমাগত সতের বৎসর পূর্ণোদ্যমে কার্য চলিবার পর এই অতুলনীয় স্মৃতিসৌধের নির্মাণকার্য শেষ হয়। শ্বেত প্রস্তরে নির্মিত এই স্মৃতিসৌধের অপরূপ রূপ দর্শন করিলে স্বতঃই মন আনন্দে ও প্রশংসায় ভরিয়া যায়। আর আমরা বুঝিতে পারি কেন ইহাকে পৃথিবীর সপ্ত আশ্চর্যের মধ্যে অন্যতম বলা হয়।

—সরল সাহিত্যসুধা (পরিবর্তিত)

স্মৃতিরক্ষার্থে—to preserve the memory of. এই…অভিপ্রায়ে—for the purpose of constructing this building. সর্বশ্রেষ্ঠ……গণকে—the best sculptors. প্রয়োজনীয় দ্রব্যাদি—the necessary

materials. ন্যূনাধিক—more or less, ক্রমাগত……পর—after the work of construction went on in full swing for seventeen years. মন…ভরিয়া যায়—our mind comes to be filled with joy and admiration. অপরূপ……দর্শনে—when we see the matchless beauty of. কেন……বলা হয়—why it is called one of the seven wonders of the world

(18)

যুবক তাহার মানচিত্রাদি সাহেবের সম্মুখে উপস্থিত করিলেন। অঙ্ক কষিয়া সাহেবকে বুঝাইয়া দিলেন যে, তাঁহার আবিষ্কৃত পর্বতচূড়াটির উচ্চতা সত্য সত্যই উনত্রিশ হাজার দু'ফুট। সাহেব যুবকের মানচিত্রাদি দেখিয়া খুব খুশী হইলেন এবং স্বীকার করিলেন যে, এই যুবকই সর্বপ্রথম পৃথিবীর এই উচ্চতম পর্বতশৃঙ্গটির সন্ধান পাইয়াছেন। সেই সময়ে সার জর্জ এভারেস্ট ছিলেন ভারতীয় জরিপ-বিভাগের কর্তা। তাই, তাঁহারই নামানুসারে পৃথিবীর এই সর্বোচ্চ পর্বতচূড়াটির নাম হইল এভারেস্ট শৃঙ্গ। এই বাঙ্গালী যুবক যিনি বহু দিন গবেষণা করিয়া, বহু অজানা অচেনা পাহাড়ে ঘুরিয়া পৃথিবীর সবচেয়ে উঁচু গিরিচূড়াটির আবিষ্কার করিয়া গেলেন—তাঁহার নাম রাধানাথ শিকদার। ইনি ১৮১৩ খ্রীষ্টাব্দে কলিকাতায় জন্মগ্রহণ করেন। নূতন কিছু আবিষ্কারের ব্যাপারে বাঙ্গালী ছেলে যে কম নয় রাধানাথ তাহাই প্রমাণ করিয়া গেলেন।

মানচিত্রাদি—maps and charts. উপস্থিত করিলেন—placed before. অঙ্ক……দিলেন—convinced the officer by mathematical calculations. স্বীকার করিলেন—admitted. জরিপ-বিভাগ—survey department. তাঁহারই নামানুসারে—it was after him. এভারেস্ট শৃঙ্গ—Mount Everest. বহু…করিয়া—after long researches. সবচেয়ে…গেলেন—discovered the highest mountain-peak. নূতন…কম নয়—does not lag behind in the field of new discoveries

(19)

রমেশ শহরে থাকিতে এ সম্বন্ধে বই পড়িয়া যাহা জানিয়াছিল, গ্রামে আসিয়া তাহাই চোখে দেখিয়া, প্রথমটা একেবারে অভিভূত হইয়া পড়িল। তাহার অনেক টাকা ব্যাঙ্কে পড়িয়া ছিল। এই টাকা এবং আরও কিছু টাকা সংগ্রহ করিয়া এই-সকল দুর্ভাগাদিগকে মহাজনের কবল হইতে উদ্ধার করিবার জন্য সে কোমর বাঁধিয়া লাগিয়া গেল। কিন্তু দুই-একটি কার্য করিয়াই ধাক্কা খাইয়া দেখিল যে, এই-সকল দরিদ্রদিগকে যতটা নিরীহ এবং কৃপাপাত্র বলিয়া ভাবিয়াছিল, অনেক সময়েই তাহা ঠিক নয়। ইহারা দরিদ্র, নিরুপায় এবং অল্পবুদ্ধি বটে কিন্তু বজ্জাতি বুদ্ধিতে ইহারা কম নয়; অধিকাংশ ক্ষেত্রেই সরলও নয়, সাধুও নয়, মিথ্যা বলিতেও অধোবদন হয় না এবং ফাঁকি দিতে বেশ জানে। ধার করিয়া শোধ না দিবার প্রবৃত্তি ইহাদের যথেষ্ট প্রবল। অথচ ইহারা এমন উৎপীড়িত, এত দুর্বল, এমন নিঃস্ব যে ইহাদের উপর রাগ করিয়া বসিয়া থাকাও অসম্ভব। বিদ্রোহী বিপথগামী সন্তানের প্রতি পিতার মনোভাব যাহা হয়, রমেশের অন্তরটি ঠিক তেমনই করিতেছিল।

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

একবার...পড়িল—felt completely upset. কবল......জন্য—to free them from the clutches of. সে…গেল—he started work in right earnest. ধাক্কা খাইয়া দেখিল—the shocks he received revealed to him. অল্পবুদ্ধি—small-witted. বজ্জাতি বুদ্ধিতে কম—lag behind in making mischief. মিথ্যা…না—feel no scruples in telling lies. উৎপীড়িত—tortured. বিদ্রোহী......করিতেছিল—Ramesh had the same feeling that a father has towards his rebel son who has gone astary.

(20)

মানসিংহ ঈশাখাঁর প্রস্তাবে সম্মত হইলেন। দুর্গের বাহিরে দুই জনে যুদ্ধ আরম্ভ হইল। হঠাৎ ঈশাখাঁর তরবারির আঘাতে মানসিংহের তরবারি ভাঙিয়া গেল। ঈশাখাঁ তখন অনায়াসে মানসিংহকে নিধন করিতে পারিতেন।

কিন্তু নিরস্ত্র শত্রুর দেহে আঘাত করিতে বীর ঈশাখাঁর অন্তর চাহিল না, নিজের তরবারি মানসিংহের হাতে দিয়া বলিলেন—"আপনি আমার অস্ত্র গ্রহণ করুন। আমি আর একখানা আনাইয়া লইতেছি।" ঈশাখাঁর মহত্বে মানসিংহ মুগ্ধ হইয়া গেলেন। বলিলেন—"ঈশাখাঁ, তুমি বীর। তোমাকে বিদ্রূপ করিয়াছিলাম, সেজন্য ক্ষমা প্রার্থনা করিতেছি। আকবর শাহের সহিত তোমার বিরোধ যাহাতে শেষ হয়, আমি সেই ব্যবস্থা করিব। আমি আর তোমার সঙ্গে যুদ্ধ করিব না।" —পাঠমঞ্জুষা

সম্মত হইলেন—**agreed to.** নিরস্ত্র…না—**he had not the heart to strike an unarmed foe.** আনাইয়া লইতেছি—**I am going to get.** মহত্বে…গেলেন—**was charmed with the greatness of.** বিদ্রূপ—**taunts.** আমি…করিব—**I shall see to it that**

CHAPTER VIII

PASSAGES FOR TRANSLATION

(Without Hints)

(1)

শিক্ষার্থীকে ব্যবসায়ক্ষেত্রে সর্বনিম্ন স্তর হইতে আরম্ভ করিতে হইবে। হীনতা স্বীকার করিয়া, সর্বপ্রকার কষ্ট সহ্য করিয়া, কৃতিত্ব অর্জনের প্রয়াস আমাদের যুবকগণের মধ্যে দেখা যায় না। ব্যবসায়ক্ষেত্রে প্রবেশ করিয়া আমাদের যুবকগণ একমাস বা দেড়মাস সকল দিকে একবার দৃষ্টিপাত করিয়া বলেন—"সব শিখে নিয়েছি; এইবার টেবিল, চেয়ার ও বৈদ্যুতিক পাখার হাওয়া দিয়ে আমাকে একটা বিভাগের কর্তা করে দিন।" এই ধৈর্যহীনতার অবশ্যম্ভাবী পরিণাম সকলেই কল্পনা করিতে পারেন। আমরা দোকান করিয়া 'ফেল' মারি। কেহ কাহারও অংশীদার হইয়া ব্যবসায় করিতে জানি না। এইরূপ ব্যবসায় আরম্ভ করিলেই আমরা পরস্পরের সঙ্গে ঝগড়া করি। —আচার্য প্রফুল্লচন্দ্র রায়

(2)

সাজাহান—বুঝেছি মা, এ দারার বিজয় ঘোষণা নয়. এ এক নূতন দুঃসংবাদ, তাই কি?

জাহানারা—হাঁ বাবা।

সাজাহান—জানি দুর্ভাগ্য একা আসে না। যখন আরম্ভ হয়েছে—সে তার পালা শেষ না করে যাবে না। বল, কি দুঃসংবাদ কন্যা। ও কিসের শব্দ?

জাহানারা—ঔরংজীব আজ সম্রাট্ হয়ে দিল্লীর সিংহাসনে বসেছে। আগ্রায় এ তারই উৎসবধ্বনি।

সাজাহান—কি? ঔরংজীব কি হয়েছে?

জাহানারা—আজ দিল্লীর সিংহাসনে বসেছে।

সাজাহান—জাহানারা, কি বলছো? আমি জীবিত আছি না মরে গিয়েছি? না, এ অসম্ভব। ঔরংজীব এ কাজ কর্তে পারে না। তার পিতা এখনও জীবিত—একটা বিবেক ত আছে।

জাহানারা—যে ব্যক্তি বৃদ্ধ পিতাকে বন্দী ক'রে জীবন্তে এই গোর দিতে পারে, সে কি না কর্তে পারে, বাবা! —দ্বিজেন্দ্রলাল রায়

(3)

যখন পালামৌ আমার যাওয়া একান্তই স্থির হইল তখন জানি না যে, সে স্থান কোন্ দিকে, কতদূর? অতএব ম্যাপ দেখিয়া স্থানটি বাহির করিলাম। হাজারিবাগ হইয়া যাইতে হইবে এই বিবেচনায় ডাক গাড়ি ভাড়া করিয়া রাত্রি দেড় প্রহরের সময় রানীগঞ্জ হইতে যাত্রা করিলাম। প্রাতে বরাকর নদীর পূর্বপারে গাড়ি থামিল। বরাকর হইতে দুই একটি ক্ষুদ্র পাহাড় দেখা যায়। বঙ্গবাসীদের কেবল মাঠ দেখা অভ্যাস, মৃত্তিকার সামান্য স্তূপ দেখিলেই তাহাদের আনন্দ হয়। অতএব সেই পাহাড়গুলি দেখিয়া যে তৎকালে আমার যথেষ্ট আনন্দ হইবে, ইহা আর আশ্চর্য কি? পরদিন দুই প্রহরের সময়ে হাজারিবাগ পৌঁছিলাম। তথায় গিয়া শুনিলাম, কোন সম্ভ্রান্ত ব্যক্তির বাড়িতে আমার আহারের আয়োজন হইতেছে। প্রায় দুই দিবস আহার হয় নাই,

অতএব আহার সম্বন্ধীয় কথা শুনিবামাত্র ক্ষুধা অধিকতর প্রদীপ্ত হইল। আমি তৎক্ষণাৎ তাঁহার বাটীতে গাড়ি লইয়া যাইতে অনুমতি করিলাম।

—সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

(4)

তীরোপরি আরোহণ করিয়া নবকুমার দেখিলেন যে যতদূর দৃষ্টি চলে, ততদূর কোথাও বসতির লক্ষণ নাই। কেবল বনমাত্র। কিন্তু সে বন দীর্ঘবৃক্ষাবলীশোভিত বা নিবিড় বন নহে—কেবল স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভিদ্ মণ্ডলাকারে কোন কোন ভূমিখণ্ড ব্যাপিয়াছে। নবকুমার তাহার মধ্যে আহরণযোগ্য কাষ্ঠ দেখিতে পাইলেন না। সুতরাং উপযুক্ত বৃক্ষের সন্ধানে নদীতট হইতে অধিকদূর গমন করিতে হইল। পরিশেষে ছেদন-যোগ্য একটি বৃক্ষ পাইয়া তাহা হইতে প্রয়োজনীয় কাষ্ঠ সমাহরণ করিলেন। কাষ্ঠ বহন করিয়া আনা আর এক বিষম কঠিন ব্যাপার বোধ হইল; নবকুমার দরিদ্রের সন্তান ছিলেন না, এসকল কর্মের অভ্যাস ছিল না। সম্যক্ বিবেচনা না করিয়াই কাষ্ঠ আহরণে আসিয়াছিলেন; কিন্তু এক্ষণে কাষ্ঠভারবহন ক্লেশকর হইল। যাহা হউক, যে কর্মে প্রবৃত্ত হইয়াছেন তাহাতে ক্ষান্ত হওয়া নবকুমারের স্বভাব ছিল না।

—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(5)

চন্দ্রগুপ্ত একবার চাণক্যের উপর অসন্তুষ্ট হইয়া তাঁহাকে পদচ্যুত করিয়াছিলেন। তিনি মনে করিয়াছিলেন—আমি বাহুবলে বিপুল সাম্রাজ্য জয় করিয়াছি—অতএব রাজ্য রক্ষা করিবার সামর্থ্যও আমার আছে। কিন্তু চাণক্য চলিয়া গেলেই তিনি তাঁহার নিজের ভ্রম বুঝিতে পারিলেন। তিনি দেখিলেন চাণক্য পশ্চাতে না থাকিলে বিশাল মগধ-সাম্রাজ্য রক্ষা করা তাঁহার পক্ষে দুরাশা মাত্র। চন্দ্রগুপ্ত বিশেষ অনুরোধ করিয়া চাণক্যকে পুনর্বার মন্ত্রিপদ গ্রহণ করিতে স্বীকার করাইলেন। তাহার রাজ্যরক্ষা হইল। কিন্তু সকল ক্ষেত্রেই চাণক্যকে ফিরিয়া পাওয়া যায় না। অনেক সময় আমাদের অবহেলায় যাহা যায়, পরে প্রাণ দিলেও তাহা আর ফিরিয়া

আসে না। যে মরিয়া যায়, তাহাকে পাইবার উপায় নাই। ভগ্নস্বাস্থ্য সকল সময়ে ফিরিয়া পাওয়া যায় না। সময় একবার চলিয়া গেলে, উহা আর ফিরিয়া আসে না।

(6)

সরলহৃদয় তরুণেরা চায় দেশের কল্যাণ সাধন করিতে। কিন্তু কোন্ উপায়ে দেশের কল্যাণসাধন হইবে—তাহাদের অনেকেই গভীরভাবে চিন্তা করিয়া দেখে না। মনে হয় তাহারা চিন্তাশক্তি একেবারেই যেন হারাইয়া ফেলিয়াছে; দৃষ্টিশক্তিও যেন তাহাদের আর নাই। কিছুমাত্র চিন্তা না করিয়া তাহারা অন্ধকারে ঝাঁপাইয়া পড়ে, অন্ধকারেই জীবনের অবসান ঘটায়। এরূপ অবস্থায় কে আশা করিতে পারে যে দেশের সৌভাগ্য ও গৌরব ফিরিয়া আসিবে—সমস্ত দুঃখের অবসান ঘটিবে। উচ্চাভিলাষী তরুণদিগকে আজ স্পষ্ট করিয়া বুঝিতে হইবে যে, আলোকের পথই প্রকৃত কল্যাণের পথ—কারে শুধু পাপ, কেবল অশান্তি, অবশেষে মরণ।

(7)

অল্প কয়েক বছর আগে ইউরোপে এক ভীষণ যুদ্ধ হয়ে গেছে। পৃথিবীর অনেক জাতিই এই যুদ্ধে নেমেছিলেন—আর প্রত্যেকেরই চেষ্টা ছিল অপর পক্ষের কত লোককে হত্যা করতে পারা যায়। লক্ষ লক্ষ লোক এই যুদ্ধে হত হয়েছে এবং বহু সহস্র লোক চিরদিনের জন্য পঙ্গু হয়ে গেছে। এরকম ভাবে পরস্পরকে হত্যা করার মধ্যে কোন্ সভ্যতা ও বুদ্ধির প্রকাশ পেয়েছিল? রাস্তায় দাঁড়িয়ে দু'জন ঝগড়া করলে পুলিস এসে তাহাদের ছাড়িয়ে দেয়; লোকেও তাদের মনে করে মূর্খ। কিন্তু ভেবে দেখ গোটা দেশ আর জাতির পক্ষে পরস্পরের বিরুদ্ধে দাঁড়িয়ে লড়াই করা আর লক্ষ লক্ষ লোকের প্রাণ বধ করা আরো কত বড় বোকামি, আরো কত বড় মূর্খতা। এ যেন জঙ্গলের ভিতর দুটো বুনো লোকের লড়াই।

(8)

এত বেলা পর্যন্ত শিবুর নাওয়া-খাওয়া নাই। জমিদারের কাছেও সুবিচার হয় নাই ; তাহাতে বাড়িতে পা দিতে না দিতেই এই কাণ্ড, তাহার আর হিতাহিত জ্ঞান রহিল না। সে প্রচণ্ড এক শপথ করিয়া বলিয়া উঠিল—এই আমি চললুম, থানার দারোগার কাছে। এর বিহিত যদি না করতে পারি ত আমি সামন্তের ছেলে নই।

তাহার শালা লেখাপড়া-জানা লোক, বিশেষতঃ তাহার গয়ার উপর আগে হইতেই আক্রোশ ছিল। সে কহিল, আইনমতে এর নাম—অনধিকার-প্রবেশ। লাঠি নিয়ে বাড়ি চড়াও হওয়া, জিনিসপত্র ভাঙ্গা, মেয়েমানুষের গায়ে হাত তোলা—এর শাস্তি ছ'মাস জেল। সামন্ত মশাই, তুমি কোমর বেঁধে দাঁড়াও দেখি, আমি কেমন না বাপ-বেটাকে একসঙ্গে জেলে পুরতে পারি।

শিবু আর দ্বিরুক্তি করিল না, সম্বন্ধীর হাত ধরিয়া দরোগার উদ্দেশ্যে প্রস্থান করিল। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(9)

আমাদের বাড়ির নিম্নেই গঙ্গা প্রবাহিত। বাল্যকাল হইতেই নদীর সহিত আমার সখ্য জন্মিয়াছিল। বৎসরের এক সময় কূল প্লাবিত করিয়া জলস্রোত বহুদূর পর্যন্ত বিস্তৃত হইত ; আবার হেমন্তের শেষে ক্ষীণ কলেবর ধারণ করিত। প্রতিদিন জোয়ার-ভাঁটায় বারি-প্রবাহের পরিবর্তন লক্ষ্য করিতাম। নদীকে আমার একটি গতি-পরিবর্তনশীল জীব বলিয়া মনে হইত। সন্ধ্যায় একাকী নদীতীরে আসিয়া বসিতাম। ছোট ছোট তরঙ্গগুলি তীরভূমিতে প্রতিহত হইয়া কুলু কুলু গীত গাহিয়া অবিশ্রান্ত চলিয়া যাইত। যখন অন্ধকার গাঢ় হইয়া আসিত এবং বাহিরের কোলাহল একে একে নীরব হইয়া যাইত, তখন নদীর সেই কুলু কুলু ধ্বনির মধ্যে কত কথাই শুনিতে পাইতাম। কখনো মনে হইত এই অজস্র জলধারা প্রতিদিন চলিয়া যাইতেছে—ইহা হয়ত কখনও ফিরে না। তবে এই অনন্ত জলধারা কোথা হইতে আসিতেছে? ইহার কি শেষ নাই?

—আচার্য জগদীশচন্দ্র বসু

(10)

দূরে, ঐ নদীর পারে, ঐ বনানী ও পর্বতের পারে, আমাদের বাঞ্ছিত ভূমি—ঐ দেশ আমাদের জন্মভূমি। আমরা ঐ দেশেই ফিরে যাচ্ছি। শোন! ভারতভূমি আমাদের আহ্বান জানাচ্ছে—রাজধানী দিল্লী আমাদের ডাকছে। ৩৮ কোটী স্বদেশবাসী আমাদের আহ্বান করছে। ওঠ, আর নষ্ট করবার সময় নাই, হাতে হাতে অস্ত্র নাও। সম্মুখে তোমার দীর্ঘ পথ। শত্রুসেনার মধ্য দিয়ে আমাদের পথ করে যেতে হবে। ঈশ্বরের অভিপ্রেত হলে শহীদের মত মৃত্যুবরণেও আমরা কুণ্ঠিত নই। এই শেষশয্যায় আমরা সেই পথকে চুম্বন করব—যে পথে দিল্লীতে উপনীত হবে আমাদের বীর সেনার দল। দিল্লীর পথই স্বাধীনতার পথ।

—সুভাষচন্দ্র বসু

(11)

ছবির দেশ কাশ্মীর যে কত সুন্দর, তাহা নিজে না দেখিলে কাহাকেও বোঝানো যায় না। কেন যে মানুষ উহাকে ভূস্বর্গ বলে তাহা আমি নিজের চোখে দেখিয়া বুঝিতে পারিলাম। ফলে ফুলে ভরা কাশ্মীর রাজ্য। এখানে সর্বত্রই পাহাড়। কাশ্মীরীদের তৈয়ারী বাড়িগুলি দেখিতে খুবই সুন্দর। বাড়িগুলি অবশ্য সংখ্যায় খুব বেশি নয়। হ্রদে ভাসমান নৌকায় অনেক লোক বাস করে। এই সাজানো নৌকাগুলিতেই একটি জমকালো ভাসমান শহরের সৃষ্টি হইয়াছে। কাশ্মীর রাজার প্রাসাদটি সত্যই খুব চমৎকার। বহু পর্যটক প্রতিবৎসর কাশ্মীরভ্রমণে যান।

(12)

বিলাত হইতে ফিরিয়া গান্ধীজি প্রথম বোম্বেতে ব্যারিস্টারি করিতে শুরু করিলেন। কিন্তু পরে যাঁহার বক্তৃতা সহস্র সহস্র মানুষ মন্ত্রমুগ্ধের মত শুনিত, সেদিন তিনি প্রকাশ্যে আদালতে বক্তৃতা করিতে দাঁড়াইয়া একটি কথাও বলিতে পারিলেন না। একটা অকারণ লজ্জা এমনভাবে তাঁহার কণ্ঠরোধ করিয়া ধরিল যে তিনি অধোবদন হইয়া মোকদ্দমার ভার অপরের উপরে দিয়া একরকম ছুটিয়াই বাহির হইয়া আসিলেন। আপাতদৃষ্টিতে যাহাকে ব্যর্থতা

বলিয়া মনে হয়, অধিকাংশ সময়ে মানুষের জীবনে তাহাই বৃহত্তর সার্থকতা বহিয়া আনে। গান্ধীজি যদি সেদিন সুচারুভাবে সে মোকদ্দমা চালাইতে পারিতেন, তাহা হইলে ভারতের ইতিহাস আজ অন্যরূপ দাঁড়াইত। গান্ধীজি হয়ত ধনকুবের হইতে পারিতেন, কিন্তু 'মহাত্মা' হওয়া সম্ভব হইত না।

—শ্রীগজেন্দ্রকুমার মিত্র

(13)

চাণক্য—না, যাও! ভিক্ষুক! আমিই সেই ব্রাহ্মণ। এ কন্যা আমার।

ভিক্ষুক—আমার মেয়েটি কেড়ে নিও না, বাবা! এ আমার অন্ধের নড়ি। খেতে পাবো না।

চাণক্য—তোমায় এক রাজ্যখণ্ড দেবো। দস্যু, তুমি আমায় পথের ভিখারী করেছ, তুমি আমায় সম্রাট্ করেছ। তুমি আমায় নরকে নিক্ষেপ করে আবার স্বর্গে উঠিয়েছ। আমি তোমায় বধ করে তোমার মূর্তি গড়ে পূজা করব। না না—এ কি! আনন্দ, না দুঃখ?

কাত্যায়ন—চাণক্য! চাণক্য!

চাণক্য—না, এ সম্ভব না। এ ছলনা, প্রতারণা, ষড়্‌যন্ত্র—তোমার ষড়্‌যন্ত্র কাত্যায়ন! কাত্যায়ন, নাড়ী দেখতে জান? দেখ (হাত বাড়াইলেন) আমি বেঁচে আছি কিনা।

কাত্যায়ন—চাণক্য, প্রকৃতিস্থ হও।

—দ্বিজেন্দ্রলাল রায়

(14)

যখনকার কথা বলিতেছি, রাবেয়ার ধর্মজীবনের অদ্ভুত কাহিনী তখন দেশে দেশে প্রচারিত হইয়াছে। পুরুষের যাহা অসাধ্য—একজন নারী তাহা সাধন করিয়াছেন, এই কথা তখন সকলের মুখে বিস্তৃতি লাভ করিতেছে এবং দলে দলে লোক তাঁহাকে দেখিবার জন্য আসিতেছেন। একবার এইরূপ দুইজন লোক আসিয়াছিলেন। তাঁহারা তখন ক্ষুৎপিপাসায় কাতর, নিজেদের মধ্যে আলাপ করিতেছিলেন যে রাবেয়া যদি তাঁহাদিগকে কিছু খাইতে দিতেন,

তবে বড় ভাল হইত। রাবেয়ার নিকট তখন মাত্র দুইখানি রুটি ছিল। তিনি তাহা বাহির করিয়া কিরূপে যে উক্ত দুইখানি রুটি দিয়া অতিথিসেবা করিবেন, তাহা ভাবিতে লাগিলেন। ঠিক এমনি সময়ে এক ভিক্ষুক বাহির হইতে ডাকিয়া বলিল, "মা, আমি দরিদ্র ভিক্ষুক, ক্ষুধায় বড় কাতর হইয়াছি। কিছু খাদ্যদ্রব্য পাইতে পারি কি?" রাবেয়া ক্ষুধার্তের প্রার্থনা শ্রবণমাত্র রুটি দুইখানি তাহাকে প্রদান করিলেন—নিজের জন্য বা অতিথিদের জন্য কিছুই রাখিলেন না।

—সৈয়দ এমদাদ আলি

(15)

ভারতবর্ষে প্রত্যাবর্তন করিয়া সৈয়দ আহ্‌মদ মুসলমানদিগের জন্য একটি উচ্চশ্রেণীর কলেজ স্থাপন করিতে কৃতসঙ্কল্প হইলেন। কিন্তু অর্ধশিক্ষিত মৌলবিগণ এই সাধু সঙ্কল্প কার্যে পরিণত করিতে বিস্তর বাধা প্রদান করিলেন। তাঁহারা প্রচার করিতে লাগিলেন ইংরেজী সাহিত্য ও বিজ্ঞানের চর্চা মুসলমানদিগের পক্ষে ধর্মবিরুদ্ধ কার্য। কিন্তু সৈয়দ আহ্‌মদ সঙ্কল্পসাধনের জন্য প্রাণপণ করিয়াছিলেন—তিনি কিছুতেই পশ্চাৎপদ হইলেন না। বহু বাধা-বিঘ্ন অতিক্রম করিয়া তিনি নিজের উদ্দেশ্য সাধন করেন; তিনি ভারতের নানাস্থান হইতে অর্থ সংগ্রহ করেন; হায়দরাবাদের নিজাম, রামপুরের নবাব, সার সালার জঙ্গ প্রভৃতি মুসলমান নেতৃগণ তাঁহাকে যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। অবশেষে সৈয়দ আহ্‌মদের সাধু সঙ্কল্প কার্যে পরিণত হইল। তিনি ১৮৭৭ খ্রীঃ আলিগড়ে মুসলমানদিগের শিক্ষার জন্য একটি উচ্চশ্রেণীর কলেজ স্থাপন করিলেন। এই কলেজই সৈয়দ আহ্‌মদের জীবনের সর্বপ্রধান কীর্তি।

—শ্রীঅবনীমোহন রায়

(16)

মহারাজ খাপ হইতে তরবারি খুলিলেন। নক্ষত্ররায়ের সম্মুখে ধরিয়া বলিলেন—"ভাই, এখানে লোক নাই, সাক্ষী নাই, কেহ নাই। ভাইয়ের বক্ষে ভাই যদি ছুরি মারিতে চাও, তবে তাহার স্থান এই, সময় এই। এখানে কেহ তোমাকে নিবারণ করিবে না, কেহ তোমাকে নিন্দা করিবে না। তোমার

শিরায় আর আমার শিরায় একই রক্ত বহিতেছে—তুমি সেই রক্তপাত করিতে চাও; কিন্তু মানুষের আবাসস্থলে করিও না। কারণ যেখানে এই রক্তের এক বিন্দু পড়িবে, সেইখানেই অলক্ষ্যে ভ্রাতৃত্বের পবিত্র বন্ধন শিথিল হইয়া যাইবে। অতএব নগরে, গ্রামে, যেখানে নিশ্চিন্তচিত্তে পরমস্নেহে ভাইয়ে ভাইয়ে গলাগলি করিয়া আছে সেই ভাইদের নীড়ের মধ্যে ভাইয়ের রক্তপাত করিও না। এইজন্যই আজ তোমাকে অরণ্যে ডাকিয়া আনিয়াছি।" এই বলিয়া রাজা নক্ষত্ররায়ের হাতে তরবারি দিলেন। নক্ষত্ররায়ের হাত হইতে তরবারি ভূমিতে পড়িয়া গেল। নক্ষত্ররায় দুই হাতে মুখ ঢাকিয়া কাঁদিয়া উঠিয়া রুদ্ধ-কণ্ঠে কহিলেন, "দাদা, আমি দোষী নই। একথা আমার মনে কখনও উদয় হয় নাই।" —রবীন্দ্রনাথ ঠাকুর

(17)

প্রাচীন ভারতের ঋষির মত আচার্য জগদীশচন্দ্র আজীবন বৈজ্ঞানিক সাধনায় নিমগ্ন ছিলেন। কোন দিন কোনও কারণে তিনি এই সাধনা হইতে তিলমাত্র বিচ্যুত হন নাই। যখন তিনি বিজ্ঞানসাধনায় নিমগ্ন হইতেন, তখন তিনি আহার-নিদ্রা ভুলিয়া যাইতেন। তাঁহার মত একনিষ্ঠ বৈজ্ঞানিক সাধক বড়ই বিরল—তাই তিনি ভারতের গৌরবস্বরূপ। তিনি উদ্ভিদ্-জীবনের যেসব নূতন নূতন তথ্য আবিষ্কার করিয়াছেন, তাহা বিজ্ঞানজগতে যুগান্তর আনিয়াছে। তিনি যে শত বাধা-বিপত্তির সঙ্গে যুদ্ধ করিয়াছেন, তাহা ভাবিলে চমৎকৃত হইতে হয়। নিজের অসীম উৎসাহ ও অধ্যবসায়ের ফলে বিজয়ী হইয়া তিনি সমগ্র জগৎ কর্তৃক সাদরে অভিনন্দিত হইয়াছেন। যে বাধা ও বিপত্তির মধ্য দিয়া তিনি 'বসু-বিজ্ঞানমন্দির' স্থাপন করিয়া দেশমাতাকে উৎসর্গ করিয়াছেন—তাহা ভারতের জাতীয় ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবে। আচার্য জগদীশচন্দ্রের অক্লান্ত চেষ্টার ফলে এই বিজ্ঞানমন্দিরটি নানাদেশীয় বৈজ্ঞানিকদের তীর্থস্থানে পরিণত হইয়াছে। —ফণীন্দ্রনাথ বসু

(18)

শেরশাহ্ দিল্লীর সম্রাট থাকাকালে আমাদের দেশে পত্র-প্রেরণের প্রথম সুব্যবস্থা হয়। তৎপরে মুঘল সম্রাট্ আকবরের রাজত্বকালে এদেশে চারি সহস্র ডাক-হরকরা নিযুক্ত হইয়াছিল। ইহারা প্রত্যেকে পাঁচক্রোশ অন্তর অপর ডাক-হরকরার নিকট পত্রাদি পৌঁছাইয়া দিত। ইহার ফলে পঞ্চাশ ক্রোশ দূরের চিঠি চব্বিশ ঘণ্টা বা এক দিনে পৌঁছিত। এই সময়ে সরকারী পত্রের সহিত জনসাধারণের পত্রাদিও প্রেরণের ব্যবস্থা হইয়াছিল। অতঃপর ১৭৬৬ খ্রীষ্টাব্দে লর্ড ক্লাইভ কেবলমাত্র সরকারী পত্রাদি প্রেরণের সুবিধার জন্য ভারতবর্ষের ডাক-বিভাগ স্থাপন করেন। এই ব্যবস্থাতে জনসাধারণের কোনও সুবিধা হয় নাই। অবশেষে ১৭৭৪ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেস্টিংস সরকারী ডাকের সহিত অপর লোকের চিঠিপত্র প্রেরণের ব্যবস্থা করেন, কিন্তু তিনিও সে সম্বন্ধে কোন স্থায়ী বন্দোবস্ত করিতে পারেন নাই। —C. U., 1944

(19)

অপুদের বাড়ী হইতে কিছু দূরে একটি বড় অশ্বত্থ গাছ ছিল। কেবল তাহার মাথাটি উহাদের জানালা বা রোয়াক হইতে দেখা যায়। অপু মাঝে মাঝে সেদিকে চাহিয়া দেখিত। যতবার সে চাহিয়া দেখে, ততবার তাহার যেন অনেক—অনেক—অনেক দূরের কোন দেশের কথা মনে হয়—কোন্ দেশ এ তাহা ঠিক ধারণা হইত না—কোথায় যেন কোথাকার দেশ—মার মুখে ঐসব দেশের রাজপুত্তুরদের কথাই সে শোনে। অনেক দূরের কথায় তাহার শিশুমনে একটি বিস্ময়-মাখানো আনন্দের ভাবের সৃষ্টি করিত।

—বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(20)

ভারতবর্ষ এক, অখণ্ড। হোক প্রদেশে-প্রদেশে ভাষার তফাৎ, আচারের তফাৎ, তবুও কাশ্মীর থেকে কুমারিকা পর্যন্ত এই ভারতবর্ষ এক দেশ, এক জাতি, এক রাষ্ট্র, এক দেহ। দেহের এক জায়গায় আঘাত লাগলে যেমন

সারা দেহেই আঘাত লাগে, তেমনি ভারতের এক প্রদেশে যদি বিপদ্ আসে, সারা ভারতবর্ষেই সেই বিপদের অনুভূতি জাগবে। এই হলো ভারতবর্ষের ইতিহাসের সবচেয়ে বড় শিক্ষা। প্রত্যেক কিশোর-কিশোরীকে, প্রত্যেক তরুণ-তরুণীকে বুঝতে হবে—মন-প্রাণ দিয়ে বুঝতে হবে, ভারতবর্ষের স্বাধীনতা একমাত্র এই সত্যের উপর দাঁড়িয়ে আছে। এই সত্য ভুলে গিয়েছিল বলে ভারতবর্ষের এই দুর্গতি।

(21)

একবার এক রাজা কয়েকজন অপরিচিত ব্যক্তিকে ঘোড়া কিনিবার জন্য প্রচুর অর্থ দিয়াছিলেন। ইহার কিছুদিন পরে রাজার মনে হইল যে, রাজ্যের সমস্ত নির্বোধ লোকের নামের তিনি একটি তালিকা করিবেন। তিনি তাঁহার প্রধান মন্ত্রীকে ইহার ভার দিলেন। মন্ত্রী তালিকা লইয়া আসিলে তিনি দেখিলেন, ইহার প্রথমেই তাহার নাম আছে। রাজা ক্রুদ্ধ হইয়া কারণ জিজ্ঞাসা করিলে মন্ত্রী বলিলেন—"মহারাজ, যিনি অপরিচিত লোককে অর্থ দেন তাঁহাকে আমি সর্বাপেক্ষা নির্বোধ বলিয়া মনে করি।" রাজা কহিলেন, "যদি তাহারা ঘোড়া লইয়া আসে তবে আপনি কি করিবেন?" মন্ত্রী উত্তর দিলেন, "আমি আপনার নাম কাটিয়া সেই স্থানে তাহাদের নাম লিখিয়া দিব।"

(22)

গ্রামের একান্তে গরুড় নদীর তীরে শ্মশান। সেখানে পূর্বাহ্নেই কাঠের ভার, চন্দনের টুকরা, ঘৃত, মধু, ধূপ, প্রভৃতি উপকরণ সঞ্চিত হইয়াছিল। কাঙ্গালীর মা ছোটজাত, ছোটজাতের মেয়ে বলিয়া কাছে যাইতে সাহস পাইল না। তফাতে একটা উঁচু ঢিপির উপর দাঁড়াইয়া সমস্ত অন্ত্যেষ্টিক্রিয়া প্রথম হইতে শেষ পর্যন্ত উৎসুক আগ্রহে চোখ মেলিয়া দেখিতে লাগিল। প্রশস্ত চিতার উপরে যখন শব স্থাপিত করা হইল, তখন মৃতের রাঙা পা দুখানি দেখিয়া তাহার চক্ষু জুড়াইয়া গেল, ইচ্ছা হইল ছুটিয়া গিয়া এক বিন্দু আলতা মুছিয়া লইয়া মাথায় দেয়। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(23)

বায়ু ও জল আমাদের যেরূপ প্রয়োজনীয়, অন্ন ও বস্ত্রও সেইরূপ। অন্নবস্ত্রের অভাব মোচনের নিমিত্ত কৃষিকার্যের প্রবর্তন হইয়াছে। কৃষকগণ কৃষিকার্য দ্বারা নানাবিধ উদ্ভিদ্ জন্মাইয়া আমাদের আহার্য ও পরিধেয় সংস্থান করিয়া থাকে। সুতরাং কৃষিকার্যই অন্নবস্ত্রের মূল। এই কারণে ইহা অতীব সম্মানের কার্য এবং কৃষকগণ সবিশেষ শ্রদ্ধার পাত্র। পৃথিবীর কোন স্থানে গো-মহিষ, কোন স্থানে অশ্ব, কোন স্থানে বা বাষ্পীয় যন্ত্রের সাহায্যে কৃষিক্ষেত্র কর্ষিত হয়। আমাদের দেশে গো-মহিষই ভূমিকর্ষণের প্রধান সহায়। অতএব, এই সকল প্রাণীর পোষণ ও প্রতিপালনের সুব্যবস্থা করা উচিত। কখন কখন উহারা সহসা সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হইয়া অল্প সময়ের মধ্যেই মৃত্যুমুখে পতিত হয়। ইহার আশু প্রতিকার না হইলে কৃষকগণের ও কৃষিকার্যের প্রচুর ক্ষতি হয়।

—C. U., 1940

(24)

বর্ধমান হইতে কাটোয়া পর্যন্ত যে সুন্দর পথ গিয়াছে সেই পথের অনতিদূরে একটি বড় পুষ্করিণী আছে। অনুমান শত বৎসর পূর্বে কোন ধনবান্ জমিদার প্রজাদিগের হিতার্থে এবং আপনার কীর্তি স্থাপনের জন্য সেই সুন্দর পুষ্করিণী খনন করাইয়াছিলেন। সেকালে অনেক ধনবান্ লোকেই এইরূপ হিতকর কার্য করিতেন; তাহার নিদর্শন অদ্যাবধি অনেক স্থানে দেখিতে পাওয়া যায়। পুষ্করিণীর চারিদিকে উচ্চ পাড় ঘন তালগাছবেষ্টিত; এত ঘন যে, দিবাভাগেও পুষ্করিণীতে ছায়া পড়ে, সন্ধ্যার সময়ে পুষ্করিণী প্রায় অন্ধকারপূর্ণ হয়। নিকটে কোন নগর নাই, কেবল একটি সামান্য পল্লী আছে; তাহা গ্রামের লোকের সামান্য খাদ্যদ্রব্যাদি যোগায় ও তাহা হইতে এক ক্রোশ দূরে সপ্তাহে দুইবার করিয়া একটি হাট বসে, বস্ত্রাদি আবশ্যক হইলে গ্রামের লোকে সেই হাটে যায়।

—C. U., 1940

(25)

হিন্দু কলেজ হইতে প্রথম যে যুবকদল বহির্গত হয়েন, তাঁহারা প্রাচীন হিন্দুধর্মে ও হিন্দু রীতিনীতিতে অনেক দোষ অনুভব করিতে সমর্থ হইয়াছিলেন। ইহার প্রধান কারণ হিন্দু কলেজের শিক্ষক ডিরোজিও সাহেবের উপদেশ। ডিরোজিও সাহেব একজন এ্যাংলো-ইণ্ডিয়ান ছিলেন। তাঁহার পিতা একজন ইটালীয়ান ও মাতা একজন এতদ্দেশীয় স্ত্রীলোক ছিলেন। তিনি কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। কিন্তু ছাত্রেরা তাঁহাকেই অধিক চিনিত, প্রধানশিক্ষককে তত চিনিত না। তিনি প্রগাঢ় বিদ্যা ও অকৃত্রিম স্নেহদ্বারা ছাত্রদিগের এমন বশীভূত করিয়াছিলেন যে তাঁহাকে তাহারা ছাড়িতে চাহিত না। তাঁহার এই দেশে জন্ম। কিন্তু তাঁহার মত অন্যান্য লোক যেমন বলে "মোদের বিলাত" তিনি সেরূপ বলিতেন না। এই দেশকে তিনি স্বদেশ জ্ঞান করিয়া ইহার প্রতি যথেষ্ট মমতা করিতেন। তাঁহার একটি কবিতাতে তাঁহার স্বদেশানুরাগের অত্যুৎকৃষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। —C. U., 1941

(26)

প্রত্যেক ব্যক্তিকে জিজ্ঞাসা কর, তিনি বলিবেন, আমার পিতা ও পিতামহ বড় বলবান্ ছিলেন। সেকালের লোকের সহিত তুলনা করিলে বর্তমান লোকদিগের কিছুই বল নাই বলিলে হয়। আমি জানি কলিকাতার নিকটস্থ কোন গ্রামে একটা বাঘ আসিয়াছিল। সেই গ্রামের একজন ভদ্রলোক তাঁহারই মত বলবান্ একজন নাপিতকে সঙ্গে লইয়া লাঠি হাতে বাঘ মারিতে বেরুলেন। বিবেচনা করুন, লাঠি দ্বারা বাঘ মারা কত বড় সাহসের কর্ম! তিনি কৃতকার্য হয়ে ফিরে এলেন। একশত বৎসর পূর্বে যে-সকল লোক জীবিত ছিলেন তাঁহারা যদি ফিরিয়া আইসেন, তাহা হইলে আমাদিগকে খর্বকায় দেখিয়া আশ্চর্য হইবেন সন্দেহ নাই। সেকালের স্ত্রীলোক কর্তৃক ডাকাইত তাড়ানোর গল্প শুনা যাইত। এক্ষণে স্ত্রীলোকের কথা দূরে থাকুক, পুরুষের এরূপ সাহসের কথা শুনা যায় না। এক্ষণকার পুরুষরা একটা শিয়াল তাড়াইতেও সক্ষম নহে। —C. U., 1914

(27)

একশত বৎসর পূর্বে ইতালি দেশে গ্যালভানি নামক একজন অধ্যাপক দেখিতে পাইলেন যে লোহা ও তামার তার দিয়া একটা মরা ব্যাঙকে স্পর্শ করিলে ব্যাঙ্ নড়িয়া উঠে। তিনি কয়েক বৎসর ধরিয়া এই ঘটনাটির কারণ অনুসন্ধান করিতে লাগিলেন। এরূপ সামান্য বিষয় লইয়া এত সময় অপব্যয় করিতে দেখিয়া, লোকে তাঁহাকে উপহাস করিত। বন্ধুরা আসিয়া বলিতে লাগিলেন, "মরা ব্যাঙ্ যেন নড়িল, কিন্তু ইহাতে লাভ কি ?"

হরিদ্রাগ্রামে একঘর জমিদার ছিলেন। জমিদারবাবুর নাম কৃষ্ণকান্ত রায়। কৃষ্ণকান্ত রায় বড় ধনী। তাঁহার জমিদারীর মুনাফা প্রায় দুই লক্ষ টাকা। এই বিষয়টি তাঁহার ও তাঁহার ভ্রাতা রামকান্ত রায়ের উপার্জিত। উভয় ভ্রাতা একত্র হইয়া ধনোপার্জন করেন। উভয় ভ্রাতায় পরম সম্প্রীতি ছিল, একের মনে এমন সন্দেহ কস্মিন্‌কালে জন্মে নাই যে, তিনি অপর কর্তৃক প্রবঞ্চিত হইবেন। জমিদারী সকলই জ্যেষ্ঠ কৃষ্ণকান্তের নামে ক্রীত হইয়াছিল। উভয়েই একান্নভুক্ত ছিলেন। রামকান্ত রায়ের একটি পুত্র জন্মিয়াছিল—তাহার নাম গোবিন্দলাল। পুত্রটির জন্মাবধি রামকান্ত রায়ের মনে সঙ্কল্প হইল যে উভয়ের উপার্জিত বিষয় একের নামে আছে, অতএব পুত্রের মঙ্গলার্থ তাহার বিহিত লেখাপড়া করিয়া লওয়া কর্তব্য। কেননা, যদিও তাঁহার মনে নিশ্চিত ছিল যে, কৃষ্ণকান্তের কখনও প্রবঞ্চনা অথবা তাঁহার প্রতি অন্যায় আচরণ করার সম্ভাবনা নাই, তথাপি কৃষ্ণকান্তের পরলোকের পর তাঁহার পুত্রেরা কি করে, তাহার নিশ্চয়তা কি ? কিন্তু লেখাপড়ার কথা সহজে বলিতে পারিলেন না—আজি বলিব কালি বলিব, করিতে লাগিলেন। —বঙ্কিমচন্দ্র

মুনাফা—income. একের মনে···নাই—neither of them had any misgiving at any time. নামে—in the name of. একান্নভুক্ত ছিলেন—lived in a joint family. পুত্রের মঙ্গলার্থ—in the interest of his son. বিহিত···কর্তব্য—proper deeds should be executed. নিশ্চয়তা কি ?—where was the guarantee ? লেখাপড়ার···বলিতে—to speak of the execution of the deed. আজ···লাগিলেন—put it off from day to day

(2)

বিন্দু জিজ্ঞাসা করিল—"নরেন, কোন্ ক্লাসে পড় তুমি ?" নরেন বলিল—"ফোর্থ ক্লাস। রয়েল রীডার, গ্রামার, জিওগ্রাফি, এরিথমেটিক, আরও কত কি, ডেসিমেল, টেসিমেল,—ও সব তুমি বুঝবে না মামী।" এলোকেশী সগর্বে পুত্রের দিকে একবার চাহিয়া বিন্দুকে বলিলেন—"সে কি এক-আধখানা বই, ছোট বৌ ? বই-এর পাহাড়; কাল বইগুলো বাক্স থেকে বের করে তোমার মামীদের একবার দেখিয়ে দিও ত বাবা।" নরেন ঘাড় নাড়িয়া বলিল—"আচ্ছা, দেখাব।" বিন্দু বলিল—"পাশ করতে এখন তো দেরি আছে।" এলোকেশী বলিলেন, "দেরি কি থাকত ছোট বৌ ? দেরি থাকত না। এতদিন একটা কেন, চারটে পাশ করে ফেল্‌তো। শুধু মুখপোড়া মাস্টারের জন্যই হচ্ছে না। তার সর্বনাশ হোক; বাছাকে সে যে কি বিষ-নজরে দেখেছে—তা সেই জানে। ওকে কি তুলে দিচ্ছে ? দিচ্ছে না। হিংসে করে বছরের পর বছর একটা কেলাসেই ফেলে রেখেছে।" —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

আরও কত কি—and a lot of other things. বই-এর পাহাড়—a heap of books. সগর্বে—boastfully. পাশ···আছে—he will yet take some time to pass the final examination, I suppose. এতদিনে...ফেল্‌তো—he would have passed as many as four examinations, not to speak of one, by this time. মুখপোড়া মাস্টার—the cursed teacher. তার...হোক—may ruin seize him. বিষ-নজরে—with an evil eye. একটা...ফেলে রেখেছে—has detained him in the same class.

(3)

১১৭৬ সালে গ্রীষ্মকালে একদিন পদচিহ্ন গ্রামে রৌদ্রের উত্তাপ বড় প্রবল। গ্রামখানি গৃহময়, কিন্তু লোক দেখি না। বাজারে সারি সারি দোকান, হাটে সারি সারি চালা, পল্লীতে শত শত মৃন্ময় গৃহ; মধ্যে মধ্যে উচ্চনীচ অট্টালিকা। আজ সব নীরব। বাজারে দোকান বন্ধ, দোকানদার কোথায় পলাইয়াছে

ঠিকানা নাই। আজ হাটবার, হাটে হাট লাগে নাই। ভিক্ষার দিন, ভিক্ষুকেরা বাহির হয় নাই। তন্তুবায় তাঁত বন্ধ করিয়া গৃহপ্রান্তে পড়িয়া কাঁদিতেছে। দাতারা দান বন্ধ করিয়াছে, অধ্যাপক টোল বন্ধ করিয়াছে। শিশুও বুঝি আর সাহস করিয়া কাঁদে না। রাজপথে লোক দেখি না, সরোবরে স্নাতক দেখি না, গোচারণে গরু দেখি না, কেবল শ্মশানে শৃগাল-কুক্কুর।

১১৭৪ সালে ফসল ভাল হয় নাই, সুতরাং ১১৭৫ সালে চাউল কিছু মহার্ঘ হইল—লোকের ক্লেশ হইল, কিন্তু রাজা রাজস্ব কড়ায়-গণ্ডায় বুঝিয়া লইলেন। রাজস্ব কড়ায়-গণ্ডায় বুঝাইয়া দিয়া দরিদ্রেরা এক সন্ধ্যা আহার করিল। ১১৭৫ সালে বর্ষাকালে বেশ বৃষ্টি হইল। লোকে ভাবিল দেবতা বুঝি কৃপা করিলেন।

—বঙ্কিমচন্দ্র (আনন্দমঠ)

রৌদ্রের……প্রবল—the heat of the sun was very intense. কিন্তু …..না—but not a man was to be seen. সারিসারি চালা—rows of sheds. মৃন্ময় গৃহ—mud-built houses. ঠিকানা নাই—there was no knowing. হাটবার—market-day. লাগে নাই—did not sit. তাঁত…করিয়া—stopped weaving. কড়ায়…লইলেন—exacted to the last farthing. এক সন্ধ্যা…করিল—had one meal a day. কৃপা করিলেন—smiled upon them

(4)

মিনিট পনের পরেই দেখিলাম, কথাটা অমূলক নয়। উপরের যত যাত্রী ছিল, সকলকে একরকম জোর করিয়া খালাসিরা হোল্ডের মধ্যে নামাইয়া দিতে লাগিল। দুই চারিজন আপত্তি করায়, সেকেণ্ড অফিসার নিজে আসিয়া ধাক্কা মারিয়া তাহাদিগকে তুলিয়া দিয়া বিছানা-পত্র পা দিয়া গুটাইয়া দিতে লাগিল। আমার তোরঙ্গ, বিছানা খালাসিরা ধরাধরি করিয়া নিচে লইয়া গেল, কিন্তু আমি নিজে আর একদিকে সরিয়া পড়িলাম। শুনিলাম সকলকে অর্থাৎ যে হতভাগ্যেরা দশ টাকার বেশী ভাড়া দিতে পারে নাই, তাহাদিগকে জাহাজের খোলের মধ্যে পুরিয়া গর্তের মুখ আঁটিয়া বন্ধ করা হইবে।

তাহাদের মঙ্গলের জন্যও বটে, জাহাজের মঙ্গলের জন্যও বটে, এইরূপ বিধি। আমার কিন্তু নিজের জন্য এই কল্যাণের ব্যবস্থা কিছুতেই মনঃপূত হইল না। ইতিপূর্বে সাইক্লোন বস্তুটি সমুদ্রে কেন, ডাঙাতেও দেখি নাই। কি ইহার কাজ, কেমন ইহার রূপ, অমঙ্গল ঘটাইবার কতখানি ইহার শক্তি—কিছুই জানি না। মনে মনে ভাবিলাম, ভাগ্যবলে যদি এমন জিনিসেরই আবির্ভাব আসন্ন হইয়াছে—তবে না দেখিয়া ইহাকে ছাড়িব না—তা'তে অদৃষ্টে যা ঘটে ঘটুক। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

অমূলক—baseless. উপরের—on the deck. নামাইয়া···লাগিল—dragged them down. আমি···পড়িলাম—I slipped aside myself. যে হতভাগ্যেরা—those unlucky persons. মুখ······করা হইবে—would be bottled up. এইরূপ বিধি—this was the rule. আমার······না—but for myself, I did not like this safety measure. অমঙ্গল······শক্তি—to what extent it could cause mischief. এমন······হইয়াছে—the advent of such a thing was impending. তা......ঘটুক—whatever might be my fate

(5)

নগেন্দ্র ভাবিয়া দেখিলেন, সব তাঁরই দোষ। তাঁহার তেত্রিশ বৎসর মাত্র বয়ঃক্রম হইয়াছে। ইহারই মধ্যে তাঁহার সব ফুরাইল। অথচ জগদীশ্বর তাঁহাকে যাহা দিয়াছিলেন, তাহার কিছুই ফুরাইবার নহে। যাহাতে মনুষ্য সুখী হয় সে সব ঈশ্বর তাঁহাকে যে পরিমাণে দিয়াছিলেন—সে পরিমাণে কাহাকেও দেন না। ঐশ্বর্য, সম্পদ্, মান এই সকল ভূমিষ্ঠ হইয়াই অসাধারণ পরিমাণে পাইয়াছিলেন। বুদ্ধি নহিলে এ সকল সুখ হয় না—তাহাতেও বিধাতা কার্পণ্য করেন নাই। শিক্ষায় পিতামাতা ত্রুটি করেন নাই—তাহার তুল্য সুশিক্ষিত কে? রূপ, রস, স্বাস্থ্য, প্রণয়শীলতা তাহাও ত প্রকৃতি তাঁহাকে অমিতহস্তে দিয়াছেন। ইহার অপেক্ষাও যে

ধন দুর্লভ, যে একমাত্র সামগ্রী এ সংসারে অমূল্য—অশেষ প্রণয়শালিনী সাধ্বী ভার্যা—ইহাও তাঁহার প্রসন্ন কপালে ঘটিয়াছিল। সুখের সামগ্রী পৃথিবীতে এত আর কাহার ছিল ? আর আজ এত অসুখী পৃথিবীতে কে ?

—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

সবই......দোষ—he was to blame for everything. তাহার...নহে—could never exhaust itself. ঐশ্বর্য...মান—wealth, fortune and fame. বুদ্ধি...না—none can enjoy these without intelligence. তাহাতেও......নাই—neither had God been miserly in this respect. অমিতহস্তে দিয়াছেন—had given with a free hand. ইহার.........অমূল্য—but what is rare still and is a priceless treasure on earth. অশেষ......ভার্যা—a devoted wife fondly attached to him

(6)

নক্ষত্র রায় বজ্রাহতের ন্যায় দাঁড়াইয়া রহিলেন, উত্তর দিবার চেষ্টাও করিতে পারিলেন না। রাজা কহিলেন, "কেন মারিবে ভাই ? রাজ্যের লোভে ? তুমি কি মনে কর রাজ্য কেবল সোনার সিংহাসন, হীরার মুকুট ও রাজছত্র ? এই মুকুট, এই রাজছত্র, এই রাজদণ্ডের ভার কত জান ? শত সহস্র লোকের চিন্তা এই হীরার মুকুট দিয়া ঢাকিয়া রাখিয়াছি। রাজ্য পাইতে চাও ত সহস্র লোকের সুখদুঃখকে আপনার বলিয়া গ্রহণ কর, সহস্র লোকের বিপদ্‌কে আপনার বিপদ্ বলিয়া বরণ কর, সহস্র লোকের দারিদ্র্যকে আপনার দারিদ্র্য বলিয়া গ্রহণ কর। এ যে করে সেই রাজা। পর্ণকুটীরেই থাক আর প্রাসাদেই থাক, যে ব্যক্তি সকল লোককে আপনার বলিয়া মনে করিতে পারে, সকল লোক ত তাহারই। তাহার ঐশ্বর্য, তাহার গৌরব, তাহার সুখ অক্ষৌহিণী সৈন্য আসিয়াও কাড়িয়া লইতে পারে না।

—রবীন্দ্রনাথ ঠাকুর

বজ্রাহতের ন্যায়—like one struck by thunder. তুমি...রাজছত্র—Do you think that a king has nothing else to do than

sit on a golden throne and wear a crown of diamonds under the royal umbrella? ভার......জান—can you realise the responsibilities behind? দিয়া······রাখিয়াছি—covered up beneath. আপনার......কর—identify yourself with. আপনার ···পারে—can feel himself as one with. অক্ষৌহিণী সেনা—a legion of soldiers. কাড়িয়া······না—cannot snatch away

(7)

স্নানাহার শেষ করিয়া সন্ধ্যার একটু আগে তপোবন দর্শনে বাহির হওয়া গেল। গঙ্গার তীরেই শাল, বেল, তমাল প্রভৃতি বহুবিধ বৃক্ষ-পরিশোভিত নয়নতৃপ্তিকর সুবিস্তীর্ণ ক্ষেত্র। একদিকে কলনাদিনী প্রখর-বাহিনী ভাগীরথী, অপরদিকে হিমাচল ক্রমোন্নত হইয়া গগনতল স্পর্শ করিয়াছে। শত শত কুটীরে এই প্রদেশ আচ্ছন্ন। প্রাঙ্গণগুলি অতি পরিষ্কৃত। সন্ন্যাসীরা এই-সমস্ত কুটীরে এবং পর্বতগুহায় বাস করেন। আমি সেখানে উপস্থিত হইয়া যে মধুর দৃশ্য দেখিলাম, তাহা আর কখনও দেখিব না। তখন সূর্য অস্ত গিয়াছিল; পর্বতের বৃক্ষচূড়ায় স্বর্ণমুকুটের ন্যায় তাহার শেষ আলোকচ্ছটা দেখা যাইতেছিল। দেখিলাম শত শত সাধু-সন্ন্যাসী নিজ নিজ কার্যে ব্যস্ত; কেহ গীতা বা উপনিষদ্ পাঠ করিতেছেন; কেহ গম্ভীরস্বরে বেদ-মন্ত্রের উচ্চারণ করিতেছেন; কেহ বা ধ্যানপরায়ণ। অমর কবি কালিদাসের সান্ধ্যতপোবন বর্ণনা আজ আকার ধরিয়া আমার সম্মুখে প্রতিভাত হইল।

—জলধর সেন

সন্ধ্যার······আগে—shortly before dusk. নয়ন...···ক্ষেত্র—an extensive field highly pleasing to the eye. কলনাদিনী··· ভাগীরথী—the Bhagirathi which was murmuring on with her strong current. ক্রমোন্নত····· করিয়াছে—has risen gradually to kiss the skies. আচ্ছন্ন—is dotted with. বৃক্ষচূড়ায়···যাইতেছিল —the last rays of the setting sun seemed to adorn the

tops of trees like a crown of gold. ধ্যানপরায়ণ—absorbed in meditation. আমার……হইল—loomed large before my eyes as a living being

(৪)

স্টেশনে পদার্পণ করিবামাত্র ট্রেন ছাড়িয়া গেল, পরেরটা আসিতে ঘণ্টা দুই দেরী। সময় কাটাইবার পন্থা খুঁজিতেছি, বন্ধু জুটিয়া গেল। একটি মুসলমান যুবক আমার প্রতি কয়েক মুহূর্ত চাহিয়া জিজ্ঞাসা করিল, "শ্রীকান্ত না।" "হ্যাঁ"। "আমায় চিনতে পারলে না? আমি গহর।" এই বলিয়া সবেগে আমার হাত মলিয়া দিল এবং সজোরে আমার গলা জড়াইয়া ধরিয়া কহিল—"চল্ আমার বাড়ী। কোথায় যাওয়া হচ্ছিল; কোলকাতায়? আর যেতে হবে না, চল্।" সে আমার পাঠশালার বন্ধু, বয়সে বছর চারেকের বড়, চিরকাল আধপাগলা গোছের ছেলে—মনে হইল বয়সের সঙ্গে সেটা বাড়িয়াছে বই কমে নাই; তাহার জবরদস্তি পূর্বেও এড়াইবার জো ছিল না। সুতরাং আজ রাত্রের মত সে আমাকে কিছুতেই ছাড়িবে না—এই মনে করিয়া আমার দুশ্চিন্তার অবধি রহিল না। বলা বাহুল্য তাহার উল্লাস ও আত্মীয়তার সহিত পাল্লা দিয়া চলিবার মত শক্তি আজ আমার নাই। কিন্তু সে নাছোড়বান্দা। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

পদার্পণ করা—step into. ছাড়িয়া দিল—steamed off. সময়……পন্থা—some way of passing the time. জুটিয়া গেল—I chanced to come upon. শ্রীকান্ত না?—You are Srikanta, are you not? সবেগে……দিল—shook hands with me rather violently. সজোরে……ধরিল—clasped my neck warmly. চিরকাল…ছেলে—He was a bit eccentric all through his boyhood. বয়সের……নাই—he had become more so with years rather than becoming normal. জবরদস্তি এড়াইবার……না—there was no

escape from his importunities. তাহার উল্লাস……দিয়া—to keep pace with the exuberance of his joy and friendship. নাছোড়বান্দা—obdurate

(9)

তিনি গোবিন্দপুর চলিলেন। গোবিন্দপুরে বাস করিতে চলিলেন না —গৃহধর্মের নিকট জন্মের শোধ বিদায় লইতে চলিলেন। সে অনেক কাজ। বিষয়-আশয়ের বিলি-ব্যবস্থা করিতে হইবে। জমিদারি, ভদ্রাসন বাড়ি এবং অপরাপর স্বোপার্জিত স্থাবর সম্পত্তি ভাগিনেয় সতীশচন্দ্রকে দানপত্র দ্বারা লিখিয়া দিবেন—সে লেখাপড়া উকিলের বাড়ি নইলে হইবে না। অস্থাবর সম্পত্তি সকল কমলমণিকে দান করিবেন, সে-সকল গুছাইয়া কলিকাতায় তাঁহার বাড়িতে পাঠাইয়া দিতে হইবে। অল্প মাত্র কাগজ আপনার সঙ্গে রাখিবেন—যে কয় বৎসর জীবিত থাকেন, তাহাতেই নিজ ব্যয় নির্বাহ হইবে। —বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

বাস করিতে—to settle down. গৃহধর্মের……লইতে—to take final leave of his domestic life there. স্থাবর সম্পত্তি—immovable properties. দান……দিবেন—would make over by a deed of gift. অস্থাবর সম্পত্তি—movable properties. স্বল্প মাত্র কাগজ—a few government securities

(10)

ফাল্গুন মাস, এক প্রহর বেলা হইয়াছে। গোঁসাইগঞ্জের মাতব্বর প্রজা ও গ্রামের অভিভাবক-স্থানীয় কায়স্থ-সন্তান শ্রীযুক্ত হীরালাল দত্ত মহাশয় হুঁকা হাতে করিয়া ধূমপান করিতেছিলেন; প্রতিবেশী শ্যামাপদ মুখুজ্যে ও কেনারাম মল্লিক (ইঁহারাও বড় প্রজা) নিকটে বসিয়া এ বৎসর চৈত্রমাসে বারোয়ারী অন্নপূর্ণা পূজা কিরূপভাবে নির্বাহ করিতে হইবে, তাহারই পরামর্শ করিতেছিলেন। পার্শ্ববর্তী নন্দীগ্রামেও প্রতিবৎসর চাঁদা করিয়া

ধুমধামের সহিত অন্নপূর্ণা পূজা হইয়া থাকে। গোঁসাইগঞ্জবাসিগণের একবাক্যে ইহাই মত যে, তিন পুরুষ ধরিয়া গোঁসাইগঞ্জ কোন বিষয়েই নন্দীপুরের নিকট হটে নাই এবং আজিও হটিবে না।

—প্রভাতকুমার মুখোপাধ্যায়

বেলা……হইয়াছে—it was past the first quarter of the day. মাতব্বর প্রজা—the leading tenant. হুঁকা……করিতেছিলেন—was smoking his hookah. বারোয়ারী…করিতেছিলেন—were conferring as to how to perform Annapurna Puja, which was a public festival in the village. চাঁদা করিয়া—by raising subscriptions. ধুমধামের সহিত—with pomp. একবাক্যে……মত—were unanimous on the point. তিন……ধরিয়া—for the last three generations. হটিবে না—would not be beaten

(11)

মানিলাম, তোমরা দেশের কথা প্রাণে প্রাণে বুঝিতেছ—কিন্তু জিজ্ঞাসা করি, প্রতিকারের কোন উপায় স্থির করিয়াছ কি? লোককে গালি না দিয়া—তাহাদের কোন সাহায্য করিতে পার কি? তোমরা কি পর্বতপ্রমাণ বাধা-বিঘ্নকে তুচ্ছ করিয়া কার্য করিতে প্রস্তুত আছ? সমস্ত জগৎ যদি তোমাদের বিরুদ্ধে দণ্ডায়মান হয়, তথাপি তোমরা যাহা সত্য বলিয়া ঠাওরাইয়াছ, তাহাই কি করিয়া যাইতে পার? যদি তোমাদের স্ত্রী-পুত্র তোমাদের বিরুদ্ধে দণ্ডায়মান হয়, যদি তোমাদের ধন-মান সব যায়, তথাপি কি তোমরা উহা ধরিয়া থাকিতে পার? রাজা ভর্তৃহরি যেমন বলিয়াছেন "নীতি-নিপুণ ব্যক্তিগণ নিন্দাই করুন বা স্তবই করুন, মৃত্যু আজই হউক বা যুগযুগান্তরেই হউক, তিনিই ধীর যিনি সত্য হইতে একবিন্দু বিচলিত হন না", সেইরূপ নিজ পথ হইতে বিচলিত না হইয়া তোমরা কি দৃঢ়ভাবে তোমাদের লক্ষ্যাভিমুখে অগ্রসর হইতে পার? তোমাদের কি এই দৃঢ়তা আছে? যদি থাকে, তোমরা প্রত্যেকেই অলৌকিক কার্য সাধন করিতে পারিবে।

—স্বামী বিবেকানন্দ

মানিলাম—I take it for granted. দেশের কথা—the problems of your country. প্রতিকারের……কি?—have you thought of any means to solve them? গালি দেওয়া—to abuse. পর্বত…… করিয়া—in the face of mountain-like difficulties. ধরিয়া থাকা—to stick to. নীতি . …গণ—the moralists. মৃত্যু……হউক—whether death comes today or after an age. এক……না—does not deviate in the least from. তোমাদের লক্ষ্যাভিমুখে—towards your goal

(12)

১৮৪০ খ্রীষ্টাব্দের প্রারম্ভে কলিকাতার এক ধনী জমিদার বংশে কালীপ্রসন্নের জন্ম হইয়াছিল। মাত্র ত্রিশ বৎসরের স্বল্পস্থায়ী জীবনযাপন করিয়া তিনি ১৮৭০ খ্রীষ্টাব্দেই পরলোক গমন করিয়াছিলেন। কিন্তু উচ্চ সাহিত্য-প্রতিভা এবং অসাধারণ বদান্যতা-গুণে কালীপ্রসন্ন তাঁহার স্বল্প-পরিসর জীবনকে এমন মহিমামণ্ডিত করিতে সক্ষম হইয়াছিলেন যে, ঊনবিংশ শতাব্দীর বাংলা দেশের শ্রেষ্ঠ মনীষি-সম্প্রদায়ের মধ্যে তাঁহাকে আজ গণনা না করিয়া উপায় নাই। তিনি নিতান্ত কিশোর বয়সে দেশের ও দশের হিতকারী অনুষ্ঠানে আত্মনিয়োগ করিয়া এমন কতকগুলি কীর্তি রাখিয়া গিয়াছেন যে, অকালমৃত্যু এবং ভবিষ্যৎকাল তাহা বিলুপ্ত করিতে পারে নাই। তাঁহার চরিত্রের ঔদার্য ও সাহিত্যিক প্রতিভা আমাদের নিকট উত্তরোত্তর উজ্জ্বলতর হইয়া উঠিতেছে। আজ তাঁহার জীবনী আলোচনা করিয়া এই আক্ষেপ হয় যে, তাঁহার সকল আরব্ধ কীর্তি সম্পূর্ণ হইবার সুযোগ পায় নাই।

—C. U., 1945

মাত্র……করিয়া—after a short life of only thirty years. উচ্চ সাহিত্য-প্রতিভা—literary talent of a very high order. তাঁহার ……করিতে—to glorify his brief span of life so. শ্রেষ্ঠ……নাই—we cannot but count him among the greatest intellectuals. আত্মনিয়োগ করিয়া—by dedicating himself to. এমন……গিয়াছেন

—has left behind such glorious achievements. বিলুপ্ত করা—to efface. ঔদার্য—magnanimity. উত্তরোত্তর উজ্জ্বলতর—brighter and brighter day by day. এই……যে—we have to deplore that. সম্পূর্ণ……নাই—found no time for fulfilment

(13)

দেড়শত বৎসর পূর্বে বাঙ্গালী একরূপ সুখে ছিল। গোলাভরা ধান, গোয়ালভরা গরু, পুকুরভরা মাছ, ঘরে ঘরে চরকা, বাঙ্গালীর অন্নবস্ত্রের দুঃখ ছিল না। তখন বাঙ্গালী ছিল বাহিরের জগতের সঙ্গে সম্পর্কশূন্য; জীবন-সংগ্রামের কঠিন প্রতিযোগিতার প্রবল আঘাত তখন বাঙ্গালায় লাগে নাই। তাহার পর অবস্থার পরিবর্তন হইতে লাগিল। কিন্তু সঙ্গে সঙ্গে বাঙ্গালী আপন জীবনযাত্রার ব্যবস্থা পরিবর্তিত করিতে পারিল না। সেই যে পরাজয় আরম্ভ হইল, আজিও সেই পরাজয়ের পালা চলিতেছে।

দেশে রেলপথ বিস্তৃত হইল, বড় বড় কলকারখানা স্থাপিত হইল, বাঙ্গালী কৃষকদের দেহের রক্ত জল করিয়া উৎপন্ন করা ফসলে বিদেশী বণিক্ প্রচুর অর্থ লাভ করিয়া সম্পদে স্ফীত হইয়া উঠিল, আর বাঙ্গালী অবাক্-বিস্ময়ে আপন শোচনীয় অধঃপতনকে বিধিলিপি বলিয়া স্বীকার করিয়া লইয়া মুখটি বুজিয়া হাতটি গুটাইয়া, চুপ করিয়া রহিল। তাহার পর এ দেশে আরম্ভ হইল অন্নাভাব। কোন রকমে আধপেটা খাইয়া আজ আমরা জীবন ধারণ করিতেছি। —C. U., 1946

একরূপ……ছিল—were happy in a way. গোলা…… ধান—granaries full of paddy. পুকুরভরা মাছ—their tanks abounding with fish. চরকা—spinning wheel. বাহিরের…… শূন্য—out of touch with the world outside. জীবন-সংগ্রাম—struggle for existence. প্রবল আঘাত—the terrible blow. বাঙ্গালায়……নাই—did not hit Bengal. আপন ……পারিল না—could not adapt themselves to the changed conditions of life. আজও—to this day. পালা চলিতেছে—is continuing. কলকারখানা—mills and

factories. দেহের···করিয়া—by the sweat of their brow. স্ফীত—puffed up. অবাক্-বিস্ময়ে—in silent wonder. বিধিলিপি বলিয়া—as an unavoidable decree of fate. মুখটি······রহিল—kept quiet without protest and without exerting himself in the least

(14)

এইরূপ চারিদিক চাহিয়া দেখিতে দেখিতে কল্যাণী সম্মুখস্থ দ্বারে একটা কি ছায়ার মত দেখিলেন। মনুষ্যাকৃতি বোধ হয়, কিন্তু মনুষ্যও বোধ হয় না। অতিশয় শুষ্ক, শীর্ণ, অতিশয় কৃষ্ণবর্ণ, উলঙ্গ, বিকটাকার মানুষের মত কি আসিয়া দ্বারে দাঁড়াইল। কিছুক্ষণ পরে সেই ছায়া যেন একটা হাত তুলিল; অস্থিচর্মাবশিষ্ট, অতি দীর্ঘ শুষ্ক হস্তের অঙ্গুলি দ্বারা কাহাকে যেন সঙ্কেত করিয়া ডাকিল। তখন সেইরূপ আর একটা ছায়া প্রথম ছায়ার পাশে আসিয়া দাঁড়াইল। তারপর আর একটা আসিল, তারপর আরও একটা আসিল। কত আসিল। ধীরে ধীরে নিঃশব্দে তাহারা গৃহমধ্যে প্রবেশ করিতে লাগিল। সেই প্রায় অন্ধকার গৃহ নিশীথ শ্মশানের মত ভয়ঙ্কর হইয়া উঠিল। —C. U., 1948

একটা······মত—something like a shadow. মনুষ্যাকৃতি······হয়—it looked like a man. অতিশয়···শীর্ণ—extremely lean and thin. বিকটাকার····· মত—like a ghostly-looking man. যেন······তুলিল—seemed to raise a hand. অস্থিচর্মাবশিষ্ট—which was all skin and bone. অতি দীর্ঘ······দ্বারা—with the long bony fingers of a withered hand. সঙ্কেত করা—to beckon. কত আসিল—many more followed. নিশীথ······উঠিল—looked as frightful as the cremation ground at midnight

(15)

সারাদিন অবিশ্রান্ত পরিশ্রমে ক্লান্ত শরীর ও মন স্নিগ্ধ সান্ধ্য সমীরণে সুশীতল করিবার জন্য ভ্রমণ করিতে বাহির হইলাম। অস্তগামী সূর্যের ময়ূখমালা ঈষৎ সঞ্চালিত বৃক্ষপত্রোপরি প্রতিফলিত হওয়াতে বোধ হইল যেন

বৃক্ষগণ উজ্জ্বল স্বর্ণাভরণে বিভূষিত হইয়া গৌরবে নৃত্য করিতেছে। পথের উভয় পার্শ্বস্থ উপবনে অর্ধ-প্রস্ফুটিত কুসুমরাশি বায়ুভরে হেলিয়া দুলিয়া অস্তমিত দিনমণির রক্তিম নিষ্প্রভ কিরণমালার সংস্পর্শে কি অপূর্ব শোভাই ধারণ করিল! একাকী কিছুদূর অগ্রসর হইলাম। সঙ্গিবিহীন হইয়া ভ্রমণ করিতে করিতে এক প্রকাণ্ড বটবৃক্ষতলে আসিয়া উপবিষ্ট হইলাম। সম্মুখে অতি বিস্তৃত এক প্রান্তর। ইহার অপর প্রান্তের বৃক্ষরাজি যেন ধারানিবদ্ধ কলঙ্করেখার ন্যায় প্রতীয়মান হইতেছিল। তখন সূর্য অদৃশ্য হইয়াছিল। অন্ধকার ক্রমে ক্রমে ধরাবক্ষ আবৃত করিতে লাগিল। পূর্ণিমার পর আজ দ্বিতীয়া। বৃক্ষতলে বসিয়া চন্দ্রোদয়ের অপেক্ষা করিতে লাগিলাম।

স্নিগ্ধ···সমীরণে—in the cool air of the evening. ময়ূখমালা—the rays. ঈষৎ সঞ্চালিত—gently moving. অর্ধপ্রস্ফুটিত—half-blown. বায়ুভরে···দুলিয়া—being moved up and down in the wind. নিষ্প্রভ—dim. সংস্পর্শে—in contact with. কি···শোভাই—what unprecedented beauty. ধারানিবদ্ধ······ন্যায়—like a row of black spots. অদৃশ্য হইয়াছিল—went out of sight. পূর্ণিমার······দ্বিতীয়া—the second day after the full moon

(16)

জননী বসুন্ধরার বয়স নিরূপণ করিতে গিয়া মোটের উপর আন্দাজে নির্ভর করিতে হয়। কেননা জননী ভূমিষ্ঠ হইবার সময় তাহার পুত্রকন্যার মধ্যে কাহারো উপস্থিতির সম্ভাবনা ছিল না। সেইজন্য জন্মকালনিরূপণোপ-যোগী কোষ্ঠীর একান্ত অভাব। তথাপি যে জন্মকাল নিরূপণ একেবারে অসম্ভব, তাহা স্বীকার করিয়া আপনার অক্ষমতা প্রকাশ করিতে লজ্জা বোধ হয়। পক্ব-কেশের প্রাচুর্যের ও লোলচর্মের পরিমাণের সহিত ভগ্নাবশিষ্ট দন্তের সংখ্যা মিলাইলে অতি বড় প্রাচীনেরও বয়ঃক্রম অনেক সময় নির্ণীত হইতে পারে। অতএব এই প্রচলিত সাধারণ নিয়ম অবলম্বন করিয়া প্রাচীনা জননীর বয়স নির্ণয় করিতে গেলে নিতান্ত বাতুলতা না হইতেও পারে।

—রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

জননী······গিয়া—trying to fix the age of Mother Earth. আন্দাজে······হয়—have to depend on conjecture. সম্ভাবনা ছিল না—there was not the possibility. জন্মকালনিরূপণোপযোগী—determining the time of her birth. পক্ককেশের······সহিত—along with the sufficiency of grey hair and the amount of wrinkled skin. নিতান্ত···পারে—may not be an act of sheer madness

(17)

গত চারি হাজার বৎসরের মধ্যে মনুষ্য-সমাজের বাহিরের মূর্তিটা অনেকটা পরিবর্তিত হইয়া গিয়াছে সত্য কথা, কিন্তু তাহার আভ্যন্তরিক প্রকৃতির কতটা পরিবর্তন হইয়াছে, তাহা বলা দুষ্কর। মনুষ্যের বাহিরের পরিচ্ছদটা সম্পূর্ণ বদলাইয়াছে, কিন্তু মনুষ্যের ভিতরের গঠন অনেকটা একরূপই আছে। সেকালের রাজারাজড়াও, বোধ করি, সময়মত কৌপীনধারী হইয়া সভামধ্যে বাহির হইতে লজ্জিত হইতেন না, কিন্তু এখনকার অন্নহীন শ্রমজীবীরাও সমস্ত অঙ্গের মালিন্য ও বিরূপতা পোষাকের আবরণে আবৃত রাখিতে বাধ্য হয়। সেকালে ক্রূরতা ছিল, বর্বরতা ছিল, এবং তাহা নিতান্ত নগ্ন নিরাবরণ অবস্থাতেই ছিল। তাহার উপর কোনরূপ আচ্ছাদন, কোনরূপ পালিশ কোনরূপ রঙফলানো ছিল না। একালেও ক্রূরতা, বর্বরতা ও পাশবিকতা হয়ত ঠিক তেমনি বর্তমান আছে, তবে তাহার উপর একটা কৃত্রিম ভণ্ডামির আবরণ স্থাপিত হইয়া তাহার বীভৎস ভাবকে আচ্ছন্ন রাখিয়াছে।

—রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

মনুষ্য-সমাজের······মূর্তিটা—the outer lineaments of human society. আভ্যন্তরিক প্রকৃতি—inner nature. ভিতরের গঠন—inner structure. সেকালের রাজারাজড়াও—even the princes of the old times. কৌপীনধারী হইয়া—with only a loin-cloth on. অঙ্গের··· বিরূপতা—the dirt and deformity of their bodies. রঙফলানো—disguise of colours. ঠিক তেমনি···আছে—are equally rampant today

(18)

বৃন্দাবন কহিল, "দেখ কেশব, দেবতা কেন মুখ ফেরান তা দেবতা জানেন। সে কথা যাক্। কিন্তু তোমরা আত্মীয়ের মত আমাদের শুভকামনা কর না, মনিবের মত কর। তাই, তা'তে চাষাভুষোর ছেলেরা অধঃপাতে যায়। তোমাদের সংস্রবে লেখাপড়া শিখিলে চাষার ছেলে যে বাবু হয়, তখন অশিক্ষিত বাপ-দাদাকেও মানে না, শ্রদ্ধা করে না, বিদ্যাশিক্ষার এই শেষ পরিণতির আশঙ্কা আমরা তোমাদের আচরণেই শিখি। কেশব, আগে আমাদের, অর্থাৎ দেশের এই ছোটলোকদের আত্মীয় হতে শেখো, তারপরে তাদের মঙ্গলকামনা কোরো, পরে তাদের ছেলেপিলেদের লেখাপড়া শেখাতে যেয়ো। আগে নিজেদের আচার-ব্যবহারে দেখাও, তোমরা লেখাপড়া-শেখা ভদ্রলোকেরা একেবারে স্বতন্ত্র দল নও, লেখাপড়া শিখেও তোমরা দেশের অশিক্ষিত চাষাভুষোকে নেহাৎ ছোটলোক মনে কর না, বরং শ্রদ্ধা কর, তবেই শুধু আমাদের ভয় ভাঙ্গবে যে আমাদেরও লেখাপড়া-শেখা ছেলেরা আমাদের অশ্রদ্ধা করবে না এবং দল ছেড়ে সমাজ ছেড়ে জাতিগত ব্যবসা-বাণিজ্য কাজকর্ম সমস্ত বিসর্জন দিয়ে, পৃথক হবার জন্য উন্মুখ হয়ে উঠবে না।"

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

মুখ ফেরান—turn away their faces. আমাদের......কর না—do not wish our welfare. অধঃপাতে যায়—go to the dogs. চাষার......হয়—that a peasant's son is turned into a fop. শেষ পরিণতি—final outcome. আগে......দেখাও—first show by your own conduct. স্বতন্ত্র দল নও—do not form a separate class. আমাদের...ভাঙ্গবে—will dispel our fear. জাতিগত ব্যবসা-বাণিজ্য—calling peculiar to one's caste

(19)

কালিদাস মরিয়া গিয়াছেন, না বৃদ্ধ হইয়াছেন? তুমি যখন ভ্রমর ভয়-ব্যাকুলা বিলাসচঞ্চলা শকুন্তলার সেই ক্ষণে ক্ষণে পরিবর্তনশীল মধুর লীলা

দেখিয়া আনন্দে উদ্বেল হও, কালিদাস তখন তোমার পার্শ্বচর ও প্রিয়তম বয়স্য, এবং যখন তুমি হিমাদ্রির উচ্চতম প্রস্থে আরোহণ করিয়া কল্পনার মনোরম রথে যোগিকুলধ্যেয় মহাযোগী মহেশ্বরের সেই নিবাত-নিষ্কম্প ধীরমূর্তি নিরীক্ষণ কর—বনের বিহঙ্গ বনতরুর শাখার উপর নিস্তব্ধ বসিয়া রহিয়াছে, ভয়ে শব্দ করে না; বনচর মৃগাদি জন্তু চিত্রার্পিতবৎ স্ব স্ব স্থলে স্থির রহিয়াছে, ভয়ে পদচারণা, কিংবা মুখের অর্ধাবলীঢ় শষ্প অধঃকরণ করিতে সাহস পায় না; অদূরে বসন্তপুষ্পাভরণা, বিলোলনয়না উমা, দূরে হরবদ্ধলক্ষ্য মূর্তিমান্ কন্দর্প—সেই কাব্যজগতের অদ্বিতীয়, অনির্বচনীয়, অতুলতপঃশোভা তুমি যখন মানসনয়নে প্রত্যক্ষ কর, তখন কালিদাস আর তোমার বাহিরে নহেন। তখন কালিদাস তোমার অন্তরের অন্তরে—আত্মার অভ্যন্তরে। তখন তোমার জীবন কালিদাসময়। —কালীপ্রসন্ন ঘোষ

ভ্রমরভয়ব্যাকুলা—distressed for fear of the bee. বিলাসচঞ্চলা—restless from the playful gestures. ক্ষণে ক্ষণে পরিবর্তনশীল—changing every moment. আনন্দে উদ্বেল হও—your heart overflows with joy. হিমাদ্রির......করিয়া—climbing on the highest tableland on the top of the Himalayas. কল্পনার......রথে—in the fascinating chariot of imagination. যোগিকুলধ্যেয়—adorable by the ascetics. নিবাত......মূর্তি—calm, immobile, and self-possessed figure. চিত্রার্পিতবৎ—as if painted on a canvas. স্ব......রহিয়াছে—have remained still in its own place. অর্ধাবলীঢ়—half-chewed. অধঃকরণ করিতে—to pass down their throats. অদূরে—not far off. বসন্ত......উমা—Uma decked with spring flowers and having tremulous eyes. দূরে......কন্দর্প—at a distance is the incarnate Cupid with his arrows aimed at Hara. সেই কাব্যজগতের—of that world of poetry. কালিদাসময়—impregnated with Kalidas

(20)

কে বলে যে অযোধ্যা রহিয়াছে, অযোধ্যার রাম নাই? চাক্ষুষ প্রতীতির রাম লৌকিক জীবনে কেবল অযোধ্যায়ই অবস্থান করিতেন, এইক্ষণ যুগে যুগে জীবিত থাকিয়া অসংখ্য নরনারীর প্রাণের মধ্যে অবস্থান করিতেছেন। রামময়জীবিতা পতিপ্রাণা সীতা একদিন 'হা রাম! হা রাম!' বলিয়া আপনার নয়নজলে ভাসিয়াছিলেন; এইক্ষণ প্রীতির প্রফুল্লকমলের ন্যায় প্রীতিমুগ্ধ মনুষ্যমাত্রেরই নয়নজলে অহোরাত্র ভাসমান রহিয়া, যেখানে প্রীতির কথা, ভাবুকতার কথা, যেখানে অবলাজনস্পৃহণীয় সৌন্দর্যের কথা, সেইখানেই বিরাজমানা হইতেছেন। বাল্মীকি একস্থানে বসিয়া এক সময়ে আপনার বীণা বাজাইয়াছিলেন। কিন্তু এইক্ষণে যেখানে সারস্বতস্বর্গ সেইখানেই তাঁহার বীণার ধ্বনি; যেখানে হৃদয় হৃদয়ের সহিত আলাপ করে, মন মনের সহিত মিলিয়া যায়, আত্মা আত্মার সহিত আপনার বিনিময় করে, সেইখানেই উহার বিশ্ববিমোহিনী বীণার বিনোদ-নিঃস্বন। এইরূপ কত অগণিত আত্মা লোকস্মৃতির অমরাবতীকে উজ্জ্বল করিয়া বসিয়া আছে, তাহা চাহিয়া দেখ।

—কালীপ্রসন্ন ঘোষ

চাক্ষুষ প্রতীতির রাম—the Ram of ocular perception. লৌকিক জীবনে—in his terrestrial life. যুগে……থাকিয়া—living through ages. রামময়জীবিতা……সীতা—Sita whose life depended on Ram and whose husband was as dear to her as her life. নয়নজলে ভাসিয়াছিলেন—was bathed in the water of her own tears. প্রীতির প্রফুল্লকমলের ন্যায়—like a full-blown lotus of love. মনুষ্যমাত্রেরই……রহিয়া—floating night and day in the tears of every single human being. যেখানে প্রীতির……হইতেছেন—she shines forth wherever there are talks of love, of beauty, such as is longed for by the members of the weaker sex. সারস্বত স্বর্গ—an assembly of learned men.

হৃদয়ের······করে—heart speaks to heart. মন······যায়—mind merges into mind. আত্মা······করে—soul exchanges itself for soul. বিশ্ববিমোহিনী বীণা—world-enchanting lute. বিনোদ-নিঃস্বন—delightful strains. লোকস্মৃতির অমরাবতী—the heaven of mass reminiscence

---

CHAPTER IV

HARDER PASSAGES FOR TRANSLATION

(Without Hints)

(1)

আশুতোষ মিষ্ট কথায় ভুলাইতেন না, বৃথা আশা দিতেন না, কিন্তু বিপন্নকে আশ্রয় দিবার জন্য তাঁহার প্রাণ সর্বদাই কাঁদিত। যখন সরকারের সঙ্গে ঝগড়ার ফলে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা বেতন না পাইয়া মহাকষ্টে মাসের পর মাস অতিবাহিত করিতেছিলেন, তখন সেই কষ্ট সবাপেক্ষা অধিক লাগিয়াছিল আশুতোষের। অধ্যাপকদের বিপদ্ তিনি নিজের বিপদ্ হইতে কিছুমাত্র কম মনে করেন নাই। একটি ছাত্র ম্যাট্রিকুলেশন পরীক্ষায় বাঙ্গালার দিন জ্বরাক্রান্ত হইয়া পরীক্ষাগৃহে উপস্থিত হইতে পারিল না। সে তাহার অসীম দৈন্য জানাইয়া আশুতোষের পা জড়াইয়া ধরিল। অমনি তিনি তাহার জন্য বিধান করিলেন। তখন আই. এ. পরীক্ষার কিছুদিন বাকী ছিল। তিনি ছাত্রটিকে আই. এ.-র বাঙ্গালার দিন পরীক্ষা দিতে আদেশ দিলেন। তাঁহার অসীম দয়ার গুণে এই সমস্ত অসম্ভব রকমের উপায় তাহার মনে স্বতঃই উদ্ভাবিত হইত। —দীনেশচন্দ্র সেন

(2)

বৃন্দাবনের মুখ রাঙ্গা হইয়া উঠিল। কিন্তু শান্তভাবে বলিল—"ছোটলোকদের ভাগ্য ভাল যে ভদ্রলোকের পাঠশালায় ছেলে পাঠায়নি। কিন্তু তোমার, ভাই, আমাদের মত ছোটলোকদের বাড়ি বাড়ি ঘুরে মান-ইজ্জত নষ্ট করা উচিত হয় নি।"

তাহার কথার খোঁচাটা সম্পূর্ণ কেশবকে বিঁধিল। সে ভারি অপ্রতিভ হইয়া বলিয়া উঠিল—"না হে না,—তোমাকে, তোমাদের সে কি কথা? ছি ছি, আমি তা বলিনি। সে কথা নয়—কি জানো—"

বৃন্দাবন হাসিয়া উঠিল। বলিল—"আমাকে বলনি তা বিলক্ষণ জানি। কিন্তু আমার আত্মীয়-স্বজনকে বলেছ। আমরা সব তাঁতি-কামার-গয়লা-চাষা—তাঁত বুনি, লাঙ্গল ঠেলি, গরু চরাই, জামা-কাপড় পরতে পাইনে, সরকারী আফিসের দোর-গোড়ায় যেতে পারিনে, কাজেই তোমরা আমাদের ছোটলোক বলে ডাক—ভাল কাজেও আমাদের বাড়িতে ঢুকলে তোমার মত উচ্চশিক্ষিত লোকের সম্ভ্রম নষ্ট হয়ে যায়।" —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(3)

খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়া মধুসূদন পিতৃগৃহ ত্যাগ করিতে বাধ্য হইলেন—কিন্তু পিতামাতার স্নেহে বঞ্চিত হইলেন না। তাঁহার জননী তাঁহাকে আত্মহারা হইয়া ভালবাসিতেন—সে ভালবাসার কিছুতেই পরিবর্তন ঘটিবার সম্ভাবনা ছিল না। গৃহ হইতে মধুসূদনের অন্তর্ধানাবধি তিনি আহার-নিদ্রা পরিত্যাগ করিয়াছিলেন, এবং যেদিন শুনিলেন যে মধুসূদন সত্যই খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়াছেন, সেইদিন তিনি উন্মাদিনীর ন্যায় হইয়াছিলেন। তাঁহার অবস্থা দেখিয়া রাজনারায়ণ দত্ত ধর্মভ্রষ্ট পুত্রকে সময়ে সময়ে গোপনে গৃহে আহ্বান করিতে বাধ্য হইতেন। মধুসূদনকে দেখিলে তাঁহার শোকাতুরা জননীর যন্ত্রণা কিয়ৎপরিমাণে প্রশমিত হইত। তিনি ধর্মত্যাগী পুত্রকে পূর্ববৎ স্নেহে আহারাদি করাইতেন, কিন্তু সমাজের ভয়ে তাঁহাকে গৃহে রাখিতে সাহসী হইতেন না। মধুসূদনের পিতামাতার ও আত্মীয়-স্বজনের

ইচ্ছা ছিল যে মধুসূদন সম্মত হইলে তাহাকে শাস্ত্রানুসারে প্রায়শ্চিত্ত করাইয়া তাঁহারা পুনরায় স্বসমাজে গ্রহণ করিবেন। কিন্তু মধুসূদন কিছুতেই সম্মত হইলেন না। —যোগীন্দ্রনাথ বসু

(4)

"পেরেছে, পেরেছে আমাদের মাস্টার পেরেছে"—বলিয়া গোঁসাইগঞ্জ তুমুল কোলাহল আরম্ভ করিয়া দিল। দলপতিগণ অনেক কষ্টে তাহাদের থামাইলেন। এখন ব্রজ মাস্টার উঠিয়া দাঁড়াইয়া বলিলেন—"শোন, হারান বাবু, আমি তোমায় কোন কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করতে চাইনে, বরং খুব সহজ দেখেই একটা জিজ্ঞাসা করব। এ অঞ্চলে মনে কর, তুমি আর আমি দু'জন যা ইংরেজী-নবিস আছি। একটা শক্ত কথার মানে জিজ্ঞাসা করে তোমায় ঠেকিয়ে দেবো, সেটা আমার মনঃপূত নয়। এতে হয়ত গোঁসাইগঞ্জ রাগ করতে পারেন—কিন্তু আমি নিজে একজন ইংরেজী-নবিস হয়ে আর একজন ইংরেজী-নবিসকে প্রকাশ্য সভায় অপমান ত করতে পারিনে! আচ্ছা, খুব সহজ কথার মানে জিজ্ঞাসা করি—হেঁকে উত্তর দাও যাতে দুই গ্রামের লোক সব শুনতে পায়। আচ্ছা, এর মানে কি বল দেখি—তুমি জান নিশ্চয়ই—আচ্ছা এর মানে বল।" —প্রভাতকুমার মুখোপাধ্যায়

(5)

যখন নবকুমারের নিদ্রাভঙ্গ হইল তখন রজনী গভীরা। এখনও যে তাহাকে ব্যাঘ্রে হত্যা করে নাই, ইহা তাহার আশ্চর্য বোধ হইল। তিনি ইতস্তত: নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিলেন ব্যাঘ্র আসিতেছে কিনা। অকস্মাৎ বহু দূরে একটা আলোক দেখিতে পাইলেন। পাছে ভ্রম জন্মিয়া থাকে এজন্য নবকুমার মনোনিবেশপূর্বক তৎপ্রতি দৃষ্টি করিতে লাগিলেন। আলোক-পরিধি ক্রমে বর্ধিতায়তন ও উজ্জ্বলতর হইতে লাগিল—আগ্নেয় আলোক বলিয়া প্রতীতি জন্মিল। প্রতীতিমাত্র নবকুমারের জীবনাশা পুনরুদ্দীপ্ত হইল। মনুষ্যসমাগম ব্যতীত এ আলোকের উৎপত্তি সম্ভবে না। কেননা, এ দাবানলের সময় নহে। নবকুমার গাত্রোত্থান করিলেন—যথায়

আলোক সেইদিকে ধাবিত হইলেন। একবার মনে ভাবিলেন—এ আলোক ভৌতিক হইতেও পারে। কিন্তু শঙ্কায় নিরস্ত থাকিলেই কোন্ জীবন রক্ষা হয়? এই ভাবিয়া নির্ভীক-চিত্তে আলোক লক্ষ্য করিয়া চলিলেন।

—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(6)

অপু মাকে বলিয়া কহিয়া একটি ছোট স্কুলে যায়। যে বড় রাস্তার ধারে ইহাদের বাড়ি সেখান হইতে কিছু দূরে গিয়া একটা একতলা বাড়িতে স্কুল। জন পাচেক মাস্টার, ভাঙ্গা বেঞ্চি, হাতল-ভাঙ্গা চেয়ার, তেলকালি-ওঠা ব্লাক-বোর্ড, পুরান ম্যাপ খানকতক—ইহাই স্কুলের আসবাব। স্কুলের সামনেই খোলা ড্রেন, অপুদের ক্লাস হইতে বাহিরে চাহিলে পাশের বাড়ির চুনবালির কাজ বিরহিত নগ্ন ইটের দেওয়াল নজরে পড়ে। সে স্কুলে যাইতে দেখে ধাঙড় ড্রেন সাফ করিতে করিতে চলিয়াছে, স্থানে স্থানে ময়লা জড় করা। সারাদিন স্কুলের মধ্যে কেমন একটা বদ্ধ বাতাসের গন্ধ, অপুর মাথার মধ্যে কেমন করে, স্কুলের বাহিরে আসিয়াও যেন সেটা কাটিতে চাহে না। তাহার ভাল লাগে না, মোটেই ভাল লাগে না, শহরের এই সব ইট-সিমেন্টের কাণ্ড-কারখানায় তাহার যেন হাঁফ ধরে; কেমন যেন দম আটকাইয়া আসে। কিসের অভাবে প্রাণটা যেন আকুলি-বিকুলি করে; সে বুঝিতে পারে না কিসের অভাবে। —বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(7)

কেশব—বৃন্দাবন, তুমি যে যথার্থই মানুষ, তা'তে আমার কোন সন্দেহ নাই।

বৃন্দাবন—আমারও নেই। তারপরে?

কেশব—তোমাকে উপদেশ দিচ্ছিনে, সে অহঙ্কার আমার কাল থেকে গেছে, শুধু বন্ধুর মত জিজ্ঞাসা কচ্ছি, এ গাঁয়ে তুমি যেন নিজের অর্থ ও সময় নষ্ট করে ছেলেদের শিক্ষা দিচ্ছ, কিন্তু আরও কত শত-সহস্র গ্রাম রয়েছে, সেখানে 'ক' 'খ' শেখাবার বন্দোবস্ত নেই। আচ্ছা, এ কাজ কি গভর্নমেন্টের উচিত নয়?

বৃন্দাবন—তোমার প্রশ্নটা ঠিক ওই পোড়োদের মত হল। দোষের জন্য রাখুকে মারতে যাও দিকি, সে তখনই দুই হাত তুলে বলবে—'পণ্ডিত মশাই, মেধোও মেরেছে।' অর্থাৎ মধুর দোষ দেখিয়ে দিতে পারলে যেন রাখুর আর দোষ থাকে না। এই দেশজোড়া মূঢ়তার প্রায়শ্চিত্ত নিজে ত করি ভাই, তার পরে দেখা যাবে, গভর্নমেণ্ট তাঁর কর্তব্য করেন কি না। নিজের কর্তব্য করার আগে পরের কর্তব্য আলোচনা করলে পাপ হয়।

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(8)

শ্রম যে আত্মসম্মানের অণুমাত্রও হানিজনক নহে, এ বোধ আমাদের মধ্যে এখনও জাগে নাই। জগতের অন্যত্র মানব-সমাজ শ্রমের উপর নির্ভর করিয়া কত কি বিস্ময়কর বস্তু করিতেছে আর আমরা কায়িক পরিশ্রম ঘৃণা করিয়া দিন দিন দুর্গতি ও হীনতায় ডুবিতেছি। যাহারা শ্রমবিমুখ, জীবন-সংগ্রামে তাহাদের পরাজয় অনিবার্য। এই প্রতিদ্বন্দ্বিতার যুগে অযোগ্যের পরিত্রাণ নাই। যাহারা যোগ্যতম তাহারাই বাঁচিবার অধিকারী। সুতরাং পরিশ্রমের অমর্যাদা আত্মহত্যারই নামান্তর। 'ভদ্রসন্তান খাটিয়া খাইবে'—একথা আমরা চিন্তাই করিতে পারি না। শত অপমান সহিয়া চাকুরি করিব, অন্যের গলগ্রহ হইয়া কষ্ট পাইব, তথাপি স্বাধীনভাবে পরিশ্রমের দ্বারা জীবনযাত্রা নির্বাহের কথা ভাবিতে পারিব না। উহাতে কেবল আমার অপমান নহে, আমার পূর্বপুরুষগণের সম্ভ্রমনাশ ঘটিবে। এই কুসংস্কার আমাদের মজ্জাগত হইয়া পড়িয়াছে।

—সতীশচন্দ্র সেনগুপ্ত

(9)

আজকাল বিজ্ঞানের দ্বারা যে সকল অসাধ্য সাধন হইতেছে—তাহা বহু লোকের ক্ষুদ্র চেষ্টারই ফলে। মানুষ পূর্বে একান্ত অসহায় ছিল। বুদ্ধি, চেষ্টা ও সহিষ্ণুতার বলে আজ সে পৃথিবীর রাজা হইয়াছে। কত কষ্ট ও কত চেষ্টার পর যে মনুষ্য বর্তমান উন্নতি লাভ করিয়াছে—তাহা আমরা

কল্পনাও করিতে পারি না। কে প্রথম আগুন জ্বালাইতে শিখাইল, কে প্রথমে ধাতুর ব্যবহার শিক্ষা দিল, কে লেখার প্রথা আবিষ্কার করিল তাহা আমরা কিছুই জানি না। এইমাত্র জানি যে প্রথমে যাহারা কোন নূতন প্রথা প্রচলন করিতে চেষ্টা করিয়াছিলেন তাঁহারা পদে পদে অনেক বাধা পাইয়াছিলেন। অনেক সময়ে তাঁহাদিগকে অনেক নির্যাতন সহ্য করিতে হইয়াছিল। এত কষ্টের পরেও অনেকে তাঁহাদের চেষ্টা সফল দেখিয়া যাইতে পারেন নাই। আপাততঃ মনে হয় তাঁহাদের চেষ্টা একেবারে বৃথা গিয়াছে। কিন্তু কোন চেষ্টাই একেবারে বিফলে যায় না। —জগদীশচন্দ্র বসু

(10)

আমাদের পোস্টমাস্টার কলিকাতার ছেলে। জলের মাছকে ডাঙ্গায় তুলিলে যে রকম হয়, এই গণ্ডগ্রামের মধ্যে আসিয়া পোস্টমাস্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে। একখানি অন্ধকার আটচালার মধ্যে তাঁহার আফিস; অদূরে একটি পানা-পুকুর এবং তাহার চারি পাড়ে জঙ্গল। কুঠির গোমস্তা প্রভৃতি যে-সকল কর্মচারী আছে তাহাদের ফুরসত প্রায় নাই এবং তাহারা ভদ্রলোকের সহিত মিশিবার উপযুক্তও নহে। বিশেষতঃ কলিকাতার ছেলে ভাল করিয়া মিশিতে জানে না। অপরিচিত স্থানে গেলে হয় উদ্ধত হয়, নয় অপ্রতিভ হইয়া থাকে। এই কারণে স্থানীয় লোকের সহিত তাহার মেলামেশা হইয়া উঠে না অথচ হাতে অধিক কাজ নাই। কখনো কখনো দুটো একটা কবিতা লিখিতে চেষ্টা করে। —রবীন্দ্রনাথ ঠাকুর

(11)

সুরেশের একদিকে গায়ে জোর ছিল যেমন অসাধারণ, অন্য দিকে অন্তরটা ছিল তেমনই কোমল, তেমনই স্নেহশীল। পরিচিত-অপরিচিত কাহারও কোন দুঃখকষ্টের কথা শুনিলে তাহার কান্না আসিত। সে ছেলেবেলায় একটা মশা-মাছি পর্যন্ত মারিতে পারিত না। জৈন মাড়োয়ারীদের দেখাদেখি কতদিন সে পকেট ভরিয়া সুজি এবং চিনি লইয়া স্কুল কামাই করিয়া গাছতলায় ঘুরিয়া পিপীলিকা ভোজন করাইয়াছে। জীবনে

সে কতবার মাছ-মাংস ছাড়িয়াছে ও ধরিয়াছে তাহার সংখ্যা নাই। যাহাকে ভালবাসিত তাহার জন্য সে কি করিয়া কি করিবে তাহা ভাবিয়া পাইত না। স্কুলে মহিম ছিল ক্লাসের মধ্যে সবচেয়ে ভাল ছেলে। অথচ তাহার গায়ের জামা-কাপড় ছেঁড়া-খোঁড়া, পায়ের জুতা জীর্ণ পুরাতন, দেহটি শীর্ণ, মুখখানি ম্লান। এই-সব দেখিয়াও সে প্রথমে তাহার প্রতি আকৃষ্ট হইয়াছিল এবং অত্যল্পকালের মধ্যেই উভয়ের এই আকর্ষণ বন্যার জলের মত এমনি বাড়িয়া উঠে যে, সমস্ত বিদ্যালয়ের ছেলেদের তাহা এক আলোচনার বিষয় হইয়া পড়ে।

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(12)

মেয়েটি কথা কহিল না ; মাটির শূন্য কলসীটি তুলিয়া লইয়া সেই রৌদ্রের মাঝেই চোখ মুছিতে মুছিতে নিঃশব্দে বাহির হইয়া গেল। সে চোখের আড়াল হইতেই কিন্তু গফুরের বুকে শেল বিঁধিল। মা-মরা মেয়েটিকে সে যে কি করিয়া মানুষ করিয়াছে—সে কেবল সেই জানে। তাহার মনে পড়িল তাহার এই স্নেহশীলা কর্তব্যপরায়ণা শান্ত মেয়েটির কোন দোষ নাই। ক্ষেতের সামান্য ধান কয়টি ফুরানো পর্যন্ত তাহার পেট ভরিয়া দুবেলা অন্ন জুটে না। কোনদিন এক বেলা, কোনদিন বা তাও নয়। দিনে পাঁচ-ছয় বার খাওয়া যেমন অসম্ভব, তেমনিই মিথ্যা এবং পিপাসার জল না থাকার হেতুও তাহার অবিদিত নয়। গ্রামে যে দুই-তিনটা পুষ্করিণী আছে তাহা একেবারে শুষ্ক।

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(13)

রত্নাকরের রাম নাম উচ্চারণে অধিকার ছিল না। অগত্যা 'মরা' 'মরা' বলিয়া তিনি উদ্ধার লাভ করিতে চাহিয়াছিলেন। এই পুরাতন পৌরাণিক নজিরের দোহাই দিয়া আমাদিগকেও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নাম কীর্তনে প্রবৃত্ত হইতে হইবে। ঐ নাম গ্রহণ করিতে আমাদের কোনরূপ অধিকার আছে কি না, সে-বিষয়ে ঘোর সংশয় রহিয়া গিয়াছে। বস্তুতঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এত বড় ও আমরা এত ছোট, তিনি এত সোজা ও আমরা

এত বাঁকা যে তাঁহার নামগ্রহণ আমাদের পক্ষে বিষম স্পর্ধার কথা বিবেচিত হইতে পারে। বাগ্‌যত কর্মনিষ্ঠ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও আমাদের মত বাক্‌সর্বস্ব সাধারণ বাঙ্গালী, উহাদের মধ্যে আকাশ-পাতাল ব্যবধান।

—রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

(14)

প্রতাপ। ঐ সেই চিতোর! ঐ সেই দুর্জয় দুর্গ, যা একদিন রাজপুতের ছিল। ঐ সেই বহু পুরুষের স্মৃতিস্নাত চিতোর, যা উদ্ধার করব ভেবেছিলাম, কিন্তু পারলাম না। কার্য প্রায় সমাধা করে এনেছিলাম—কিন্তু তার পূর্বেই দিবা অবসান হল। কাজ অসম্পূর্ণ রয়ে গেলো।

পৃথ্বীরাজ। তার জন্যে চিন্তা নাই, প্রতাপ।

প্রতাপ। চিন্তা থাকত না, যদি বীরপুত্র রেখে যেতে পারতাম। আমার মনে হচ্ছে অমর বাদসাহী সম্মানের লোভে আমার পুনরর্জিত রাজ্য মোগলের হাতে সঁপে দেবে।

গোবিন্দ সিংহ। সে ভয়ের কারণ নেই রাণা।

প্রতাপ। কারণ আছে গোবিন্দসিংহ। অমর বিলাসী—সে দারিদ্র্যের বিষ সহ্য করতে পারবে না; তাই ভয় হয় যে আমি মরে গেলে এ কুটীরের জায়গায় প্রাসাদ নির্মিত হবে।

—দ্বিজেন্দ্রলাল রায়

(15)

আমার কি হবে জানি না—জানি না আজকের এইসব জীবন কি হবে। শুধু জানি জগতে জাগতে হবে। আজ আমার চোখের সামনে শুধু সেই ছবি জাগে—মিলিত ভারত। এক উন্নত গৌরবান্বিত জাতি। তখন আমি জীবিত থাকি বা না থাকি, আমার পুত্রকন্যা জীবিত থাকে বা না থাকে, এই জাতি জাগবে, আত্মপ্রতিষ্ঠায়, আত্মগরিমায়—এই আমার একমাত্র কামনা। প্রয়োজন হলে এই সাধনায় আমি আমার জীবনের প্রিয়তম যা কিছু সব বিসর্জন দিব এবং এই সাধনায় যদি মরে যাই—ক্ষতি কি? যদি মরি, আমার দৃঢ় বিশ্বাস, আবার আমি এই মাটিতেই জন্মাব। বারে বারে, প্রতি জন্মে জন্মে আবার আসব, যতদিন না আমার আশা ও ধ্যান মূর্ত হয়ে উঠ্‌বে।

—চিত্তরঞ্জন দাশ

(16)

সিরাজ অনন্যোপায় হইয়া আর একবার মীরজাফরকে উত্তেজিত করিবার জন্য ডাকিয়া পাঠাইলেন। মীরজাফর অনেক ইতস্ততঃ করিয়া অবশেষে প্রিয় পুত্র মীরন এবং পাত্রমিত্রদের সহিত সতর্ক পদবিক্ষেপে সিরাজ-শিবিরে প্রবেশ করিলেন। মীরজাফর ভাবিয়াছিলেন, সিরাজ হয়ত তাঁহাকে বন্দী করিয়া ফেলিবেন। কিন্তু শিবিরে প্রবেশ করিবামাত্র সিরাজ তাঁহার সম্মুখে রাজমুকুট রাখিয়া দিয়া বলিলেন—'যাহা হইবার হইয়া গিয়াছে, তুমি ভিন্ন রাজমুকুট রক্ষা করে এমন আর কেহ নাই। মাতামহ জীবিত নাই। তুমিই এখন তাঁহার স্থান পূর্ণ কর। আলিবর্দির পুণ্য নাম স্মরণ করিয়া আমার মানসম্ভ্রম ও জীবন রক্ষায় সহায়তা কর।' মীরজাফর সসম্ভ্রমে রাজমুকুটকে কুর্নিশ করিয়া বলিলেন—'অবশ্যই শত্রুজয় করিব, কিন্তু আজ দিবা অবসানপ্রায় হইয়াছে, সিপাহীরা রণশ্রমে ক্লান্ত। আজ তাহারা শিবিরে প্রত্যাগমন করুক, প্রভাতে আবার যুদ্ধ আরম্ভ করিব।'

—অক্ষয়কুমার মৈত্রেয়

(17)

'এক পৃথিবী' হচ্ছে খুবই এক প্রশংসনীয় আদর্শ; একে জনপ্রিয় করে তোলার জন্যে ওয়েণ্ডেল উইলকি—যাঁর অকালমৃত্যু হলো আমেরিকার জাতীয় জীবনের পক্ষে এক পরম ক্ষতি—তিনি গণতন্ত্রের যশোমন্দিরে স্থায়ী আসন লাভ করেছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এক নয় এ পৃথিবী। পৃথিবী হয়ে পড়েছে বিভক্ত আর এই তথ্যটির সম্মুখীন না হওয়ার দরুন অনেক কিছুই চলে যাচ্ছে আমাদের নাগালের বাইরে। সম্ভবতঃ একদিন একই হয়ে উঠবে পৃথিবী, আর তাই যে প্রশ্ন আপনিই জেগে উঠে তা হলো এই যে, সে কি তখন হবে এক জনগণ-শাসিত জগৎ, না এক ডিক্টেটর-শাসিত জগৎ। এই নিয়েই চলেছে যত-সব তর্ক, সম্মেলন, বক্তৃতা আর কলহ।

(18)

তিন দিন পরে স্কুলের ছুটির পর বাহির হইয়াই দেখি, ইন্দ্র গেটের বাহিরে দাঁড়াইয়া আছে। তাহার মুখ অত্যন্ত শুষ্ক, পায়ে জুতা নাই—

হাঁটু পর্যন্ত ধুলায় ভরা। এই অত্যন্ত দীন চেহারা দেখিয়া ভয় পাইয়া গেলাম! বড়লোকের ছেলে, বাইরে সে একটু বিশেষ বাবু। এমন অবস্থা তাহার আমি ত দেখি নাই—বোধ করি আর কেহও দেখে নাই। ইশারা করিয়া মাঠের দিকে আমাকে ডাকিয়া লইয়া ইন্দ্র বলিল—দিদি নেই; কোথায় চলে গেছেন। কাল থেকে আমি যে কত জায়গায় খুঁজেছি কিন্তু দেখা পেলাম না। তোকে একখানা চিঠি লিখে রেখে গেছেন, এই নে,—বলিয়া একখানা ভাঁজ করা হলদে রঙের কাগজ আমার হাতে গুঁজিয়া দিয়া সে দ্রুতপদে চলিয়া গেল। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(19)

এইরূপ কথোপকথনে আসক্ত হইয়া কিয়ৎ দূরে আগমন করিয়া রাজা মাতলিকে জিজ্ঞাসা করিলেন, দেবরাজ-সারথে! ঐ যে পূর্ব-পশ্চিমে বিস্তৃত স্বর্ণ-নির্মিতের ন্যায় প্রতীয়মান হইতেছে, ও পর্বতের নাম কি? মাতলি কহিলেন, মহারাজ! ও হেমকূট পর্বত, কিন্নর ও অপ্সরাদিগের বাসভূমি, তপস্বীদের তপস্যা-সিদ্ধির সর্বপ্রধান স্থান; ভগবান্ কশ্যপ এই পর্বতে তপস্যা করেন। তখন রাজা কহিলেন, তবে আমি ভগবান্‌কে প্রণাম ও প্রদক্ষিণ করিয়া যাইব। এতাদৃশ মহাত্মার নাম শ্রবণ করিয়া, বিনা প্রণাম-প্রদক্ষিণে চলিয়া যাওয়া অবিধেয়। অতএব আপনি রথ স্থির করুন, আমি এই স্থানেই অবতীর্ণ হইতেছি।

মাতলি রথ স্থির করিলেন। রাজা রথ হইতে অবতীর্ণ হইয়া জিজ্ঞাসা করিলেন, দেবরাজ-সারথে! এই পর্বতের কোন্ অংশে ভগবানের আশ্রম? মাতলি কহিলেন, মহারাজ! আশ্রম অতিদূরবর্তী নহে; চলুন, আমি সমভিব্যাহারে যাইতেছি। —ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(20)

কঙ্কণ প্রদেশে বর্ষাকালে প্রকৃতি অতি ভীষণ রূপ ধারণ করে; ১৬৬৩ খ্রীঃ অব্দের বসন্তকালেই একদিন সায়ংকালে সেইরূপ ঘোর ঘটা দৃষ্ট হইয়াছিল। সূর্য এখনও অস্ত যায় নাই, অথচ সমস্ত আকাশ দীর্ঘবিলম্বী অতিকৃষ্ণ

মেঘরাশিতে আবৃত ও চারিদিকে পর্বতশ্রেণী ও অরণ্য অন্ধকারে আচ্ছন্ন রহিয়াছে। পর্বতে, উপত্যকায়, অরণ্যমধ্যে, প্রান্তরে, আকাশে বা মেদিনীতে শব্দমাত্র নাই, যেন অচিরে প্রচণ্ড বাত্যা আসিবে জানিয়া সমস্ত জগৎ ভয়ে স্তব্ধ হইয়া রহিয়াছে। নিকটস্থ পর্বতের উপর দিয়া গমনাগমনের পথগুলি ঈষৎ দেখা যাইতেছে। দূরস্থ বিশাল পাদপাবৃত পর্বতগুলি গাঢ়তর কৃষ্ণবর্ণ ধারণ করিয়াছে, আর নীচে উপত্যকা অন্ধকারে আচ্ছন্ন রহিয়াছে। পর্বত-প্রবাহিণী জলপ্রপাতগুলি কোথাও রৌপ্যগুচ্ছের ন্যায় দেখা যাইতেছে, কোথাও অন্ধকারে লীন হইয়া কেবল শব্দমাত্রে আপন পরিচয় দিতেছে।

—রমেশচন্দ্র দত্ত

(21)

আমাদের দেশে সহস্র সহস্র দৃঢ়চিত্ত নিঃস্বার্থ সন্ন্যাসী আছেন, তাঁহারা এখন গ্রামে গ্রামে যাইয়া লোককে ধর্ম শিখাইতেছেন। যদি তাঁহাদের মধ্যে কতকগুলিকে সাংসারিক প্রয়োজনীয় বিদ্যাসমূহের শিক্ষকরূপে সংগঠন করা যায়, তবে তাঁহারা এখন যেমন একস্থান হইতে অপর স্থানে, লোকের দ্বারে দ্বারে ধর্মশিক্ষা দিয়া বেড়াইতেছেন, তাহার সঙ্গে সঙ্গে বিদ্যাও শিখাইবেন। মনে করুন, এইরূপ দুইজন লোক একখানি ক্যামেরা, একটি গোলক, কতকগুলি ম্যাপ প্রভৃতি লইয়া কোন গ্রামে গেলেন। সেই ক্যামেরা, ম্যাপ প্রভৃতির সাহায্যে তাঁহারা অজ্ঞ লোকদিগকে জ্যোতিষ ও ভূগোলের অনেক তত্ত্ব শিখাইতে পারেন। তারপর যদি বিভিন্ন জাতির—জগতের প্রত্যেক দেশের লোকের বিবরণ গল্পচ্ছলে তাহাদের নিকট বলা যায়, তবে সমস্ত জীবন বই পড়াইলে তাহারা যা না শিখিতে পারিত, তাহা অপেক্ষা শতগুণে অধিক এইরূপে মুখে মুখে শিখিতে পারে।

—স্বামী বিবেকানন্দ

(22)

ভারতবর্ষের প্রায় প্রতি প্রদেশেরই নাম ও সীমা কালক্রমে পরিবর্তিত হইয়াছে। শাসনকার্যের সুবিধার জন্য এক ইংরেজ আমলেই একাধিকবার বাংলাদেশের বিভিন্ন অংশ বিভিন্ন প্রদেশের অন্তর্ভুক্ত হইয়াছে। এখন যে

ভূখণ্ডকে আমরা বাংলাদেশ বলি এই শতাব্দীর প্রারম্ভেও তাহার অতিরিক্ত অনেক স্থান ইহার অন্তর্ভুক্ত ছিল। আবার সম্প্রতি বাংলাদেশ দুইভাগে বিভক্ত হইয়া দুইটি বিভিন্ন দেশে পরিণত হইয়াছে। সুতরাং এই পরিবর্তনশীল রাজনৈতিক বিভাগের উপর নির্ভর করিয়া বাংলাদেশের সীমা নির্ণয় করা যুক্তিযুক্ত নহে। মোটের উপর যে স্থানের অধিবাসীরা বা তাহার অধিক সংখ্যক লোক সাধারণতঃ বাংলাভাষায় কথাবার্তা বলে তাহাই বাংলাদেশ বলিয়া গ্রহণ করা সমীচীন। এই সংজ্ঞা অনুসারে বাংলার উত্তর সীমায় হিমালয়ের পাদদেশে অবস্থিত কয়েকটি পার্বত্য জনপদ বাংলার বাহিরে পড়ে, কিন্তু বর্তমান কালের পূর্ব ও পশ্চিমবঙ্গ, আসামের অন্তর্গত কাছাড় ও গোয়ালপাড়া এবং বিহারের অন্তর্গত পূর্ণিয়া, মানভূম, সিংভূম ও সাঁওতাল পরগণার কতকাংশ বাংলার অংশ বলিয়া গ্রহণ করিতে হয়।

—ডাঃ রমেশচন্দ্র মজুমদার

(23)

অণুবীক্ষণ নামে একরকম যন্ত্র আছে, যাহাতে ছোটো জিনিসকে বড়ো করিয়া দেখায়। বড় জিনিসকে ছোটো দেখাইবার নিমিত্ত উপায় পদার্থ-বিদ্যাশাস্ত্রে নির্দিষ্ট থাকিলেও ঐ উদ্দেশ্যে নির্মিত কোনো যন্ত্র আমাদের মধ্যে সর্বদা ব্যবহৃত হয় না। কিন্তু 'বিদ্যাসাগরের জীবনচরিত' বড়ো জিনিসকে ছোটো দেখাইবার জন্য নির্মিত যন্ত্রস্বরূপ। আমাদের দেশের মধ্যে যাঁহারা খুব বড়ো বলিয়া আমাদের নিকট পরিচিত, ঐ গ্রন্থ একখানি সম্মুখে ধরিবামাত্র তাঁহারা সহসা অতিমাত্র ক্ষুদ্র হইয়া পড়েন এবং এই যে বাঙালীত্ব লইয়া আমরা অহোরাত্র আস্ফালন করিয়া থাকি তাহাও অতি ক্ষুদ্র ও শীর্ণকলেবর ধারণ করে। এই চতুষ্পার্শ্বস্থ ক্ষুদ্রতার মধ্যস্থলে বিদ্যাসাগরের মূর্তি ধবলগিরির ন্যায় শীর্ষ তুলিয়া দণ্ডায়মান থাকে; কাহারও সাধ্য নাই যে, সেই উচ্চ চূড়া অতিক্রম করে বা স্পর্শ করে। —রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

(24)

প্রথমটা আমি তাচ্ছিল্যভরেই শুনিতেছিলাম; কিন্তু শেষে উদ্‌গ্রীব হইয়া উঠিয়া বসিলাম। বক্তা ছিলেন একজন গ্রামেরই হিন্দুস্থানী প্রবীণ ভদ্রলোক। গল্প কেমন করিয়া বলিতে হয় তাহা তিনি জানিতেন। তিনি বলিতেছিলেন, প্রেতযোনিতে যদি কাহারও সংশয় থাকে—যেন আজিকার এই শনিবার অমাবস্যা তিথিতে, এইগ্রামে আসিয়া চক্ষু-কর্ণের বিবাদ-ভঞ্জন করিয়া যান। তিনি যে জাত, যেমন লোকই হোন, এবং যত ইচ্ছা লোক সঙ্গে করিয়া লইয়া যান, আজ রাত্রে মহাশ্মশানে যাওয়া তাঁহার পক্ষে নিষ্ফল হইবে না। আজিকার ঘোর রাত্রে এই শ্মশানচারী প্রেতাত্মাকে শুধু যে চোখে দেখা যায়, তাহা নয়; তাহার কণ্ঠস্বর শুনা যায়, এবং ইচ্ছা করিলে তাহার সহিত কথাবার্তা পর্যন্ত বলা যায়। আমি ছেলেবেলার কথা স্মরণ করিয়া হাসিয়া ফেলিলাম। বৃদ্ধ তাহা লক্ষ্য করিয়া কহিলেন, আপনি আমার কাছে আসুন। আমি নিকটে সরিয়া গেলাম। তিনি প্রশ্ন করিলেন, আপনি বিশ্বাস করেন না? —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(25)

নিস্তব্ধ গভীর রাত্রে মা-গঙ্গার উপকূলে ইন্দ্র যখন আমাকে নিতান্ত অকারণে একাকী ত্যাগ করিয়া চলিয়া গেল, তখন কান্না আর আমি সামলাইতে পারিলাম না। তাহাকে ভালবাসিয়াছিলাম, সে তাহার কোন মূল্যই দিল না। পরের বাড়ীর যে কঠিন শাসন-পাশ উপেক্ষা করিয়া তাহার সঙ্গে গিয়াছিলাম, তাহার এতটুকু মর্যাদা রাখিল না, উপরন্তু অপয়া অকর্মণ্য বলিয়া একান্ত অসহায় অবস্থায় বিদায় দিয়া স্বচ্ছন্দে চলিয়া গেল। তাহার এই নিষ্ঠুরতা আমাকে যে কত বিঁধিয়াছিল, তাহা বলিবার চেষ্টা করাও বাহুল্য। তারপরে অনেক দিন সেও আর সন্ধান করিল না, আমিও না। দৈবাৎ পথে-বাটে যদি কখনও দেখা হইয়াছে, এমন করিয়া মুখ ফিরাইয়া আমি চলিয়া গিয়াছি, যেন তাহাকে দেখিতে পাই নাই; কিন্তু আমার এই 'যেন'টা আমাকেই শুধু সারাদিন তুষের আগুনে দগ্ধ করিত,

তাহার কতটুকু ক্ষতি করিতে পারিত! ছেলেমহলে সে একজন মস্ত লোক। ফুটবল ক্রিকেটের দলে কর্তা, জিম্ন্যাষ্টিক আখড়ার মাষ্টার। তাহার কত অনুচর, কত ভক্ত! আমি তাহার তুলনায় কিছুই নয়!

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(26)

এক-একদিন মহাভারতের যুদ্ধের কাহিনী শুনিতে শুনিতে তাহার মনে হয়, যুদ্ধ জিনিসটা মহাভারতে বড় কম লেখা আছে। ইহার অভাব পূর্ণ করিবার জন্য এবং আশ মিটাইয়া যুদ্ধ জিনিসটা উপভোগ করিবার জন্য সে এক উপায় বাহির করিয়াছে। একটা বাঁখারি কিংবা হাল্কা কোনো গাছের ডালকে অস্ত্রস্বরূপ হাতে লইয়া সে বাড়ীর পিছনে বাঁশবাগানের পথে অথবা বাহিরের উঠানে ঘুরিয়া বেড়ায় ও আপন মনে বলে—তারপর দ্রোণ তো একেবারে দশবাণ ছুঁড়িলেন, অর্জুন করিলেন কি, না, একেবারে দুশোটা বাণ দিলেন মেরে! তারপর, ওঃ সে কি যুদ্ধ! কি যুদ্ধ! বাণের চোটে চারিদিক্ অন্ধকার হয়ে গেল। তারপর অর্জুন করিলেন কি, না, ঢাল আর তরোয়াল নিয়ে রথ থেকে লাফিয়ে পড়লেন—পড়ে এই যুদ্ধ! ......দুর্যোধন এলেন, ভীম এলেন—বাণে বাণে অন্ধকার করে ফেলেচে —আর কিছু দেখা গেল না।...মহাভারতের রথিগণ মাত্র অষ্টাদশ দিবস যুদ্ধ করিয়া নাম কিনিয়া গিয়াছেন, কিন্তু রক্ত-মাংসের দেহে জীবন্ত থাকিলে তাঁহারা বুঝিতে পারিতেন যশোলাভের পথ ক্রমশঃই কিরূপ দুর্গম হইয়া পড়িতেছে! বালকের আকাঙ্ক্ষা নিবৃত্তি করিতে তাঁহারা মাসের পর মাস সমানভাবে অস্ত্রচালনা করিতে পারিতেন কি?

—বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(27)

তুমি চলিয়া যাইতেছ—তুমি কিছুই জানো না, পথের ধারে তোমার চোখে কি পড়িতে পারে, তোমার ডাগর নবীন চোখ বিশ্বগ্রাসী ক্ষুধায় চারিদিক্কে গিলিতে গিলিতে চলিয়াছে—নিজের আনন্দের এ হিসাবে

তুমিও একজন দেশ-আবিষ্কারক। অচেনার আনন্দকে পাইতে হইলে পৃথিবী ঘুরিয়া বেড়াইতে হইবে, তাহার মানে নাই। আমি যেখানে আর কখনো যাই নাই, আজ নতুন পা দিলাম, যে নদীর জলে নতুন স্নান করিলাম, যে গ্রামের হাওয়ায় শরীর জুড়াইল, আমার আগে সেখানে কেহ আসিয়াছিল কি না, তাহাতে আমার কি আসে যায়? আমার অনুভূতিতে তাহা যে অনাবিষ্কৃত দেশ। আমি আজ সর্বপ্রথম মন, বুদ্ধি, হৃদয় দিয়া উহার নবীনতাকে আস্বাদ করিলাম যে!

আমডোব! ছোট চাষীদের গাঁ-খানা—কেমন নামটি! মেয়েরা উঠানে বিচালি কাটিতেছে, ছাগল বাঁধিতেছে, মুরগীকে ভাত খাওয়াইতেছে, বড় লোকেরা পাট শুকাইতেছে, বাঁশ কাটিতেছে—দেখিতে দেখিতে গাঁ পিছনে ছাড়িয়া একেবারে বাইরের মাঠ···বিলে জল থৈ থৈ করিতেছে—উড়ি ধানের ক্ষেত্রে বক বসিয়া আছে······লাল ফুলের পাতা ও ফুটন্ত ফুলে জল দেখা যায় না! —বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(28)

পাষাণে ঘটনা যদি অঙ্কিত হইত তবে কতদিনকার কত কথা আমার সোপানে সোপানে পাঠ করিতে পারিতে। পুরাতন কথা যদি শুনিতে চাও তবে আমার এই ধাপে বইস; মনোযোগ দিয়া জলকল্লোলে কান পাতিয়া থাকো, বহু দিনকার কত বিস্মৃত কথা শুনিতে পাইবে।

আমার আর-এক দিনের কথা মনে পড়িতেছে। সেও ঠিক এইরূপ দিন। আশ্বিন মাস পড়িতে আর দুই-চারি দিন বাকি আছে। ভোরের বেলায় অতি ঈষৎ মধুর নবীন শীতের বাতাস নিদ্রোত্থিতের দেহে নূতন প্রাণ আনিয়া দিতেছে। তরুপল্লব অমনি একটু শিহরিয়া উঠিতেছে।

ভরা গঙ্গা। আমার চারিটি মাত্র ধাপ জলের উপরে জাগিয়া আছে। জলের সঙ্গে স্থলের সঙ্গে যেন গলাগলি। তীরে আম্রকাননের নীচে যেখানে কচুবন জন্মিয়াছে সেখানে পর্যন্ত গঙ্গার জল গিয়াছে। নদীর ওই বাঁকের কাছে তিনটি পুরাতন ইটের পাঁজা চারিদিকে জলের মধ্যে জাগিয়া রহিয়াছে।

জেলেদের যে নৌকাগুলি ডাঙার বাবলাগাছের গুঁড়ির সঙ্গে বাঁধা ছিল সেগুলি প্রভাতে জোয়ারের জলে ভাসিয়া উঠিয়া টলমল করিতেছে—দুরন্ত-যৌবন জোয়ারের জল রঙ্গ করিয়া তাহাদের দুই গালে ছলছল করিয়া আঘাত করিতেছে, তাহাদের কর্ণ ধরিয়া মধুর পরিহাসে নাড়া দিয়া যাইতেছে।

—রবীন্দ্রনাথ ঠাকুর

(29)

এক দিন এইরূপে আম্রতরুচ্ছায়াশীতল গ্রামের পথে যজ্ঞনাথ মধ্যাহ্নে বেড়াইতেছিলেন, দেখিলেন, একজন অপরিচিত বালক গ্রামের ছেলেদের সর্দার হইয়া উঠিয়া একটা সম্পূর্ণ নূতন উপদ্রবের পন্থা নির্দেশ করিতেছে। অন্যান্য বালকেরা তাহার চরিত্রের বল এবং কল্পনার নূতনত্বে অভিভূত হইয়া কায়মনে তাহার বশ মানিয়াছে।

অন্য বালকেরা বৃদ্ধকে দেখিয়া যেরূপ খেলায় ভঙ্গ দিত, এ তাহা না করিয়া চট্ করিয়া আসিয়া যজ্ঞনাথের গায়ে চাদর ঝাড়া দিল এবং একটা বন্ধনমুক্ত গিরগিটি চাদর হইতে লাফাইয়া পড়িয়া তাহার গা বাহিয়া অরণ্যাভিমুখে পলায়ন করিল—আকস্মিক ত্রাসে বৃদ্ধের সর্ব-শরীর কণ্টকিত হইয়া উঠিল। ছেলেদের মধ্যে ভারি একটা আনন্দের কলরব পড়িয়া গেল। আর কিছুদূর যাইতে না যাইতে যজ্ঞনাথের স্কন্ধ হইতে হঠাৎ তাহার গামছা অদৃশ্য হইয়া অপরিচিত বালকটির মাথায় পাগড়ির আকার ধারণ করিল।

—রবীন্দ্রনাথ ঠাকুর

(30)

আমার পাঁচ বছর বয়সের ছোট মেয়ে মিনি একদণ্ড কথা না কহিয়া থাকিতে পারে না। পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া ভাষা শিক্ষা করিতে সে কেবল একটি বৎসর কাল ব্যয় করিয়াছিল। তাহার পর হইতে যতক্ষণ সে জাগিয়া থাকে এক মুহূর্ত মৌনভাবে নষ্ট করে না। তাহার মা অনেক সময় ধমক দিয়া তাহার মুখ বন্ধ করিয়া দেয়, কিন্তু আমি তাহা পারি না। মিনি চুপ করিয়া থাকিলে এমনি অস্বাভাবিক দেখিতে হয় যে, সে আমার

বেশিক্ষণ সহ্য হয় না। এইজন্য আমার সঙ্গে তাহার কথোপকথনটা কিছু উৎসাহের সহিত চলে।

সকালবেলায় আমার নভেলের সপ্তদশ পরিচ্ছেদে হাত দিয়াছি এমন সময় মিনি আসিয়াই আরম্ভ করিয়া দিল, "বাবা, রামদয়াল দারোয়ান কাককে কৌয়া বলছিল, সে কিছু জানে না। না?"

আমি পৃথিবীতে ভাষার বিভিন্নতা সম্বন্ধে তাহাকে জ্ঞান দান করিতে প্রবৃত্ত হইবার পূর্বেই সে দ্বিতীয় প্রসঙ্গে উপনীত হইল। —রবীন্দ্রনাথ ঠাকুর

(31)

আমি মিনির অমূলক ভয় ভাঙাইয়া দিবার অভিপ্রায়ে তাহাকে অন্তঃপুর হইতে ডাকাইয়া আনিলাম—সে আমার গা ঘেঁসিয়া কাবুলিওয়ালার মুখ এবং ঝুলির দিকে সন্দিগ্ধ নেত্রক্ষেপ করিয়া দাঁড়াইয়া রহিল। কাবুলিওয়ালা ঝুলির মধ্য হইতে কিস্‌মিস্ খোবানি বাহির করিয়া তাহাকে দিতে গেল, সে কিছুতেই লইল না, দ্বিগুণ সন্দেহের সহিত আমার হাঁটুর কাছে সংলগ্ন হইয়া রহিল। প্রথম পরিচয়টা এমনিভাবে গেল।

কিছুদিন পরে একদিন সকালবেলায় আবশ্যকমত বাড়ী হইতে বাহির হইবার সময় দেখি, আমার দুহিতাটি দ্বারের সমীপস্থ বেঞ্চির উপর বসিয়া অনর্গল কথা কহিয়া যাইতেছে এবং কাবুলিওয়ালা তাহার পদতলে বসিয়া সহাস্যমুখে শুনিতেছে এবং মধ্যে মধ্যে প্রসঙ্গক্রমে নিজের মতামতও দোঁ-আঁশলা বাংলায় ব্যক্ত করিতেছে। মিনির পঞ্চবর্ষীয় জীবনের অভিজ্ঞতায় বাবা ছাড়া এমন ধৈর্যবান্ শ্রোতা সে কখনো পায় নাই। আবার দেখি, তাহার ক্ষুদ্র আঁচল বাদাম-কিস্‌মিসে পরিপূর্ণ। —রবীন্দ্রনাথ ঠাকুর

(32)

মিনি চলিয়া গেলে একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া রহমত মাটিতে বসিয়া পড়িল। সে হঠাৎ স্পষ্টই বুঝিতে পারিল, তাহার মেয়েটিও ইতিমধ্যে এইরূপ বড়ো হইয়াছে, তাহার সঙ্গে আবার নূতন আলাপ করিতে হইবে—তাহাকে ঠিক পূর্বের মতো তেমনটি আর পাইবে না। এ আট বৎসরে তাহার কী

হইয়াছে তাই বা কে জানে? সকালবেলায় শরতের স্নিগ্ধ রৌদ্রকিরণের মধ্যে সানাই বাজিতে লাগিল, রহমৎ কলিকাতার এক গলির ভিতরে বসিয়া আফগানিস্থানের এক মরুপর্বতের দৃশ্য দেখিতে লাগিল।

আমি একখানি নোট লইয়া তাহাকে দিলাম। বলিলাম, "রহমৎ, তুমি দেশে তোমার মেয়ের কাছে ফিরিয়া যাও; তোমাদের মিলনসুখে আমার মিনির কল্যাণ হউক।"

এই টাকাটা দান করিয়া হিসাব হইতে উৎসব-সমারোহের দুটো একটা অঙ্গ ছাঁটিয়া দিতে হইল। যেমন মনে করিয়াছিলাম তেমন করিয়া ইলেক্‌ট্রিক আলো জ্বালাইতে পারিলাম না, গড়ের বাদ্যও আসিল না, অন্তঃপুরে মেয়েরা অত্যন্ত অসন্তোষ প্রকাশ করিতে লাগিলেন, কিন্তু মঙ্গল-আলোকে আমার শুভ উৎসব উজ্জ্বল হইয়া উঠিল। —রবীন্দ্রনাথ ঠাকুর

(33)

কিন্তু পাতলা এনামেলের বাটিতে টুং করে শব্দ উঠতেই—সর্বনাশ! আবুর মুখ গেলো কালো, বিবর্ণ হয়ে। ভয়ে মুখ একেবারে আমসির মত শুকিয়ে চিমসে হয়ে এলো। কোথায় গেলো আকাশের রোদ আর কোথায় বা তার অজস্র ঢেউ! অন্ধকারে সমস্ত একাকার হয়ে গেছে, পায়ের তলা থেকে পৃথিবী নেমে যাচ্ছে রসাতলে! আবুর শরীরে আর এতটুকু বশ নেই, সে এক্ষুণি মাথা ঘুরে মাটির উপর পড়ে যাবে নিশ্চয়।

সর্বনাশ! পয়সা দিতে ভিখারীকে সে পকেট থেকে একটা আধুলি দিয়ে ফেলেছে! তার মামীমার আধুলি! সাবানের টাকার ভাঙ্‌তি! সেই সাড়ে দশ আনার আধুলি? সমস্ত রাস্তা-ঘাট, দালান-বালাখানা মাঠ-বাজার তার কাছে প্রকাণ্ড এক সর্ষে-ক্ষেত বলে মনে হল। চোখের সামনে সে কণা কণা অগুন্‌তি হলুদ ফুল দেখছে! পয়সা আর আধুলির সমান আকার ও প্রায় সমান ওজন। স্ফূর্তির বাড়াবাড়িতে তার এই মারাত্মক ভুল হয়ে গেছে। এখন মামীমার কাছে গিয়ে সে কী জবাবদিহি দেবে? —শ্রীঅচিন্ত্যকুমার সেন

(34)

বৎসরের শেষ, আখেরী কিস্তির খাজানা আদায়ের সময়। প্রাচীন সরকার বংশের সাড়ে সাত গণ্ডার অংশীদার বনবিহারী সরকার খাজানা আদায়ে চলিয়াছেন। পঞ্চাশ বৎসরের প্রৌঢ় যথাসম্ভব দ্রুত গমনে চলিয়াছেন। মাথায় ছাতা সত্ত্বেও তাঁহার গৌরবর্ণ রৌদ্রের উত্তাপে রাঙা হইয়া উঠিয়াছে। তাঁহার পিছনে চলিয়াছে তাঁহার বাড়ীর একমাত্র ভৃত্য, নিম্নজাতীয় একটি বালক—নাম নন্দলাল। নন্দলাল তাঁহার সব—গোরু-বাছুরের সেবাও করে, বাজারও করে—আবার চাপরাশীও সাজে। বয়সের অনুপাতে নন্দলাল দৈর্ঘ্যে অনেকটা খাটো, হাত-পা নাড়িলে পুতুলের মত দেখায়, গায়ের রঙ গাঢ় কালো—সর্বাঙ্গের মধ্যে তাহার গোলগাল দুইটি চোখ ও দুই পাটী দাঁত। নন্দলালের বগলে সরকার মহাশয়ের আদায়ের কাগজপত্রের দপ্তর—আঙুলে ঝোলানো দড়িতে বাঁধা দোয়াত ও কলম—অন্য হাতে প্রকাণ্ড এক লাঠি। —শ্রীতারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(35)

কৌটিল্য বলেছেন, মাছ কখন জল খায় আর রাজপুরুষ কখন ঘুষ নেয়, তা জানা যায় না। কিন্তু একটা কথা তিনি বলেন নি—ঘুষগ্রাহী অনেক ক্ষেত্রে নিজেই বুঝতে পারে না যে সে ঘুষ নিচ্ছে। পাপ সব সময় স্থূলরূপে দৃষ্টিগোচর হয় না, অনেক সময় সূক্ষ্ম বা সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে দেখা দেয়, তখন তার স্বরূপ চেনা বড়ই কঠিন। স্পষ্ট ঘুষ, প্রচ্ছন্ন ঘুষ, আর নিষ্কাম উপহার এদের প্রভেদ নির্ণয় সকল ক্ষেত্রে করা যায় না। মনে করুন, রামবাবু একজন উচ্চপদস্থ লোক, তাঁর অফিসে একটি ভাল চাকরি খালি আছে। যোগ্যতম প্রার্থীকেই মনোনীত করা তাঁর কর্তব্য। শ্যামবাবুর জামাই একজন প্রার্থী, যথানিয়মে দরখাস্ত করেছে। শ্যামবাবু রামবাবুকে বললেন, আপনার হাতেই তো সব, দয়া করে আমার জামাইকেই সিলেক্ট করবেন, হাজার টাকা দিচ্ছি, বাহাল হয়ে গেলে আরও হাজার টাকা দেব। এ হল

অতি স্থূল ঘুষ, নির্লজ্জ পাকা ঘুষখোর কিংবা দুর্বলচিত্ত লোভী ভিন্ন কেউ নিতে রাজী হয় না। অথবা মনে করুন, রামবাবুর সঙ্গে শ্যামবাবুর ঘনিষ্ঠ পরিচয় আছে। এক হাঁড়ি সন্দেশ এনে শ্যামবাবু বললেন, কাশী থেকে আমার মা এনেছেন, খেয়ো। আমার জামাইকে তো তুমি দেখেছ, অতি ভাল ছোকরা। তার দরখাস্তটা একটু বিবেচনা করে দেখো ভাই, তোমাকে আর বেশী কি বলব। এও স্থূল ঘুষ, যদিও পরিমাণে তুচ্ছ।

—রাজশেখর বসু

(36)

কিন্তু ধরুন, কোনও অনুরোধ না করে শ্যামবাবু একগোছা গোলাপফুল দিয়ে বললেন, আমাদের মধুপুরের বাগানে হয়েছে। এ হল সূক্ষ্ম ঘুষ, এর ফল নিতান্ত অনিশ্চিত, তবে নিরাপদ জেনেই শ্যামবাবু দিতে সাহস করেছেন। আশা করেন এতেই রামবাবুর মন ভিজবে। আবার মনে করুন, রামবাবুর মেয়ের অসুখ, শ্যামবাবুর স্ত্রী এসে দিনরাত সেবা করলেন, অসুখও সারল। এক্ষেত্রে তাঁর স্ত্রীর সেবা অনুমানিত অনুরোধ অর্থাৎ অতি সূক্ষ্ম ঘুষ হতে পারে, অথবা নিঃস্বার্থ পরোপকারও হতে পারে, স্থির করা সোজা নয়। রামবাবু যদি দৃঢ়চিত্ত সাধুপুরুষ হন তবে শ্যামের জামাইএর প্রতি কিছুমাত্র পক্ষপাত করবেন না, তবে অন্যভাবে কৃতজ্ঞতা অবশ্যই জানাবেন। কিন্তু রামবাবু যদি বন্ধুবৎসল কোমল প্রকৃতির লোক হন তবে শ্যামগৃহিণীর সেবা হয়তো জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে তাঁকে প্রভাবিত করবে। এ ছাড়া বাঙ্ময় ঘুষ আছে, যার আর্থিক মূল্য নেই, অর্থাৎ খোশামোদ বা প্রশংসা। নিপুণভাবে প্রয়োগ করিলে বুদ্ধিমান্ সাধুলোকও এর দ্বারা প্রভাবিত হয়।

—রাজশেখর বসু

(37)

আজি-কালি বড় গোল শুনা যায় যে, আমাদের দেশের বড় শ্রীবৃদ্ধি হইতেছে। এতকাল আমাদিগের দেশ উৎসন্ন যাইতেছিল, এক্ষণে ইংরেজের শাসন-কৌশলে আমরা সভ্য হইতেছি। আমাদের দেশের বড় মঙ্গল হইতেছে।

কি মঙ্গল, দেখিতে পাইতেছ না? ঐ দেখ, লৌহবর্ত্মে লৌহতুরঙ্গ, কোটি উচ্চৈঃশ্রবাকে বলে অতিক্রম করিয়া, এক মাসের পথ এক দিনে যাইতেছে। ঐ দেখ, ভাগীরথীর যে উত্তাল তরঙ্গমালায় দিগ্‌গজ ভাসিয়া গিয়াছিল, অগ্নিময়ী তরণী ক্রীড়াশীল হংসের ন্যায় তাহাকে বিদীর্ণ করিয়া বাণিজ্যদ্রব্য বহিয়া ছুটিতেছে। কাশীধামে তোমার পিতার অন্ত প্রাতে সাংঘাতিক রোগ হইয়াছে—বিদ্যুৎ আকাশ হইতে নামিয়া তোমাকে সংবাদ দিল, তুমি রাত্রি মধ্যে তাঁহার পদপ্রান্তে বসিয়া তাঁহার শুশ্রূষা করিতে লাগিলে। যে রোগ পূর্বে আরাম হইত না, এখন নবীন চিকিৎসাশাস্ত্রের গুণে ডাক্তারে তাহা আরাম করিল। যে ভূমিখণ্ড নক্ষত্রময় আকাশের ন্যায় অট্টালিকাময় হইয়া এখন হাসিতেছে, আগে উহা ব্যাঘ্র-ভল্লুকের আবাস ছিল।

—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(38)

সাজাহান। সত্য বলেছো কন্যা!

জাহানারা। পিতা সব, আর নিজে না খেয়ে পুত্রদের খাইও না; বুকের উপর রেখে ঘুম পাড়িও না; তাদের হাসিটি দেখার জন্য স্নেহের হাসিটি হেসো না। তারা সব কৃতঘ্নতার অঙ্কুর। তারা সব শিশুসয়তান। তাদের আধপেটা খাইয়ে মানুষ কোরো। তাদের সকালে বিকালে জোরে কষাঘাত কোরো। তাদের সারা জীবনটা চোখ রাঙিয়ে শাসিয়ে রেখো। তা হলে বোধ হয় তারা এই মহম্মদের মত বাধ্য, পিতৃভক্ত হবে। তাদের এই শাস্তি দিতে যদি তোমাদের বুকে ব্যথা লাগে ত বুক ভেঙে ফেলো, চোখে জল আসে ত চোখ উপড়ে তুলে ফেলো; আর্তনাদ করতে ইচ্ছা হয়ত নিজের টুঁটি চেপে ধোরো। ওঃ—

—দ্বিজেন্দ্রলাল রায়

(39)

জাহানারা। বাবা, এই কারাগারের কোণে বসে অসহায় শিশুর মত ক্রন্দন করলে কিছু হবে না; পদাহত পঙ্গুর মত বসে দন্তে দন্তে ঘর্ষণ ক'রে অভিশাপ দিলে কিছু হবে না, পাপী মুমূর্ষুর মত অন্তিমে একবার ঈশ্বরকে

দয়াময় বলে ডাক্‌লে কিছু হবে না। উঠুন, দলিত ভুজঙ্গের মত ফণা বিস্তার করে উঠুন ; হৃতশাবক ব্যাঘ্রীর মত প্রমত্ত বিক্রমে গর্জে উঠুন ; অত্যাচারে ক্ষিপ্ত জাতির মত জেগে উঠুন। নিয়তির মত কঠিন হৌন ; হিংসার মত অন্ধ হৌন ; সয়তানের মত ক্রূর হৌন। তবে তার সঙ্গে পার্‌বেন।

—দ্বিজেন্দ্রলাল রায়

(40)

চমকিয়া উঠিলাম। সম্মুখে চাহিয়া দেখি. ধূসর বালুর বিস্তীর্ণ প্রান্তর এবং তাহাকেই বিদীর্ণ করিয়া শীর্ণ নদীর বক্ররেখা আঁকিয়া বাঁকিয়া কোন্ সুদূরে অন্তর্হিত হইয়া গেছে। সমস্ত প্রান্তর ব্যাপিয়া এক একটা কাশের ঝোপ। অন্ধকারে হঠাৎ মনে হইল, এগুলো যেন এক-একটা মানুষ—আজিকার এই ভয়ঙ্কর অমানিশায় প্রেতাত্মার নৃত্য দেখিতে আমন্ত্রিত হইয়া আসিয়াছে, এবং বালুকার আস্তরণের উপর যে যাহার আসন গ্রহণ করিয়া, নীরবে প্রতীক্ষা করিতেছে। মাথার উপর নিবিড় কালো আকাশে সংখ্যাতীত গ্রহতারকাও আগ্রহে চোখ মেলিয়া চাহিয়া আছে। হাওয়া নাই, শব্দ নাই ; নিজের বুকের ভিতরটা ছাড়া, যতদূর চোখ যায়, কোথাও এতটুকু প্রাণের সাড়া পর্যন্ত অনুভব করিবার জো নাই। যে রাত্রিচর পাখীটা একবার "বাপ্" বলিয়াই থামিয়াছিল, সেও আর কথা কহিল না। পশ্চিম মুখে ধীরে ধীরে চলিলাম—এই দিকেই সেই মহাশ্মশান।

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(41)

তখন কুন্দনন্দিনী স্বপ্ন দেখিল। দেখিল, যেন রাত্রি অতি পরিষ্কার জ্যোৎস্নাময়ী। আকাশ উজ্জ্বল নীল, সেই প্রভাময় নীল আকাশমণ্ডলে যেন বৃহৎ চন্দ্রমণ্ডল বিকাশ হইয়াছে। এত বড় চন্দ্রমণ্ডল কুন্দ কখনও দেখে নাই। তাহার দীপ্তিও অতিশয় ভাস্বর, অথচ নয়ন-স্নিগ্ধকর। কিন্তু সেই প্রকাণ্ড চন্দ্র-

মণ্ডল মধ্যে চন্দ্র নাই! তৎপরিবর্তে কুন্দ মণ্ডলমধ্যবর্তিনী এক অপূর্ব দেবীমূর্তি দেখিতে পাইল। সেই জ্যোতির্ম্ময়ী মূর্তিসনাথ চন্দ্রমণ্ডল যেন উচ্চ গগন পরিত্যাগ করিয়া ক্রমে ক্রমে নীচে নামিতেছে। ক্রমে সেই চন্দ্রমণ্ডল যেন উচ্চ গগন পরিত্যাগ করিয়া কুন্দনন্দিনীর মস্তকের উপর আসিল। তখন কুন্দ দেখিল যে, সেই মণ্ডলমধ্যশোভিতা আলোকময়ী কিরীটকুণ্ডলাদিভূষণালঙ্কৃতা মূর্তি স্ত্রীলোকের আকৃতিবিশিষ্টা। রমণীর মুখমণ্ডল কারুণ্যপরিপূর্ণ; স্নেহপরিপূর্ণ হাস্য অধরে স্ফুরিত। তখন কুন্দ সভয়ে সানন্দে চিনিল যে, সেই করুণাময়ী তাহার বহুকালমৃতা প্রসূতির অবয়ব ধারণ করিয়াছে।

—বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(42)

জন্মমৃত্যুর এই আবর্তগতি গাঢ়রূপে চিন্তা করিলে মনে আপনা হইতে দুইটি গভীর প্রশ্নের উদয় হয় না কি? প্রথম প্রশ্ন এই—যাহারা এই জগতে নূতন প্রবিষ্ট হইতেছে, তাহারা কোথা হইতে আসিল? কেন আসিল? কে তাহাদিগকে আনিল? কে তাহাদিগকে জীবনদান করিয়া এই সংসারের সুখদুঃখের উপর তাহাদের জীবনতরী ভাসাইয়া দিল? দ্বিতীয় প্রশ্ন এই যে —যাহারা যায়, তাহারা কোথায় যায়? মৃত্যু তাহাদের নির্বাণ, না তিরোধান? মৃত্যুর পর তাহাদিগের আর কিছু থাকে কি? যাহাদিগের সুকুমার তনু সমাধির ক্রোড়ে কিংবা শ্মশানানলে উৎসর্গ করিয়া আসিলে এই জগতের সহিত তাহাদের আর সম্বন্ধ রহিল কি? এই আশা, এই ভালবাসার এই কি শেষ? যাহাকে পলকের তরে হারাইলে প্রলয় জ্ঞান হইত তাহাকে একেবারে চিরদিনের জন্যই হারাইতে হইবে? অথচ, যাঁহারা এই পৃথিবীর মঙ্গলকামনায় প্রাণত্যাগেও কুণ্ঠিত হইতেন না, যাঁহাদিগের প্রেমাশ্রুতে স্নাতা হওয়ায়ই ইহা রমণীয় পুষ্পোদ্যান ও পূজাস্থান বলিয়া জগতে আদৃতা হইয়াছে, পৃথিবী কি আর কখনও তাহাদিগকে আপনার জন বলিয়া মনে করিতে পারিবে না?

—কালীপ্রসন্ন ঘোষ

(43)

আমি যে কয়েকখানি বাংলা উপন্যাস পড়িয়াছি, তাহার মধ্যে 'পথের পাঁচালী' আমার সর্ব্বাপেক্ষা প্রিয় উপন্যাস। লেখক বিভূতিভূষণ এই উপন্যাসের মধ্য দিয়া আমাদেরই গৃহের কয়েকটি জীবন্ত মানুষ দেখাইয়াছেন ; যাহা বলিয়াছেন, সবই যেন আমাদেরই কথা।

দুর্গা ও অপু 'পথের পাঁচালী' উপন্যাসের দুইটি উজ্জ্বল চরিত্র। প্রকৃতি-মাতার ক্রোড়ে ইহারা বর্ধিত হইয়াছে, দুইজনেই প্রকৃতিকে ভালবাসে। তথাপি এই দুই শিশু-চরিত্রের মধ্যে একটু বিশেষ পার্থক্য আছে। এ কথা সত্য যে, দুর্গাই অপুকে প্রকৃতির সহিত প্রথম পরিচিত করাইয়াছিল, কিন্তু প্রকৃতির সহিত অপুর যে নিবিড় সংযোগ দেখিতে পাই, দুর্গা ঠিক সেরূপ সম্বন্ধ স্থাপন করিতে পারে নাই। অপু জীবন-পথের পথিক, সে শুধু জগৎ ও জীবনকে দেখিয়াছে বিভিন্নভাবে, বিভিন্ন অনুভূতি লইয়া।

(44)

মাঘ মাস। শীতের বাতাস বইছে। বরুণার জল কাচের মত স্বচ্ছ। রাজপুরী থেকে দূরে ছোট্ট একখানি গ্রাম। তারই প্রান্তে বরুণার বুকে পাকা স্নানের ঘাট। রাজবাড়ি থেকে একটি পথ ঘাটে গিয়ে মিশেছে।

এই পথ দিয়ে স্নানে চলেছেন কাশীরাজমহিষী করুণা তাঁর সখীদের নিয়ে। রাজার আদেশে এ পথে কেউ চলতে পারে না, এ ঘাট ব্যবহার করারও হুকুম নেই কারো। কাছাকাছি যে কয়েকটি কুটির ছিল, তা ছেড়ে লোকজন দূরে সরে গেছে। কাজেই কোনদিকে কোনো সাড়াশব্দ নেই। শুধু ঘাটের কাছে চাঁপাবন থেকে পাখির ডাক শোনা যাচ্ছে ; উত্তর বাতাসে বরুণা আজ উতলা। সূর্যের সোনালী আলো এসে পড়েছে তার বুকে, তাই তার ঢেউগুলো আনন্দে ছলছল্ করছে। বরুণা এগিয়ে চলেছে এক নৃত্যশীলা নারীর মতো।

(45)

তখন জানিতাম না, কিসে কি হয়, অনেক আশা করিতাম। এখন জানিয়াছি, এই সংসার-চক্রে আরোহণ করিয়া, যেখানকার আবার সেইখানে ফিরিয়া আসিতে হইবে। মনে যখন ভাবিতেছি, এই অগ্রসর হইলাম, তখন কেবল আবর্তন করিতেছি মাত্র। এখন বুঝিয়াছি যে, সংসার-সমুদ্রে সন্তরণ আরম্ভ করিলে, তরঙ্গে তরঙ্গে প্রতিহত করিয়া আবার আমাকে কূলে ফেলিয়া যাইবে। এখন জানিয়াছি যে, এ অরণ্যে পথ নাই, এ প্রান্তরে জলাশয় নাই, এ নদীর পার নাই, এ সাগরে দ্বীপ নাই, এ অন্ধকারে নক্ষত্র নাই। এখন জানিয়াছি যে, কুসুমে কীট আছে, কোমল পল্লবে কণ্টক আছে, আকাশে মেঘ আছে, নির্মলা নদীতে আবর্ত আছে, ফলে বিষ আছে, উদ্যানে সর্প আছে, মনুষ্য-হৃদয়ে কেবল আত্মাদর আছে।...এখন বুঝিতে পারিয়াছি, কাচও হীরকের ন্যায় উজ্জ্বল, পিতলও সুবর্ণের ন্যায় ভাস্বর, পঙ্কও চন্দনের ন্যায় স্নিগ্ধ, কাংস্যও রজতের ন্যায় মধুর-নাদী।

(46)

ভারতবর্ষের বুকে চতুর্দিকে ছড়িয়ে আছে অজস্র রকমের প্রাকৃতিক সম্পদ্ যার বিনিময়ে আমরা বিদেশী মুদ্রা অর্জন করিতে পারি। ভারত সরকার এক এক করে এই সব সম্পদ্ দেশের ও জাতির কাজে লাগাবার চেষ্টা করছেন। কিছুদিন হ'লো তাঁরা সুগন্ধি তেলের উৎপাদন এবং তার ব্যবহার ও রপ্তানির দিকে বিশেষ দৃষ্টি দিয়েছেন। ভারতের বিশাল ভূখণ্ড থেকে অজস্র রকমের উদ্ভিজ্জ পদার্থ উৎপাদন করা সম্ভব, যা সুগন্ধ ও প্রসাধন শিল্পের ক্ষেত্রে ভারতবর্ষকে এই বিষয়ে কেবল স্বাবলম্বীই করে তুলবে তা নয়, বিদেশের সুগন্ধ দ্রব্যের বাজারে তার প্রাধান্যও প্রসারিত করতে থাকবে।

(47)

আমাদের নিজেদের দোষ আমরা দেখিতে পাই না, তাই অপরের চোখে আমাদের দোষ দেখিতে হইবে। প্রতিবেশীরা আজ বাঙালীর প্রতি

সহানুভূতিশীল নয় কেন? একদিন বাঙালী তাহাদিগকে হীন মনে করিয়াছে, অহঙ্কারে মত্ত হইয়া পাশ্চাত্য শিক্ষার প্রতিফলিত আলোকে নিজেকে শ্রেষ্ঠ মনে করিয়াছে। ইংরেজ-সৃষ্ট মধ্যবিত্ত "বাবু" বাঙালী হাতের কাজ ঘৃণা করিয়াছে, তাইতো আজ হাতের কাজ তাহাদের হাতে, যাহাদের সে "অবাঙালী" বলিয়া ক্ষোভ করে। আজ সকলের সঙ্গে হাত মিলাইয়া তাহাকে হাতের কাজে নামিতে হইবে। যাহারা কাজ করে—জগৎ ও জীবন তাহাদেরই হাতে।

(48)

দোকান বন্ধ এবং দোকানী শীতের ভয়ে দরজা-জানালা রুদ্ধ করিয়া গভীর নিদ্রায় মগ্ন। এই গভীরতা যে কিরূপ অতলস্পর্শী, সেকথা যাহার জানা নাই, তাহাকে লিখিয়া বুঝানো যায় না। ইহারা অম্লরোগী নিষ্কর্মা জমিদার নয়, সুতরাং ঘুমাইতে জানে। দিনের বেলা খাটিয়া-খুটিয়া রাত্রিতে একবার "চারপাই" আশ্রয় করিলে, ঘরে আগুন না দিয়া শুধুমাত্র চেঁচামেচি ও দোর নাড়ানাড়ি করিয়া জাগাইয়া দিব, এমন প্রতিজ্ঞা যদি স্বয়ং সত্যবাদী অর্জুন জয়দ্রথবধের পরিবর্তে করিয়া বসিতেন, তবে তাঁহাকেও মিথ্যাপ্রতিজ্ঞাপাপে দগ্ধ হইয়া মরিতে হইত। —শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(49)

মেজদা স্থান কাল ভুলিয়া চীৎকার করিয়া আমাকে ধমক দিয়া উঠিলেন, —"খবরদার যাস্‌নে বলছি শ্রীকান্ত।" পিসীমা পর্যন্ত একটু চমকিয়া উঠিলেন, তারপর মুখ ফিরাইয়া মেজদার প্রতি চাহিয়া শুধু কহিলেন,—"সতে!" পিসীমা অত্যন্ত রাশভারী। বাড়ীশুদ্ধ সবাই তাঁহাকে ভয় করিত, মেজদা সে চাহনির সম্মুখে ভয়ে একেবারে জড়সড় হইয়া উঠিল। আবার পাশের ঘরেই বড়দা বসেন। কথাটা তাঁর কানে গেলে আর রক্ষা থাকিত না। পিসীমার একটা স্বভাব আমরা চিরকাল লক্ষ্য করিয়া আসিয়াছি,—কখনও

কোন কারণেই তিনি চেঁচামেচি করিয়া লোক জড় করিয়া তুলিতে ভালবাসিতেন না, হাজার রাগ হইলেও তিনি জোরে কথা বলিতেন না। তিনি কহিলেন, "তাই বুঝি ও দাঁড়িয়ে ওখানে? দেখ্, সতে, যখন-তখন শুনি তুই ছেলেদের মারধর করিস। আজ থেকে কারো গায়ে যদি তুই হাত দিস্ আমি জান্‌তে পারি, এই থামে বেঁধে চাকর দিয়ে তোকে আমি বেত দেওয়াব।"

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(50)

কিয়ৎক্ষণ পরে রথ মৃগের সন্নিহিত হইলে রাজা শরনিক্ষেপের উপক্রম করিতেছেন, এমন সময় দূর হইতে দুই তপস্বী উচ্চৈঃস্বরে কহিতে লাগিলেন, "মহারাজ! এই আশ্রমমৃগ, বধ করিবেন না, বধ করিবেন না।" সারথি শুনিয়া অবলোকন করিয়া কহিল, "মহারাজ! দুই তপস্বী এই মৃগের প্রাণবধ করিতে নিষেধ করিতেছেন।" রাজা তপস্বীর নাম শ্রবণমাত্র ব্যস্ত হইয়া সারথিকে কহিলেন, "ত্বরায় রশ্মি সংযত করিয়া রথের বেগ সংবরণ কর।" সারথি, "যে আজ্ঞা মহারাজ," বলিয়া রশ্মি সংযত করিল। এই অবকাশে তপস্বীরা রথের সন্নিহিত হইয়া কহিতে লাগিলেন, "মহারাজ, এই আশ্রমমৃগ বধ করিবেন না। আপনার বাণ অতি তীক্ষ্ণ ও বজ্রসম; ক্ষীণজীবী, অল্পপ্রাণ মৃগশাবকের উপর নিক্ষেপ করিবার যোগ্য নহে। অতএব শরাসনে যে শরসন্ধান করিয়াছেন, আশু তাহার প্রতিসংহার করুন। আপনার অস্ত্র আর্তের পরিত্রাণের নিমিত্ত, নিরপরাধকে প্রহার করিবার নিমিত্ত নহে।"

—ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(51)

সীতা বাল্মীকির দক্ষিণ পার্শ্বে দণ্ডায়মানা থাকিয়া নিতান্ত ব্যাকুলহৃদয়ে প্রতিক্ষণেই পরিগ্রহ প্রতীক্ষা করিতেছিলেন, শ্রবণমাত্র বজ্রাহতপ্রায় গতচেতনা হইয়া প্রচণ্ড বাতাহত লতার ন্যায় ভূতলে পতিতা হইলেন। জননীর তাদৃশী

দশা দর্শনে অতিমাত্র কাতর হইয়া কুশ ও লব উচ্চৈঃস্বরে রোদন করিয়া উঠিল। রাম, অতি মহতী লোকানুরাগপ্রিয়তার সহায়তায় এপর্যন্ত ধৈর্যাবলম্বন করিয়াছিলেন; কিন্তু সীতাকে ভূতলশায়িনী দেখিয়া এবং কুশ ও লবের আর্তনাদ শ্রবণ করিয়া অতি দীর্ঘ-নিশ্বাসভার পরিত্যাগপূর্বক "হা প্রেয়সি!" বলিয়া মূর্ছিত ও সিংহাসন হইতে ধরাতলে নিপতিত হইলেন। কৌশল্যা শোকে নিতান্ত বিহ্বল হইয়া, "হা বৎসে জানকি!" এই বলিয়া মূর্ছিতা হইলেন। সীতার ভগিনীরাও দুঃসহ শোকভারে অভিভূত হইয়া, "হায় কি হইল," বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে আরম্ভ করিলেন। এই সকল ব্যাপার অবলোকন করিয়া সভাস্থ সমস্ত লোক স্তব্ধ ও হতবুদ্ধি হইয়া চিত্রার্পিতপ্রায় উপবিষ্ট রহিলেন।

(52)

এই লোক-হিতৈষণা ইউরোপ হইতে বাহির হইয়া দিগ্‌দিগন্তে ঘুরিয়া বেড়াইতেছে এবং ইহার প্রভাবে যে কত অলৌকিক ঘটনার, কত অসাধারণ স্বার্থত্যাগের উদাহরণ মিলিয়াছে, তাহার সংখ্যা নাই। এই লোক-হিতৈষণার প্রকৃতির মধ্যে এমন একটা কিছু আছে, প্রাচ্য দেশে তাহার তুলনা মেলে না। আধুনিক পাশ্চাত্য সভ্যতার ভিতর এমন একটা স্ফূর্তি রহিয়াছে যেন তাহা আপনাকে সামলাইতে না পারিয়া আপনা হইতে উছলিয়া বাহির হয় এবং অন্য কোন মূর্তি ধারণের সুবিধা না পাইলে, এই মানব-প্রীতির ও বিশ্বহিতৈষণার আকৃতি পরিগ্রহ করে। সে স্ফূর্তির বশে ইংরাজের ছেলে সাঁতার দিয়া নায়াগারা পার হইতে গিয়া জীবনকে অবলীলাক্রমে বিসর্জন দেয়। এই হিতৈষণাও যেন সেই অমানুষিক স্ফূর্তি হইতেই উদ্ভূত। এই পরার্থপরতার মূলে যেন ব্যক্তিগত স্ফূর্তি বর্তমান রহিয়াছে। আপনার ব্যক্তিত্ব যেন নিজের ভিতর স্থান না পাইয়া, অপরের উপর সবেগে বিক্ষিপ্ত হইয়াছে।

(53)

শূন্যে উড্ডয়ন আধুনিক বিজ্ঞানের আর একটি বিস্ময়কর অবদান। বহুদিন যাবৎ মানুষ জল্পনা-কল্পনা করিতেছিল যে কোন দিন তাহারাও পাখীর মতোই শূন্যে পরিভ্রমণ করিবে। বিজ্ঞান তাহাদের সেই স্বপ্নকে বাস্তবে পরিণত করিয়াছে। আজকাল বিমান দুর্লভ নহে। ডাক ও যাত্রিবাহী জাহাজ যখন মাথার উপর দিয়া উড়িয়া যায় তখন উহার ভন্‌ভন্‌ শব্দ তোমাদের অনেকেই শুনিয়াছ। অনেক সাহসিক বৈমানিক সমুদ্র অতিক্রম করিয়া তাহাদের বিমানসহ দুঃসাহসিকতার সহিত উড়িয়া গিয়াছে। পৃথিবী ব্যাপিয়া এখন আমাদের নূতন পথ হইয়াছে ; ইহার কোনও সংস্কার আবশ্যক হয় না।

(54)

গান্ধীজী বলেছেন আমার জীবনই আমার বাণী। সত্যই তিনি যা বলেছেন জীবনের প্রতি ক্ষেত্রে কাজে তাই করেছেন। সত্য দ্বারা মিথ্যাকে জয়, ভালবাসা দ্বারা ঘৃণাকে জয়, অহিংসা দ্বারা হিংসাকে জয় করাই ছিল তাঁর জীবনের সাধনা এবং এই ছিল তাঁর বাণী। তিনি চেয়েছিলেন ভারতে ধর্মরাজ্য প্রতিষ্ঠা করতে। তিনি বলেছিলেন, ভারতকে এমনভাবে গড়ে তুলতে হবে যেখানে দরিদ্রতম প্রজাও মনে করবে ভারত তার স্বদেশ। ভারতে থাকবে না উঁচু-নীচু ভেদ, অস্পৃশ্যতার ও মাদকতার বিষ, নারী ও পুরুষের থাকবে সমান অধিকার, ভূমি ও রাষ্ট্র হবে জনসাধারণের সম্পত্তি এবং সর্বত্র হবে ন্যায়ের প্রতিষ্ঠা।

(55)

আমরা এখন বোলপুর শান্তিনিকেতনে বাস করিতেছি। কলিকাতার আবর্তের মধ্যে আমার আর কিছুতেই ফিরিতে ইচ্ছা করে না। এখানে নিভৃতে নির্জনে ধ্যানে ও প্রেমে নিজের জীবনকে ধীরে ধীরে বিকশিত করিয়া

তুলিবার জন্য অত্যন্ত আগ্রহ জন্মিয়াছে। পূর্বেই লিখিয়াছি এখানে একটি বোর্ডিং বিদ্যালয় স্থাপনের জন্য আয়োজন করিয়াছি। পৌষ মাস হইতে খোলা হইবে। গুটি দশেক ছেলেকে আমাদের ভারতবর্ষের নির্মল শুচি আদর্শে মানুষ করিবার চেষ্টায় আছি।—এখন ত তুমি প্রবাসেই থাকিয়া গেলে। দীর্ঘকাল তোমার বিচ্ছেদ বহন করিতে হইবে। বিলাতে যাইবার লোভ এখন আমার মনে নাই—কিন্তু একবার তোমার সঙ্গে দেখা করিয়া কথাবার্তা কহিয়া আসিবার জন্য মন প্রায়ই ব্যগ্র হয়। তোমার সার্কুলার রোডের সেই ক্ষুদ্র কক্ষটি এবং নীচের তলার মাছের ঝোলের আস্বাদন সর্বদাই মনে পড়ে। এখন যদি ভারতবর্ষে থাকিতে তবে কিছুদিনের জন্য তোমাকে শান্তিনিকেতনে রাখিয়া নিবিড় আনন্দলাভ করিতাম।

(56)

বনের ডাক শুনেছ কখনো ?—প্রশ্ন হবে জানি—বন তো কথা বলতে পারে না, তবে তা'রা ডাকে কি করে ?

কেবল শব্দ করেই কি কথা বলা যায় বা ডাকা যায় ? বোবারা কথা বলতে পারে না—তা বলে তো তাদের মনের ভাবগুলো বুঝতে কারও আটকায় না।

তা'রা ইঙ্গিতে কথা বলে, ডাকে। বনের গাছপালা, পশুপাখি, কীটপতঙ্গ মাটিপাথরও এমনিভাবে কথা বলে, ডাকে।

বনের এই মৌন ডাক শুনতে হ'লে—শুধু কান দিয়ে নয়, শুনতে হবে সব জ্ঞানেন্দ্রিয় দিয়ে ; চোখ, কান, নাক, জিভ, আর স্পর্শের অনুভূতি দিয়ে।

তা হ'লেই, বনের সংস্পর্শে যেতে হবে ঘন ঘন। মনে করো—মাঝে মাঝে দুটো একটা দিন বনের মধ্যে গিয়ে কাটালে ; ফলমূল কুড়োলে ; ফাঁদ পেতে পশুপাখি আর ছিপে করে মাছ ধরলে ; মাটির বাসন গড়লে, পোড়ালে ;

শুকনো কাঠ ঘষে আগুন জ্বাললে ; রাঁধলে ; নিজের গড়া শালপাতার থালায় বাটিতে খেলে ; হ্যামক্ (hammock) বানিয়ে গাছের ডালে টাঙিয়ে তাতে শুলে ; সময় সময় বনের লতায় পাতায়, কাঠে, পাথরে, মাটিতে নানা শিল্প গড়লে—একেবারে প্রাগৈতিহাসিক যুগের মানুষের অনুকরণে। তা হ'লে মজাই না হবে দেখি ?

(57)

তখন বর্ষাকাল, বিল ও স্রোতের জল সেই পার্বত্য দেশে শতধারে উৎসারিত হইয়া সঙ্কীর্ণ পথ বিঘ্ন-সঙ্কুল করিয়াছিল। পক্ষিগণ পক্ষপুট হইতে ঘন ঘন জলবিন্দু-নিক্ষেপ-পূর্বক পুনশ্চ কিয়ৎকালের জন্য স্থিরভাবে বসিয়া ছিল ; সায়ংকালে ভেকগণের নিনাদ ও বিন্দুনীর-পতনের শব্দে বনস্থালী মুখরিত হইতেছিল ; গিরিনিঃসৃত স্রোতজল গৈরিক রেণু সংযোগে বিচিত্র বর্ণ ধারণ করিয়া সর্পের ন্যায় বক্রগতিতে প্রবাহিত হইতেছিল। স্নিগ্ধ মেঘমালা আকাশের প্রান্তে বিরাজিত ছিল। সেই অতি সুখকর বর্ষার সায়ংকালে অবিবাহিত যুবক দশরথ ধনুহস্তে সরযূর অরণ্যবহুল পুলিনে মৃগয়া করিতেছিলেন ; প্রস্রবণ হইতে ঋষিপুত্র কুম্ভ জলে পূর্ণ করিতেছিলেন, হস্তীর নর্দন মনে করিয়া দশরথ শব্দভেদী তীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিলেন।

(58)

রজনী অবসন্না হইল। মহর্ষি বাল্মীকি স্নান, আহ্নিক সমাপিত করিয়া সীতা, কুশ, লব ও শিষ্যবর্গ সমভিব্যাহারে সভামণ্ডপে উপস্থিত হইলেন। সীতাকে কঙ্কালমাত্র পর্যবসিত দেখিয়া, রামের হৃদয় বিদীর্ণ হইবার উপক্রম

হইল। অতিকষ্টে তিনি শোকবেগ সংবরণে সমর্থ হইলেন, এবং, না জানি আজ প্রজালোকে কিরূপ আচরণ করে এই চিন্তায় আক্রান্ত হইয়া, একান্ত আকুল-হৃদয়ে কাল যাপন করিতে লাগিলেন। সীতার অবস্থা দর্শনে অনেকেরই অন্তঃকরণে কারুণ্যরসের সঞ্চার হইল। বাল্মীকি আসন পরিগ্রহণ না করিয়াই উচ্চৈঃস্বরে বলিতে লাগিলেন—"এই সভায় নানাদেশীয় নরপতিগণ, কোশল রাজ্যের প্রধান-প্রজাগণ এবং অপরাপর সহস্র সহস্র পৌরবর্গ ও জানপদগণ সমবেত হইয়াছেন; তোমরা সকলেই অবগত আছ, রাজা রামচন্দ্র অমূলক লোকাপবাদ শ্রবণে চলচিত্ত হইয়া, নিতান্ত নিরপরাধে জানকীরে নির্বাসিত করিয়াছিলেন; এক্ষণে তোমাদের সকলের নিকট আমার অনুরোধ এই, তাঁহার পরিগ্রহ বিষয়ে তোমরা প্রশস্ত মনে অনুমোদন প্রদর্শন কর। জানকী যে সম্পূর্ণ শুদ্ধাচারিণী, সে বিষয়ে মনুষ্যমাত্রের অন্তঃকরণে অণুমাত্র সংশয় হইতে পারে না।"

(59)

প্রাচীন রক্ষণশীল হিন্দুসমাজ এই অভিনব আক্রমণ প্রতিরোধ করিবার কোন চেষ্টাই করিল না। পাঠান ও মুঘল যুগে ইসলামধর্ম-প্রচারকদিগকে রাজনৈতিক কারণে বাধা দেওয়া ব্রাহ্মণগণের পক্ষে অসাধ্য ছিল। এক্ষেত্রেও তাঁহারা হয়তো ভাবিয়াছিলেন, পাদ্রীগণের প্রচারকার্যের প্রকাশ্য প্রতিবাদ করিলে খৃষ্টান রাজশক্তির কোপে পড়িতে হইবে। আরো একটা প্রধান কারণ, ইসলাম অথবা খৃষ্টধর্মের মতো হিন্দুধর্ম প্রচারশীল ছিল না। হিন্দুসমাজ কৃত্রিম জাতিভেদ-প্রথার জন্য ক্ষুদ্র ক্ষুদ্র শ্রেণীতে বিভক্ত ও বিভিন্ন বলিয়া ধর্ম, নীতি, সদাচার প্রভৃতি সর্বস্তরে সমান নহে এবং পরস্পরের প্রতি ঘৃণা ও অবজ্ঞাও প্রচুর। সমাজের এই অবস্থায়, সমগ্রের জন্য মমত্ববোধ সমাজজীবন হইতে লুপ্ত হইয়াছিল।

—সত্যেন্দ্রনাথ মজুমদার

(60)

ভগিনী নিবেদিতা ভারতবর্ষকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন যে, অচল প্রাচ্য এবার চলিতে আরম্ভ করিয়াছে। পশ্চিমের লোকের চোখে এদেশকে যে অচল মনে হয় তার প্রধান কারণ ওদেশের চেয়ে এ দেশের গতির বেগ স্বতন্ত্র। এদেশ অচল নয়, মন্থর। যে ব্যক্তি এরোপ্লেনে উড়িয়া চলিয়াছে তার কাছে গরুর গাড়িটাকে অচল বলিয়াই মনে হইবে। কিন্তু গরুর গাড়ি তো অচল নয়—মন্থর মাত্র। এতদিনে বুঝি সেই ভারতবর্ষীয় গরুর গাড়ি লোপ পায়। ইউরোপের নিরন্তর কর্মব্যস্ততা আমাদের শান্ত জীবনের মধ্যে অনেক পরিমাণে ঢুকিয়া পড়িয়াছে। H. S., 1960

(61)

এক আরব পণ্ডিত লিখেছেন, ধনীরা বলেন, পয়সা রোজগার জগতে সবচেয়ে শক্ত কাজ! কিন্তু জ্ঞানীরা বলেন, না—জ্ঞানার্জন সবচেয়ে শক্ত কাজ। এখন প্রশ্ন, কার দাবীটা ঠিক, ধনীর না জ্ঞানীর? আমি নিজে জ্ঞানের সন্ধানে ফিরি, কাজেই আমার পক্ষে নিরপেক্ষ হওয়া কঠিন। তবে একটা জিনিস আমি লক্ষ্য করেছি, সেইটে আমি বিচক্ষণ জনের চক্ষুগোচর করতে চাই, ধনীর পরিশ্রমের ফল হ'ল টাকা। সে ফল যদি কেউ জ্ঞানীর হাতে তুলে দেয়, তবে তিনি সেটা পরমানন্দে কাজে লাগান ধনীদের চেয়ে অনেক ভালো পথে, ঢের উত্তম পদ্ধতিতে। H. S., 1960

(62)

আজ রাত্রে পথে লোক বাহির হওয়া নিষেধ! রাত্রে পথে লোক কে বা বাহির হয়? কিন্তু নিষেধ আছে বলিয়া পথের বিজনতা আরও গভীর বোধ হইতেছে। নগরবাসীরা সকলেই আপনার ঘরের দীপ নিভাইয়া দ্বার রুদ্ধ করিয়া দিয়াছে। পথে একটি প্রহরী নাই। চোরও আজ পথে বাহির হয় নাই। যাহারা শ্মশানে শবদাহ করিতে যাইবে তাহারা মৃতদেহ ঘরে লইয়া প্রভাতের জন্য প্রতীক্ষা করিয়া আছে। ঘরে যাহাদের সন্তান মুমূর্ষু তাহারা বৈদ্য ডাকিতে বাহির হয় নাই। যে ভিক্ষুক পথপ্রান্তে বৃক্ষতলে শয়ন করিত সে আজ গৃহস্থের গোশালায় আশ্রয় লইয়াছে। H. S., 1960

SECTION II

Answering Questions from a passage

MODEL ANSWERS

I

In our secondary schools, too, the courses are to be changed, to bring in practical training. In this way, when a student passes out of school, he can go straight into the job for which he has been trained. It will mean too that fewer students will go up to the universities. This is all to the good, for at present our colleges are overcrowded. If there are fewer students in them, we can also improve our university education.

From the Second Plan onwards our industries are going to increase by leaps and bounds. More industries mean more machines and more machines mean that we have more men trained to make them and to work them By training children our schools will help the country a great deal. However, ordinary schools cannot give the type of training needed for highly skilled job such as engineering. This is given in special training schools and institutes. During the First Five Year Plan technical institutions all over the country were expanded and many new ones were opened. The result was that fifty percent more students received technical degrees and diplomas in 1955 than in 1941.

Questions :

(1) How are the courses to be changed in our secondary schools ?

(2) What will be the results of this change ?

(3) How can our secondary schools help the country from the Second Plan onwards ?

(4) (i) Can these schools give the type of training needed for highly-skilled jobs ?

(ii) If not, where shall we get such training ?

(5) What was the result of the development of technical institutions during the First Five Year Plan ?

Answers :

(1) The courses in our secondary schools are to be so changed as to provide scope for practical training.

(2) This change in the courses will have a number of results. For example, some students will get practical training and will go from school straight to his vocation in life. A second result will be that the colleges will be less crowded and fewer students will go up to the university. This will improve university education.

(3) Schools will give practical training to children, and send out skilled workers to different industrial organisations. Thus they will help the country from the Second Plan onwards.

(4) (i) Schools of ordinary types cannot give the training needed for such highly-skilled jobs as engineering.

(ii) Such training can be given only by special training schools and institutes.

(5) As a result of the expansion of technical institutions all over the country during the First Five Year Plan, fifty percent more students received technical degrees and diplomas in 1955 than in 1941.

II

Once in the old, old days there was a very skilful artisan. He had been working for the king of an island, and had pleased him at first. But soon the king became angry with him and put him in prison. His son also went to prison with him. The skilful artisan soon found a way of

escape. He and his son came out of the prison and hid in a cave near the sea. But how could they come away from the island? Many ships were sailing out into the sea. But they could not get into them for fear of the king. Day after day the artisan watched the sea-birds flying over the sea. If he had wings like the birds and if he knew how to fly, he could fly away from the island. He and his son gathered feathers of birds and made a pair of great wings. They gathered wax from bee-hives to fix the wings to the arms. The artisan fixed the wings to his arms and set out to learn to fly; and soon he succeeded. Then the artisan made a second pair of wings and taught his son how to fly. Then one fine morning father and son fixed the wings to their arms and went flying over the sea. The artisan told his son never to fly too low or too high. But the young man did not listen to the words of his old father. In the joy of his heart, he flew higher and higher. Soon the burning sun melted the wax and before long the old father saw a white feather floating down the wind. His son was gone.

Questions:

(1) Why was the artisan put in prison?
(2) Why could he not get away from the island?
(3) What means of escape did he devise?
(4) What was his advice to his son?
(5) Why did not the son listen to the advice?
(6) What was his ultimate fate?

Answers:

(1) The artisan was put in prison because he incurred the displeasure of the king, and caused his anger.

(2) Though many ships were sailing out into the sea, the artisan could not get into any of them for fear of the king and thus could not escape from the island.

(3) The artisan gathered feathers of birds and made a pair of wings. He then fixed the wings to his arms with wax. These wings were to be the means of his escape.

(4) The artisan advised his son not to fly too low or too high.

(5) The son did not listen to his old father's advice. For joy he flew higher and higher.

(6) The ultimate fate of the young man was that the sun melted the wax and the feathers fell off and he fell into the sea and was drowned.

III

Mathematics in India inevitably makes one think of an extraordinary figure of recent times. This was Srinivasa Ramanujam. Born in a poor Brahmin family in South India, and having no opportunities for proper education, he became a clerk in the Madras Port Trust. But he was bubbling over with instinctive genius and played about with numbers and equations in spare time. By a lucky chance he attracted the attention of a mathematician who sent some of his work to Cambridge in England. People there were impressed and a scholarship was arranged for him. So he left his clerk's job and went to Cambridge, and during a very brief period there did work of profound value and wonderful originality. The Royal Society of England went rather out of their way and made him a Fellow ; but he died two years later, probably of tuberculosis, at the age of 33. Prof. Julian Huxley has, I believe, referred to him somewhere as the greatest mathematician of the country.

Questions :

(1) Who is the extraodinary figure in Mathematics spoken of here ?

(2) What is said about his birth and early education ?
(3) What would he do in spare time ?
(4) How did he get his education ?
(5) What has Prof. Huxley said about him ?

Answers :

(1) Srinivasa Ramanujam is spoken of here as the extraordinary figure in Mathematics.

(2) He was born in a poor Brahmin family in South India. He had no opportunities for proper education and he became a clerk.

(3) In his spare time he played about with numbers and equations.

(4) By a lucky chance he attracted the attention of a mathematician and a scholarship was arranged for him enabling him to go to Cambridge for higher education.

(5) Prof. Julian Huxley has referred to him somewhere as the greatest mathematician of the country.

IV

My chief holiday resort was the unfenced roof of the outer apartment. From my earliest childhood till I was grown up, many varied days were spent on that roof in many moods and thoughts. When my father was at home, his room was on the second floor. How often I watched him at a distance, from my hiding place at the head of the staircase. The sun had not yet risen, and he sat on the roof silent as an image of white stone, his hands folded in his lap. From time to time he would leave home for long periods in the mountains, and then the journey to the roof held for me the joy of a voyage through the seven seas. Sitting on the familiar first-floor verandah I had daily watched

through the railings the people going about the street. But to climb to that roof was to be raised beyond the swarming habitation of men. When I went on to the roof my mind strode proudly over prostrate Calcutta to where the last blue of the sky mingled with the last green of the earth ; my eyes fell on the roofs of countless houses, of all shapes and sizes, high and low, with the shaggy tops of trees between.

Questions :

(1) Where was the writer's holiday resort in his childhood ?

(2) Where did his father, when at home, stay ?

(3) What does the writer say about his father ?

(4) What would he do when his father would be away from home and how would he feel then ?

(5) What would he see from the roof ?

Answers :

(1) The unfenced roof of the outer apartment was the writer's chief holiday resort.

(2) When at home his father would put up in his room which was on the second floor.

(3) The writer says that his father would sit on the roof still and silent. He would then look like an image of white stone.

(4) The writer's father would sometimes leave home for long periods. The writer would then have the roof all to himself. Going up to the roof was for him a sort of journey with all the joy and thrill of a sea-voyage.

(5) When he would be on the roof, his eyes would fall on the roof of countless houses, with the tops of trees in between,

V

It was on an English summer day,
Some six or seven years ago,
That a pointsman before his cabin paced
With a listless step and slow.
He lit his pipe—there was plenty of time—
In his work was nothing new :
Just to watch the signals and shift the points
When the next train came in view.
He leant 'gainst his cabin and smoked away—
He was used to lounge and wait ;
Twelve hours at a stretch he must mind those points
And down trains were mostly late.
A rumble—a roar—"She is coming now—
She is truer to time today !"
He turns and not far off, between the rails
Sees his youngest boy at play !
Not far, but too far ! The train is at hand,
And the child is crawling there,
And patting the ground with cries of delight—
And not a moment to spare !
His face was dead white, but his purpose firm
As straight to his post he trod,
And shifted the points, and saved the down train,
And trusted his child to God !
There's rush in his ears, though the train has passed.
He gropes, for he cannot see,
To the place where the laughing baby crawled,
Where the mangled limbs must be.
But he hears a cry that is only of fear—
His joy seems too great to bear,
For his duty done, God saw to his son—
The train had not touched a hair !

Questions :

(1) When and where did the incident happen ?

(2) What was the duty of the pointsman ?

(3) Where was the child when the down train was coming ?

(4) What did the pointsman do ?

(5) Why did he not rush to his child ?

(6) What did he see when the train had passed ?

(7) Why, according to the poet, was the boy saved ?

Answers :

(1) The incident took place on an English summer day, some six or seven years ago. It happened on a railway line.

(2) The duty of the pointsman was to watch signals and to shift the points when the next train came in view.

(3) When the train was coming, the child was at play in between the rails.

(4) The train was at hand ; he had not a moment to spare. Firm in his purpose, the pointsman walked over to his post and shifted the points.

(5) The pointsman had a strong sense of duty, and knew what great havoc would result if he neglected his duty, and did not rush to rescue his child. He trusted the child to the care of God.

(6) After the train had passed, the pointsman went to the spot where his dear child was at play and to his joy and surprise found that the child was quite safe and untouched by the train.

(7) The boy was saved for the sterling character of his father, who prized duty above all.

VI

I opened the bag and packed the boots in; and then, just as I was going to close it, a horrible idea occurred to me. Have I packed my tooth-brush? I don't know how it is, but I never do know whether I've packed my tooth-brush.

My tooth-brush is a thing that haunts me when I'm travelling and makes my life a misery. I dream that I haven't packed it, and wake up in a cold perspiration and get out of bed, and hunt for it. And, in the morning, I pack it before I have used it, and have to unpack again to get it, and it is always the last thing I turn out of the bag; and then repack and forget it, and have to rush upstairs for it at the last moment and carry it to the railway station, wrapped up in my pocket-handkerchief.

Of course I had to turn every mortal thing out now, and, of course, I could not find it. I rummaged (searched about behind and beneath) the things up into much the same state that they must have been before the world was created, and when chaos reigned. Of course, I found George's and Harris's eighteen times over, but I couldn't find my own. I put the things back one by one, and held everything up, and shook it. Then I found it inside a boot. I repacked things once more.

Questions :

(1) What idea occurred to the writer when he had packed the boots in and was going to close the bag?

(2) How did he carry his tooth-brush when he travelled and why did he do so?

(3) Did he find his tooth-brush when he opened his bag and searched for it?

(4) How were the contents of the bag put as a result of his searching?

(5) Where did he at last find the brush?

Answers :

(1) The writer had packed the boots in and was going to close the bag, when a doubt came into his mind whether he had packed his tooth-brush.

(2) When he went to the railway station, he carried his tooth-brush, wrapping it up carefully in his pocket-handkerchief. This he did because during his travel the tooth-brush made his life miserable, his mind being all the time full of anxiety for the tooth-brush. Often he felt that he had left back his tooth-brush and had not packed it up with other things. To be sure that it was with him and not left back, he adopted this device of keeping it with himself.

(3) He opend his bag and turned everything out, but he could not find the tooth-brush there.

(4) As a result of his hurried search of the bag, everything in it was upset, and was in chaos.

(5) At last he found the brush inside a boot.

VII

Pasteur found that many diseases were due to tiny living creatures called germs, which dwell in and feed on living bodies and poison them. There are millions of germs living in our body, in the clothes we wear, and in the food we eat. If we are well and strong they usually do not do us any harm, but if we are tired or cold or run-down, then the germs can attack us and make us ill. In particular, if we cut ourselves, the germs can make their way into the cut and poison us. The colds which we catch when we get wet feet are due to the germs which attack us when we are weak and low ; and when a cut finger festers, the festering is also due to germs.

Now Pasteur's discovery was important, because it taught doctors that one of the best ways of curing diseases was to

find out the nature of the attacking germs that caused the disease, and then either to kill them or help the body to kill them. Even more important, it taught them to be clean. When a surgeon operates today, he takes immense trouble to wash his hands and all the instruments which he is going to use, and indeed, everything he touches. And not only to wash them but also to boil them. This is called sterilizing them, and the object of it is to kill the germs with which the instruments are infected ; for dirt of any kind is a great germ-carrier.

Questions :

(1) What did Pasteur discover with regard to the causes of many diseases ?

(2) What makes the body an easy prey to such diseases ?

(3) What is the importance of Pasteur's discovery in the prevention and treatment of infectious diseases ?

(4) How has the discovery helped surgery ?

Answers :

(1) Pasteur discovered that there are tiny living creatures called germs dwelling in and feeding on living bodies and causing various diseases.

(2) The body becomes an easy prey to various diseases, when it is tired and run down or is cold.

(3) Pasteur's discovery is important because it has taught people that diseases can be prevented if the body is kept free from germs. It has also taught that the treatment of infectious diseases lies in killing the germs of diseases or helping the body to kill them.

(4) Pasteur's discovery has helped surgery immensely. It has shown the need for cleanliness in surgery. It is because of his discovery that surgeons wash their hands and sterilize

the instruments before operating so that there may not be any germ to enter the wound and make it fester.

The beautiful moon is our nearest neighbour in the heavens. It is much nearer to us than the sun is. If it were possible to go in an aeroplane to the sun, it would take a hundred years to get there but an aeroplane journey to the moon would take only three months. The moon looks very big when we see it in the sky and so it is ; but it is not so big as the earth. Fifty moons would have to be put together to make a globe as big as the earth. Just as the earth moves round the sun, so the moon moves round the earth. We say that the moon is a satellite of the earth. When we want to see an object that is far away we look through a telescope. This makes distant objects appear closer to us. As the moon is so far away, a large and very good telescope must be used. Such an instrument is called an astronomical telescope. The man who uses it to study the sun, the moon and the stars is called an astronomer. Most of such telescopes are far too big and heavy to be moved from one place to another. So they are generally set up in a large building called an observatory. An observatory has a round roof which opens, and the telescope is so arranged that it can be turned about by machinery to point to any part of the heavens which the astronomer wishes to examine.

Questions :

(1) Is the sun or the moon nearer to the earth ?

(2) How long will it take to go from the earth to the moon in an aeroplane ?

(3) How big is the earth in comparison with the moon ?

(4) Why is the moon called a satellite of the earth ?

(5) What is an astronomical telescope ?

(6) What is an observatory ?

Answers :

(1) The moon is nearer to the earth than the sun.

(2) It would take only three months to go in an aeroplane from the earth to the moon.

(3) The earth is fifty times bigger than the moon.

(4) The moon moves round the earth and so it is called a satellite of the earth.

(5) An astronomical telescope is an instrument which is used by astronomers to observe and study the sun, the moon and the stars in the sky.

(6) An observatory is a large building with a round roof which is open to the infinite space above. Here telescopes are set up.

IX

Why, you may ask, did the men put up with this treatment ? I think one answer is that, though their allowance was cut down, they were not really starved—none of them actually became ill from hunger. And the habit of obedience to orders was so strong in the British Navy, and the punishment for the slightest disobedience so severe, that no one would oppose the captain openly unless things were past enduring. A common punishment in those days was flogging, and flogging meant a dozen, or even several dozen lashes on the back with a knotted rope—a torture that tore the flesh dreadfully and left the back a mass of bloody wounds. Men sometimes died under this torture. And when Captain Bligh threatened to have a man flogged, he meant what he said, and the men knew it.

Sailors, however, were allowed by the rules of the sea to present a complaint in a quiet and orderly manner, if there

were any serious reasons. And the captain's duty in this case was to hear what they had to say, and if there were just cause for complaint, to do what he could to remove it. But Bligh was not the sort of man to listen to complaints. When a few men on behalf of the whole crew presented a petition to him about the meat that was being issued, Bligh called the whole crew before him and stormed at them. "I'll have you know that what's done on this ship is done by my orders. I'm not here to have complaints made. I'm judge of what is right or wrong on this ship, not you. The first man who complains—I'll have flogged and I'll punish the rest of you."

Questions :

(1) Why did the men put up with the rough treatment of the Captain ?

(2) What was the nature of punishment for disobedience in the British Navy ?

(3) What was the captain's duty ?

(4) Why did Captain Bligh storm at the crew and what did he say ?

Answers :—

(1) The men put up with the rough treatment of the Captain because though their allowance was cut down, they had enough food and did not actually starve. Besides, they were habitually obedient and afraid of punishment.

(2) The nature of punishment in the British Navy for the slightest disobedience was very severe. Flogging was the commonest punishment and this flogging meant several dozen lashes on the bare back with a knotted rope. This would tear the flesh and leave the back a mass of bloody wounds, and would sometimes even result in death.

(3) If, for serious reasons, any sailor presented a complaint and that, in a very quiet tone, it would be the captain's duty to hear patiently what the sailor had to say and if it was found that the complaint was reasonable, the captain would try to redress the grievance.

(4) Bligh stormed at the whole crew because of a complaint made by them. He said that he was not the man to entertain any complaints and that he and not the crew was the judge there of what was right or wrong. He threatened to flog the first man who complained and to punish the others.

X

In looking at our age, one is struck immediately with one common characteristic, and that is the tendency in all its movements to expansion, to diffusion, to universality. Human action is now free, more unconfined. All goods, advantages and helps are more open to all. The privileged, pitied individual is becoming less, and the human race is becoming more. The multitude is rising from the dust. Once we heard of the few, now of the many ; once of the rights of all. We are looking as never before, through the disguises, envelopments of ranks and classes, to the common nature which is below them. The grand idea of humanity, of the importance of man as man, is spreading silently, but surely. The idea that every human being should have the means of self-culture, of progress in knowledge and virtue, of health, comfort and happiness, this is slowly taking its place as the highest social truth.

Questions :

(1) What is the most striking feature of our age ?

(2) What is the contrast with the past ?

(3) What salient idea is spreading silently ?

(4) What idea is taking its place as the highest social truth ?

Answers :

(1) The most striking feature of our age is the wide tendency to expansion, diffusion and universality.

(2) In the past, as contrasted with what is in the present age, men did not enjoy so much freedom of action, advantages were not open to all. There was a privileged class domineering over the common race of people who hardly got any chance and opportunity to come to the fore-front.

(3) Now in this age the grand idea of the importance of man as man is silently gaining ground.

(4) The highest social truth of equality of scope and opportunity to all for self-culture, acquisition of knowledge and virtue, for enjoyment of health, happiness and comfort, has been taking its place in our age.

EXERCISE

